নূতন আঙ্গিকে

আভ্যুদয়িক শ্রাদ্ধবিধিসহ

শ্রীঅশোককুমার বন্দ্যোপাধ্যায়

উৎসর্গ

আমার বিনম্র হৃদয়ের প্রার্থনা, — এই সামান্যতম কাজটি যাঁদের শুভ আশীর্বাদে সম্পন্ন হলো,

সেই আমার পিতৃদেব ৺**গোবিন্দ চন্দ্র বন্দ্যোপাধ্যায়,**

পরমকারুণিক পণ্ডিতমশাই ৺**করুণাময় কাব্য স্মৃতিতীর্থ,**

আমার জীবন পথের দিশারী স্নেহময় ছোটমামা **শ্রীমদনমোহন পঞ্চতীর্থ,**

পরমারাধ্য গুরুদেব **শ্রীরামপ্রসাদ কাব্য স্মৃতিতীর্থ,**

কৈশোরের শিক্ষক ৺**পরেশনাথ কাব্য ব্যাকরণ স্মৃতিতীর্থ আর**

স্নেহময় অগ্রজ প্রতিম ৺ **বিনয় কৃষ্ণ ভট্টাচার্য**

সাক্ষাৎ বাক্‌পতি করুণানিধি আমার দুই পিতৃকল্প আচার্য —

ডঃ বিনয়কৃষ্ণ মুখোপাধ্যায় ও

ডঃ অনন্তলাল ঠাকুর —

আমার জীবনের অষ্টনিধি

আমার নিবেদিত এই অকৃত কৃতিটিকে গ্রহণ করে আমায় কৃতার্থ করুন।

প্রস্তাবনা

প্রতিষ্ঠা বিষয়ে এপর্যন্ত বহু পুঁথি প্রকাশিত হ'য়েছে এবং হচ্ছে; সুতরাং প্রতিষ্ঠাবিষয়ক পদ্ধতি এখন সুলভই বলা যায়। তথাপি **'প্রতিষ্ঠামুকুর'** প্রকাশরূপ প্রচেষ্টা সর্বাংশে বৃথা নয়; বরং অর্থবতী। যে কারণ ও উপযোগিতা উপলব্ধি করে পদ্ধতিটি প্রণয়ন করা হ'য়েছে সেগুলি উল্লেখ করলেই **'প্রতিষ্ঠামুকুর'** এর যাথার্থ্য স্বীকৃত হবে।

প্রথমতঃ— গৃহারম্ভ অর্থাৎ আমরা যাকে সাধারণতঃ 'ভিত পূজা' বলি — তার সুনির্দিষ্ট কোন বিধি প্রায় নাই বলা যায়। যাও আছে তাও যথাযথ শাস্ত্রসম্মত বিধি নয়। তাই এই গ্রন্থে প্রতিটি পদ্ধতি রচনার পূর্বেই প্রামাণ্য গ্রন্থসমূহের বচন উল্লেখ করে শাস্ত্রীয় বিধিগুলি প্রদর্শিত হয়েছে।

দ্বিতীয়তঃ— 'গৃহপ্রবেশ' পদ্ধতি একটিও নাই। উপরন্তু দুঃখের কথা যে, এখন দেশে গৃহপ্রবেশের পদ্ধতি না থাকার ফলে ব্রাহ্মণগণ **'ধেনুর্বৎসপ্রযুক্তা'** ইত্যাদি 'যাত্রামঙ্গল'—নির্গমনের বাক্য বলিয়ে গৃহে প্রবেশ করান। এই গ্রন্থে গৃহপ্রবেশের জন্য 'পারস্কর গৃহ্যসূত্র' থেকে প্রকৃত গৃহপ্রবেশের মন্ত্রটিই লিপিবদ্ধ করা হয়েছে। এক্ষেত্রে কোন কুতার্কিক এমন প্রশ্ন তুলতে পারেন যে, 'পারস্কর গৃহ্যসূত্র' যজুর্বেদীয়, অতএব সেই মন্ত্রে সামবেদী বা ঋগ্‌বেদীদের কাজ কি করে হবে? তার উত্তর গৃহ্যপরিশিষ্টের বচন—

'যন্নাম্নাতং স্বশাখায়াং পারক্যমবিরোধী যৎ। বিদ্বদ্ভিস্তদনুষ্ঠেয়মগ্নিহোত্রাদি কর্মবৎ।।

অর্থাৎ স্বশাখোক্ত গ্রন্থে কোন অনুল্লেখ বিধির পরকীয়শাখায় উল্লেখ থাকলে এবং তা বিরুদ্ধমত না হ'লে বিদ্বজ্জন কর্তৃক গ্রহণীয়।

তৃতীয়তঃ— প্রচলিত পদ্ধতিগুলিতে 'বাস্তুযাগ'টি অত্যন্ত অপরিশুদ্ধভাবে লিখিত আছে। বাস্তুযাগতত্ত্বেও বাস্তুযাগ সম্পর্কে মৎস্যপুরাণীয় বচনকেই প্রাধান্য দেওয়া হয়েছে। কিন্তু প্রচলিত পদ্ধতিগুলিতে একাশীতিপদ মণ্ডল ও চতুঃষষ্টিপদ মণ্ডল উভয় স্থলেই দেবতাদের নাম সন্নিবেশে ক্রম এবং নামের পার্থক্য বিদ্যমান। এই গ্রন্থে সে ত্রুটি সংশোধন করা হ'য়েছে। চিরকাল ইষ্টকারোপণ হ'য়ে আসছে, কিন্তু তার পূজার কোন বিধি নাই। তাও এই গ্রন্থেই প্রথম দেওয়া হ'য়েছে। **বাস্তুযাগে গোভিল, পারস্কর, আশ্বলায়ন সকলেই**

চরুদ্বারা হোমের নির্দেশ দিয়েছেন, কিন্তু বাংলার পদ্ধতিকারগণ সেদিকে বিন্দুমাত্র দৃষ্টিপাত করেননি। এই গ্রন্থে উক্ত ঋষিদের নির্দেশ অনুসারে গৃহ্যসূত্রোক্ত মন্ত্র দ্বারা চরুহোমের বিধি লিপিবদ্ধ করা হ'য়েছে। প্রচলিত পদ্ধতিগুলিতে বাস্তুপুরুষের বিল্বপঞ্চক দ্বারা হোমের জন্য প্রযুক্ত পাঁচটি মন্ত্রেরই ঋষি ও ছন্দঃ ভুল মুদ্রিত আছে। দীর্ঘদিনের ভুলের অবসান ঘটল এই প্রতিষ্ঠা মুকুরে।

বিশেষতঃ চতুঃষষ্টিপদ বাস্তুমণ্ডলে প্রচলিত পদ্ধতিতে কতকগুলি এমন দেবতার নাম প্রবেশ করিয়েছেন, যাঁদের ঠিকানা কোন প্রামাণ্য গ্রন্থে পাওয়া যায় না।

চতুর্থতঃ— আমাদের দেশে বর্তমানে অধিকাংশ লোকই 'রাসযাত্রা' চারবছর করেই উদ্‌যাপন করছেন, কিন্তু তার নির্দিষ্ট কোন বিধি এযাবৎকাল রচিত হয়নি। সেই অভাবটিও পূরণ করা হ'য়েছে এই গ্রন্থটির মাধ্যমে।

পঞ্চমতঃ— দেবতার পুনঃসংস্কার বিষয়েও অনেক মতপার্থক্য আছে। এই গ্রন্থে শাস্ত্রীয়বিধি উল্লেখ করে যথাযথ করণীয় বিধি অনুসারে প্রয়োগপদ্ধতি রচনা করা হয়েছে।

ষষ্ঠতঃ— এযাবৎকাল বৃক্ষপ্রতিষ্ঠায় বাস্তুযাগ করার বিধি কোন পদ্ধতিকার উল্লেখ করেননি। এই গ্রন্থেই শাস্ত্রীয় বিধিগুলি উল্লেখ করে বৃক্ষপ্রতিষ্ঠায় বাস্তুযাগ অবশ্য কর্তব্য হিসাবে প্রদর্শন তথা নির্দেশ করা হ'য়েছে।

সপ্তমতঃ— পদ্ধতিতে নিবদ্ধ প্রতিটি কৃত্যের পূর্বে আভ্যুদয়িকশ্রাদ্ধ করণীয় বলে এই সংস্করণে সামবেদীয় ও যজুর্বেদীয় আভ্যুদয়িক শ্রাদ্ধবিধি সন্নিবিষ্ট হয়েছে।

সুতরাং গ্রন্থটির মধ্যে কিছু অভিনবত্ব, বিশেষত্ব তথা যথার্থতা আছে — একথা আশা করি শাস্ত্রনিষ্ণাত পণ্ডিত মহাশয়গণ স্বীকার করবেন। তবে এই সমস্ত কথা বলার পরও সকলের কাছে কৃতাঞ্জলি হ'য়ে লিপিকর প্রমাদগুলির জন্য ক্ষমা প্রার্থনা করছি।

গ্রন্থটি সম্পর্কে আমি নিজে শত প্রশস্তিবাক্য উচ্চারণ করলেও এর কোন সার্থকতা প্রতিষ্ঠিত হবে না, যদি পণ্ডিতবর্গ ও পুরোহিত সমাজ সমাদর ও সাধুবাদ না করেন। তাই সকলের কাছে বিনীত অনুরোধ, যেন তাঁরা এই গ্রন্থটির মৌলিকতা ও গুণাগুণ যথাযথভাবে বিচার করেন।

এই প্রসঙ্গে কয়েকজনের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ অবশ্য কর্তব্য। প্রথমেই আমার পরমারাধ্য গুরুদেবের নাম। তিনিই প্রথম আমাকে পদ্ধতি রচনার নির্দেশ দেন এবং মনে করি, তাঁর শুভেচ্ছা ও আশীর্বাদেই গ্রন্থটি সম্পূর্ণ হ'য়েছে। দ্বিতীয়—আমার স্নেহভাজন শংকরীপ্রসাদ বন্দ্যোপাধ্যায় ও রবীন্দ্রনাথ চক্রবর্তী নিরন্তর প্রেরণা ও উৎসাহ দিয়েই এই গ্রন্থটি রচনা করিয়েছে। গ্রন্থটি সম্পূর্ণ করে তাদের সর্বাঙ্গীন কল্যাণ কামনা করি।

বিশুদ্ধ প্রতিষ্ঠা মুকুরের বিজ্ঞাপন

বিশেষ আনন্দের সঙ্গে জানাচ্ছি আজ থেকে প্রায় দশ বছর আগে সংক্ষিপ্তাকারে প্রতিষ্ঠামুকুর প্রকাশিত হয়। কিন্তু সংক্ষিপ্ত হ'লেও তার মৌলিকতার গুণে কৃতী ব্যক্তিদের নিকট যথেষ্ট সমাদর লাভ করে। ফলে দু'বছরের মধ্যেই সে সংস্করণ নিঃশেষ হ'য়ে যায়। তখন সংস্কৃত পুস্তক ভাণ্ডারের অর্থানুকূল্যে বিস্তৃতভাবে প্রতিষ্ঠা মুকুরটি প্রকাশ করা সম্ভব হয়। তার আকর্ষণ সজ্জনগণ কতখানি উপলব্ধি করেছেন, সে সম্পর্কে আমার মনে সন্তোষ থাকলেও কিছু কিছু সন্দেহ ছিল। কিন্তু সম্প্রতি আমার সন্দেহের নিরসন হয়েছে দুজন সজ্জন চোরের অসাধু প্রচেষ্টা প্রত্যক্ষ করে। প্রতিষ্ঠা মুকুরের দ্বিতীয় সংস্করণেও কিছু অশুদ্ধি ও অসম্পূর্ণতা ছিল; সেগুলি সংশোধন করার চিন্তা করেও সময়াভাবে তা আর করা সম্ভব হয় নি। ইত্যবসরে এক প্রতিষ্ঠিত প্রকাশক দুটি মোষককে স্তেয় নামক প্রসিদ্ধ কাজে নিয়োগ করেন। এই মহাব্রাহ্মণদ্বয় কাজটি যথারীতি সম্পন্ন করেছে। এমনকি **তারা যথার্থ মোষকের গুণানুসারে ভুল ও অসম্পূর্ণ অংশগুলিও আত্মসাৎ করেছে।**

এদের এই স্তেয় কর্মে আমি অভিভূত হ'য়ে তাদের অভিযুক্ত না করে অভিনন্দন জানাচ্ছি। কারণ তাদের এই অপকর্ম প্রত্যক্ষ করার পরই এতদিন 'সময়াভাব' নামক অজুহাতবশতঃ যে সংশোধনগুলি করার ইচ্ছা নিয়েও করা সম্ভব হয়নি তা অবিলম্বে করার তাগিদ পেয়েছি। তবে সংস্কৃত পুস্তক ভাণ্ডার এই দুষ্কর্মকারীদের বিরুদ্ধে কিছু না করায় আমি কিছুটা বিরক্ত হ'য়েই পুস্তকটির যথাযথ বিশুদ্ধি সাধন করে 'বিশুদ্ধ প্রতিষ্ঠা মুকুর' নামে 'সদেশ' থেকে প্রকাশ করতে বাধ্য হচ্ছি। সেইসঙ্গে মোষকদের প্রতি সতর্কবাণী থাকছে যে, বার বার ধান খেতে গেলে ফাঁদে পড়ার ভয় থাকে একথা যেন স্মরণে থাকে।

সাধু সহৃদয় ব্যক্তিদের প্রতি সশ্রদ্ধ প্রণাম নিবেদনান্তে ইতি।

বৈশাখ-১৪০৯

শ্রী অশোককুমার বন্দ্যোপাধ্যায়

সূচীপত্র

গৃহ-প্রতিষ্ঠা

গৃহারম্ভ, গৃহপ্রবেশ, আভ্যুদয়িকশ্রাদ্ধ ও বাস্তুযাগ — এই কর্মগুলি নিয়ে গৃহপ্রতিষ্ঠাবিধি সম্পন্ন হয়।

গৃহারম্ভ ঃ গৃহারম্ভের কাল সম্পর্কে জ্যোতিষশাস্ত্রের বিবিধ বচন আছে। গৃহারম্ভের পূর্বে প্রথমে বিবাহের যোটক নিয়মানুসারে বাস্তুর রাশির সঙ্গে গৃহকর্তার রাশির বিচার করতে হয়। তারপর শুদ্ধকালে বৈশাখ, আষাঢ়, শ্রাবণ, কার্তিক, অগ্রহায়ণ বা ফাল্গুন মাসে সোম, বুধ, বৃহস্পতি, শুক্র ও শনিবারে (রবি ও মঙ্গলবার নিষিদ্ধ) উত্তরফল্গুনী, উত্তরাষাঢ়া, উত্তরভাদ্রপদ, রোহিণী, পুষ্যা, অনুরাধা, হস্তা, চিত্রা, স্বাতী, ধনিষ্ঠা, শতভিষা, মূলা, অশ্বিনী, রেবতী, মৃগশিরা, পুনর্বসু বা শ্রবণা নক্ষত্রে শুক্লপক্ষে যুতযামিত্রবেধ রহিত শুভতিথিতে, শুভযোগে ও শুভকরণে কর্তার চন্দ্র ও তারাশুদ্ধিতে গৃহারম্ভ কর্তব্য। তবে, মূলতঃ দিন নির্ধারণের জন্য পঞ্জিকাকেই অবলম্বন করা হয়; কিন্তু বিধি সম্পর্কে আলোচনার আবশ্যক আছে।

বাসভূমি নির্ণয় ঃ

১) যে ভূমির দক্ষিণ ও পশ্চিম দিক, নৈঋত ও বায়ুকোণ উঁচু এবং উত্তর ও পূর্ব দিক, ঈশান ও অগ্নিকোণ নীচু, — তার নাম **গজপৃষ্ঠ**। তাতে বাস করলে সলক্ষ্মী ধনপূর্ণ ও আয়ুঃবৃদ্ধি হয়।

২) যে ভূমির মধ্যস্থান উঁচু ও চারদিক নীচু, — তার নাম **কূর্মপৃষ্ঠ**। তাতে বাস করলে উৎসাহ ও সুখ হয়।

৩) যে ভূমির পূর্বদিক, অগ্নি ও ঈশান কোণ এবং পশ্চিমদিক নীচু, — তার নাম **দৈত্যপৃষ্ঠ**। তাতে বাস করলে লক্ষ্মীহীন ও ধনপুত্রপশুনাশ হয়।

৪) যে ভূমির পূর্বপশ্চিমদিক দীর্ঘ এবং উত্তর ও দক্ষিণদিক উঁচু, তার নাম **নাগ পৃষ্ঠ**। তাতে বাস করলে উচাটন ও মৃত্যু হয়।

বর্ণবিচার—

(১) কুশযুক্ত ভূমির নাম **ব্রাহ্মণী**। তাতে বাস সর্বসুখকর।

(২) শরযুক্ত ভূমির নাম **ক্ষত্রিয়া**। তাতে বাস করলে রাজ্যলাভ।

(৩) কুশ ও কাশাদিযুক্ত ভূমির নাম **বৈশ্যা**। তাতে বাস ধনধান্যকর।

(৪) অন্যান্য তৃণবিশিষ্ট ভূমির নাম **শূদ্রা**। তা বাসের অযোগ্য।

বাস্তুর শুভাশুভ পরীক্ষা—

নারদ বচন— হস্তমাত্রং খনেৎ খাতং নিশাদৌ জলপূরিতম্। প্রাতর্দৃষ্টে জলেবৃদ্ধিঃ সমেপঙ্কে ব্রণক্ষয়ঃ।।

অর্থ— (বাস্তুভূমির ঈশান বা অগ্নিকোণে) একহাত পরিমিত একটিগর্ত কেটে সন্ধ্যায় জল দিয়ে পূরণ করতে হবে। সকালে জল থাকলে শুভ, পাঁক থাকলে মধ্যম আর কিছুই না থাকলে ক্ষত, ক্ষতি প্রভৃতি অশুভ।

আর একপ্রকার পরীক্ষার কথা বাস্তুপ্রদীপে আছে—

'অরত্নিমাত্রে বৈ গর্তে চানুলিপ্তে চ সর্বশঃ। ঘৃতমামশরাবস্থং কৃত্বা বর্তিচতুষ্টয়ম্।।
জ্বালয়েদ্ ভূপরীক্ষার্থং পূর্বং তৎসর্বদিঙ্মুখম্। দীপ্ত্যা পূর্বাদিগৃহ্নীয়াৎ বস্তুনামানুপূর্বশঃ।
বাস্তুসমৃদ্ধিকো নাম দীপ্যতে সর্বতো হি যঃ। শুভদঃ সর্ববর্ণানাং প্রাসাদেষু গৃহেষু চ।।

অর্থ— (ভূমির ঈশান বা অগ্নিকোণে) অরত্নি (কনুই থেকে কনিষ্ঠাঙ্গুলির ডগ পর্যন্ত মাত্র গর্ত কেটে গর্তের মধ্যে কাঁচা শরায় গব্যঘৃত পূর্ণ চারটি দীপ জ্বালাতে হবে। যদি পূর্বদিকের দীপ উজ্জ্বল হয়, তাহলে সে জায়গাটি ব্রাহ্মণের পক্ষে শুভ। এই ভাবে দক্ষিণ-ক্ষত্রিয়ের, পশ্চিম বৈশ্যের, উত্তর শূদ্রের এবং সবগুলি দীপই উজ্জ্বল থাকলে সকল বর্ণের পক্ষেই শুভ।

বাস্তুর জাতি বিচার

হাতদিয়ে বা বাস্তুভূমির দৈর্ঘপ্রস্থ মেপে যোগ করে তার সঙ্গে তিন যোগ করে ৮ দিয়ে ভাগ করে অবশিষ্ট অনুসারে বাস্তুর জাতি এবং বাসের পক্ষে শুভাশুভ নির্ণয় করা হয়।

যথা—

নির্ণয়বিধি	অবশিষ্ট	জাতি	ফল
হাতের মাপে বাস্তুর দৈর্ঘ্য + প্রস্থ + ৩÷৮	১	ব্রাহ্মণ	ধনহানি কারক
	২	ক্ষত্রিয়	যুদ্ধাদি কারক
	৩	বৈশ্য	ধনাদিহানি কারক
	৪	শূদ্র	রোগকারক
	৫	নীচ	সম্মানবৃদ্ধি কারক
	৬	যবন	ধনপ্রাপ্তিকারক
	৭	নর্তক	আনন্দকারক
	০	হাড়ী	সর্বসুখপ্রদ

নক্ষত্র	রাশি	নক্ষত্র	রাশি
১ অশ্বিনী ২ ভরণী বাকৃত্তিকা নক্ষত্র হলে	মেষ	১৫ স্বাতী বা ১৬ বিশাখা	তুলা
৪ রোহিণী বা ৫ মৃগশিরা নক্ষত্র হলে	বৃষ	১৭ অনুরাধা বা ১৮ জ্যেষ্ঠা	বৃশ্চিক
৬ আর্দ্রা বা ৭ পুনর্বসু	মিথুন	১৯ মূলা, ২০ পূর্বাষাঢ়া বা ২১ উত্তরাষাঢ়া	ধনুঃ
৮ পুষ্যা বা ৯ অশ্লেষা নক্ষত্র হলে	কর্কট	২২ শ্রবণা বা ২৩ ধনিষ্ঠা	মকর
১০ মঘা ১১ পূর্বফল্গুনী বা ১২ উত্তরফল্গুনী নক্ষত্র হলে	সিংহ	২৪ শতভিষা বা ২৫ পূর্বভাদ্রপদ	কুম্ভ
১৩ হস্তা বা ১৪ চিত্রা	কন্যা	২৬ উত্তরভাদ্রপদ বা ২৭ রেবতী	মীন

রাশি মেলন বিচার

১) কর্তার রাশি থেকে গৃহের রাশি ২য় বা ১২শ ফল অর্থনাশ।

২) কর্তার রাশি থেকে গৃহের রাশি ৫ম বা ৯ম হলে ফল নিঃসন্তান বা সন্তানহানি।

৩) কর্তার রাশি থেকে গৃহের রাশি ৬ষ্ঠ বা ৮ম হলে ফল জীবনহানি বা ধনহানি।

৪) গৃহরাশি থেকে কর্তার রাশি ৬ষ্ঠ বা ৮ম হলে ফল বিপরীত অর্থাৎ শুভ।

৫) কর্তার রাশি থেকে গৃহের রাশি সমান, ৪র্থ, ৭ম বা ১০ হলে ফল শুভ।

বাস্তুরাশি নির্ণয় বিধি—

প্রথমে বাস্তুর নক্ষত্র নির্ণয় করতে হয়। তার বিধিটি অত্যন্ত সরল। যেমন গৃহকর্তা বা তাঁর ধর্মপত্নীর হাত অনুসারে গৃহের দৈর্ঘ্য ও প্রস্থ মেপে দৈর্ঘ্যের অঙ্ককে প্রস্থর অঙ্ক দিয়ে গুণ করতে হবে। সেই গুণফলকে আবার ৮ দিয়ে গুণ করে ২৭ দিয়ে ভাগ করে যত অবশিষ্ট থাকবে সেই অঙ্কের নক্ষত্রই বাস্তুর নক্ষত্র। যেমন— অবশিষ্ট ১ হলে অশ্বিনী, ২ ভরণী, ৩ কৃত্তিকা, ৪ রোহিণী, ৫ মৃগশিরা, ৬ আর্দ্রা, ৭ পুনর্বসু, ৮ পুষ্যা, ৯ অশ্লেষা, ১০ মঘা, ১১ পূর্বফল্গুনী, ১২ উত্তরফল্গুনী, ১৩ হস্তা, ১৪ চিত্রা, ১৫ স্বাতী, ১৬ বিশাখা, ১৭ অনুরাধা, ১৮ জেষ্ঠ্যা, ১৯ মূলা, ২০ পূর্বাষাঢ়া, ২১ উত্তরাষাঢ়া, ২২ শ্রবণা, ২৩ ধনিষ্ঠা ২৪ শতভিষা, ২৫ পূর্বভাদ্রপদ ২৬ উত্তরভাদ্র ও ২৭ বা ০ রেবতী। এরপর এই নক্ষত্র অনুসারে রাশি নির্ণয় করতে হয়। তার নিয়ম—

তারাগণনা নিয়ম ঃ এরপর দেখতে হয় পরস্পরের নক্ষত্র অনুসারে ফল। এখানে বিচার্য খুবই অল্প। যেমন— কর্তার জন্ম নক্ষত্র থেকে গৃহের নক্ষত্র ৩য় হলে দুঃখ। ৫ম হলে যশোহানি ও অপবাদ এবং ৭ম হলে আয়ুক্ষয়। এরপর গৃহের সঙ্গে নিত্যসম্পর্কযুক্ত জল ও বৃক্ষগুলি কোন কোন দিকে রাখা কর্তব্য সে সম্পর্কে জ্ঞান থাকা আবশ্যক।

জলাশয় বা কূপ নির্মাণের শুভাশুভ স্থান—

১) বাস্তুর মাঝখানে করলে **অর্থহানি**, ২) পূর্বে — **ঐশ্বর্যবৃদ্ধি**, ৩) অগ্নিকোণে — **পুত্রনাশ**, ৪) দক্ষিণে — **পত্নীনাশ**, ৫) নৈঋতে-**মৃত্যু**,

৬) পশ্চিমে — ধনবৃদ্ধি, ৭) বায়ুকোণে — শত্রুপীড়া, ৮) উত্তরে — সুখ এবং ৯) ঈশানে পুষ্টি হয়ে থাকে।

গৃহের চতুর্দিকে বৃক্ষানুসারে ফল—

গৃহের পূর্বে বট, দক্ষিণে উড়ুম্বর, পশ্চিমে অশ্বত্থ ও উত্তরে পাঁকুড় থাকা শুভ।

বিপরীতভাবে অর্থাৎ পূর্বে অশ্বত্থ, দক্ষিণে পাঁকুড়, পশ্চিমে বট ও উত্তরে উড়ুম্বর থাকা অশুভ।

লেবু, সুপারি, আম, কাঁঠাল, কেতকী, মালতী, পদ্ম, টগর, মল্লিকা, নারিকেল, কদলী ও পারুল প্রভৃতি বৃক্ষ গৃহের শোভাবর্ধক। বিল্ব, দাড়িম, নাগকেশর, কাঁঠাল, নারিকেল প্রভৃতি গৃহের যেখানেই থাক শুভকারক। আর রক্তপুষ্প, কন্টকী ও শিমূলবৃক্ষ নানাপ্রকার অশুভকারক বলে গৃহের নিকটে রোপণ করা বিধেয় নয়।

গৃহনির্মাণের আবশ্যক ঃ

গৃহ ছাড়া গৃহীর কোন কাজ সিদ্ধ হয় না, তাই গৃহারম্ভ ও প্রবেশ বিধি জানা আবশ্যক। পরগৃহে বেদধ্যান ও শাস্ত্রবিহিত দৈব পৈত্রাদি কাজ করলে তৎভূস্বামী তার ফলভোগ করে। তাই কখনও পরালয়ে দৈব বা পৈত্র কোন কাজই করা উচিত নয়।

বিধিঃ গৃহারম্ভ বিধি সম্পর্কে ভট্টরঘুনন্দন তাঁর জ্যোতিস্তত্ত্বে নির্দেশ করেছেন— **দীপিকায়াম্—**

গণেশং গন্ধপুষ্পাদ্যৈর্লোকপালানথ গ্রহান্, পূজয়েৎ ক্ষেত্রপালাংশ্চ ক্রূরভূতাংশ্চ বাহ্যতঃ। ব্রহ্মাণং বাস্তুপুরুষং তদ্‌গেহস্থাশ্চ দেবতাঃ। তাশ্চ শিখিপ্রভৃতয়ঃ।

শিখীচৈবাথ পর্জন্যো জয়ন্তঃ কুলিশায়ুধঃ। সূর্যঃ সত্যো ভৃশশ্চৈব আকাশো বায়ুরেব চ।।
পুষা চ বিতথশ্চৈব গৃহক্ষতযমাবুভৌ। গন্ধর্বো ভৃঙ্গরাজশ্চ মৃগঃ পিতৃগণস্তথা।।
দৌবারিকোঽথ সুগ্রীবঃ পুষ্পদন্তো জলাধিপঃ।অসুরঃ শেষপাপৌ চ রোগাহী মুখ্য এব চ।।
ভল্লাটঃ সোম-সর্পৌ চ অদিতিশ্চ দিতিস্তথা। আপশ্চৈবাথ সাবিত্রো জয়ো রুদ্রস্তথৈবচ।।
অর্যমা সবিতা চৈব বিবস্বান্ বিবুধাধিপঃ। মিত্রোঽথ রাজযক্ষ্মা চ তথা পৃথিধরঃ ক্রমাৎ।।
আপবৎসস্তথা ব্রহ্ম বাস্তুদেহগতাস্তিমে। চরকী চ বিদারী চ পূতনা পাপরাক্ষসী।।

স্কন্দার্যমা জম্ভকাশ্চ পিলিপিঞ্জস্তথাষ্টমঃ এতান্ মৎস্যপুরাণোক্তান্ গৃহারম্ভে প্রপূজয়েৎ।।

অর্থাৎ —(গৃহারম্ভে) গণেশ, লোকপাল, নবগ্রহ, ক্ষেত্রপাল ও ক্রূরভূতগণকে বর্হিভাগে গন্ধপুষ্পাদি দ্বারা পূজা করবে। তারপর ব্রহ্মা, বাস্তুপুরুষ এবং তদ্‌গৃহে অধিষ্ঠিত শিখী থেকে পিলিপিঞ্জ পর্যন্ত (৫৩ জন) দেবতাকে পূজা করবে।

তারপর মহাকপিল পঞ্চরাত্রের বচন উদ্ধৃত করেছেন —

জলাধার-গৃহার্থঞ্চ যজেদ্বাস্তুং বিশেষতঃ। ব্রহ্মাদ্যদিতি পর্যন্তাঃ পঞ্চাশৎ ত্রয়সংযুতাঃ।।
সর্বেষাং কিল বাস্তুনাং নায়কাঃ পরিকীর্তিতাঃ।। অসম্পূজ্য হি তান্ সর্বান্ প্রাসাদাদীহ্ কারয়েৎ।
অনিষ্পত্তির্বিনাশঃ স্যাদুভয়োধর্মধর্মিণঃ।।

অর্থ ঃ জলাশয়ও গৃহের জন্য বাস্তু ও ব্রহ্মাদি অদিতি পর্যন্ত তিপান্নটি দেবতার পূজা করা উচিত। এঁরা সকলপ্রকার বাস্তুর নায়ক। এঁদের পূজা না করে প্রাসাদাদি আরম্ভ করলে সেই সেই কার্য অসিদ্ধ হয় এবং কর্মকর্তার বিনাশ হয়।

এ প্রসঙ্গে রঘুনন্দন দেবীপুরাণের ৬টি শ্লোক উদ্ধৃত করেছেন —

মধ্যভাগে ততঃ কুর্যাদ্ বাসুদেবস্য পূজনম্। শ্রিয়শ্চ পূজনং কুর্যাদ্ বাসুদেবগণস্য চ।।
গন্ধার্ঘ্য পুষ্প-নৈবেদ্য-ধূপাদ্যৈঃ সুরসত্তমাম্। ততঃ সম্পূজয়েত্তস্মিন্ সর্বলোকধরাং মহীম্।।
সুরূপাং প্রমোদরূপাং দিব্যাভরণভূষিতাম্। ধ্যাত্বাতামর্চয়েদ্ দেবীং পরিতুষ্টাং স্মিতাননাম্।
ততঃ প্রণম্য বিজ্ঞাপ্য তন্ময়ত্বেন চিন্তয়েৎ। এবং প্রপূজিতা দেবাঃ শান্তিপুষ্টিপ্রদা নৃণাম্।।
অপূজিত্বা বিনিঘ্নন্তি গৃহারম্ভেষু কারকম্। গৃহাদেঃ শিল্পরূপত্বাদ্ বিশ্বকর্মাপি পূজয়েৎ।।
শিল্পাচার্যায় দেবায় নমস্তে বিশ্বকর্মণে। স্বাহা ব্রহ্মপুরাণীয়-মন্ত্রেণেতি মতং মম।।

অর্থ ঃ মধ্যভাগে বাসুদেব, লক্ষ্মী ও বাসুদেবগণের পূজা করে গন্ধপুষ্পাদিদ্বারা সর্বলোকধারিণী পৃথিবীর পূজা করবে। ...... গৃহারম্ভে উক্ত দেবতাগণ পূজিত হলে শান্তি ও পুষ্টিদান করেন আর পূজিত না হলে গৃহকর্তাকে নাশ করেন। গৃহ মঠ প্রভৃতি শিল্পকার্য বলে **'শিল্পাচার্যায় দেবায় নমস্তে বিশ্বকর্মণে স্বাহা'** মন্ত্রে বিশ্বকর্মারও পূজা করা উচিত।

পূজার আধার সম্পর্কে আচার্য রঘুনন্দন উদ্ধৃত করেছেন, জ্যোতিষের বচন —

তদ্ধস্তায়তমাত্র গর্তমতুলং কর্তুর্বিশুদ্ধেদিনে। খাত্বা শাদ্বলগোময়ৈঃ শুচিতরং কৃত্বাম্বুপূর্ণংসুরান্।।
সম্পূজ্যামলপুষ্পকৈর্জলঘটং কৃত্বাম্রশাখাযুতাং। দদ্যাদর্ঘ্যমনেন বিপ্রবচসা মন্ত্রেণ বাস্তোষ্পতেঃ।।

অর্থ ঃ শুভদিনে গৃহকর্তার হস্তপরিমিত সুন্দর একটি গর্ত খনন করে কোমল দূর্বা ও গোময় দ্বারা গর্তের মধ্যভাগে সুন্দরভাবে লেপন করে গর্তটি জল দিয়ে ভর্তি করবে। ঐ জলে সাদা ফুল দিয়ে গণেশাদি দেবতাদের পূজা করবে। অনন্তর আম্রপল্লবযুক্ত জলপূর্ণ একটি ঘট বসিয়ে মন্ত্র দ্বারা বাস্তুপুরুষকে অর্ঘ্য দান করবে।

এ প্রসঙ্গে আরও উদ্ধৃত দেবীপুরাণ বচন —

ততোগর্তং খনেন্ মধ্যে হস্তমাত্রং প্রমাণতঃ। চতুরঙ্গুলমাত্রং তদধঃখন্যাৎ সুসংমিতম্।।
আচার্যঃ প্রাঙ্মুখো ভূত্বা ধ্যায়েদ্দেবং চতুর্মুখম্। অর্ঘ্যং দদ্যাৎ সুরশ্রেষ্ঠ কুম্ভ তোয়েন মন্ত্রবিৎ।।
তস্মিন্ শুক্লানি পুষ্পাণি প্রক্ষিপেদোমিতি স্মরন্। তদাগর্তং পরীক্ষেত দধিভক্তান্বিতং ক্ষিপেৎ।।
ঈশানে সূত্রপাতঃ স্যাদাগ্নেয্যাং স্তম্ভ রোপণম্। দ্বারং নবমভাগেতু কার্যং বামাৎ প্রদক্ষিণম্।।

দেবী পুরাণের বচনের অর্থ ঃ চার আঙ্গুল গভীর, এক হাত পরিমিতি একটি গর্ত খনন করে জল দিয়ে ভর্তি করবে। আচার্য পূর্বমুখে বসে ব্রহ্মার ধ্যান করে অর্ঘ্য প্রদান করবেন। তারপর **'ওঁ'** মন্ত্রে কয়েকটি সাদা ফুল ঐ গর্তে ফেলে শুভাশুভ পরীক্ষণ করে (অর্থাৎ পুষ্প স্থির থাকলে কর্তার স্থিরতা, দক্ষিণাবর্তে ঘুরলে শুভ আর বামাবর্তে ঘুরলে অশুভ) দধিমিশ্রিত চাল গর্তের মধ্যে নিক্ষেপ করবে। ঈশান কোণে সূত্রপাতন ও অগ্নিকোণে স্তম্ভারোপণ করবে। নবম ভাগে দ্বার করবে, ঘরের মধ্যে সমস্ত কাজ ঈশান কোণ থেকে আরম্ভ করে দক্ষিণাবর্তে কাজগুলি শেষ করবে।

(এই শাস্ত্রীয় বিধিগুলি অবলম্বন করেই প্রয়োগ পদ্ধতি লিখিত।)

গৃহারম্ভ (ভিত পূজা)

আয়োজন ঃ বাসগৃহ মন্দির বা তুলসীমঞ্চাদি নির্মাণের জন্য যতখানি (গৃহাদি ছাড়াও অতিরিক্ত জায়গা সমেত) বাস্তু হিসাবে নির্ণয় করা হবে। সেই জায়গাটির চারকোণে চারটি পরিষ্কার খুঁটি পুঁতে দেওয়া হবে এবং ঐ জায়গার দক্ষিণপূর্ব প্রান্তের কিছুটা অংশ পরিষ্কার করে অগ্নিকোণে একহাত দীর্ঘ, একহাত প্রস্থ ও চার আঙ্গুল গভীর একটি খাত কাটতে হবে। খাতের দক্ষিণ-পূর্ব কোণে শক্ত করে একটি খুঁটি পুঁতে একটি লাল পতাকা লাগাতে হবে। খাতটিকে সুন্দর ভাবে পরিষ্কার করে গোময় দিয়ে লেপে জল দিয়ে ভর্তি করতে হবে। খাতের একপাশে একটি ঘট পঞ্চপল্লব বা আম্রপল্লব প্রভৃতি দিয়ে যথাযথ ভাবে সাজিয়ে রাখা হবে। ঐ ঘটের উত্তর দিকে রাখা হবে শালগ্রাম- শিলা এবং তাঁর উপরেই সমস্ত বাস্তু দেবতার পূজা হবে এবং তার পাশেই একটি ছোট তামার ঘট আমশাখা দিয়ে সাজিয়ে জলপূর্ণ করে রাখা হবে। কোনস্থানে শালগ্রাম শিলা পাওয়া সম্ভব না হলে খাতের জলেই বাস্তুদেবতাদের পূজা করা হবে। পূজা আরম্ভ হলে লাল সূতো নিয়ে ঈশান কোণের খুঁটিতে একটি প্রান্ত বেঁধে ঐ ঈশান কোণ থেকে আরম্ভ করে তিন তার সূতো দিয়ে বাস্তুটি বেষ্টন করতে হবে।

প্রয়োগ পদ্ধতি ঃ

খাতের সম্মুখে স্বয়ং কর্তা বা পুরোহিত পূর্বমুখে বসে অঙ্গুরী ধারণ, তিলক ধারণ, আচমন, বিষ্ণুস্মরণ, জলশুদ্ধি, আসনশুদ্ধি, পুষ্পশুদ্ধি, গন্ধাদির অর্চনা, নারায়ণাদির অর্চনা, সূর্যার্ঘ্য দান, গায়ত্রীজপ, (দীক্ষা হলে) — গুরুপূজা, ইষ্টমন্ত্র জপ — এই সাধারণ নিত্যকর্মগুলি করে স্বস্তিবাচন করবে।

স্বস্তিবাচন ঃ — ওঁ কর্তব্যেঽস্মিন্ বাসগৃহারম্ভে বাসগৃহবাস্তুকর্মাঙ্গ/(দেবগৃহারম্ভে দেবগৃহবাস্তুকর্মাঙ্গ) সপরিবারবাস্তুদেবতাপূজনকর্মণি ওঁ পুণ্যাহং ভবন্তো ব্রুবন্তু, ওঁ পুণ্যাহং ভবন্তো ব্রুবন্তু, ওঁ পুণ্যাহং ভবন্তো ব্রুবন্তু। প্রতিবচন — ওঁ পুণ্যাহং, ওঁ পুণ্যাহং, ওঁ পুণ্যাহং।

ওঁ কর্তব্যেঽস্মিন্ বাসগৃহারম্ভে বাসগৃহবাস্তু কর্মাঙ্গ/(দেবগৃহারম্ভে দেবগৃহবাস্তু কর্মাঙ্গ) সপরিবার বাস্তুদেবতাপূজন কর্মণি ওঁ স্বস্তি ভবন্তো ব্রুবন্তু, ওঁ স্বস্তি ভবন্তো ব্রুবন্তু, ওঁ স্বস্তি ভবন্তো ব্রুবন্তু। প্রতিবচন — ওঁ স্বস্তি, ওঁ স্বস্তি, ওঁ স্বস্তি।

ওঁ কর্তব্যেঽস্মিন্ বাসগৃহারম্ভে বাসগৃহবাস্তু কর্মাঙ্গ/(দেবগৃহারম্ভে দেবগৃহবাস্তু কর্মাঙ্গ) সপরিবার বাস্তুদেবতাপূজন কর্মণি ওঁ ঋদ্ধিং ভবন্তো ব্রুবন্তু, ওঁ ঋদ্ধিং ভবন্তো ব্রুবন্তু, ওঁ ঋদ্ধিং ভবন্তো ব্রুবন্তু। প্রতিবচন — ওঁ ঋদ্ধ্যতাম্, ওঁ ঋদ্ধ্যতাম্, ওঁ ঋদ্ধ্যতাম্।

শূদ্র, স্ত্রী ও অনুপনীত ব্রাহ্মণ সন্তান এই কাজটি করতে বসলে নমঃ কর্তব্যেঽস্মিন্ বাসগৃহারম্ভে বাসগৃহ বাস্তু কর্মাঙ্গ /(দেবগৃহারম্ভে দেবগৃহ বাস্তু কর্মাঙ্গ) সপরিবার বাস্তুদেবতাপূজন কর্মণি স্বস্তি ভবন্তো ব্রুবন্তু, স্বস্তি ভবন্তো ব্রুবন্তু, স্বস্তি ভবন্তো ব্রুবন্তু। এই একবারই বলবে। প্রতিবচন হবে — স্বস্তি, স্বস্তি, স্বস্তি।

স্বস্তিসুক্ত ঃ (সামবেদী) ওঁ সোমং রাজানং বরুণ-মগ্নিমন্বারভামহে। আদিত্যং বিষ্ণুং সূর্য্যং ব্রহ্মাণঞ্চ বৃহস্পতিম্।। ওঁ স্বস্তি, ওঁ স্বস্তি, ওঁ স্বস্তি।।

(যজুর্বেদী) — ওঁ স্বস্তি ন ইন্দ্রো বৃদ্ধশ্রবাঃ, স্বস্তি নঃ পূষা বিশ্ববেদাঃ। স্বস্তি নস্তার্ক্ষ্যো অরিষ্টনেমিঃ, স্বস্তি নো বৃহস্পতির্দধাতু।। ওঁ গণনাস্ত্বা গণপতিগুঁ হবামহে প্রিয়াণাস্ত্বা প্রিয়পতিগুঁ হবামহে। নিধিনাস্ত্বা নিধিপতিগুঁ হবামহে। বসো মম।। ওঁ স্বস্তি, ওঁ স্বস্তি, ওঁ স্বস্তি।।

(ঋগ্বেদী) — ওঁ স্বস্তি নো মিমীতা-মশ্বিনা ভগঃ, স্বস্তি দেব্যদিতি-রনর্বণঃ। স্বস্তি পূষা অসুরোদধাতু নঃ, স্বস্তি দ্যাবাপৃথিবী সুচেতুনা। ওঁ স্বস্তয়ে বায়ুমুপ ব্রবামহৈ, সোমং স্বস্তি ভুবনস্য যস্পতিঃ। বৃহস্পতিং সর্বগণং স্বস্তয়ে, স্বস্তয় আদিত্যাসো ভবন্তু নঃ। ওঁ বিশ্বেদেবা নো অদ্যা স্বস্তয়ে, বৈশ্বানরো বসুরগ্নিঃ স্বস্তয়ে। দেবা অবন্ত্বৃভবঃ স্বস্তয়ে, স্বস্তি

নো রুদ্রঃ পাত্বংহসঃ। ওঁ স্বস্তি মিত্রাবরুণা, স্বস্তি পথ্যে রেবতি। স্বস্তি ন ইন্দ্রশ্চাগ্নিশ্চ স্বস্তি নো অদিতে কৃধি। ওঁ স্বস্তি পন্থামনু-চরেম, সূর্য্যাচন্দ্রমসাবিব। পুনদ্দর্দতা ঘ্নতা, জানতা সঙ্গমেমহি।। ওঁ স্বস্ত্যয়নং তার্ক্ষ্যমরিষ্টনেমিং, মহদ্ভূতং বায়সং দেবতানাম্। অসুরঘ্নমিন্দ্রসখং সমৎসু বৃহদ্‌যশো নাবমিবারুহেম। ওঁ অংহোমুচমাঙ্গিরসং গয়ঞ্চ, স্বস্ত্যাত্রেয়ং মনসা চ তার্ক্ষ্যম্, প্রযতপাণিঃ শরণমহং প্রপদ্যে, স্বস্তি সম্বাধেষ্বভয়ং নো অস্তু।। ওঁ স্বস্তি, ওঁ স্বস্তি, ওঁ স্বস্তি।।

অথ সাক্ষ্যমন্ত্র ঃ সঙ্কল্পের পূর্বে কৃতাঞ্জলি হয়ে পাঠ — ওঁ সূর্য্যঃ সোমো যমঃ কালঃ, সন্ধ্যে ভূতান্যহঃ ক্ষপা। পবনো দিক্‌পতির্ভূমিরাকাশং খচরামরাঃ। ব্রাহ্মং শাসনমাস্থায় কল্পধ্বমিহ্ সন্নিধিম্।।

সঙ্কল্প ঃ দক্ষিণজানু মাটিতে পেতে বসে বাঁহাতে তাম্রকোশায় কুশ, তিল, হরীতকী, তুলসী, সাদাফুল ও জল নিয়ে ডান হাত চাপা দিয়ে বলবেন —

বিষ্ণুরোম্ তৎসৎ (স্ত্রী ও শূদ্র হলে বিষ্ণুর্নমঃ) অদ্য .... মাসি(মুখ্য চান্দ্রামাস) .... পক্ষে .... তিথৌ .... গোত্রঃ .... দেবশর্মা (পুরোহিত করলে যজমানের) গোত্রস্য/গোত্রয়াঃ .... দেবশর্মণঃ/দাসস্য/ দেব্যাঃ/দাস্যাঃ করিষ্যমানস্য অস্য বাস্তোঃ শুভতাসিদ্ধ্যর্থং তথা নির্বিঘ্নমচিরেণ বাসগৃহ/(দেবগৃহ) সিদ্ধিরায়ুরারোগ্যৈশ্বর্যাভিবৃদ্ধিকামঃ বাস্তো ভূমিপূজনং শিলান্যাসঞ্চ করিষ্যে (পরার্থে — করিষ্যামি) তদঙ্গভূতং সগণাধিপবাস্তুদেবতানাং পূজনমহং করিষ্যে (করিষ্যামি)। পাত্রের জল ঈশান কোণে ফেলে দিয়ে তাম্রকুণ্ডে পাত্রটি উপুড় করে রেখে ভালোভাবে বসে সঙ্কল্প সূক্ত পাঠ করবে। স্ত্রী ও শূদ্র হলে নমোনমঃ বলবে।

সঙ্কল্পসূক্তম্ (সামবেদী) — **ওঁ দেবো বো দ্রাবিণোদাঃ পূর্ণাং বিবষ্ট্বাচিম্। উদ্‌বা সিঞ্চধ্বমুপ বা পৃণধ্বমাদিদ্ বো দেব ওহতে।**

(যজুষাম্)— ওঁ যজ্জাগ্রতো দূরমুদৈতি দৈবং, তদু সুপ্তস্য তথৈবৈতি, দূরঙ্গমং জ্যোতিষাং জ্যোতিরেকং, তন্মে মনঃ শিবসঙ্কল্পমস্তু।

(ঋগ্বেদিনাম্)— ওঁ যা গুংগূর্য্যা সিনীবালি, যা রাকা যা সরস্বতী। ইন্দ্রাণীম উতয়ে, বরুণানীং স্বস্তয়ে।

তন্ত্রোক্ত সঙ্কল্পসূক্ত — ওঁ ইন্দ্রাদ্যানো বিবেশী পুষ্টাং মা কৃণোতি সতাং সিঞ্চধ্বং প্রহিতামমরোভিঃ স্বর্গমাদধৎ কৃষ্ণায়ুর্দেব ওহতে।

সুক্তপাঠানন্তর — কৃতাঞ্জলি হয়ে যজমান বলবে **(ওঁ) অস্য সঙ্কল্পিতার্থস্য সিদ্ধিরস্তু।** ওমস্তু ইতি প্রতিবচন।

পঞ্চগব্য-শোধনমন্ত্রাঃ (সামগানাং) —

গোমূত্র — গায়ত্রী।।

গোময় — ওঁ গাবশ্চিদ্ ঘা সমন্যবঃ, সজাত্যেন মরুতঃ সবন্ধবঃ। রিহতে ককুভো মিথঃ।।

দুগ্ধ — ওঁ গব্যো যু ণো যথা পুরাশ্বয়োত রথয়া। বরিবস্যা মহোনাম্।।

দধি — ওঁ দধিক্রাব্‌ণো অকারিষং, জিষ্ণোরশ্বস্য বাজিনঃ। সুরভি নো মুখা করৎ, প্রণ আয়ুংষি তারিষৎ।।

ঘৃত— ওঁ ঘৃতবতী ভুবনানা-মভিশ্রিয়োর্বী, পৃথ্বী মধুদুঘে সুপেশসা। দ্যাবাপৃথিবী বরুণস্য ধর্ম্মণা, বিষ্কভিতে অজরে ভূরিরেতসা।।

কুশোদক — ওঁ দেবস্য ত্বা সবিতুঃ প্রসবেঽশ্বিনোর্ব্বাহুভ্যাং, পুষ্ণো হস্তাভ্যাং গৃহ্নামি।।

তারপর **গায়ত্রী দ্বারা একীকরণ।**

(যজুষাং)—

গোমূত্র— গায়ত্রী।।

গোময় — ওঁ গন্ধদ্বারাং দুরাধর্ষাং, নিত্যপুষ্টাং করীষিণীম্। ঈশ্বরীং সর্ব্বভূতানাং, ত্বামিহোপ- হ্বয়ে শ্রিয়ম্।

দুগ্ধ— ওঁ আ প্যায়স্ব সমেতু তে, বিশ্বতঃ সোম বৃষ্ণ্যম্। ভবা বাজস্য সঙ্গথে।।

দধি— ওঁ দধিক্রাব্‌ণো অকারিষং, জিষ্ণোরশ্বস্য বাজিনঃ। সুরভি নো মুখা করৎ, প্রণ আয়ুগুঁষি তারিষৎ।।

ঘৃত — ওঁ তেজোঽসি শুক্রমস্য-মৃতমসি ধাম নামাসি। প্রিয়ং দেবানামনাধৃষ্টং দেবযজনমসি।।

কুশোদক— ওঁ দেবসা ত্বা সবিতুঃ প্রসবেঽশ্বিনোর্বাহুভ্যাং, পূষ্ণো হস্তাভ্যামাদদে।।
তারপর **গায়ত্রী দ্বারা একীকরণ**।।
(ঋগ্বেদিনাং)—
গোমূত্র— গায়ত্রী।।
গোময়— ওঁ গাবশ্চিদ্ ঘা সমন্যবঃ, সজাত্যেন মরুতঃ সবন্ধবঃ। রিহতে ককুভো মিথঃ।।
দুগ্ধ— ওঁ আপো অদ্যান্বচারিষং, রসেন সমগস্মহি। পয়স্বানগ্ন আগহি, তং মা সং সৃজ বর্চসা।।
দধি— উদ্ বুধ্যধ্বং সমনসঃ সখায়ঃ সমগ্নিমিন্ধং বহবঃ সনীডাঃ। দধিক্রামগ্নিমুষসঞ্চ দেবী, মিন্দ্রাবতোঽবসে নি হবয়ে বঃ।।
ঘৃত— ওঁ অগ্নিরস্মি জন্মনা জাতবেদা, ঘৃতং মে চক্ষুরমৃতং ম আসন্। অর্কস্ত্রিধাতু রজসো বিমানোঽজস্রো ঘর্মো হবিরস্মি নাম।।
কুশোদক— ওঁ যোগে যোগে তবস্তরং, বাজে বাজে হবামহে। সখায় ইন্দ্রমূতয়ে।। তারপর গায়ত্রী দ্বারা একীকরণ।।
তন্ত্রমতে — মূলমন্ত্রেই শোধন ও একীকরণ হবে।

অথ বেদীশোধনমন্ত্রঃ — ওঁ বেদ্যা বেদিঃ সমাপ্যতে, বর্হিষা বর্হিরিন্দ্রিয়ম্। যূপেন যূপ আপ্যতে, প্রণীতোঽগ্নিরগ্নিনা।

চন্দ্রাতপশোধনম্ — ওঁ উর্ধ্ব উযূণ উতয়ে, তিষ্ঠা দেবো ন সবিতা। উর্ধ্বো বাজস্য সনিতা যদঞ্জিভির্বাঘদ্ভির্বিহ্বয়ামহে।

[গৃহারম্ভে অন্যান্য ন্যাস না করলে ও চলবে, তবে — কেবল করন্যাস, অঙ্গন্যাস করতেই হবে।]

করন্যাস ঃ আং অঙ্গুষ্ঠাভ্যাং নমঃ। ঈং তর্জনীভ্যাং স্বাহা। উং মধ্যমাভ্যাং বষট্। ঐং অনামিকাভ্যাং হুং। ঔং কনিষ্ঠাভ্যাং বৌষট্, অঃ করতলপৃষ্ঠাভ্যাং অস্ত্রায় ফট্।

অঙ্গন্যাস ঃ আং হৃদয়ায় নমঃ। ঈং শিরসে স্বাহা। উং শিখায়ৈ বষট্। ঐং কবচায়হুং। ঔং নেত্রত্রয়ায় বৌষট্। অঃ করতলপৃষ্ঠাভ্যাং অস্ত্রায় ফট্ মন্ত্রে করন্যাস ও অঙ্গন্যাস করে খাতটিকে দুই হাতে স্পর্শ করে বলবে —

ওঁ যথা বৈ খনতে ব্রহ্মা বিষ্ণু রুদ্রস্তথৈব চ। তথাহং খনয়িষ্যামি আচন্দ্রার্কং স্থিরোভব।।

তারপর **ভূতাদি আবাহন করে মাষভক্ত বলি** ভূতাদির উদ্দেশ্যে উৎসর্গ করে — **ওঁ অপসর্পন্তু তে ভূতা যে ভূতা ভূমিসংস্থিতাঃ। যে ভূতা বিঘ্নকর্তারস্তে নশ্যন্তু শিবজ্ঞায়।** — এই মন্ত্রটি বলে কতকগুলি শ্বেতসর্ষপ দশদিকে ছড়িয়ে দিতে হয়।

অতঃপর শালগ্রামে বা জলে গন্ধপুষ্পাদি দ্বারা গণেশাদি পঞ্চদেবতার পূজা করে গন্ধপুষ্প দ্বারা বা পঞ্চোপচারে নিম্নোক্ত দেবতার পূজা করতে হবে — ওঁ গণেশায় নমঃ ইত্যাদিক্রমে প্রতিনামের **আদিতে ওঁ এবং শেষে নমঃ যোগ** করে পূজা করতে হবে। **ইন্দ্রায়, অগ্নয়ে, যমায়, নৈঋতায়, বরুণায়, বায়বে, কুবেরায়, ঈশানায়, ব্রহ্মণে, অনন্তায়, সূর্যায়, সোমায়, মঙ্গলায়, বুধায়, বৃহস্পতয়ে, শুক্রায়, শনৈশ্চরায়, রাহবে, কেতুভ্যঃ, ক্ষেত্রপালেভ্যঃ, ক্রুরভূতেভ্যঃ, ব্রহ্মণে, বাস্তুপুরুষায়, শিখিনে, পর্জন্যায়, জয়ন্তায়, ইন্দ্রায়, সূর্যায়, সত্যায়, ভৃশায়, আকাশায়, বায়বে, পুষ্ণে, বিতথায়, গৃহক্ষতায়, যমায়, গন্ধর্বায়, ভৃঙ্গরাজায়, মৃগায়, পিতৃভ্যঃ, দৌবারিকায়, সুগ্রীবায়, পুষ্পদন্তায়, বরুণায়, অসুরায়, শেষায়, পাপায়, রোগায়, অহয়ে, মুখ্যায়,ভল্লাটায়, সোমায়, সর্পায়, অদিত্যৈ, দিত্যৈ, অদ্ভ্যঃ, সাবিত্রায়, জয়ায়, রুদ্রায়, অর্যম্নে সবিত্রে, বিবস্বতে, বিবুধাধিপায়, মিত্রায়, রাজক্ষ্মণে, ধরাধরায়, আপবৎসায়, ব্রহ্মণে, চরক্যৈ, বিদার্যৈ, পূতনায়ৈ, পাপরাক্ষস্যৈ, স্কন্দায়, অর্যম্নে, জম্ভকায়, পিলিপিঞ্জায়।** তারপর ষোড়শোপচারে বা দশোপচারে বিষ্ণুর পূজা করে — ওঁ নমস্তে বহুরূপায় বিষ্ণবে পরমাত্মনে স্বাহা মন্ত্রে — **বিষ্ণুকে তুলসী পাতা ও পুষ্পাঞ্জলি দিয়ে ওঁ বাসুদেবায় নমঃ** মন্ত্রে বাসুদেবের পূজা করে নিম্নোক্ত মন্ত্রে বাসুদেবকে অর্ঘ্য দান করবে।

অর্ঘ্যদানের মন্ত্র ঃ ওঁ আধারশক্তিরূপস্ত্বং কূর্মরূপী জনার্দনঃ। গৃহণার্ঘ্যং ময়াদত্তমাচন্দ্রার্কং স্থিরো ভব। তারপর **ওঁ শ্রিয়ৈ নমঃ** মন্ত্রে শ্রী বা লক্ষ্মীর পূজা করে — **ওঁ বাসুদেবগণায় নমঃ**, মন্ত্রে বাসুদেবগণের পূজা করা হবে। এরপর **অনন্তকে অর্ঘ দিতে হবে।**

মন্ত্র— ওঁ হিমকুন্দ প্রতীকাশ নাগান্তক মহাফণিন্। স্থানং দেহি গৃহং কর্তুং গৃহাণার্ঘ্যং নমোঽস্তুতে। পাঠ করে ইদমর্ঘ্যং (যজুঃ-এষঃ অর্ঘ্যঃ) ওঁ অনন্তায় নমঃ বলে অর্ঘ্যটি খাতে দেওয়া হবে।

ওঁ সর্বলক্ষণ সম্পন্ন সর্বেশ কমলাধিপ, স্থানং দেহি গৃহং কর্তুং বিষ্ণুরূপ নমোঽস্তুতে।। পাঠ করে ইদমর্ঘ্যং (যজু— এষঃ অর্ঘ্যঃ ওঁ কূর্মায় নমঃ বলে খাতে দিতে হবে।

তারপর **ওঁ পৃথিব্যৈ নমঃ** মন্ত্রে পৃথিবীকে পূজা করে শঙ্খে জল, দুধ, তিল, আতপচাল, শ্বেতসরিষা, ফুল দিয়ে অর্ঘ্য সাজিয়ে হাঁটু গেড়ে বসে অর্ঘ্য পাত্রটি মাথায় নিয়ে নিম্নোক্ত মন্ত্রটি বলবে —

ওঁ হরিণ্যগর্ভে বসুধে শেষস্যোপরিশায়িনি। উদ্ধৃতাসিবরাহেণ সশৈলবনকাননা।। (প্রাসাদং) গৃহংমে কারয়াম্যদ্য ত্বদূর্ধ্বং শুভলক্ষণম্। বসাম্যহং তব পৃষ্ঠে গৃহাণার্ঘ্যং ধরিত্রি মে।। পাঠ করে ইদমর্ঘ্যং (যজুঃ এষঃ অর্ঘ্য) ওঁ পৃথিব্যৈ নমঃ — বলে অর্ঘ্যটি খাতে দিয়ে প্রণাম করে কৃতাঞ্জলি হয়ে প্রার্থনা করবে —

ওঁ সমুদ্রমেখলে দেবি পর্বতস্তনমণ্ডলে। বিষ্ণুপত্নি নমস্তুভ্যং শস্ত্রপাতং ক্ষমস্ব মে।।
ওঁ শুভে চ শোভনে দেবি চতুরস্রে মহীতলে। শুভদে সুখদে দেবি গৃহে কাশ্যপি রম্যতাম্।।
অব্যঙ্গে চাক্ষতে পুণ্যে মুনেশ্চাঙ্গিরসঃসুতে। তুভ্যংময়া কৃতাপূজা সমৃদ্ধিং গৃহিণঃ কুরু।।
ওঁ বসুন্ধরে বরারোহে স্থানং মে দীয়তাং শুভে। ত্বৎ প্রসাদাম্মহাদেবি কার্যং মে সিধ্যতাং দ্রুতম্।।

এরপর মাষভক্ত বলি অর্চনা করে নিবেদন মন্ত্র— ওঁ অগ্নিভ্যোঽপ্যথ সর্পেভ্যো যে চান্যে তৎ সমাশ্রিতাঃ। তেভ্যে বলিং প্রযচ্ছামি পুণ্যমোদনমুত্তমম্।। ভূতানি রাক্ষাসাবাপি যেহত্র তিষ্ঠন্তি কেচন। তে গৃহ্নন্ত বলিং সর্বে বাস্তুং গৃহ্নাম্যহং পুনঃ।।

ভূতপ্রণাম মন্ত্রঃ— ভূতানি যানীহ বসন্তি তানি, বলিং গৃহীত্বা বিধিনোপপাদিতং।
অন্যত্রবাসং পরিকল্পয়ন্ত, ক্ষমন্ত তানীহ নমোঽস্তু তেভ্যঃ।।

তারপর **ওঁ বাস্তোস্পতয়ে নমঃ** মন্ত্রে বাস্তোস্পতিকে পূজা করে পূর্বের সজ্জিত ঘটটি মাথায় নিয়ে **ওঁ বাস্তোস্পতে ত্বমুত্তিষ্ঠ সংসারস্থিতিকারক। গৃহাণার্ঘ্যং ময়া দত্তং গৃহারম্ভংকরোম্যহম্।। নমঃ সর্বহিতার্থায় বিষ্ণুলোকায় তে নমঃ। ওঁ এষঃ অর্ঘ্যঃ** (সামবেদী পক্ষে — **ওঁ ইদমর্ঘ্যং) বাস্তোস্পতয়ে নমঃ** বলে সম্পূর্ণ ঘট সহ অর্ঘ্যটি বাস্তোস্পতির উদ্দেশ্যে খাতে দেবে। তারপর **ওঁ শিল্পাচার্যায় দেবায় নমস্তে বিশ্বকর্মণে স্বাহা, ওঁ বিশ্বকর্মণে নমঃ** মন্ত্রে বিশ্বকর্মার পূজা করে **প্রণাম —ওঁ আজ্ঞানাজ্জ্ঞানতো বাপি দোষাঃ স্যুশ্চ যদুদ্ভবাঃ। নাশায় ত্বহিতান্ সর্বান্ বিশ্বকর্মন্ নমোঽস্তুতে।।**

শিলা বা ইষ্টকা পূজন— একটি অভগ্ন ইটকে নিম্নাক্ত মন্ত্রে পঞ্চগব্য বা শুদ্ধ জল দ্বারা সিক্ত করবে । মন্ত্র - **ওঁ আপঃ শুদ্ধা ব্রহ্মরূপাঃ পাবয়ন্তি জগৎত্রয়ম্। চাভিরত্তি শিলাং স্নাপ্য স্থাপয়ামি শুভস্থলে।।** এইভাবে প্রক্ষালিত ইটকে হলুদ মাখিয়ে সিঁদূর ও চন্দন মাখিয়ে স্বস্তিক ও পুত্তলিকা এঁকে মালা ও কাপড় দিয়ে সাজিয়ে সামনে রেখে গন্ধপুষ্পদ্বারা নিম্নোক্তক্রমে পূজা করবে।

ওঁ নন্দায়ৈ নমঃ। ওঁ ভদ্রায়ৈ নমঃ। ওঁ জয়ায়ৈ নমঃ। ওঁ রিক্তায়ৈ নমঃ। ওঁ পূর্ণায়ৈ নমঃ।। পূজা শেষে হাঁটু গেড়ে বসে ইটকে দুহাতে ধরে — **ওঁ ইষ্টকে ত্বং প্রযচ্ছেষ্টং প্রতিষ্ঠাং কারয়াম্যহম্। পুত্রদারাধনায়ুষ্য ধর্মবৃদ্ধিকরী ভব।। দেশস্বামি পুরস্বামি গৃহস্বামি পরিগ্রহে। মনুষ্যধনহস্ত্যশ্ব পশুবৃদ্ধিকরী ভব।।** মন্ত্রটি বলে ইটকে খাতের অগ্নিকোণে পূর্ব পশ্চিমে লম্বা করে স্থাপন করবে। তারপর পঞ্চরত্ন, পঞ্চশস্য, পঞ্চামৃত স্বর্ণ, রৌপ্য দিয়ে একটি জলপূর্ণ তামার ঘট আমশাখা, ফুল ফুলমালা প্রভৃতি দিয়ে সাজিয়ে ইটের উপর বসিয়ে নিজে ভাল ভাবে বসে ঐ ঘটে গন্ধ পুষ্প দিয়ে পূজা করবে— **ওঁ পদ্মায় নমঃ। ওঁ মহাপদ্মায় নমঃ। ওঁ শঙ্খায় নমঃ। ওঁ মকরায় নমঃ। ওঁ সমুদ্রায় নমঃ।** তারপর ঐ ইটে পুনরায় গন্ধপুষ্প দিয়ে নন্দাদির পৃথক পৃথক পূজা করে স্তুতি পাঠ করবে। যথা—

(১) ওঁ **নন্দায়ৈ নমঃ**।। ওঁ নন্দী ত্বং নন্দিনী পুংসাং ত্বামত্র স্থাপয়াম্যহম্। অস্মিন্ রক্ষা ত্বয়া কার্যা প্রাসাদে যত্নতো মম।।

(২) ওঁ **ভদ্রায়ৈ নমঃ**।। ওঁ ভদ্রে ত্বং সর্বদা ভদ্রং লোকানাং কুরু কাশ্যপি। আয়ুর্দা কামদা দেবি সুখদাচ সদা ভব।।

(৩) ওঁ **জয়ায়ৈ নমঃ**।। জয়েত্বং সর্বদা দেবি তিষ্ঠ ত্বং স্থাপিতা ময়া। নিত্যং জয়ায় ভূত্যৈ চ স্বামিনো ভব ভার্গবি।।

(৪) ওঁ **রিক্তায়ৈ নমঃ**।। ওঁ রিক্তে ত্বরিক্তে দেষঘ্নে সিদ্ধিবুদ্ধিপ্রদে শুভে। সর্বদা সর্বদোষঘ্নে তিষ্ঠাস্মিন্ মম মন্দিরে।।

(৫) ওঁ **পূর্ণায়ৈ নমঃ**।। ওঁ পূর্ণে ত্বং সর্বদা ভদ্রে সর্বসন্দোহলক্ষণে। সর্বং সম্পূর্ণমেবাত্র কুরুষ্বাঙ্গিরসঃ সুতে।।

দক্ষিণা— তারপর দক্ষিণাস্বরূপ একটি টাকা বাঁদিকে স্থাপিত কোন পাত্রে রেখে **ওঁ এতস্মৈ কাঞ্চন মূল্যায় নমঃ** ইত্যাদি

২ ক্রমে অর্চনা করে এতৎ সম্প্রদানেভ্যঃ সগণাধিপ বাস্তুদেবতাভ্যো নমঃ বলে উৎসর্গ করে ডান হাতে তিল হরীতকী ধরে বাক্য পাঠ— বিষ্ণুরোম্ তৎসৎ অদ্য ...মাসি — পক্ষে —তিথৌ— গোত্রঃ— দেবশর্মা (পরার্থে—অমুকস্য গোত্রস্য—অমুক দেবশর্মণঃ/দাসস্য) এতদ্ বাসগৃহারম্ভে/(দেবতাগৃহারম্ভে) বাস্তোঃ শুভতাসিদ্ধিপূর্বকং নির্বিঘ্নচিরেণ বাসগৃহ/(দেবগৃহ) সিদ্ধিরায়ুরারোগ্যৈশ্বর্যাভিবৃদ্ধি কামনয়া কৃতৈতদ্ বাস্তু পূজন কর্মণঃ সাঙ্গতার্থং দক্ষিণামিদং কাঞ্চনমূল্যমর্চিতং শ্রীবিষ্ণুদৈবতং সগণাধিপ বাস্তুদেবতাভ্যঃ অহং সম্প্রদদে (পরার্থে—দদানি)। দক্ষিণার টাকাটি নারায়ণে স্পর্শ করে খাতে দিয়ে কৃতাঞ্জলি হয়ে বলবে— **ওঁ যাস্তুদেবগণা সর্বে পূজামাদায় যাজ্ঞিকাৎ। ইষ্টকামপ্রসিদ্ধ্যর্থং পুনরাগমনায় চ ।। ক্ষমধ্বং** বলে খাদে জল প্রোক্ষণ করে পূজিত দেবতাদের বিসর্জন করে বিসর্জনান্তে পূর্বে স্থাপিত অর্ঘ্যসমন্বিত ঘটের জলটি খাদে ঢেলে দিয়ে 'ওঁ' উচ্চারণ করে ঐ জলে একটি সাদা ফুল নিক্ষেপ করবে ।

গৃহারম্ভ

শুভাশুভ নির্ণয়— নিক্ষিপ্ত ফুলটি স্থির থাকলে গৃহস্বামীর স্থিরত্ব, দক্ষিণাবর্তে ঘুরলে— মঙ্গল এবং বামাবর্তে ঘুরলে অমঙ্গল সূচিত হয়।

সূত্রপাত— এরপর ঈশান কোণে গিয়ে পূর্বরোপিত খোঁটাটি ধরে বলবে—

ওঁ বিশন্ত তে তলে নাগা লোকপালাশ্চ কামগাঃ। অস্মিন্ গৃহে চ তিষ্ঠন্তু আয়ুর্বলকরাঃ সদা।। তারপর সুতাটি ধরে ধরে অগ্নি কোণে, নৈঋত কোণে ও বায়ু কোণে গিয়ে প্রতিকোণের খোঁটা ধরে ধরে একই ভাবে ঐ মন্ত্র পাঠ করে ঐ সূতা ধরে ঈশান কোণ দিয়ে ঘুরে অগ্নিকোণে সেই খাতের নিকট যে ধ্বজাটি আছে সেই ধ্বজার দণ্ডটি ধরে (**স্তম্ভারোপণ**) ;পাঠ করবে —**ওঁ যথাচলো গিরির্মেরুর্হিমবাংশ্চ যথাচলঃ। শুভপ্রদস্তথাস্তম্ভ (শুম্ভারম্ভো গৃহস্তম্ভ) স্তথা ত্বমচলো ভব।।**

অচ্ছিদ্রাবধারণ— অতঃপর কৃতাঞ্জলি হয়ে —**ওঁ কৃতৈতৎ শুভবাসগৃহারম্ভে বাস্তুদেবতাপূজন কর্ম —(দেব মন্দির হলে-শুভ দেবতাগৃহারম্ভকর্ম) অচ্ছিদ্রমস্তু। প্রতিবচনম্ —অস্তু।**

বৈগুণ্য সমাধান— তিল হরীতকী ধরে (বিষ্ণুরোম্ ইত্যাদি কৃতেঽস্মিন্ বাসগৃহারম্ভে (দেবতাগৃহারম্ভে) বাস্তুদেবতাপূজন কর্মণি যদ্‌বৈগুণ্যং জাতং তদ্দোষ প্রশমনকামঃ ওঁবিষ্ণু (শ্রীবিষ্ণুঃ) স্মরণমহং করিষ্যে। **ওঁ বিষ্ণু বা শ্রীবিষ্ণুঃ** মন্ত্র জপ করে বিষ্ণু ও বাস্তুদেবতাকে প্রণাম করবে।

দেবমন্দিরের ভিত্তিস্থাপন পূজাতেও একই রকম পূজা হবে কেবল বাস্তুমণ্ডলস্থ দেবতাদের পূজায় প্রথমে 'শিখিনে নমঃ' মন্ত্রের পরিবর্তে হবে 'ঈশায় নমঃ'।

বিঃ দ্রঃ — দেববাস্তুতে কয়েকটি বিভিন্ন নাম প্রচলিত পদ্ধতিতে এবং বাস্তুযাগ তত্ত্বে পাওয়া যায়। কিন্তু মূলগ্রন্থ মৎস্য পুরাণ ও দেবী পুরাণে সেরকম ভিন্নতার কোনরূপ উল্লেখ নাই। বরং দেববাস্তুতেও উক্ত দেবতাদেরই পূজা হবার কথা বলা হয়েছে। রঘুনন্দনও উল্লেখ করেছেন কৃত্যচিন্তামণির বচন — **'গৃহেষু যো বিধিঃ প্রোক্তো বিনিবেশ-প্রবেশয়োঃ। স এব বিদুষা কার্যো দেবতায়তনেষ্বপি।।**

অর্থঃ গৃহারম্ভ ও গৃহপ্রবেশে যে বিধি নির্দিষ্ট আছে, বিদ্বান ব্যক্তি দেবগৃহেও সে বিধি গ্রহণ করবেন।

প্রতিষ্ঠামুকুর

ইতি গৃহারম্ভ (ভিত পূজা)

গৃহ প্রবেশ

বিধি ঃ গৃহারম্ভের কাল, মাস, বার, তিথি নক্ষত্রানুসারে নির্ধারিত শুভদিনে কর্তা নিত্যকর্ম সমাধা করে পূর্বাহ্ণ মধ্যে প্রথমেই গৃহপ্রবেশের স্বস্তিবাচন ও সঙ্কল্প করবেন। প্রতিটি নৈমিত্তিক বা কাম্য কর্মের জন্য সঙ্কল্প অবশ্য কর্তব্য। ব্রহ্মাণ্ড ও ভবিষ্য পুরাণে উক্ত আছে — 'মাসপক্ষতিথীনাঞ্চ নিমিত্তানাঞ্চ সর্বশঃ। উল্লেখনমকুর্বাণো ন তস্য ফলভাগ্ ভবেৎ'।। এসময়ই ষোড়শমাতৃকাপূজা, আভ্যুদয়িক শ্রাদ্ধ, বাস্তুযাগ এবং (যদি করা হয়) পঞ্চাঙ্গ— স্বস্ত্যয়ন কর্মগুলিরও সঙ্কল্প ও ব্রাহ্মণ বরণ করা হবে। তারপর গৃহস্বামী শুক্ল বস্ত্র, উত্তরীয় ও মালা পরিধান করে সম্মুখে ব্রাহ্মণ, দধি, অক্ষত, আম্রপল্লব, পুষ্প ও ফল শোভিত জলপূর্ণ একটি কলশ স্থাপন করে নারায়ণ ও ব্রাহ্মণদের অগ্রে করে স্ত্রীকে বামে এবং পুত্র পরিজনদের পশ্চাতে সঙ্গে নিয়ে শঙ্খ ঘণ্টা প্রভৃতি মাঙ্গল্য বাদ্য সহকারে গোপুচ্ছ স্পর্শ করতে করতে গৃহে প্রবেশ করবেন। সেই সময় স্ত্রীর বামকক্ষে একটি জলপূর্ণ কলশ এবং মাথায় ধান্যপূর্ণ লক্ষ্মীডালা থাকবে।

পারস্কর গৃহ্যসূত্রের হরিহর ভাষ্যে গৃহপ্রবেশ বিধি সম্পর্কে উক্ত আছে — 'ব্রাহ্মণৈঃ কৃতস্বস্ত্যয়নো মঙ্গলতূর্য গীতশান্তিপাঠেন সজল কলশব্রাহ্মণপুরঃসর শুক্ল মাল্যানুলেপনস্তাদৃশসকল পুত্রপৌত্রকলত্রাদি সমেতঃ সুশকুনসূচিতাভ্যুদয়স্তোরণাঢ্যাং শালাং দ্বারেণপ্রবিশতি।

বিষ্ণুধর্মোত্তরে — 'গোপুচ্ছবিন্যস্তকরঃ প্রবিশেচ্চ গৃহংগৃহী। অনুলিপ্ত সুখী স্রগ্বী সপত্নীকস্তথৈব চ।।'

মাৎস্যে — 'কৃত্বাগ্রতো দ্বিজবরানথ পূর্ণকুম্ভং দধ্যক্ষতাম্রদলপুষ্প ফলোপশোভম্। দত্ত্বা হিরণ্যবসনানি তথা দ্বিজেভ্যো মাঙ্গল্যশান্তিনিলয়ং বিশেচ্চ।। গৃহ্যোক্ত হোমবিধিনা বলিকর্ম-কুর্যাৎ প্রাসাদবাস্তুশমনে চ বিধির্য উক্ত।'

গৃহপ্রবেশে আভ্যুদয়িক শ্রাদ্ধ ও বাস্তুযাগ অবশ্য কর্তব্য। মৎস্যপুরাণে— **'অন্নপ্রাশে চ সীমন্তে পুত্রোৎপত্তিনিমিত্তকে। পুংসবনে নিষেকে চ নববেশ্ম প্রবেশনে। দেববৃক্ষজলাদীনাং প্রতিষ্ঠায়াং বিশেষতঃ তীর্থযাত্রা বৃষোৎসর্গে বৃদ্ধিশ্রাদ্ধং প্রকীর্তিতম্।।'**

গৃহপ্রবেশে বাস্তুযোগের অবশ্য কর্তব্যতা সম্পর্কে **মাৎস্যে** —

'বাস্তুপশমনং কুর্যাৎ সমিদ্ভির্বলিকর্মণা। জীর্ণোদ্ধারে তথোদ্যানে তথা গৃহনিবেশনে।।

নবপ্রাসাদভবনে প্রাসাদ পরিবর্তনে। দ্বারাভিবর্তনে তদ্বৎ প্রাসাদেষু গৃহেষু চ।।'

বাস্তুযোগের সঙ্কল্প হয় আগে, স্বস্তিবাচন পরে।

আয়োজন ঃ যে ঘরটিতে প্রবেশ করা হবে সেই ঘরটি পরিষ্কার ও সুসজ্জিত করে একটি ঘৃতের প্রদীপ জ্বালিয়ে রাখতে হবে এবং ধূপ ধূনা দিয়ে তার গন্ধে ঘরটিকে আমোদিত করে রাখা হবে। দ্বারদেশে দুদিকে দুটি কলাগাছ রোপণ করে আম্রপল্লব ও ফলযুক্ত দুটি জলপূর্ণ দ্বারঘট বসানো হবে। প্রবেশ পথের পাশে একটি সবৎসাগাভী, প্রজ্বলিত দীপ, দধি অক্ষত আম্রপল্লব-পুষ্প-ফলযুক্ত পূর্ণ কলস, পুষ্পমাল্য, পতাকা, জীবন্ত মাছ, ঘৃত, দধি, রৌপ্য, স্বর্ণ প্রভৃতি দ্রব্যগুলি সাজিয়ে রেখে বিধি পর্যায়ে উক্তানুরূপে গৃহকর্তা স্ত্রী পরিজনের সঙ্গে গৃহপ্রবেশের উদ্দেশ্যে যে দ্বার দিয়ে প্রবেশ করবে সেখান থেকে দক্ষিণাবর্তে প্রথমে পুর্বদিকে উপস্থিত হবে।

[গৃহবাস্তু প্রদক্ষিণ করার বিধি আছে, কিন্তু যদি একান্তপক্ষে প্রদক্ষিণের উপায় না থাকে তাহলে প্রবেশের পূর্বে দাঁড়িয়ে পূর্বাদি দিকে মুখ ঘুরিয়ে সেই সেই মন্ত্রগুলি পাঠ করবে।]

প্রয়োগ পদ্ধতি

গৃহকর্তা নিত্যকর্ম সমাপন করে হাত পা ধুয়ে শুদ্ধাসনে পূর্বমুখে বসে প্রথমে — ডান হাতে এক গন্ডুষ গঙ্গাজল নিয়ে — **ওঁ বিষ্ণুপাদার্ঘ্য সম্ভূতে গঙ্গে ত্রিপথগামিনি। ধর্মদ্রবিতি বিখ্যাতে পাপং মে হর জাহ্নবি।। ওঁ শ্রদ্ধয়াভক্তি সম্পন্নে শ্রীমাতর্দেবি জাহ্নবি। অমৃতেনাম্বুনা দেবি ভাগীরথি পুনীহি মাম্।।**— মন্ত্র দুটি পাঠ করে ওঁ গঙ্গা, ওঁ গঙ্গা, ওঁ গঙ্গা, বলতে বলতে হাতের জলটি নিজের মাথায় ও সর্বাঙ্গে ছিটিয়ে দেবে। তারপর **তিলক ও অঙ্গুরী** ধারণ করে **আচমন, বিষ্ণুস্মরণ, জলশুদ্ধি আসনশুদ্ধি, পুষ্পশুদ্ধি** করে গন্ধাদি ও **নারায়ণাদির** অর্চনা করবে। তারপর **সূর্যার্ঘ্য** দিয়ে **গায়ত্রী ও ইষ্টমন্ত্র** জপ

করে প্রথমে গৃহপ্রবেশের জন্য হাতে অক্ষত দূর্বা পুষ্প নিয়ে স্বস্তিবাচন — ওঁ কর্তব্যে অস্মিন্ শুভ নববেশ্মপ্রবেশকর্মণি ওঁ পুণ্যাহং ভবন্তো ব্রুবন্তু ইত্যাদি ক্রমে স্বস্তিবাচন, স্বশাখোক্ত স্বস্তিসূক্ত ও সাক্ষ্যমন্ত্র (পৃ. ১২) পাঠান্তে দক্ষিণ জানু পেতে কুশ-তিল-ফল-জল সমন্বিত তাম্রপাত্রটি বাম হাতে রেখে ডান হাতে চাপা দিয়ে সঙ্কল্প করবে।

গৃহপ্রবেশের সঙ্কল্প ঃ বিষ্ণুরোম্ তৎসৎ অদ্যেত্যাদি (মাস, (মুখ্যচান্দ্র মাস) তিথি, পক্ষ, নিজের গোত্র নাম উল্লেখ করে) জ্ঞাতাজ্ঞাত- কায়মনোবাক্‌কৃত-সকলপাপক্ষয়সহিত-নির্বিঘ্নপূর্বক-স্ত্রীপুত্রপৌত্রাদ্যখিলপরিজন-ধনবাহনৈশ্বর্য-পরিপূর্ণ চিরকাল-বাসস্থিতি কামঃ শুভনববেশ্মপ্রবেশ কর্মাহং করিষ্যে।

স্বশাখোক্ত/সঙ্কল্পসূক্ত (পৃ. ১৩) পাঠ করে আবার হাতে অক্ষত নিয়ে আভ্যুদয়িকশ্রাদ্ধের জন্য সঙ্কল্প করবেন। [যদি কোন স্ত্রী সঙ্কল্প করে গৃহপ্রবেশ করেন, তাহলে আভ্যুদয়িক শ্রাদ্ধ হবে না।]

সঙ্কল্পঃ বিষ্ণুরোম্ তৎসৎ অদ্যেত্যাদি......(এখানেও মুখ্যচান্দ্রমাসেরই উল্লেখ হবে) অমুক দেবশর্মা/দাসঃ শুভ নববাসগৃহপ্রবেশকর্মাভ্যুদয়ার্থং[১] সগণাধিপ গৌর্যাদিষোড়শমাতৃকাপূজা বসোর্ধারাসম্পাতনায়ুষ্যসূক্তজপাভ্যুদয়িকশ্রদ্ধান্যহং-করিষ্যে। অসমর্থ হলে ভোজ্যদান করবেন। বাক্য হবে— বিষ্ণুরোম . . . . .আভ্যুদয়িকশ্রাদ্ধানুকল্পভোজ্যদানমহং করিষ্যে।তারপর সঙ্কল্পসূক্ত পাঠ করে পুনরায় বাস্তুযাগের সঙ্কল্পের জন্য পূর্বের ন্যায় তাম্রপাত্রটি হতে রেখে সঙ্কল্প করবে।

সঙ্কল্পঃ বিষ্ণুরোম্ তৎসৎঅদ্যেত্যাদি ......(মুখ্যচান্দ্রমাস উল্লেখ্য) অমুক দেবশর্মা/দাসঃ শুভনববেশ্মপ্রবেশে এতদ্‌বাস্তোঃ সর্ব দোষোপশমনকামঃ বাস্তুযাগকর্মাহং করিষ্যে।

---

১) বর্তমানে প্রচলিত পদ্ধতিতে 'বাস্তুযোগকর্মাভ্যুদয়ার্থং' কথাটির উল্লেখ আছে। কিন্তু এ প্রয়োগটি যথার্থ নয়। কারণ গৃহপ্রবেশেই অভ্যুদয়িকের বিধি বাস্তুযাগে নয়। সুতরাং **নববেশ্মপ্রবেশকর্মাভ্যুদয়ার্থং** বলাই সঙ্গত। তবে যখন গৃহপ্রবেশ ব্যতীত কেবল বাস্তুদোষোপশমন কামনায় বাস্তুযাগ করা হয় তখন 'বাস্তুযাগকর্মাভ্যুদয়ার্থং' বলা হবে। বাস্তুযাগেও আভ্যুদয়িকের বিধি সম্পর্কে স্মার্তবচন—

পিতৃভ্যো বৃদ্ধয়ে বৃদ্ধিশ্রাদ্ধং কৃত্বা সদক্ষিণম্।
ক্রূরভূতবলিঞ্চৈব সম্পূজ্য বাস্তুদেবতাঃ।।'

সঙ্কল্প সূক্ত পাঠান্তে স্বস্তিবাচন—ওঁ কর্তব্যেঽস্মিন্ বাস্তুযাগ কর্মণি ওঁ পুণ্যাহং ভবন্তো ব্রুবন্তু ইত্যাদি ক্রমে স্বস্তিবাচনের পর স্বস্তিসূক্ত ও সাক্ষ্যমন্ত্র (পৃ. ১২) পাঠ করবে।

(পঞ্চাঙ্গ স্বস্ত্যয়নের অয়োজন থাকলে এ সময়ই পঞ্চাঙ্গ স্বস্ত্যয়নের স্বস্তিবাচন ও সঙ্কল্প করা হবে।)

স্বস্তিবাচন— ওঁ কর্তব্যেঽস্মিন্ পঞ্চাঙ্গ স্বস্ত্যয়ন কর্মণি ওঁ পুণ্যাহং ভবন্তো ব্রুবন্তু ইত্যাদিকর্মে স্বস্তিবচনান্তে স্বস্তিসূক্ত ও সাক্ষ্যমন্ত্র পাঠ্য। তারপর **সঙ্কল্প** —বিষ্ণুরোম্ তৎসৎ অদ্যেত্যাদি....... অমুক দেবশর্মা শুভনববাসগৃহপ্রবেশে অদিত্যাদিনবগ্রহসংসূচিত সংসূচ্যমান সংসূচয়িষ্যমান সর্বরিষ্টিপ্রশমন পূর্বকমায়ুরারোগ্যৈশ্বর্যাভিবৃদ্ধি সহিত গার্হস্থ্য সুখশান্তি প্রাপ্তিকামঃ শ্রীশ্রীচণ্ডিকায়াঃ পূজা পূর্বকং শ্রীকৃষ্ণদ্বৈপায়নাভিধান মহর্ষি বেদব্যাসপ্রোক্তজয়াখ্যমার্কণ্ডেয় পুরাণান্তর্গত ওঁ মার্কণ্ডেয় উবাচ সাবর্ণিসূর্যতনয় ইত্যারভ্য সাবর্ণির্ভবিতামনুরিত্যন্তং সকৃদাবৃত্তিঃ/ (দ্বিরাবৃত্তিঃ/ত্রিরাবৃত্তিঃ) দেবীমাহাত্ম্য পাঠকর্ম শ্রীমদ্‌ভগবদ্দুর্গাপূজাপূর্বকং ভগবদ্দুর্গায়াঃ দুর্গেতি দ্ব্যক্ষরনামাত্মকমন্ত্রাষ্টোত্তর সহস্রসংখ্যক জপকর্ম অষ্টসংখ্যক পার্থিবলিঙ্গাধিকরণক শিবার্চন কর্ম শ্রীমধুসূদনপূজা পূর্বকং মধুসূদনস্য মধুদূদন ইতি পঞ্চাক্ষর নামাত্মকমন্ত্রাষ্টোত্তর সহস্রসংখ্যক জপকর্ম শ্রীবিষ্ণুপূজা পূর্বকম্ এতৎ সচন্দন তুলসীপত্রং ওঁ নমস্তে বহুরূপায় বিষ্ণবে পরমাত্মনে স্বাহেতি মন্ত্রং প্রতিবারমুচ্চার্যমানঃ অষ্টোত্তর শতসংখ্যকানি সচন্দন তুলসী পত্রাণি বিষ্ণবে দানকর্মচ পঞ্চকর্মাত্মকং পঞ্চাঙ্গ স্বস্ত্যয়নমহং করিষ্যে। সঙ্কল্পসূক্ত পাঠ করে ব্রাহ্মণদের বরণ করতে হয়।

বরণ— প্রথমে নারায়ণ, গুরুদেব ও পুরহিতের গন্ধ পুষ্প, বস্ত্রাদির দ্বারা বরণ। তারপর ব্রহ্ম কর্মের জন্য নির্বাচিত ব্যক্তিকে বলবে —**ওঁ সাধুভবানাস্তাম্।** ব্রাহ্মণ উত্তর মুখে বসে আচমন করে বলবেন —**ওঁ সাধ্বহমাসে।** যজমান—**ওঁ অর্চয়িষ্যামো ভবন্তম্।** ব্রাহ্মণ—ওঁ অর্চয়। যজমান— **এতে গন্ধপুষ্পে ব্রাহ্মণায় নমঃ** বলে ব্রাহ্মণকে পূজা করে গন্ধপুষ্প বস্ত্রাদি অর্চনা করে ব্রাহ্মণকে দিয়ে ডানহাতে দূর্বাক্ষত নিয়ে ব্রাহ্মণের ডান হাঁটু ধরে বলবেন—**বিষ্ণুরোম্ তৎসৎ অদ্যেত্যাদি** .... **অমুক গোত্রঃ শ্রী অমুক মৎসঙ্কল্পিত বাস্তুযাগ কর্মণি ব্রহ্মকর্ম করণায় অমুকগোত্রং অমুক দেবশর্মাণম্ এভিঃ**

গন্ধাদিভিরভ্যর্চ্য ব্রহ্মত্বেন ভবন্তমহং বৃণে। কৃতাঞ্জলি হয়ে বলবে,—'যথা চতুর্মুখো ব্রহ্মা সর্বলোক পিতামহঃ। তথা ত্বং মম যজ্ঞেঽস্মিন্ ব্রহ্মাভব দ্বিজোত্তম।। ব্রাহ্মণ—ওঁ বৃতোঽস্মি। যজমান কৃতাঞ্জলি হয়ে —ওঁ যথাবিহিতং ব্রহ্মকর্মকুরু। ব্রাহ্মণ—ওঁ যথাজ্ঞানং করবাণি। এই ক্রমে হোতা, আচার্য ও সদস্য বরণ। আচার্যবরণে বলবেন,—আচার্যস্তু যথা স্বর্গে শক্রাদীনাং বৃহস্পতিঃ। তথা ত্বং মম যজ্ঞেস্মিন্ আচার্যো ভব সুব্রতঃ।। হোত্রাদি বরণে পাঠ্য—ভগবন্ সর্বধর্মজ্ঞঃ সর্বধর্মপরায়ণঃ। বিততে পুণ্যযজ্ঞেঽস্মিন্ ঋত্বিক্ ত্বং মে মখে ভব।। পরে স্বস্ত্যয়নের জন্য বরণ করতে হবে। তার বরণ বাক্য হবে —বিষ্ণুরোম্ তৎসৎ অদ্যেত্যাদি..... শুভনবগৃহপ্রবেশে মৎসঙ্কল্পিত পঞ্চাঙ্গ স্বস্ত্যয়ন কর্মণি পূজকাদিকর্মকরণায় অমুক গোত্রং অমুক দেবশর্মাণং গন্ধাদিভিরভ্যর্চ্য বৃতত্বেন ভবন্তমহং বৃণে। অন্যান্য কর্ম পূর্বের ন্যায়।

প্রদক্ষিণকর্ম— এরপর যজমান যথোক্ত বিধানে দাঁড়িয়ে ব্রাহ্মণদের উদ্দেশ্যে বলবেন —ব্রাহ্মণ প্রবিশামি। ব্রাহ্মণ বলবেন—ওঁ প্রবিশ। যজমান — ঋতং প্রপদ্যে, শিবং প্রপদ্যে বলে পূর্বদিকে যাবে । কৃতাঞ্জলি হয়ে—ওঁ কেতা চ মা সুকেতা চ পুরস্তাদ্‌গোপায়েতামিত্যগ্নির্বৈ কেতাদিত্যঃ সুকেতা তৌ প্রপদ্যে তাভ্যাং নমোঽস্তু তৌমা পুরস্তাদ্ গোপায়েতাম্। বলে পূর্বদিককে প্রণামের দ্বারা পূজা করবে। তারপর যাবেন দক্ষিণদিকে কৃতাঞ্জলি হয়ে মন্ত্র— ওঁ দক্ষিণতো গোপায়মানং চ মা রক্ষমাণা চ দক্ষিণতো গোপায়েতামিত্যহর্বৈ গোপায়মানং রাত্রী রক্ষমানা তে প্রপদ্যে তাভ্যাং নমোঽস্তুতে মা দক্ষিণতো গোপায়েতাম্ — বলে দক্ষিণ দিকের পূজা । তারপর পশ্চিমদিকে—ওঁ পশ্চাৎ দীদিবিশ্চ মা জাগৃবিশ্চ পশ্চাদ্ গোপায়েতামিত্যন্নং বৈ দীদিবিঃ প্রাণো জাগৃবিস্তৌ প্রপদ্যে তাভ্যাং নমোঽস্তু তৌ মা পশ্চাদ্‌গোপায়েতাম্। পশ্চিম দিকের পূজা করে যাবেন উত্তরদিকে—ওঁ উত্তরতোঽস্বপ্নশ্চ মানবদ্রাণশ্চোত্তরতো গোপায়েতামিতি চন্দ্রমা বা অস্বপ্নো বায়ুরনবদ্রাণস্তৌ প্রপদ্যে তাভ্যাং নমোঽস্তু তৌ মোত্তরতো গোপায়েতাম্। বলে উত্তর দিকে পূজা করে দক্ষিণবর্তে ঘুরে প্রবেশদ্বারের নিকট গৃহাভিমুখে দাঁড়িয়ে কৃতাঞ্জলি হয়ে ওঁ কর্তব্যেঽস্মিন্ নবগৃহপ্রবেশ কর্মণি ওঁ স্বস্তি ভবন্তো ব্রুবন্তু, ওঁ স্বস্তি ভবন্তো ওঁ ব্রুবন্তু ওঁ স্বস্তি ভবন্তো ব্রুবন্তু। ব্রাহ্মণেরা ওঁ স্বস্তি ৩ বার বলে, ওঁ স্বস্তিন ইন্দ্রোবৃদ্ধশ্রবা ইত্যাদি ৩টি ঋক্ উচ্চারণ করবেন। যজমান পূর্ণকলশাদি মাঙ্গলিক দ্রব্যগুলি দর্শন করে গোপুচ্ছ স্পর্শ করতে করতে দ্বারদেশে দিয়ে গৃহাভিমুখে

প্রবেশ করতে করতে বলবেন —ব্রহ্মা ঋষি গায়ত্রীচ্ছন্দ ইন্দ্রদেবতা নবগৃহপ্রবেশে বিনিয়োগঃ। ওঁ ধর্মস্থুণা রাজগুঁ শ্রীস্তুপমহোরাত্রে দ্বার ফলকে। ইন্দ্রস্য গৃহা বসুমন্তো বরুথিনস্তানহং প্রপদ্যে সহ প্রজয়া পশুভিঃ সহ।। ১।। ব্রহ্মাঋষির্বৃহতীচ্ছন্দঃ শালাদেবতা নবগৃহপ্রবেশে বিনিয়োগ। ওঁ যন্মে কিঞ্চিদস্ত্যপহূতঃ সর্বগণসখায়সাধুসংবৃত। তাং ত্বা শালেঽরিষ্টবীরা গৃহান্নঃ সন্তু সর্বতঃ।। ২।।

অতঃপর ব্রাহ্মণগণ ওঁ কয়ানশ্চিত্র......।। ওঁ কস্ত্বা সত্যো.....।। ওঁ অভীষুণঃ.....।। তিনটি মন্ত্র এবং স্বস্তিন......।। ইত্যাদি মন্ত্র পাঠ করবেন। তারপর ঘরের ঈশান কোণে লক্ষ্মীডালাটি এবং কাঁখের জলপূর্ণ কলসটি নামিয়ে রেখে হাঁটু গেড়ে হাতজোড় করে বলবেন—

প্রার্থয়ামীত্যহং দেবং শালায়ামধিপস্তু যঃ। প্রায়শ্চিত্তপ্রসঙ্গেন গৃহার্থং যন্ময়াকৃতম্।।
মূলচ্ছেদং তৃণচ্ছেদং কৃমীণাং চ নিপাতনম্। হননং জলজীবানাং ভূমেঃ শস্ত্রেণ পাতনম্।।
অনৃতং ভাষিতং যচ্চ কিঞ্চিদর্থস্য পাতনম্। তৎসর্বং হি ক্ষমস্ব ত্বং যন্ময়া দুষ্কৃতং কৃতম্।।
গৃহার্থে যৎকৃতং পাপমজ্ঞানেনাথ চেতসা । তৎসর্বং ক্ষম্যতাং দেবি শালে মম ক্ষমাং কুরু।।

মনে মনে গৃহের অধিষ্ঠাত্রী দেবতাদের চিন্তা করে প্রণাম করবে। আবার প্রার্থনা করবে—

ওঁ সুখং দেহি ধনং দেহি দেহি পুত্রমনুত্তমম্। আয়ুর্বৃদ্ধিঞ্চ ধান্যঞ্চ আরোগ্যং দেহি গেহয়োঃ।।
আরোগ্যং মম ভার্যায়াঃ পিতৃমাতৃসুখং সদা। ভ্রাতৃণাং পরমং সৌখ্যং পুত্রাণাং সৌখ্যমেব চ ।
সর্বস্বং দেহি মে বিষ্ণো গৃহে সংবিশতাং প্রভো। নবগৃহযুতাং ভূমিং পালয়স্ব বরপ্রদ।।

এর পর ভূমিষ্ঠ হয়ে বিষ্ণু, লক্ষ্মী, পৃথিবী ও বাস্তুদেবকে প্রণাম করবে। অতঃপর আভ্যুদয়িক শ্রাদ্ধ, বাস্তুযাগাদি ক্রিয়াগুলির অনুষ্ঠান হবে।[আভ্যুদায়িক শ্রাদ্ধাদির আগে বা পরে উভয় কল্পেই গৃহপ্রবেশ করার বিধি আছে। তবে সব সময়েই বারবেলা কালবেলাদি পরিত্যাগ করে শুভসময়ে পূর্বাহ্ণ মধ্যেই গৃহপ্রবেশ করা বিধেয়।]

ইতি গৃহপ্রবেশ

বাস্তুযাগ

বিধি ঃ বাস্তুযাগের বিধি সম্পর্কে আশ্বলায়ন গৃহ্যপরিশিষ্টে, গোভিল গৃহ্যসূত্রে, পারস্কর গৃহ্যসূত্রে, লিঙ্গপুরাণে, অগ্নিপুরাণে, গরুড় পুরাণে ও মৎস্যপুরাণে বহু নির্দেশ পাওয়া যায়। ভট্টরঘুনন্দন বাস্তুযাগতত্ত্ব প্রণয়নে মুখ্যতঃ মৎস্যপুরাণের নির্দেশ গ্রহণ করেছেন। স্থল বিশেষে দেবীপুরাণেরও কিছু বচন উদ্ধৃত করেছেন, কিন্তু পাঞ্চাননতর্করত্ন মহাশয় সম্পাদিত দেবীপুরাণে অনুরূপ কোন বচন বা নির্দেশ পাওয়া যায় না।

বাস্তুযাগের বহু বিধি গৃহারম্ভ পর্যায়ে আলোচনা করা হলেও গুরুত্ব হিসাবে তার পুনরালোচনার প্রয়োজন আছে। প্রথমতঃ জ্ঞাতব্য— বাস্তুযাগে যে বাস্তুমন্ডলটি রচনা করতে হয় সে সম্পর্কে লিঙ্গপুরাণের নির্দেশ—

চুতঃষষ্টিপদং বাস্তু সর্বদেবগৃহং প্রতি। একাশীতিপদং বাস্তু মানুষং প্রতি সিদ্ধিদম্। (অর্থাৎ সমস্ত দেববাস্তুতে চতুঃষষ্টিপদ এবং মনুষ্যবাস্তুতে একাশীতিপদ বাস্তুর কথাই বলা হয়েছে। আশ্বলায়ন গৃহ্যপরিশিষ্টের নির্দেশ—

অথ পূর্তান্যুদগয়ন আপূর্য্যমান পক্ষে জ্যোতির্বিদুক্ত পুণ্যদিনে পূর্বেদ্যুঃ কৃতস্বস্তিবাচনস্তত ঈশান্যাং দিশি চতুস্রাং চতুরঙ্গুলমুচ্ছ্রিতাং হস্তমাত্রাং বেদিং কৃত্বা যথোক্তবিধানেন বাস্তুমন্ডলং কৃত্বা গৃহ্যোক্তবদুদীচ্যামভিষেককুম্ভং নিধায়ামীত্যুচ্যতে.......।

যাহোক বাস্তুযাগতত্ত্ব অনুসারে লিঙ্গ ও মৎস্যপুরাণের নির্দেশক্রমে আমাদের দেশে মনুষ্যবাস্তুতে একাশীপদ এবং দেববাস্তুতে চৌষট্টিপদ বাস্তুমন্ডলেই পূজা করা হয়।

একাশীতি পদ বাস্তুমন্ডলে দেবতাদের সন্নিবেশের নির্দেশ মৎস্যপুরাণেই সুস্পষ্ট। যথা— *একাশীতিপদং কৃত্বা বাস্তুবিৎ সর্ববাস্তুষু। পদস্থান্ পূজয়েদ্দেবাংস্ত্রিংশৎপঞ্চদশৈব তু। দ্বাত্রিংশদ্বাহ্যতঃ পূজ্যাঃ পূজ্যাশ্চান্তস্ত্রয়োদশাঃ।। নামতস্তান্ প্রবক্ষ্যামি স্থানানি চ নিবোধত। ঈশানকোণাদিযুতান্ পূজয়েদ্ধবিষা নরঃ।। শিখিচৈবাথ পর্জন্যো জয়ন্তঃ কুলিশায়ুধঃ। সূর্যসত্যৌ ভৃশশ্চৈব আকাশো বায়ুরেব চ। পূষা চ বিতথশ্চৈব গৃহক্ষতযমাবুভৌ। গন্ধর্বো ভৃঙ্গরাজশ্চ মৃগঃ পিতৃগণস্তথা।। দৌবারিকোঽথ সুগ্রীবঃ পুষ্পদন্তো জলাধিপঃ। অসুরঃ শেষ পাপৌ*

চ রোগোঽহিমুখ্য এব চ।। ভল্লাটঃ সোমসর্পৌ চ অদিতিশ্চ দিতিস্তথা। বহির্দ্বাত্রিংশদেতেতু তদন্তস্ত ততঃ শৃণু।। ঈশানাদি চতুষ্কোণে সংস্থিতান্ পূজয়েদ্বুধঃ। আপেশ্চৈবাথ সাবিত্রো জয়োরুদ্রস্তথৈব চ।। মধ্যে নবপদে ব্রহ্মা তস্যাষ্টৌ চ সমীপগান্। সাধ্যানেকান্তরান্ বিদ্যাৎ পূর্বাদ্যান্ নামতঃশৃণু।। অর্যমা সবিতা চৈব বিবস্বান্ বিবুধাধিপঃ। মিত্রোঽথ রাজযক্ষ্মা চ তথা পৃথ্বীধরস্মৃতঃ।। পরিতো ব্রাহ্মণঃ স্মৃতঃ। আপশ্চৈবাপবৎসশ্চ পর্জন্যোঽগ্নির্দিতিস্তথা।। পাদিকানান্ত বর্গোঽয়মেবং কোণেষ্বশেষতঃ। তন্মধ্যে তু বহির্বিংশদ্দ্বিপদাস্তে তু সর্বশঃ।। (সার অর্থ হলো—একাশীপদ বাস্তুমণ্ডলের বাইরের দিকের ঘরগুলিতে শিখি থেকে দিতি পর্যন্ত বত্রিশজন দেবতাকে স্থাপন করা হবে। তারই নীচে ঈশানাদি চারটি কোণে আপ, সাবিত্র, জয় এবং রুদ্র— চারজনকে স্থাপন করে মাঝে নবপদে ব্রহ্মাকে স্থাপন করা হবে। তার পর চতুর্দিকে পূর্বদিক থেকে আরম্ভ করে অর্যমা থেকে আপবৎস পর্যন্ত আটজনকে স্থাপন করা হবে। এই দেবতাদের পদ সন্নিবেশের রীতি হ'লো বাহিরের দিকের কোণের দুটি করে ঘর এক পদে, এক পদে বারজন দেবতা, তারপরে ভিতরে দুটি লাইনের কোণের ঘরগুলিতে এক পদ করে আটজন দেবতা এবং ব্রহ্মার চারিদিকে তিন পদ করে নিয়ে চারজন দেবতা আর বাইরের দিকে প্রথম লাইনের ও দ্বিতীয় লাইনের ঘর ধরে দুটি করে পদ নেবেন কুড়িজন দেবতা। তিন পদ করে নেবেন চারজন দেবতা। এইভাবে মোট ৪৫ জন দেবতাকে স্থাপন করা হয় একাশিপদে।

চতুঃষষ্টিপদের ক্ষেত্রে দেবতা স্থাপনের কিছুটা বৈষম্য থাকবে;কারণ দেবতা ৪৫ জনই থাকবে কিন্তু মণ্ডলে ঘর থাকবে চৌষট্টিটি। এখানে মণ্ডল রচনার বিষয়ে গ্রহণীয় মৎস্যপুরাণের নির্দেশ—

চতুঃষষ্টিপদোবাস্তু প্রাসাদে ব্রহ্মণাস্মৃতঃ। ব্রহ্মা চতুষ্পদস্তত্র কোণেম্বর্ধপদাস্তথা।। বহিঃকোণেষু বাস্তৌ তু সার্ধশ্চোভয় সংস্থিতাঃ। বিংশতিৰ্দ্বিপদাশ্চৈব চতুঃষষ্টিপদেস্মৃতাঃ।।

(অর্থাৎ চতুষষ্টিপদের বাহিরের দিকের কোণগুলিতে অর্ধপদে অর্ধপদে এক একজন করে আটজন দেবতাকে স্থাপন করা হবে। মাঝখানে ব্রহ্মার থাকবে চারপদ। কুড়িটি দ্বিপদে কুড়িজন এবং বাকি ষোলটি একপদে ষোলজন দেবতাকে স্থাপন করা হবে।)

এপ্রসঙ্গে উল্লেখ্য বাস্তুযাগতত্ত্বে মৎস্যপুরাণের নাম উল্লেখ করা হলেও পদবিন্যাসে ব্যতিক্রম আছে। সম্ভবত এটি সংস্করণগত ত্রুটি। বিশেষ করে একাশিপদের দেবতার নামের সঙ্গে চৌষট্টিপদের দেবতার নামের ঐক্য না থাকাটা বিশেষ আশ্চর্যজনক। কারণ কোণ আকর

গ্রন্থেই দেববাস্তুর জন্য বিশেষ কোন দেবতার নাম উল্লেখ নাই। ভট্টরঘুনন্দন তাঁর জ্যোতিষতত্ত্বে উদ্ধৃত করেছেন কৃত্যচিন্তামণিবচন— **গৃহেষু যো বিধিপ্রোক্তবিনিবেশ প্রবেশয়োঃ। স এব বিদুষা কার্যো দেবতায়নেষ্বপি।'** ইহাই স্বাভাবিক যে, বস্তুপশমনের ক্রিয়া একই রকম হবে। দেববাস্তুতে প্রথমেই শিখীর পরিবর্তে ঈশ ব্যবহার করা হয় তাও ঠিক সঙ্গত নয়। কারণ বাস্তু দেবতাদের নামের পর্যায়ে মৎস্যপুরাণে আছে শিখিনাদি এবং অগ্নিপুরাণে আছে ঈশাদি। অগ্নিপুরাণে যেহেতু বাস্তুর ক্ষেত্রে প্রাসাদ কথাটি উল্লেখ করে চৌষট্টিপদের কথা উল্লেখ করেছেন; সেকারণেই সম্ভবতঃ চৌষট্টিপদে 'ঈশ' নামটির প্রবর্তন হয়েছে। কিন্তু বৈদিক গ্রন্থের পর্যায়ভুক্ত আশ্বলায়ন গৃহ্য পরিশেষ্টে 'শিখিনাদি' নামেরই উল্লেখ আছে। সুতরাং কেবল মণ্ডলের বৈচিত্র্য ছাড়া নামের বৈচিত্র্য ঘটান উচিত নয়। তাতে বাস্তুশাস্ত্রোক্ত বিধি লঙ্ঘন করা হয়।

দ্বিতীয় অলোচ্য, বহির্মণ্ডলস্থ চরক্যাদির স্থাপনেও বাস্তুযাগতত্ত্বে বিভ্রান্তি সৃষ্টি করা হয়েছে। দেববাস্তুতে চরক্যাদি আটজনের নাম উল্লেখ করে একাশীতিপদ বাস্তুতে কেবল ঈশানাদি চারকোণে চারজনের নাম উল্লেখ করা হয়েছে। কিন্তু **আশ্বলায়ন গৃহ্যপরিশিষ্টে** বাস্তুপূজনবিধিতে উল্লেখ আছে - **'অথ বহির্মণ্ডলাদৈশান্যাদি চতুর্দিক্ষুচরকীং পুতনাং পাপরাক্ষসীমথ প্রাগাদি স্কন্দমর্যমনং জৃম্ভকং পিলিপিঞ্জঞ্চ পূজয়িত্বৌদন পায়সাজ্যদধিমধুশাকসূপসমন্বিত নানা ভক্ষ্যাণি সমর্প্য প্রণম্য.......।**

রঘুনন্দন গৃহারম্ভে বাস্তুমণ্ডলস্থ দেবতাদের পূজায় দীপিকার বচন উদ্ধৃত করেছেন— **'চরকীচ বিদারীচ পুতনা পাপরাক্ষসী। স্কন্দার্যমা জম্ভকাশ্চ পিলিপিঞ্জাস্তথাষ্টমঃ।।** তিনি আরও উদ্ধৃত করেছেন মহাকপিল পঞ্চরাত্রের বচন— **ব্রহ্মাদ্যদিতিপর্যন্তাঃ পঞ্চাশৎত্রয়সংযুতাঃ। সর্বেষাং কিল বাস্তুনাং নায়কাপরিকীর্তিতাঃ। অসম্পূজ্য হি তান্ সর্বান্ প্রাসাদাদীহ কারয়েৎ। অনিষ্পত্তির্বিনাশঃ স্যাদুভয়োর্ধর্মধর্মিণঃ।।** সুতরাং চরক্যাদি আটজনকে ধরা না হলে ৫৩ জন বাস্তু নায়ক হয় না। একথাও স্মরণীয় যে, এখানে বলা হয়েছে —'শিখিনাদি পিলিপিঞ্জান্ত ৫৩ জন সকল বাস্তুরই নায়ক। সুতরাং আগে ঈশানাদি কোণক্রমে চারজন ও পরে পূর্বাদি দিকক্রমে চারজন— মোট আটজনেরই সকল প্রকার বাস্তুযাগেই পূজা হবে।

পূজা ও হোম সম্পর্কে মৎস্যপুরাণ ও বাস্তুযাগতত্ত্বের ক্রমে দেখা যায় একাশীপদ বা চৌষট্টিপদ বাস্তুমণ্ডল স্বর্ণশলাকা দ্বারা অংকন করে পঞ্চগুঁড়ি দিয়ে মণ্ডলটি বিধি অনুসারে পূর্ণ করে চারকোণে চারটি ঘট এবং যাগবেদির ঈশানে শান্তিকুম্ভ বা অভিষেক ঘট বসান হবে। এই চারটি ঘটে পূজার বিষয়ে প্রায় সকলেই নিরুত্তর। কিন্তু দীপিকার একটি বচনদ্বারা এই সমস্যার সমাধান হয়। দীপিকার বচন—

গণেশং গন্ধপুষ্পাদ্যৈর্লোকপালনথ গ্রহান্। পূজয়েৎ ক্ষেত্রপালাংশ্চ ক্রূরভূতাংশ্চ বাহ্যতঃ।। ব্রহ্মাণং বাস্তুপুরুষং তদ্গেহস্থাশ্চ দেবতাঃ।।

অর্থাৎ মণ্ডলের বহিঃস্থিত প্রথম ঘটে (ঈশানকোণস্থ) গণেশ, দ্বিতীয় ঘটে (অগ্নিকোণে) ইন্দ্রাদি লোকপাল, তৃতীয় ঘটে (নৈঋতে) সূর্যাদি নবগ্রহ , এবং চতুর্থ ঘটে (বায়ুকোণে) ক্ষেত্রপাল ও ক্রূরভূতগণের পূজা করে ব্রহ্মা, বাস্তুপুরুষ, মণ্ডলস্থ দেবতা প্রভৃতির পূজা হবে।

* অষ্টমুষ্টির্ভবেৎ কুঞ্চিঃ কুঞ্চয়োঽষ্টৌ তু পুষ্কলম্। পুষ্কলানি চ চত্বারি পূর্ণপাত্রং বিধীয়তে।।

ওঁ তারপর (সর্বসাধারণ কৃত্য) পূর্ণপাত্রানুকল্পভোজ্য উৎসর্গ

তারপর পূর্ণপাত্রানুকল্প ভোজ্য (২৫৬ মুঠি চাল)

উৎসর্গ বং এতস্মৈ পূর্ণপাত্রানুকল্প ভোজ্যায় নমঃ ইত্যাদিক্রমে অর্চনা করে – **বিষ্ণুরোম্ তৎসদ্যেত্যাদি..... অস্মিন্ বাস্তুযাগ কর্মণি কৃতৈতদ্ব্রহ্মকর্ম প্রতিষ্ঠার্থং পূর্ণপাত্রানুকল্প ভোজ্যমর্চিতং শ্রীবিষ্ণুদৈবতং .... গোত্রায় .... নাম্নে ব্রাহ্মণায় ব্রহ্মণে অহং সম্প্রদদে** (পরার্থে – দদানি)। তারপর **'ওঁ ব্রহ্মন্ ক্ষমস্ব** মন্ত্রে ব্রহ্মাকে বিসর্জন দিয়ে (কুশময় ব্রহ্মা হলে গ্রন্থিমোচন করে) **গৃহীত** ভস্ম দিয়ে তিলক করতে হয়। প্রথমে অগ্নি, নারায়ণ, পূজিত দেবতাদের উদ্দেশ্যে ঘটে ও ব্রাহ্মণকে দিয়ে তারপর যজমানকে দিতে হয়। তিলকদানের বিধি – **কশ্যপস্য ত্র্যায়ুষং** (ললাটে), **জমদগ্নে-স্ত্র্যায়ুষং** (কণ্ঠে), **যদ্দেবানাং ত্র্যায়ুষং** (দক্ষিণ বাহুমূলে), **তত্তে অস্তু ত্র্যায়ুষং** (হৃদয়ে)। তিলক দিয়ে **ওঁ অগ্নে ত্বংসমুদ্রংগচ্ছ** বলে অগ্নিকে বিসর্জ্জন করে আচারবশতঃ **ওঁ পৃথ্বি ত্বং শীতলা ভব** বলে ভূমিতে দধি দেওয়া হবে।

পায়স বলি – এরপর শিখিনাদি ৫৩ জন মন্ডলস্থ দেবতাকে ৫৩টি পাত্রে **পায়স বলি** দেওয়া হবে। **এষ পায়স বলি ওঁ শিখিনে নমঃ (দেববাস্তু স্থলে — ওঁ ঈশায় নমঃ। এষ পায়স বলি পর্জন্যায় নমঃ)** ইত্যাদি রূপে (৬০-৬২ পৃষ্ঠায়) লিখিত দেবতাদের নামের (ক্রম অনুসারে) **পায়স বলি** দেওয়া হবে।

এরপর যজমান স্ত্রীপুত্র পরিবারের সঙ্গে অগ্নির উত্তর দিকে পূর্বমুখে বসে **তিলকধারণ করে** কৃতাঞ্জলি হ'য়ে বলবেন – **কৃতেঽস্মিন্ বাস্তুযাগ কর্মণি স্বস্তি ভবন্তো ব্রুবন্তু** ৩ বার। প্রতিবচন -- ওঁ স্বস্তি – ৩ বার।

অনেকে পূর্ণাহুতির পর ব্রহ্মবিসর্জনকে ভুল করে অগ্নিবিসর্জন মনে করে ভস্মগ্রহণ করেন; কিন্তু এটি যথার্থক্রম নয়। ক্রমটি হলে পূর্ণাহুতির পর পূর্ণপাত্র উৎসর্গ, ব্রহ্মাবিসর্জন, ভস্মগ্রহণ, অগ্নিবিসর্জন, তিলকগ্রহণ, দক্ষিণা বিসর্জন শান্তি ও অচ্ছিদ্রাবধারণ।

ছন্দোগ পরিশিষ্ট বচন— ঐশান্যামাহরেদ্ভস্ম স্রুবেণাথ স্রুচাপি বা। বন্দনাং কারয়েত্তেন শিরঃ কণ্ঠাংসকেষু চ। কশ্যপস্যেতি মন্ত্রেণ যথানুক্রমযোগতঃ। দক্ষিণা চ প্রদাতব্যা দেবাদীনাং বিসর্জনম্। ততঃ শান্তিং প্রকুর্বীত অবধারণ বাচনম্।

ভস্মগ্রহণের গুরুত্ব সম্পর্কে ভবদেব কৌমুদীর বচন — যজ্ঞং কৃত্বা তু যো ভস্মং ন গৃহ্নাতি বিমূঢ়ধীঃ। অজ্ঞানাতথবা মোহাৎ তস্য তন্নিস্ফলং ভবেৎ।।

কৃতেঽস্মিন্ বাস্তুযাগ কর্মণি (ঋদ্ধিং ভবন্তো ব্রুবন্তু) ৩ বার। প্রতিবচন — **ওঁ ঋধ্যতাম্** — ৩ বার। তারপর ব্রাহ্মণ **কয়ানশ্চিত্র** ইত্যাদি **বৈদিক শান্তি মন্ত্রে** যজমানকে অভিষিক্ত করবেন। যজমান পুনরায় পূর্বের ন্যায় **স্বস্তি ও ঋদ্ধি বাচন** করাবেন।

খাতপূজা

তারপর **ওঁ উত্তিষ্ঠ ব্রহ্মণস্পতে দেবয়ন্তস্তেমহে। উপপ্রায়ন্ত মরুতঃ সুদানব ইন্দ্র প্রাশুর্ভবা স চা।।** মন্ত্রটি বলতে বলতে শঙ্খাদি বাদ্য সহ ব্রহ্ম ঘটটি তুলে নিয়ে জলধারা দিয়ে বাস্তুর অগ্নিকোণে পূর্বনির্মিত গোময় লিপ্ত খাতের নিকট গিয়ে যজমান পূর্বমুখে বসে **ব্রহ্মাঘট, ইষ্টক, বর্ধনী** প্রভৃতি নিজের পাশে রেখে আচমন ও আসন শুদ্ধি করে **এতে গন্ধ পুষ্পে গণেশাদি পঞ্চদেবতাভ্যো নমঃ মন্ত্রে** খাতের জলে **গণেশাদি পঞ্চদেবতার** পূজা করে **'ওঁ ব্রহ্মাণমমরশ্রেষ্ঠং নানালঙ্কারভূষিতম্। অক্ষকমন্ডলুধরং কীর্তিদং সৃষ্টিকারকং। পদ্মযোনিং সুরশ্রেষ্ঠং ব্রহ্মাণঞ্চ ভজাম্যহম্।।** মন্ত্রে ব্রহ্মার ধ্যান করে **'ওঁ ব্রহ্মণে নমঃ'** মন্ত্রে পঞ্চোপচারে (খাতে) ব্রহ্মার পূজা করে **'ওঁ বাস্তোষ্পতয়ে নমঃ'** মন্ত্রে বাস্তোষ্পতির পঞ্চোপচারে পূজা করে কোশায় অর্ঘ্য সাজিয়ে অর্চনা করে দুহাতে কোশাটি নিয়ে নিম্নোক্ত মন্ত্রটি পাঠ করে অর্ঘ্যটি খাতে দিতে হবে। মন্ত্র — **ওঁ বাস্তোষ্পতে ত্বমুত্তিষ্ঠ সংসারস্থিতিকারক। গৃহাণার্ঘ্যং ময়া দত্তং সর্বহিতার্থায় নমঃ।।**

তারপর হাঁটু গেড়ে বসে ব্রহ্মা ঘটটি তুলে নিয়ে বরুণদেবকে চিন্তা করে — **ওঁ আয়াহি ভগবন্, দেব তোয়মুর্তে জলেশ্বর। গৃহণার্ঘ্যং ময়া দত্তং পরিতোষায়তে নমঃ।। ওঁ বরুণায় নমঃ** মন্ত্রটি বলে ঘটটি বাদে সমস্ত খাদে দেওয়া হবে। ঐ সময় '**ওঁ** মন্ত্রটি উচ্চারণ করতে করতে বর্ধনীর জলটিও ঢেলে একটি সাদা ফুল নিক্ষেপ করা হবে। তারপর পূর্বপূজিত ইটটি নিয়ে ওঁ **ইষ্টকে ত্বং প্রযচ্ছেষ্টং প্রতিষ্ঠাং কারয়াম্যহম্। পুত্রদারধনায়ুষ্য-ধর্মবৃদ্ধিকরী ভব।। দেশস্বামি পুরস্বামি গৃহস্বামি পরিগ্রহে। মনুষ্য ধনহস্ত্যশ্বপশুবৃদ্ধিকরী ভব।।** মন্ত্রটি বলে *খাতের দক্ষিণ দিকে পূর্ব পশ্চিম করে রেখে কৃতাঞ্জলি*

হয়ে বলবেন -- ওঁ স্থিরো ভব বীড়্ঙ্গ আশুর্ভব বাজ্যর্বন্। পৃথুর্ভব সুষদ স্ত্বমগ্নে পুরীষবাহনঃ।। তারপর সেই খাতে পঞ্চরত্ন, দধি, দুগ্ধ, শালিধান, যবাদি বীজ, স্বর্ণ ও রৌপ্য খণ্ড দিয়ে নিজে কমপক্ষে তিন মুষ্ঠি মাটি দেবে তারপর নিজের পুত্রাদি পরিজনদের নিয়ে খাতটি পূরণ করান হবে। তারপর পতাকার দণ্ডটিকে **'ওঁ স্তম্ভায় নমঃ'** মন্ত্রে পঞ্চোপচারে পূজা করে স্তম্ভটি ধরে বলবেন --' **ওঁ যথাচলো গিরির্মেরুর্হিমবাংশ্চ যথাচলঃ। তথা ত্বমচলো ভূত্বা তিষ্ঠ চাত্র শুভালয়ে।।**

ঈশানাভিমুখে কৃতাঞ্জলি হয়ে—'ওঁ প্রজাপতিপতের্গেহঃ পুষ্পমালাদিভূষিতঃ। অস্মাকং শুভবাসায় সর্বথাসুখদা ভব।।

তারপর আবার বেদিতে ফিরে এসে দক্ষিণাদান--

ব্রহ্মা হোতাদির দক্ষিণান্ত **বিষ্ণুরোম্.................কৃতৈতৎ বাস্তুযাগ কর্মণি ব্রহ্মকর্মণঃ সাঙ্গতার্থং দক্ষিণামিদং কাঞ্চন মূল্যম্ অর্চিতং শ্রীবিষ্ণুদৈবতং অমুক গোত্রায় .... দেবশর্মণে তুভ্যমহং সম্প্রদদে** এইক্রমে **'হোতৃকর্মণঃ', আচার্যকর্মণঃ, সদস্য কর্মণঃ** বলে বলে ব্রাহ্মণদের দক্ষিণান্ত করে **মূলদক্ষিণা--বিষ্ণুরোম্ তৎসদদ্য................এতৎ বাস্তোঃ সর্বদোষোপশমন কামনয়া কৃতৈতদ্ বাস্তুযাগ কর্মণঃ সাঙ্গতার্থং দক্ষিণামিদং কাঞ্চনমূল্যম্ অর্চিতং শ্রীবিষ্ণুদৈবতম্ বাস্তুদেবতাভ্যঃ অহং সম্প্রদদে।।**

অতঃপর

গৃহপ্রবেশ দক্ষিণা **বিষ্ণুরোম্....................জ্ঞাতাজ্ঞাত কায়মনোবাক্কৃত-সকলপাপক্ষয় সহিত নির্বিঘ্নপূর্বকস্ত্রীপুত্র-পৌত্রাদ্যখিল পরিজন ধনবাহনৈশ্বর্য পরিপূর্ণ চিরকাল বাসস্থিতিকামনয়া কৃতৈতৎ নববাসগৃহপ্রবেশকর্মণঃ সাঙ্গতার্থং দক্ষিণামিদং কাঞ্চনমূল্যমর্চিতং শ্রীবিষ্ণুদৈবতং যথাসম্ভব গোত্র নাম্নে অহং সম্প্রদদে।**
ঐদিন পঞ্চাঙ্গ স্বস্ত্যয়ন হ'লে এই সময়ই স্বস্ত্যয়নের ব্রাহ্মণ দক্ষিণা ও মূলদক্ষিণা উৎসর্গ করা হবে।

 কৃতাঞ্জলি হয়ে পাঠ— ওঁ বাস্তুদেবগণাঃ সর্বে পূজামাদায় যাজ্ঞিকাৎ। ইষ্টকাম প্রসিদ্ধ্যর্থং পুনরাগমনায় চ।।

৯ ওঁ পুজিতোঽসি ময়া বাস্তো হেমাদ্যৈরর্চনৈঃ শুভৈঃ। প্রসীদ যাহি বিশ্বেশ দেহিমে গৃহজং সুখম্।। ওঁ গচ্ছধ্বমমরাঃ সর্বে গৃহীত্বার্চাং স্বমালয়ম্। সন্তুষ্টা বরমস্মাকং দত্ত্বেদানীং সুপূজিতাঃ।। ওঁ ক্ষমধ্বম্। বলে দেবতাদের বিসর্জন করে শান্তি কলসটি নিয়ে ওঁ সুরাস্ত্বামভিষিঞ্চন্তু ইত্যাদি পৌরাণিক মন্ত্রে ও ওঁ কয়ানশ্চিত্র ইত্যাদি বৈদিক মন্ত্রে যজমানের মাথায় পুনর্বার শান্তিবারি দিবেন -- এরপর অচ্ছিদ্রাবধারণ ও বৈগুণ্যসমাধানের শেষে সর্বৌষধি জলে নিম্নোক্ত মন্ত্রে যজমানকে অভিষিক্ত করা হবে।

অভিষেক মন্ত্র

(১) ওঁ আপো হি ষ্ঠা ময়ো ভুব স্তান ঊর্জেদধাতন। মহেরণায় চক্ষসে।।

(২) ওঁ যো বঃ শিবতমো রস স্তস্য ভাজয়তেহ নঃ। ঊশতীরিব মাতরঃ।।

(৩) ওঁ তস্মাঅরং গমাম বো যস্য ক্ষয়ায় জিন্বথ। আপো জনয়থা চ নঃ।।

(৪) ওঁ বরুণস্যোত্তম্ভণমসি বরুণস্য স্কম্ভসর্জনীস্থঃ। বরুণস্য ঋতসদন্যসি বরুণস্য ঋতসদন মসি বরুণস্য ঋতসদনমাসীদ।।

(৫) ওঁ পুনন্তু মা দেবজনাঃ পুনন্তু মনসা ধিয়ঃ। পুনন্তু বিশ্বভূতানি জাতবেদঃ পুনীহিমাম্।।

(৬) ওঁ পয়ঃ পৃথিব্যা পয় ওষধিষু পয়ো দিব্যন্তরিক্ষে পয়োধাঃ। পয়স্বতী প্রদিশ সন্তু মহ্যম্।।

(৭) ওঁ দেবস্য ত্বা সবিতুঃ প্রসবেঽশ্বিনোর্বাহুভ্যাং পুষ্ণো হস্তাভ্যাং সরস্বত্যৈ বাচো যন্তু। যন্ত্রিয়ে দধামি বৃহস্পতেষ্টা সাম্রাজ্যে নাভিষিঞ্চামি।।

অতঃপর ব্রাহ্মণ যজমানের মাথায় হাত দিয়ে আশীর্বাণী পাঠ করবেন --

ওঁ ধান্যং ধনং পশু বহুপুত্রলাভং শতসংবৎসরং দীর্ঘমায়ুঃ। *পুনস্ত্বাদিত্যা রুদ্রা বসবঃ সমিন্ধতাং পুনর্ব্রাহ্মণো*

বসুতীর্থযজ্ঞৈঃ।। ঘৃতেন তত্ত্বং বর্ধয়স্ব সত্যাঃ সন্তু যজমানস্য কামাঃ। মন্ত্রার্থাঃ সফলাঃ সন্তু পূর্ণাঃ সন্তু মনোরথাঃ।
শত্রূণাং বুদ্ধিনাশায় মিত্রানামুদয়ায় চ।।
ওঁ আয়ুষ্কামো যশস্কামঃ পুত্রপৌত্র স্তথৈব চ। আরোগ্যং ধনকামশ্চ সর্বেকামা ভবন্তু তে।।
বিঘ্ন বিনাশমায়ান্তু নাশমায়ান্তু শত্রবঃ। প্রযত্নাঃ সফলাঃ সন্তু পূর্ণাঃ সন্তু মনোরথাঃ।।

সবান্ধব বেদী ৩বার প্রদক্ষিণ করবে। মন্ত্র—

ওঁ যানি কানি চ পাপানি জন্মান্তর কৃতানি চ।
তানি তানি বিনশ্যন্তি প্রদক্ষিণ পদে পদে।।

প্রদক্ষিণের পর সাষ্টাঙ্গ প্রণাম।

বাস্তুযাগঃ সমাপ্তঃ

(বাস্তুযাগের বিধি ও প্রশংসা — এতদ্বাস্তুপশমনঃ কৃত্বা কর্ম সমারভেৎ। প্রাসাদে-ভবনোদ্যান প্রারম্ভে বিনিবর্তনে। পুরবেশ্ম প্রবেশেষু সর্বদোষাপনুত্তয়ে।। রক্ষোঘ্নপবমানেন সূক্তেন ভবনাদিকম্। নৃত্যমঙ্গল বাদ্যেন কুর্যাদ্ব্রাহ্মণ বাচনম্।। অনেন বিধিনা যস্তু প্রতিসংবৎসরং বুধঃ। গৃহে বাতায়নে কুর্যান্ন স দুঃখমবাপ্নুয়াৎ। ন চ ব্যাধিভয়ং তস্য ন চ বন্ধুধনক্ষয়ঃ। জীবেৎবর্ষশতং স্বর্গে কল্পমেকঞ্চ তিষ্ঠতি।। মাৎস্যে ২৬৮।৩২-৩৬।।

অর্থ – এই প্রকার বাস্তুপশমন কর্ম সমাধা করে প্রাসাদ, ভবন ও উদ্যানের প্রারম্ভে, বিনিবর্তনে এবং পুরপ্রবেশ ও গৃহপ্রবেশ করতে হ'লে, সকল দোষ বিনাশের জন্য রক্ষোঘ্ন ও পবমান সূক্তপাঠ পূর্বক নৃত্য ও মঙ্গলবাদ্য পুরঃসর ব্রাহ্মণ স্বস্তি বাচন করবে। যে বিদ্বান ব্যক্তি প্রতিবৎসর গৃহে বা আয়তনে উক্ত রূপ কর্ম করেন, তিনি কোন প্রকার দুঃখ পান না; তাঁর ব্যাধি ভয়, বন্ধুনাশ বা ধনক্ষয় হয় না। অধিকন্তু তিনি শতবর্ষকাল জীবিত থেকে এক কল্পকাল স্বর্গে বাস করেন।) (বাস্তুযাগ গৃহারম্ভের সময় বা গৃহপ্রবেশের সময় করা উচিত)।

ইতি বাস্তুযাগ ।।

বাস্তুপূজা

বিধি— পূর্বে মানুষ সব সময় বাস্তুযাগ করতে না পারলেও বৎসরে একবার করে বাস্তুপূজা করতেন। বেশির ভাগ উত্তরায়ণ সংক্রান্তিতেই এই পূজাটি অনুষ্ঠিত হতো। কেউ কেউ আবার শুদ্ধকালে কোন পুণ্যদিনে এই অনুষ্ঠানটি করতেন। বর্তমান এই অনুষ্ঠানটি লুপ্তপ্রায় হলেও গৃহস্থদের করা উচিত বলেই এর প্রয়োগ বিধিটি পুরাতন পুঁথি থেকে উদ্ধার করে প্রকাশ করা হচ্ছে।

আয়োজন ঃ এই অনুষ্ঠানে আয়োজনের বিশেষ বাহুল্য নাই। বাস্তুমধ্যে কোন একটি স্থানকে পরিষ্কার করে গোময় দিয়ে লেপন করে আলপনা দিয়ে সাজান হবে। সেখানে ১টি ঘট বসিয়ে তাতেই গণেশাদি পঞ্চদেবতা, আদিত্যাদি নবগ্রহ দশদিক পাল ও বিষ্ণুর যথাশক্তি উপচারে পূজা করে **শঙ্খপাল, বঙ্ক পাল, ক্ষেত্রপাল, নাগপাল ও বাস্তুপালের** বিশেষ পূজা করা হবে।

প্রয়োগ ঃ

গৃহকর্তা বা ব্রাহ্মণ নিত্যক্রিয়া সমাপন করে শুদ্ধাসনে বসে **আচমন, বিষ্ণুস্মরণ, গন্ধাদিনারায়ণাদির অর্চনা করে সূর্যার্ঘদানান্তে** স্বস্তিবাচন-সঙ্কল্প করবেন।

স্বস্তিবাচন কর্তব্যেঽস্মিন্ শঙ্খপাল-বঙ্কপাল-ক্ষেত্রপাল-নাগপাল-বাস্তুপাল পূজারূপ বাস্তুপূজণ কর্মণি ওঁ পুণ্যাহং ভবন্তো ব্রুবন্তু — ইত্যাদি ক্রমে স্বস্তিবাচন করে স্বশাখোক্ত স্বস্তিসূক্ত ও সাক্ষ্যমন্ত্র পাঠ করবেন (১১ পৃ.)।

সঙ্কল্প বিষ্ণুরোঁ তৎসদদ্য .... মাসি (মুখ্যচান্দ্রমাস) শুক্লেপক্ষে ....তিথৌ .... সংক্রান্ত্যাম্ .... গোত্র .... দেবশর্মা (পরার্থে হলে এরপর .... গোত্রস্য .... দেবশর্মণঃ/দাসস্য) বাস্তুদেবতানাং কৃপয়া সর্বাপচ্ছান্তি পূর্বক বিপুলধনধান্যরাজসম্মান-গার্হস্থ্য সুখ-সমৃদ্ধি বিবর্ধন-আধিভৌতিক সর্বোপদ্রবোপশমন-সর্বাশুভনাশ কামঃ গণপত্যাদি নানা দেবতা পূজাপূর্বক শঙ্খপাল-বঙ্কপাল-ক্ষেত্রপাল— নাগপাল-বাস্তুপালানাং পূজারূপ বাস্তুপূজন মহং করিষ্যে (পরার্থে - করিষ্যামি।)

সঙ্কল্পান্তে স্বশাখোক্ত সঙ্কল্পসূক্ত (১২-১৩ পৃ.) পাঠ করবেন।

তারপর যথাক্রমে পঞ্চগব্য শোধনাদি পঞ্চদেবতার পূজা পর্যন্ত (৩৫ পয়. - ৪৭ পৃ. পর্যন্ত) কাজগুলি করে প্রথমেই যথাশক্তি উপচারে **বিষ্ণু ও লক্ষ্মীর** পূজা করবেন। তারপর

শঙ্খপালের পূজা

ধ্যান— ওঁ শঙ্খপালং মহাদেবং দ্বিভুজং ব্যাঘ্রবাহনম্। শূলহস্তং পিঙ্গলাক্ষং পরমং পুরুষং ভজে।।

ধ্যানের পর মানসপূজা, পুনরায় ধ্যান ও আবাহন করে 'এতৎপাদ্যং ও শঙ্খপালায় নমঃ' ইত্যাদিক্রমে পূজা হবে। তারপর

বঙ্ক পালের পূজা

ধ্যান— ওঁ বঙ্ক পালং মহাভাগং ভীষণাক্ষং মহাভুজম্। লোকবিঘ্নহরং দেবং তং বন্দে বঙ্ক পালকম্।।

ধ্যানের পর মানস পূজা, পুনরায় ধ্যান ও আবাহনান্তে **'এতৎপাদ্যং ওঁ বঙ্ক পালায় নমঃ'** ইত্যাদিক্রমে পূজা। এরপর

ক্ষেত্রপালের পূজা

ধ্যান— ওঁ মূর্দ্ধ্নি পিঙ্গলকেশং উর্ধ্বত্রিলোচনং সম্পাদ্য জটা কলাপম্। দিগ্বাসসং ভুজঙ্গভূষণদংষ্ট্রকং ক্ষেত্রেশংশম্ভু তনয়ং ভজে।।

ধ্যানের পর মানসপূজা পুনরায় ধ্যান ও আবাহনান্তে **'এতৎপাদ্যং ওঁ ক্ষেত্রপালায় নমঃ'** ইত্যাদিক্রমে পূজা। তারপর

নাগপালের পূজা

ধ্যান — ওঁ নাগপালং নাগরাজং বিষবীর্যমদান্বিতম্। বিষোপদ্রব নাশায় নাগপালং সদা ভজে।।

ধ্যানের পর মানসপূজা পুনরায় ধ্যান ও আবাহনান্তে এতৎ পাদ্যং ওঁ নাগপালায় নমঃ ইত্যাদিক্রমে পূজা। তারপর বাস্তুপালের ষোড়শোপচারে পূজা হবে।

বাস্তুপালের পূজা

ধ্যান— ওঁ শশধর সমবর্ণং রত্নহারোজ্জলাঙ্গংকনকমুকুটচূড়ং সর্পযজ্ঞোপবীতম্।
অভয়বরদহস্তং সর্বলোকৈকনাথংতমিহ ভুবনরূপং বাস্তুরাজং ভজামি।।

ধ্যানের পর মানসপূজা, পুনরায় ধ্যান করে আবাহন করবেন। যথা—

ওঁ ভূর্ভুবঃস্বঃ বাস্তুরাজ ইহাগচ্ছ ইত্যাদিক্রমে আবহনীমুদ্রা দেখিয়ে আবাহন করে কৃতাঞ্জলি হয়ে বলবেন—

ওঁ দেবেশ ভক্তিসুলভ পরিবার সমন্বিত। যাবত্ত্বাং পূজয়িষ্যামি তাবত্ত্বং সুস্থিরো ভব।।

তারপর ইদং রজতাসনম্ ওঁ বাস্তুরাজায় নমঃ ইত্যাদিক্রমে পূজা করে

প্রণাম— ওঁ বাস্তুরাজ নমস্তুভ্যং পরমস্থান দায়ক। সর্বভূতজিতত্বঞ্চ বাস্তুরাজ নমোঽস্তুতে।।

প্রণামান্তে 'ও বাস্তুরাজস্যাবরণ দেবতাভ্যো নমঃ' মন্ত্রে আবরণ দেবতায় পূজা করে 'এতেগন্ধপুষ্পে ওঁ গ্রামদেবতায়ৈ নমঃ' মন্ত্রে পূজা করে প্রণাম। যথা—

ওঁ গ্রামদেবং গ্রামপালং গ্রামোপদ্রব নাশকম্। গ্রামরক্ষা করং দেবং গ্রামদেবং নমাম্যহম্।।

এরপর প্রত্যেককে পায়স (ঘরে রান্না) বলি দিয়ে কৃতাঞ্জলি হয়ে পাঠ—

'এহ্যেহি ভগবন্ বাস্তো এষ যজ্ঞঃ প্রবর্ততে। ইমং ভোগ বলিং গৃহ্ন তিষ্ঠ দেব নমোঽস্তুতে।।

শেষে বাস্তুরাজের স্তুতি পাঠ করবেন।—

ওঁ ক্ষেত্রে অখণ্ডিতে ধান্যে পূর্বযাত্রা পুরা তব। রাজ্যবৃদ্ধির্যশোবৃদ্ধিঃ প্রবৃদ্ধিঃ পুত্রদারয়োঃ।।
রাজসম্মানবৃদ্ধিশ্চ গবাংবৃদ্ধিস্তথৈব চ। মন্ত্রসাধনবৃদ্ধিশ্চ ধনবৃদ্ধি রহর্নিশম্।
অস্মাকং সততং যাবৎ পূর্ণমস্তু ন বৎসরম্।।

তারপর শান্তিবারি গ্রহণান্তে পিত্রাদি ত্রিপুরুষের তর্পণ করবেন। সধবা স্ত্রী হলে একটি ভাল বস্ত্র নিজ স্বামীকে দেবেন এসময় ১টি ডালাও স্বামীর হাতে দেবেন। তারপর ব্রাহ্মণকে একটি ডালা দিয়ে দক্ষিণা ও অচ্ছিদ্রাবধারণ করতে হবে।

প্রাসাদ (দেবমন্দির, মঠাদি) প্রতিষ্ঠা

বিধি –

মঠ বা মন্দির প্রতিষ্ঠার ফল – যম বলেছেন -- **কৃত্বা দেবালয়ং সর্বং প্রতিষ্ঠাপ্য চ দেবতাং। বিধায় বিধিবচ্চিত্রং তল্লোকং বিন্দতে ধ্রুবম্।।** বিষ্ণুবচন হলো -- **যস্য দেবায়তনং করোতি স তল্লোকমাপ্নোতি।** অগ্নিপুরাণে বলা হয়েছে, যদি কোন মানুষ মনে মনেও দেবমন্দির করার কথা চিন্তা করে, তাহলেও তার কায়জ পাপগুলি নষ্ট হয়ে যায়;—'**দেবাগারং করোমীতি মনসা যস্তু চিন্তয়েৎ। তস্য কায়গতং পাপং তদহ্না হি প্রণশ্যতি।।** অগ্নি ৪১।৩৩। দেবতার মন্দির করার জন্য ভূমি দান করলেও অভীষ্ট দেবতার কৃপালাভ করা যায়। চিত্রগুপ্ত বচন, -- **দত্ত্বা চ দেববেশ্মার্থং তস্য দেবস্য সোহশ্নুতে।।** ফলগুলি উল্লেখ করার বিশেষ কারণ হ'লো, এরদ্বারা সংকল্প বাক্যে কামনা নির্ণয় করা যায়।

মন্দির প্রতিষ্ঠার কাল – কাল সম্পর্কে জ্যোতিষতত্ত্ব অনুসারে নির্ণীত পঞ্জিকায় উল্লিখিত দিনগুলিই স্বীকার্য। তথাপি সময় বিশেষে যখন পঞ্জিকায় নির্ধারিত দিন ছাড়াও দিন নির্ধারণ করতে হয় তখন যে মাস, তিথি, বার নক্ষত্রগুলি অবশ্য বিচার্য সেগুলি সম্পর্কে আলোচনা থাকছে। প্রথমেই উল্লেখ্য যে উত্তরায়ণে এই প্রতিষ্ঠাকর্ম কর্তব্য। ব্যবহার সমুচ্চয়ে বলা হয়েছে --

চৈত্রে বা ফাল্গুনে বাপি জ্যৈষ্ঠে বা মাধবে তথা। মাঘে বা সর্বদেবানাং প্রতিষ্ঠা শুভদা ভবেৎ।।
প্রাপ্য পক্ষ শুভং শুক্লমতীতে চোত্তরায়ণে। পঞ্চমী চ দ্বিতীয়া চ তৃতীয়া সপ্তমী তথা।।
দশমী পৌর্ণমাসী চ তথা শ্রেষ্ঠা ত্রয়োদশী। তাসু প্রতিষ্ঠা বিধিবৎ কৃতা বহুফলা ভবেৎ।।

এখানে উত্তরায়ণ শব্দটির উল্লেখ থাকায় আষাঢ় মাসটিকেও এই কর্মের প্রশস্ত মাস হিসাবে ধরা হয়। **ভূজবলভীমে কৃষ্ণপক্ষে পঞ্চমী ও অষ্টমীতে** প্রতিষ্ঠার কথা বলা হ'লেও উত্তরায়ণে হতে হবে। বচনটি হলো --

প্রতিষ্ঠা সর্বদেবানাং কেশবস্য বিশেষতঃ। উত্তরায়নমাপন্নে শুক্লপক্ষে শুভ দিনে। কৃষ্ণপক্ষে চ পঞ্চম্যামষ্টম্যাঞ্চৈব শস্যতে।।

পদ্মপুরাণের বচনে আরও কয়েকটি দিন পাওয়া যায় -- যেমন **যুগাদ্যাগুলিতে, দুটি বিষুবসংক্রান্তিতে, চন্দ্র-সূর্যগ্রহণ দিনে, পর্বদিন**গুলিতে এবং **যে তিথি যে দেবতার প্রশস্তা** সেই দেবতার সেই তিথিতে প্রতিষ্ঠা করা যায়। বচন –

যুগাদাবয়নে পুণ্যে কর্তব্যা বিষুবদ্বয়ে। চন্দ্রসূর্য গ্রহেবাপি দিনে পুণ্যেষ্থ পর্বসু।।
যা তিথির্যস্য দেবস্য তস্যাং বা তস্য কীর্তিতা। গৃহ্যাগম বিশেষেণ প্রতিষ্ঠা মুক্তিদায়িনী।।

কোন দেবতার কোন তিথি প্রশস্তা —

শ্রিয়ো দেব্যা দ্বিতীয়াচ তিথীনামুত্তমা স্মৃতা। তৃতীয়া তু ভবান্যাশ্চ চতুর্থী তৎ সুতস্য চ।।
পঞ্চমী সোমরাজস্য ষষ্ঠী প্রোক্তা গুহস্য চ। সপ্তমী ভাস্করস্যোক্তা দুর্গায়াশ্চাষ্টমী তথা।।
মাতৃণাং নবমী প্রোক্তা দশমী বাসুকে স্তথা। একাদশী ঋষীণাঞ্চ দ্বাদশী চক্রপাণিনঃ।
ত্রয়োদশী ত্বনঙ্গস্য শিবস্যোক্তা চতুর্দশী। মম চৈব মুনিশ্রেষ্ঠ পৌর্ণমাসী তিথিস্মৃতা।

প্রতিষ্ঠাকর্মে প্রশস্ত বারাদি সম্পর্কে ভবিষ্যপুরাণের নির্দেশ হলো—

সোমো বৃহস্পতিশ্চৈবশুক্রশ্চৈব তথা বুধঃ। এতে সৌম্যগ্রহঃ প্রোক্তাঃ প্রতিষ্ঠা যজ্ঞ কর্মণি।।
প্রতিষ্ঠা সর্বদেবানাং কেশবস্য বিশেষতঃ। উত্তরায়ণমাপন্নে শুক্লে পক্ষে শুভে দিনে।।
পঞ্চমী চ দ্বিতীয়া চ তৃতীয়া সপ্তমী তথা। দশমী পৌর্ণমাসী চ তথা শ্রেষ্ঠা ত্রয়োদশী।।
যা তিথি যস্য দেবস্য সা তস্যৈব প্রকীর্তিতা। আসুপ্রতিষ্ঠা বিধিবৎ কৃত্বা বহুফলা ভবেৎ।।

কল্পতরুতে উক্ত দেবীপুরাণ বচন। দক্ষিণায়নে কেবল দুর্গামন্দির প্রতিষ্ঠার নির্দেশ পাওয়া যায়। দেবীপুরাণে — **'মহিষাসুরহন্ত্র্যাশ্চ প্রতিষ্ঠা দক্ষিণায়ণে'**।। বার সম্পর্কে মৎস্য পুরাণে বলা হয়েছে, — **'রবিবার ও মঙ্গলবার' ছাড়া সকল বারই প্রশস্ত। 'অদিত্যভৌমবর্জন্তু সর্বে বারাঃ শুভাবহাঃ।।** নক্ষত্র সম্পর্কে দীপিকায় উল্লেখ আছে —

আষাঢ়ে দ্বে তথা মূলমুত্তরত্রয়মেব চ। জ্যেষ্ঠাশ্রবণরোহিণ্যঃ পূর্বভাদ্রপদস্তথা।।

হস্তাশ্বিনী রেবতী চ পুষ্যা মৃগশিরাস্তথা। অনুরাধা তথাস্বাতী প্রতিষ্ঠাদিষু শস্যতে।।

অর্থাৎ প্রশস্ত নক্ষত্রগুলি হ'লো পূর্বাষাঢ়া, উত্তরাষাঢ়া, পূর্বভাদ্রপদ, উত্তরভাদ্রপদ, উত্তরফাল্গুনী, মুলা, জ্যেষ্ঠা, শ্রবণা, রোহিণী, হস্তা, অশ্বিনী, রেবতী, পুষ্যা, মৃগশিরা, অনুরাধা এবং স্বাতী।

মন্দির প্রতিষ্ঠায় করণীয় বিধি নির্ণয়ে প্রথমেই কৃত্যচিন্তামণিতে উদ্ধৃ ত যোগীশ্বর বচনটি স্মরণীয় — **গৃহেস্বে যো বিধিঃ প্রোক্তো-বিনিবেশ প্রবেশয়োঃ। স এব বিদুষা কার্যো দেবতায়তনেষ্বপি।।** অর্থাৎ পূর্বোক্ত গৃহারম্ভ গৃহপ্রবেশ বিধির নিয়ম অনুসারে দেবমন্দির প্রতিষ্ঠা স্থলেও আভ্যুদয়িক শ্রাদ্ধ ও বাস্তুযাগ করে মন্দির প্রতিষ্ঠার বিশেষ করণীয় কাজগুলি করতে হবে।

বিঃ দ্রঃ — বর্তমানে প্রায়শঃই দেখা যায় মন্দির প্রতিষ্ঠার বেদিতে ছটি ঘট স্থাপন করে ব্রতপ্রতিষ্ঠার বিধি অনুসারে পূজাদি করা হয়। কিন্তু কোন পুরাণ, তন্ত্র এমনকি প্রচলিত পদ্ধতিগুলিতেও তেমন বিধান পাওয়া যায় না। বরং শ্রদ্ধেয় রামগোপাল স্মৃতিরত্ন মহাশয় কৃত প্রতিষ্ঠাপদ্ধতিতে যে একটি ঘট স্থাপনের বিধান দেওয়া হয়েছে, সেই মতটিই গ্রহণীয়। উক্ত ঘটে গণেশাদি পঞ্চদেবতা ছাড়াও যে সমস্ত দেবতার হোমের বিধান আছে তাঁদের যথাশক্তি উপচারে পূজা করা উচিত। যথা — বিষ্ণু, অগ্নি, বায়ু, সূর্য, আদিত্যাদি নবগ্রহ এবং ইন্দ্রাদি দশ দিক পাল। এঁদের মধ্যে বিষ্ণুর ও যাঁর উদ্দেশ্যে মন্দির তাঁর যোড়শোপচারে পূজা করে অন্যান্যদের পঞ্চোপচারে পূজা করা যেতে পারে। সামর্থ্য থাকলে যোড়শোপচারে করতে পারেন।

প্রয়োগ

যজমান নিত্যক্রিয়া সমাপন করে হাত পা ধুয়ে এসে পূর্বমুখে বা উত্তরমুখে বসে আচমন; বিষ্ণুস্মরণ ও গন্ধাদির অর্চনা করে স্বস্তিবাচন করবেন।

স্বস্তিবাচন – ওঁ কর্তব্যেঽস্মিন্ অমুক দেবতায়া ইষ্টকাদিময় নব বেশ্ম(শ্রীমন্দির)প্রতিষ্ঠা কর্মণি ওঁ পুণ্যাহংভবন্তো ব্রুবন্তু ইত্যাদি ক্রমে স্বস্তিবাচন (৯ পৃষ্ঠা)। **তারপর স্ব শাখোক্ত ক্রমে 'স্বস্তি সূক্ত' ও 'সাক্ষ্য মন্ত্র'** পাঠ করবেন (১০ পৃষ্ঠা)। তারপর **সংকল্প** – দক্ষিণ জানু পেতে উত্তরমুখ হয়ে – বাঁহাতে তামার পাত্রে কুশ-তিল-তুলসী-হরীতকী সহ জল নিয়ে **বিষ্ণুরোম্ তৎসৎ (শ্রীবিষ্ণুর্নমঃ) অদ্য অমুকে মাসি (মুখ্য চান্দ্রমাস) অমুকপক্ষে অমুকতথৌ অমুকগোত্র/গোত্রা অমুক দেবশর্মা (দাসঃ দাসী) এতৎ ইষ্টকাদিময় বেশ্ম(শ্রীমন্দির)পরমাণুসমসংখ্যক বর্ষসহস্রদশগুণকালাবচ্ছিন্ন স্বর্গলোকমহীতত্ত্বকামঃ অমুক দেবতায়া এতদ্ ইষ্টকাদিময়নববেশ্ম (শ্রীমন্দির) প্রতিষ্ঠা কর্মাহং করিষ্যে।**

তারপর স্বশাখোক্ত **'সংকল্প সূক্ত'** (১০ পৃষ্ঠা) পাঠ করে – আভ্যুদয়িক শ্রাদ্ধের **(অসমর্থে আভ্যুদয়িকশ্রদ্ধানুকল্প ভোজ্যোৎসর্গের)** সংকল্প হবে। **বিষ্ণুরোমিত্যাদি (মুখ্যচান্দ্র মাস) অমুক দেবতায়া এতদ্ ইষ্টকাদিময় বেশ্ম(শ্রীমন্দির) প্রতিষ্ঠাকর্মাভ্যুদয়ার্থং সগণাধিপ গৌর্যাদি ষোড়শ মাতৃকা পূজা বসোর্ধারা সম্পাতনায়ুষ্যসূক্ত জপাভ্যুদয়িক শ্রাদ্ধান্যহং (শ্রাদ্ধানুকল্প ভোজ্যোৎসর্গকর্মার্ণ্যহং) করিষ্যে।** এরপর **সংকল্পসূক্তপাঠ** (১০ পৃ.) এ **সময় বাস্তুযাগের সংকল্পও হবে।** যথা – **বিষ্ণুরোম্ ইত্যাদি .... (মুখ্যচান্দ্র মাস) .... অমুক দেবতায়া এতদ্ ইষ্টকাদিময় নব বেশ্ম(শ্রীমন্দির)প্রতিষ্ঠাকর্মবাসরে এতদ্বাস্তুপশমন কামঃ বাস্তুযাগ কর্মাহং করিষ্যে।** (একই দিনে দেবতা প্রতিষ্ঠা হলে উক্ত সংকল্প বাক্যে **অমুকদেবতা প্রতিষ্ঠা সহিত অমুক দেবতায়া এতদ্ ইষ্টকাদিময়বেশ্ম (শ্রীমন্দির) প্রতিষ্ঠাকর্ম বাসরে** বলা হবে এবং বাস্তুযাগ ও আভ্যুদয়িক শ্রাদ্ধ একপ্রস্থই হবে।) **সংকল্পসূক্ত (১০ পৃষ্ঠা) পাঠ করে ব্রাহ্মণ বরণ।**

ব্রাহ্মণ বরণ – (মঠ প্রতিষ্ঠা ও দেব প্রতিষ্ঠায় ব্রহ্মা, হোতা, আচার্য, সদস্য বরণের প্রয়োজন নাই। এখানে হোতা ও তন্ত্রধারক বরণ করলেই হবে।)

বরণ বাক্য – **বিষ্ণুরোম্ ইত্যাদি ...... মৎসংকল্পিত অমুক দেবতাবেশ্ম প্রতিষ্ঠা কর্মণি হোত্রাচার্য কর্মকরণায়/তন্ত্রধারক কর্ম করণায় অমুকগোত্রং অমুকদেবশর্মাণং গন্ধাদিভিরভ্যর্চ্য ভবন্তমহং বৃণে।**

অতঃপর বৃতব্রাহ্মণ মন্দিরের সম্মুখে নির্মিত বেদির দক্ষিণ ভাগে হোমের স্থণ্ডিল ও মধ্যভাগে অংকিত সর্বতোভদ্রমণ্ডল বা অষ্টদল পদ্মের উপর একটি ঘট সাজিয়ে বসিয়ে ঈশান কোণে শান্তিঘট বা বরুণ ঘটের জন্য আর একটি অষ্টদল পদ্ম এঁকে আর একটি ঘট বসিয়ে নিজে পূর্বমুখে বসে তিলক কুশাঙ্গুরীয় ধারণ করে **আচমন, বিষ্ণুস্মরণ, জলশুদ্ধি, আসনশুদ্ধি, পুষ্পশুদ্ধি, গন্ধাদি ও নারায়ণাদির অর্চনা করে সূর্যার্ঘ্য দান করে স্বশাখোক্ত মন্ত্রে পঞ্চগব্য শোধন (৩১ পৃষ্ঠা) করবেন। তারপর বেদিশোধন ও চন্দ্রাতপ শোধন (৩২ পৃষ্ঠা) করে দ্বারপূজা থেকে ঘটস্থাপন পর্যন্ত (৩৩ পৃষ্ঠা থেকে ৪০ পৃষ্ঠা পর্যন্ত) সমাধা করে** গণেশাদি পঞ্চদেবতার পূজা করা হবে। তারপর **গণেশকে** দশোপচারে পূজা করে **বিষ্ণু ও অর্চনীয় দেবতার** ষোড়শোপচারে পূজা করা হবে। এরপর, **অগ্নি ও বায়ুর** পঞ্চোপচারে পূজা করে **ইন্দ্রাদি দশদিকপাল ও আদিত্যাদি নবগ্রহের** যথাশক্তি উপচারে পূজা করা হবে (৪৩ পৃষ্ঠা থেকে ৫১ পৃষ্ঠা পর্যন্ত)। শান্তি ঘটে **বরুণের ও শান্তির পূজা** করা হবে। (৫৯ পৃষ্ঠা)

হোম

অতঃপর ব্রাহ্মণ স্থণ্ডিলের সম্মুখে গিয়ে স্বগৃহ্যোক্ত বিধিতে অগ্নিস্থাপন থেকে ব্রহ্মস্থাপন পর্যন্ত করবেন।

সামবেদী — ৬১ পৃষ্ঠা থেকে ৬২ পৃষ্ঠায় চরুপাকের আগে পর্যন্ত। যজুর্বেদী – ৭৪ ঋগ্বেদী (পৃ. ৭৪-৭৬) করে চরুপাক করতে হবে।

চরুপাক – (সকল বেদীরই এক নিয়ম – ৬২ পৃ. দ্রষ্টব্য।) এখানে **যবের চরুই প্রশস্ত, অভাবে আতপ চাল।** জুষ্ট গ্রহণের ক্ষেত্রে সামবেদীর কেবল নির্বপন। যথা **ওঁ বিষ্ণবে ত্বা জুষ্টং নির্বপামি।** কিন্তু যর্জুবেদীর ক্ষেত্রে **ওঁ বিষ্ণবে ত্বা জুষ্টং গৃহ্নামি,** (মুষ্টি গ্রহণে) **ওঁ বিষ্ণবে ত্বা জুষ্টং নির্বপামি** (জুষ্ট উদুখলে স্থাপন), **ওঁ বিষ্ণবে ত্বা জুষ্টং প্রোক্ষামি** (জুষ্টে জলের ছিটা) ইত্যাদি ক্রমে পরবর্তী দেবতাদের নামোল্লেখ পূর্বক জুষ্ট গ্রহণ করতে হবে। যথা – **ওঁ অগ্নয়ে ত্বা। ওঁ বায়বে ত্বা। প্রজাপতয়ে ত্বা। অন্তরিক্ষায় ত্বা। দ্যৌঃ ত্বা। ব্রহ্মণে ত্বা। পৃথিব্যৈ ত্বা। মহারাজায় ত্বা। সোমায় ত্বা। ইন্দ্রায় ত্বা। অগ্নয়ে ত্বা। যমায় ত্বা। নৈঋতায় ত্বা। বরুণায় ত্বা। বায়বে ত্বা। কুবেরায় ত্বা। ঈশানায় ত্বা। ব্রহ্মণে ত্বা। অনন্তায় । সূর্যায় ত্বা। সোমায় ত্বা। মঙ্গলায় ত্বা। বুধায় ত্বা। বৃহস্পতয়ে ত্বা। শুক্রায় ত্বা। শনৈশ্চরায় ত্বা। রাহবে ত্বা। কেতুগণায় ত্বা।** প্রথমেই অর্চনীয় দেবতা বা দেবতাদের উদ্দেশ্যেও ১ মুষ্টি করে জুষ্ট গ্রহণ করা হবে।

এইভাবে সমন্ত্রক জুষ্ট গ্রহণের পর অমন্ত্রক দুবার দুমুঠো জুষ্ট গ্রহণ করতে হয়। তারপর করণীয় বিধি ৬২ পৃষ্ঠায় লিখিত আছে।

চরুপাকের পর – **সামবেদীদের** – ভূমিজপ থেকে বিরূপাক্ষজপ পর্যন্ত (৬৩ পৃঃ — ৬৫ পৃঃ) কর্তব্য।

যজুর্বেদীদের – ৬৯-৭০ পৃষ্ঠায় প্রকৃতকর্মের পূর্ব পর্যন্ত কর্তব্য।

ঋগ্বেদীদের — ৭৪পৃ. — ৭৭ পৃ. পর্যন্ত।

অতঃপর সর্ববেদীর সাধারণ প্রকৃত কর্ম।

প্রকৃতকর্ম

'ওঁ অগ্নে ত্বং লোহিতনামাসি' মন্ত্রে অগ্নির নামকরণ করে ধ্যান, (৬৬ পৃঃ) মানসপূজা, ধ্যান, আবাহন ও পঞ্চোপচারে পূজার পর চরুহোম হবে।

চরুহোম প্রতিবার চরুগ্রহণের স্থানে আগে ঘৃত দিয়ে মেক্ষণে করে চরু নিয়ে আবার সেই মেক্ষণস্থ চরুতে ঘৃতধারা দিতে হয়। সর্ববেদীরই আহুতির পর হুতশেষ অন্যপাত্রে রাখতে হয়, তবে কেবল সামবেদীর 'ইদং অমুকায়' বলতে হয় না। **(এখানে প্রতিটি আহুতির শেষে 'ইদং অমুকায়' শব্দটির উল্লেখ থাকছে কিন্তু সামবেদীকার্যে উল্লেখ করা হবে না।)**

১) **মেধাতিথি ঋষির্গায়ত্রীচ্ছন্দো বিষ্ণুর্দেবতা চরুহোমে বিনিয়োগঃ। ওঁ তদ্‌বিষ্ণোঃপরমং পদং সদা পশ্যন্তি সুরয়ঃ। দিবীব চক্ষুরাততম্ স্বাহা।।** ইদং বিষ্ণবে।

২) **ওঁ ভূঃস্বাহা।** ইদমগ্নয়ে।

৩) **ওঁ ভুবঃস্বাহা।** ইদং বায়বে।

৪) **ওঁ স্বঃ স্বাহা।** ইদং সূর্যায়।

৫) **বিশ্বমিত্রঋষির্গায়ত্রীচ্ছন্দঃ সবিতা দেবতা চরুহোমে বিনিয়োগঃ। ওঁ তৎবিতুর্বরেণ্যং ভর্গো দেবস্য ধীমহি, ধিয়ো য়ো নঃ প্রচোদয়াৎ স্বাহা।** ইদং সবিত্রে।

৬) **ওঁ তদ্বিপ্রাসো বিপণ্যবো জাগৃবাংসঃ সমিন্ধতে। বিষ্ণোর্যৎ পরমংপদং স্বাহা।।** ইদং বিষ্ণবে।

৭) **বিশ্বকর্মাঋষি স্ত্রিষ্টুপ্‌ছন্দঃ প্রজাপতির্দেবতা চরুহোমে বিনিয়োগঃ। ওঁ বিশ্বতশ্চক্ষুরুত বিশ্বতোমুখো বিশ্বতো বাহুরুত বিশ্বতস্পাৎ। স বাহুভ্যাংধমতি সংপতত্রৈর্দ্যাবাভূমিং জনয়ন্ দেব একঃ স্বাহা।** ইদং প্রজাপতয়ে।

... দেবতা। চরুহোমে বিনিয়োগঃ।

ওঁ অগ্নিমীলে পুরোহিতং যজ্ঞস্য দেবমৃত্বিজম্। হোতারং রত্নধাতমম্ স্বাহা।। ইদমগ্নয়ে।

৯) পরমেষ্ঠিঋষির্বায়ুদেবতা............বি.। **ওঁ ইযেত্বোর্জেত্বা বায়বঃস্থ দেবো বঃ সবিতা প্রার্পয়তু শ্রেষ্ঠতমায় কর্মণে স্বাহা।** ইদং বায়বে।

১০) ভরদ্বাজঋষির্গায়ত্রীচ্ছন্দঃ অগ্নির্দেবতা .... বি.। ওঁ অগ্ন আয়াহি বীতয়ে গৃণানো হব্যদাতয়ে। নিহোতা সৎসি বর্হিষি স্বাহা। ইদমগ্নয়ে।

১১। পিপ্পলাদঋষির্গায়ত্রীচ্ছন্দো বরুণোদেবতা .... বি। ওঁ শন্নো দেরীরভিষ্টয় আপো ভবন্তু পীতয়ো শংযোরভিস্রবন্তুনঃ স্বাহা। ইদং বরুণায়।

১২) সিন্ধুদ্বীপঋষিরনুষ্টুভ্ছন্দো বিশ্বেদেবা দেবতাঃ .... বি.। ওঁ সোমংরাজানং বরুণমগ্নিমন্বারভামহে। আদিত্যং বিষ্ণুং সূর্যং ব্রহ্মাণঞ্চ বৃহস্পতিম্ স্বাহা। ইদং সোমায়। বরুণায়, অগ্নয়ে। আদিত্যায়। বিষ্ণবে। সূর্যায়, ব্রহ্মণে, বৃহস্পতয়ে।

এরপর প্রথমে অর্চনীয় দেবতার মন্ত্রে চরু দ্বারা ১টি আহুতি দেবে। তারপর স্ব স্ব বেদোক্ত **দশদিক পালের ১০ টি মন্ত্রে** ১০টি আহুতি প্রথমেই **অর্চনীয় দেবতার** মন্ত্রে অচনীয় দেবতার উদ্দেশ্যে ১টি চরু আহুতি দেবে। **সামবেদীয় দশদিকপালের মন্ত্র ৮০ পৃষ্ঠায় এবং যজুর্বেদীর ৮৫ পৃষ্ঠায়। ঋগ্বেদীর— ৮৮ পৃ.।**

স্ব স্ব বেদোক্ত **নবগ্রহের** ৯টি মন্ত্রে ৯টি আহুতি। **সামবেদীয় নবগ্রহ মন্ত্র ৬৮ পৃঃ।**

যজুর্বেদীর — ৭৩ পৃষ্ঠায়। ঋগ্বেদী ৮৮পৃ. অতঃপর এক একটি নামাত্মক মন্ত্রে আহুতি। যথা –

৩৩। **ওঁ ভূরগ্নয়ে স্বাহা**—ইদমগ্নয়ে। ৩৪। **ওঁ সূর্যায় স্বাহা**—ইদং সূর্যায়। ৩৫। **ওঁ প্রজাপতয়ে স্বাহা**—ইদং প্রজাপতয়ে। ৩৬। **ওঁ অন্তরিক্ষায় স্বাহা**—ইদমন্তরিক্ষায়। ৩৭। **ওঁ দ্যৌঃস্বাহা**—ইদংদ্যৌঃ ৩৮। **ওঁ ব্রহ্মণে স্বাহা**—ইদং ব্রহ্মণে। ৩৯। **ওঁ পৃথিব্যৈ স্বাহা**—ইদং পৃথিব্যৈ।

৪০। **ওঁ মহারাজায় স্বাহা**— ইদং মহারাজায়। ৪১। **ওঁ সোমায় স্বাহা** — ইদং সোমায়।

৪২। প্রচুরতর চরু নিয়ে **ওঁ অগ্নয়ে স্বিষ্টকৃতে স্বাহা**।—ইদম্ অগ্নয়ে স্বিষ্টকৃতে।

এইভাবে চরুহোম শেষ করে মেক্ষণটিকে অগ্নিতে নিক্ষেপ করে **অবশিষ্ট চরু দিয়ে দশদিকে বলি প্রদান করা হবে।**

দিগ্‌বলি **এষ পায়স বলিঃ ওঁ প্রাচ্যৈ দিশে নমঃ।** এইক্রমে **ওঁ আগ্নেয্যৈ দিশে। ওঁ অবাচ্যৈ দিশে। ওঁ নৈঋত্যৈ দিশে। ওঁ প্রতীচ্যৈ দিশে। ওঁ বায়ব্যৈ দিশে। ওঁ উদীচ্যৈ দিশে। ওঁ ঐশান্যৈ দিশে। ওঁ উর্দ্ধ দিশে। ওঁ অধঃ দিশে।**

সমিধ্‌হোম দিগ্‌বলির পর ১০৮ টি ঘৃতাক্ত **পলাশ** সমিধ অভাবে **যজ্ঞডুম্বুর** সমিধ **ওঁ তদ্‌বিষ্ণোঃপরমংপদং সদা পশ্যন্তি সূরয়ঃ। দিবীব চক্ষুরাততম্ স্বাহা মন্ত্রে** আহুতি দেওয়া হবে। **অর্চনা করা হবে, এতৎ সম্প্রদানায় ওঁ বিষ্ণবে নমঃ;** সুতরাং হুতশেষে বলা হবে **ইদং বিষ্ণবে।** (মনে রাখতে হবে যে, **বিষ্ণু ছাড়া অন্য দেবতার মন্দির হ'লেও এখানে ওঁ তদ্‌বিষ্ণোরিত্যাদি মন্ত্রে বিষ্ণুর উদ্দেশ্যেই আহুতি হবে।**) (কোন অভিলাপ বাক্যের প্রয়োজন নাই। তবে প্রথম আহুতিটির পূর্বে ঋষিছন্দ প্রভৃতি বলা বিধেয়) **যথা – মেধাতিথিঋষির্গায়ত্রীচ্ছন্দো বিষ্ণুর্দেবতা .... প্রতিষ্ঠায়াং সমিদ্ধোমে বিনিয়োগঃ ওঁ তদ্‌বিষ্ণোঃ .... স্বাহা। (ইদং বিষ্ণবে।) তারপর থেকে কেবল মন্ত্রে আহুতি হবে।**

তারপর **অর্চনীয় দেবতার সমিধ দ্বারা ১০৮টি আহুতি** দিতে হবে।

আজ্যহোম এরপর যে ৪২টি মন্ত্রে চরু হোম হয়েছে সেই ৪২টি মন্ত্রে **আজ্যাহুতি** দিতে হবে। তারপর **পুরুষসূক্ত মন্ত্রদ্বারা আজ্যাহুতি।** (এখানে সামবেদী ও যজুর্বেদীর মধ্যে মন্ত্র পার্থক্য থাকবে।)

সামবেদী (পুরুষসূক্ত মন্ত্র)

১) ওঁ ইদং বিষ্ণুর্বিচক্রমে ত্রেধা নিদধেপদম্। সমূঢ়মস্য পাংশুলে স্বাহা।

২) ওঁ প্রক্ষস্য[১] বৃষ্ণো অরুষস্য নূ সহঃ প্রনুবোচং বিদথা জাতবেদসে[২]। বৈশ্বানরায় মতির্নব্যসী শুচিঃ সোম ইব পবতে চারুদগ্নয়ে স্বাহা।।

৩) ওঁ প্র কাব্যমুশনেব ব্রুবাণো, দেবো দেবানাং জনিমা বিবক্তি। মহিব্রতঃ শুচিবন্ধুঃ পাবকঃ, পদা বরাহো অভ্যেতি রেভন্ স্বাহা।।

৪) ওঁ সহস্রশীর্ষা পুরুষঃ সহস্রাক্ষঃসহস্রপাৎ। সভূমিং সর্বতো বৃত্বাত্যতিষ্ঠদ্দশাঙ্গুলং স্বাহা।

৫) ওঁ ত্রিপাদূর্ধ্ব উদৈৎপুরুষঃ পাদোঽস্যেহা ভবৎপুনঃ। ততো বিষ্বঙ্ব্যক্রামদসাশনানশনে অভি স্বাহা।।

৬) ওঁ পুরুষ এবেদং সর্বং যদ্ভুতং যচ্চ ভাব্যম্। পাদোঽস্য সর্বাভূতানি ত্রিপাদস্যামৃতং দিবি স্বাহা।।

৭) ওঁ তাবানস্য মহিমাতো জ্যায়াংশ্চ পুরুষঃ। উতামৃতত্বস্যেশানো যদন্নেনাতিরোহতি স্বাহা।

৮) ওঁ ততো বিরাড়জায়ত বিরাজো অধি পুরুষঃ। স জাতো অত্যরিচ্যত পশ্চাদ্ভূমিমথো পুরঃস্বাহা।।

ঋগ্বেদী ও যজুর্বেদীদের পুরুষসূক্ত মন্ত্র

(১৬টি মন্ত্রে ১৬টি আহুতি এবং প্রতিবার 'ইদং বিষ্ণবে' মন্ত্রে হুতশেষ রাখা হবে।)

১) ওঁ সহস্রশীর্ষা পুরুষঃ সহস্রাক্ষঃ সহস্রপাৎ। স ভূমিগুঁ সবর্তঃ স্পৃত্বাত্যতিষ্ঠদ্দশাঙ্গুলং স্বাহা।।

২) ওঁ পুরুষ এবেদগুঁ সর্বং, যদ্ভূতং যচ্চ ভাব্যং। উতামৃতত্বস্যেশানো, যদন্নেনাতিরোহতি স্বাহা।।

ঋগ্বেদীয় পাঠ ১) পৃক্ষস্য ২) জাতবেদসঃ। ঋগ্বেদীস্থলে ং পরিবর্তে গুঁ হবে না।

৩) ওঁ এতাবানস্য মহিমাতো জ্যায়াংশ্চ পুরুষঃ। পাদোঽস্য বিশ্বা ভূতানি ত্রিপাদস্যামৃতং দিবি স্বাহা।।

৪) ওঁ ত্রিপাদূর্ধ্ব মুদৈৎ পুরুষঃ পাদোঽস্যেহাভবৎ পুনঃ। ততোবিষ্বঙ্ ব্যক্রামৎসাশনানশনে অভি স্বাহা।।

৫) ওঁ ততো বিরাড়জায়ত, বিরাজো অধি পুরুষঃ। স জাতো অত্যরিচ্যত, পশ্চাদ্ভূমিমথো পুরঃ স্বাহা।

৬) ওঁ যৎ পুরুষেণ হবিষা দেবা যজ্ঞমতন্বত। বসন্তোঽস্যাসীদাজ্যং, গ্রীষ্ম ইধ্মঃ শরদ্ধবিঃ স্বাহা।।

৭) ওঁ তঁ যজ্ঞং বর্হিষি প্রৌক্ষন্, পুরুষং জাতমগ্রতঃ। তেন দেবা অযজন্ত, সাধ্যা ঋষয়শ্চ যে স্বাহা।।

৮) ওঁ তস্মাদ্ যজ্ঞাৎ সর্বহুতঃ, সম্ভৃতং পৃষদাজ্যম্। পশূংস্তাংশ্চক্রে বায়ব্যানারণ্যা গ্রাম্যাশ্চ যে স্বাহা।।

৯) ওঁ তস্মাদ্ যজ্ঞাৎ সর্বহুতঃ, ঋচঃ সামানি জজ্ঞিরে। ছন্দাগুঁসি জজ্ঞিরে তস্মাদ্ যজুস্তস্মাদজায়ত স্বাহা।

১০) ওঁ তস্মাদ্ অশ্বা অজায়ন্ত, যে কে চোভয়াদতঃ। গাবো হ জজ্ঞিরে তস্মাৎ, তস্মাজ্জাতা অজাবয়ঃ স্বাহা।।

১১) ওঁ যৎপুরুষং ব্যদধুঃ কতিধা ব্যকল্পয়ন্। মুখং কিমস্যাসীৎ। কিং বাহু, কিমুরূপাদাউচ্যেতে স্বাহা।।

১২) ওঁ ব্রাহ্মণোঽস্য মুখমাসীদ্ বাহূ রাজন্যকৃতঃ। ঊরূ তদস্য যদ্ বৈশ্যঃ পদ্ভ্যাগুঁ শূদ্রো অজায়ত স্বাহা।।

১৩) ওঁ চন্দ্রমামনসোজাতশ্চক্ষোঃ সূর্যো অজায়ত। শ্রোত্রাদ্ বায়ুশ্চ প্রাণশ্চ মুখাদগ্নিরজায়ত স্বাহা।।

১৪) ওঁ নাভ্যা আসীদন্তরিক্ষগুঁ, শীর্ষ্ণো দ্যৌঃ সমবর্তত। পদ্ভ্যাং ভূমির্দিশঃ শ্রোত্রাৎ, তথা লোকাঁ অকল্পয়ন্ স্বাহা।।

১৫) ওঁ সপ্তাস্যাসন্ পরিধয়, স্ত্রিঃসপ্ত সমিধঃ কৃতাঃ। দেবা যদ যজ্ঞং তন্বানা, অবধ্নন্ পুরুষং পশুং স্বাহা।।

১৬) ওঁ যজ্ঞেন যজ্ঞমযজন্তদেবা, স্তানি ধর্মানি প্রথমান্যাসন্। তে হ নাকংমহিমানঃ সচন্ত, যত্র পূর্বে সাধ্যাঃ সন্তি দেবাঃ স্বাহা।। অতঃপর

তিলাজ্যাহুতি বসিষ্ঠঋষিস্ত্রিষ্টুপ্ছন্দো বিষ্ণুর্দেবতা মঠপ্রতিষ্ঠায়াং তিলাজ্যহোমে বিনিয়োগঃ। ওঁ ইরাবতী ধেনুমতী হি ভূতং সূযবসিনী মনবে দশস্যা। ব্যস্কভ্না রোদসী বিষ্ণবে তে দাধর্থং পৃথিবীমভিতো ময়ূখৈঃ স্বাহা।

ইদং বিষ্ণবে। ওঁ ব্রহ্মানুযায়িভ্যঃ স্বাহা। ওঁ বিষ্ণ্বনুযায়িভ্যঃ স্বাহা। ওঁ রুদ্রানুযায়িভ্য স্বাহা। মন্ত্রে তিলাজ্য আহুতি দেওয়ার পর পুনরায় তিলাজ্য সমিধ দ্বারা পূর্বোক্ত স্ব স্ব মন্ত্রে নবগ্রহ ও দশদিকপালের উদ্দেশ্যে ১টি করে আহুতি দিতে হবে। তারপর তিলাজ্য সমিধ দ্বারাই ওঁ নদীভ্যঃ স্বাহা। ওঁ সমুদ্রেভ্যঃ স্বাহা মন্ত্রে দুটিতে আহুতি দিয়ে ঘৃত দ্বারা মহাব্যাহৃতি হোম (৬৮পৃষ্ঠা) করতে হবে। এরপর

উদীচ্য কর্ম

সামবেদী (৮০ পৃ. — ৮৩ পৃ.)। পর্যন্ত

যজুর্বেদী উদীচ্য কর্ম (৮৪ পৃ. থেকে ৮৬ পৃষ্ঠা পর্যন্ত) **ঋগ্বেদীর উদীচ্যকর্ম-**(৮৭ পৃ. — ৮৮ পৃ.) কর্মে প্রত্যক্ষ দেবতার হোম — অভীষ্ট দেবতার নামে ১০৮ এবং গণেশাদি পঞ্চদেবতা, কুলদেবতাদের ৮টি করে স্ব স্ব সমিধ বা ঘৃত দ্বারা আহুতি দান হবে।

পূর্ণহোম মঠাদি প্রতিষ্ঠায় পূর্ণহোম সর্ববেদীর একরকম। ব্রাহ্মণ ফলকুসুম সহিত ঘৃতপাত্র নিয়ে দাঁড়িয়ে — **মেধাতিথি ঋষির্গায়ত্রীচ্ছন্দো বিষ্ণুর্দেবতা যশস্কামস্য যজনীয় প্রয়োগে বিনিয়োগঃ। ওঁ তদ্ বিষ্ণোঃ পরমং পদং সদা পশ্যন্তি সূরয়ঃ। দিবীব চক্ষুরাততং বৌষট্।** মন্ত্রটি **তিনবার** বলে **তিনবার পূর্ণহুতি** দিতে হবে।

তারপর অগ্নিপ্রণাম (৮৬ পৃ.) করে পূর্ণপাত্রানুকল্প ভোজ্য উৎসর্গ। অর্চনা করে **বিষ্ণুরোম তৎসদিত্যাদি ...... কৃতৈতদ্ দেবতাবেশ্ম প্রতিষ্ঠাঙ্গ হোমকর্মণি ব্রহ্মকর্মণঃ সাঙ্গতার্থং দক্ষিণামিদং পূর্ণপাত্রানুকল্পভোজ্যমর্চিতং শ্রীবিষ্ণু দৈবতং ব্রহ্মণে তুভ্যমহং দদানি।** তারপর 'ওঁ ব্রহ্মণ্ ক্ষমস্ব মন্ত্রে ব্রহ্মাকে বিসর্জন করে অগ্নির ঈশান কোণে দুগ্ধ দিয়ে ভস্ম নিয়ে কশ্যপ তৈরী করে **অগ্নি, নারায়ণ ও পূজিত দেবতাদের ঘটে,** ব্রাহ্মণদের ও যজমানকে তিলক দিতে হয়।

তিলকদানবিধি ওঁ কশ্যপস্য ত্র্যায়ুষং (ললাটে)। ওঁ জমদগ্নেস্ত্র্যায়ুষং (কণ্ঠে)। ওঁ যদ্দেবানাং ত্র্যায়ুষং (দক্ষিণ বাহুমূলে)। ওঁ তন্নো অস্তু ত্র্যায়ুষং (বক্ষে)। তারপর **ওঁ অগ্নে ত্বং সমুদ্রং গচ্ছ** মন্ত্রে অগ্নিতে জল; **ওঁ পৃথ্বি ত্বং শীতলা ভব** মন্ত্রে দধি দিয়ে অগ্নি বিসর্জন করা হবে। 'আবাহিতা দেবতা ক্ষমধ্বম্' বলে ঘটে দেবতাদের বিসর্জন করবেন।

অতঃপর যজমান পূর্বমুখে বসে পঞ্চগব্য আঘ্রাণ করে **আচার্য-দক্ষিণা উৎসর্গ** করবেন। এখানে আচার্য-দক্ষিণা একটি তৈজস পাত্রে তিল, একখণ্ড স্বর্ণ, একটি বস্ত্র ও গোমূল্য স্বরূপ কিছু অর্থ দিয়ে অর্চনা করা হবে **এতস্মৈ সবস্ত্র হেমান্বিত তিলপাত্র সহিত গবীমূল্যায় নমঃ। এতৎ সম্প্রদানায় আচার্যায় নমঃ।** উৎসর্গ বাক্য -- **বিষ্ণুরোম তৎসৎ ...... গোত্রঃ/গোত্রা .... দেবশর্মা/দাসঃ/দেবী/দাসী শ্রীবিষ্ণুপ্রীতিকামঃ/কামা ইদং সবস্ত্র হেমান্বিততিলপাত্র সহিত গবীমূল্যমর্চিতং শ্রীবিষ্ণুদৈবতং অমুকগোত্রায় শ্রীঅমুকদেবশর্মণে আচার্যায় তুভ্যমহং সম্প্রদদে।** বলে জলের ছিটা দিয়ে আচার্যের হাতে পাত্রটি সমর্পণ করে কৃতাঞ্জলি হ'য়ে বলবেন -- **প্রীয়তাং ভগবান্ বিষ্ণুঃ।**

তারপর **ওঁ উত্তিষ্ঠ ব্রহ্মণস্পতে দেবয়ন্তস্ত্বেমহে। উপ প্রয়ন্তু মরুতঃ সুদানব ইন্দ্র প্রাশূর্ভবা সচা।। ওঁ উত্তিষ্ঠ দেবদেবেশ ভক্তানাং বাঞ্ছিতপ্রদ। আগত্য জন্মসাফল্যং কুরুতে করুণানিধে।।** মন্ত্রটি পাঠ করতে করতে দেবতাকে মন্দিরের দ্বারের নিকট আনা হবে। (আনার পক্ষে অসম্ভব হ'লে স্বয়ং দ্বারের কাছে গিয়ে মন্ত্রটি পাঠ করবেন।) দেবতাকে বসিয়ে **নারিকেলোদক, পঞ্চগব্য, পঞ্চামৃত ও শুদ্ধজলে** স্নান করিয়ে **ষোড়শোপচারে পূজা** করা হবে। এই সময়ই **মন্দিরনির্মাতা শিল্পীকে বস্ত্রাদি দিয়ে সন্তুষ্ট করতে হয়** এবং **দ্বাদশ দান ও ভোজ্য উৎসর্গ করতে হয়।**

দ্বাদশ দান[১]

ভূমি, আসন, জল অন্ন, বস্ত্র, তাম্বুল, ফল, গন্ধ, ছত্র, পাদুকা, শয্যা এবং গরু অথবা গোমূল্য।

উৎসর্গ বাক্যে -- অমুকদেব/দেবী/বিষ্ণু/শিববেশ্ম প্রতিষ্ঠা সিদ্ধিপূর্বকং অমুকদেবতাপ্রীতিকামঃ অথবা স্বর্গকামঃ বলা হবে। দান উৎসর্গ করে 'ওঁ ইদং বিষ্ণুর্বিচক্রমে ত্রেধা নিদধে পদম্। সমূঢ়মস্য পাংশুলে মন্ত্রটি উচ্চারণ করে চক্রটি নিয়ে **'এতে গন্ধপুষ্পে ওঁ চক্রায় নমঃ।** মন্ত্রে চক্রটিকে পূজা করে মন্দিরের উপর স্থাপন করা হবে এবং সেই সঙ্গে বস্ত্রাদি দ্বারা তোরণটি সাজিয়ে **মন্দিরের ঈশানে ঘন্টা চামরযুক্ত একটি পতাকা** উত্তোলন করতে হবে।

মন্দিরের দ্বারের সম্মুখে -- বিষ্ণুমন্দির হলে **গরুড়**, শিবমন্দির হলে **বৃষ**, দুর্গামন্দির হলে **সিংহ**, সূর্যমন্দির হলে **অশ্ব** শীতলামন্দিরে **গর্দভ** স্থাপন করে ঈশানে মন্দিরের অনুরূপ বা কমপক্ষে ষোল হাত পরিমিত দণ্ডে আরোপিত ধ্বজার নিকট গিয়ে **ধ্বজার দণ্ডে জলের ছিটা দিয়ে দণ্ডটি ধরে বলবেন -- ওঁ এহ্যেহি ভগবন্নীশ্বর নির্মিত উপরিচর, বায়ুমার্গানুসারিন্ শ্রীকর শ্রীনিবাস রিপুধ্বংসকর সুজনাধিলয় সর্বদেবতা সম্মতং কুরুস্বস্ত্যয়নঞ্চমে ভবতু সর্ববিঘ্নান্ হর হর স্বাহা।** তারপর **এষ গন্ধঃ সবস্ত্র ঘন্টাচামরাদ্যুপশোভিত ধ্বজায় নমঃ** -- ইত্যাদিক্রমে পঞ্চোপচারে পূজা করে **এতস্মৈ ওঁ সবস্ত্রঘন্টাচামরা-দ্যুপশোভিত ধ্বজায় নমঃ** ইত্যাদি ক্রমে অর্চনা করে উক্ত মন্দির পূজনীয় দেবতার উদ্দেশ্যে সম্প্রদান করা হবে।

ধ্বজ উৎসর্গ বাক্য **বিষ্ণুরোম্ তৎসৎ অদ্যেত্যাদি .... মহাপাতকাদি বহুপাপক্ষয়কাম ইমং সবস্ত্র ঘন্টাচামরাদ্যুপশোভিতং ধ্বজমর্চিতং শ্রীবিষ্ণুদৈবতং বিষ্ণবে/শিবায়/দুর্গায়ৈ (যাঁর মন্দির তাঁর নাম) তুভ্যমহং সম্প্রদদে।** এখানে এই ধ্বজদানের যৎকিঞ্চিৎ দক্ষিণা অর্চনা করে উৎসর্গ করতে হবে।

---

* বাপী কূপ তড়াগাদি দেবব্রতগৃহাদিষু। দদ্যাদ্ দ্বাদশদানানি যথাবিভবমাত্মনঃ।

১) ভূম্যাসনং জলঞ্চান্নং বস্ত্রং তাম্বুলকং ফলম্। গন্ধশ্ছত্রং পাদুকা চ শয্যাশৃঙ্গী চ দ্বাদশ।।

অতঃপর দ্বারসম্মুখে স্থাপিত দেবতার বাহন গরুড়াদির নিকট গিয়ে

বিষ্ণুমন্দিরে গরুড়স্তম্ভে-'এষ গন্ধো গরুড়ায় নমঃ' মন্ত্রে পূজা করে

কৃতাঞ্জলি হয়ে – 'ওঁ সুপর্ণোঽসি গরুত্মাংস্ত্রিবৃত্তে শিরো গায়ত্র্যং চক্ষুর্বৃহদ্রথন্তরে পক্ষৌ। স্তোম আত্মা ছন্দাওঁস্যঙ্গানি যজুওঁষি নাম। সাম তে তনুর্বামদেব্যং যজ্ঞাযজ্ঞিয়ং পুচ্ছং ধিষ্ণ্যাঃ শফাঃ। সুপর্ণোঽসি গরুত্মান্ দিবং গচ্ছ স্বঃ পত। পাঠ করে প্রণাম—

ওঁ নমস্তে পতগশ্রেষ্ঠ পন্নগান্তকরপ্রভো। ত্বৎপ্রসাদান্মহাবাহো মোদয়েদ্দিবি দেববৎ।।

যথা ত্বং সংপুটকরঃ সততং নতকন্ধরঃ। তথৈব পুরতো বিষ্ণো স্তৎপ্রসাদাদ্ ভবাম্যহম্।।

শিবমন্দিরের দ্বারদেশে এষগন্ধো বৃষায় নমঃ' মন্ত্রে পূজা করে কৃতাঞ্জলি পাঠ—

এষ গন্ধো বৃষায় নমঃ -- ইত্যাদিক্রমে পূজা করে প্রণাম --

ওঁ বৃষোঽসি ভগবান্ ধর্মশ্চতুষ্পাদঃ দেব প্রকীর্তিতঃ। ত্বৎপ্রসাদান্মহাবাহো প্রাপ্নুয়াঃ স্বর্গমুত্তমম্।।

ওঁ ত্বয়িস্থিতঃ শিবঃ সাক্ষাৎ ত্বয়ি শক্রঃ সুরেশ্বর। ত্বয়ি স্থিতো হরির্দেবস্তদর্থং তপ্যতে তপঃ।।

ওঁ নমস্তে সর্বতোভদ্র শিবস্য বাহনং পরম্। ত্রৈলোক্যজয় শক্রঘ্ন বৃষাসন নমোঽস্তুতে।।

সিংহ দেবীমন্দির দ্বারে– এষ গন্ধঃ সিংহায় নমঃ – ইত্যাদি ক্রমে পূজা করে কৃতাঞ্জলি হয়ে প্রার্থনা –

ওঁ শিবস্য বাহনস্ত্বং হি সততং মঙ্গলপ্রদঃ। শিবসাযুজ্যলাভায় সাহায্যং কুরু মে সদা।।

ওঁ বিজয়ো জয়দো জেতা রিপুঘাতী প্রিয়ঙ্করঃ। দুঃখদারিদ্র্যহা শান্তঃ সর্ববিঘ্নবিনাশনঃ।।

ইত্যষ্টৌ তব নামানি যস্মাৎ সিংহপরাক্রমঃ। তস্মাৎ সিংহাসনেতি ত্বং নাম্না দেবেষু গীয়তে।।

প্রণাম – ওঁ ত্বয়ি স্থিতঃ শিবঃ সাক্ষাৎ ত্বয়ি শক্রঃসুরেশ্বরঃ। ত্বয়ি স্থিতো হরির্দেব স্তদর্থংতপ্যতে তপঃ।।

ওঁ নমস্তে সর্বতোভদ্র দুর্গায়াঃ বাহনং পরম্। ত্রৈলোক্যজয় শক্রঘ্ন সিংহাসন নমোঽস্তুতে।।

শীতলা মন্দিরদ্বারে গর্দভকে— 'এষগন্ধঃ ওঁ গর্দভায় নমঃ'। ক্রমে পূজা করে কৃতাঞ্জলি পাঠ—

ওঁ শীতলা বাহন স্ত্বংহি সংক্রামরোগনাশনঃ। দেবীদ্বারে স্থিতো নিত্যং মম শান্তিং প্রযচ্ছতু।।

অতঃপর বস্ত্রাচ্ছাদিত মন্দিরটি 'এতস্মৈ ইষ্টকাদিময় শ্রীমন্দিরায় নমঃ' ইত্যাদি ক্রমে অর্চনা করে –

মন্দির উৎসর্গবাক্য বিষ্ণুরোম্ তৎসৎ .... এতৎ ইষ্টকাদিময়শ্রীমন্দিরমপরমাণু সমসংখ্যকবর্ষসহস্র দশগুণ কালাবচ্ছিন্ন স্বর্গলোক মহীতত্ত্ব কামঃ/শ্রীবিষ্ণু প্রীতিকামঃ ইদং বস্ত্রাচ্ছাদিতম্ ইষ্টকাদিময়দেববেশ্ম অর্চিতং শ্রীবিষ্ণুদৈবতং বিষ্ণবে/শিবায়/দুর্গায়ৈ তুভ্যমহং সম্প্রদদে।

এখানেও মন্দির দানের দক্ষিণা অর্চনা করে অর্চনীয় দেবতার উদ্দেশ্যেই উৎসর্গ করতে হবে। কৃতৈতদিষ্টকাদিময় শ্রীমন্দির প্রতিষ্ঠা কর্মণঃ সাঙ্গতার্থং দক্ষিণামিদং কাঞ্চনমূল্যমর্চিতং শ্রীবিষ্ণুদৈবতং .... দেবতায়ৈ তুভ্যমহং সম্প্রদদে।

ওঁ বিশ্ববাসায় বাসায় গৃহংতে বিনিবেদিতম্। অঙ্গীকুরু (মহেশ্বর) মহেশানি কৃপয়া সন্নিধীয়তাম্।।

গৃহংদেব (দেবি) বাসায় সর্বথা প্রীতিদং ভব। উৎসৃষ্টি ত্বয়ি মে লোকাঃ স্থিরাঃ সন্তু নিরাময়ঃ।।

যজনাৎ সর্বযজ্ঞানাং সর্বতীর্থ নিষেধনাৎ। যৎ ফলং তৎ ফলং মেঽদ্য জায়তাং ত্বৎ প্রসাদতঃ।।

অতঃপর বৈদিক ও পৌরাণিক মন্ত্র পাঠ করতঃ সকলের মস্তকে শান্তি বারি অভিষেক করবেন।

অচ্ছিদ্রাবধারণ কৃতাঞ্জলি হয়ে বলবেন -- কৃতৈতদ্ এতৎ বস্ত্রাচ্ছাদিতেষ্টকাদিময়দেবমন্দিরপ্রতিষ্ঠাকর্ম অচ্ছিদ্রমস্তু।

অতঃপর দেবতাকে নিয়ে মন্দিরটি তিনবার প্রদক্ষিণ করবেন। অচললিঙ্গ হ'লে বা বহনপক্ষে অসম্ভব হ'লে যজমান নিজেই তিনবার প্রদক্ষিণ করে নিম্নোক্ত মন্ত্রটি পাঠ করতে করতে দেবতাকে মন্দিরে প্রবেশ করাবেন — ওঁ ভদ্রং কর্ণেভিঃ

শৃণুয়াম দেবা ভদ্রং পশ্যেমাক্ষভির্যজত্রাঃ। স্থিরৈরঙ্গৈ স্তুষ্টুবাংসস্তনুভির্ব্যশেম দেবহিতং যদায়ুঃ।।

পীঠিকায় স্থাপন মন্ত্র – **ওঁ দেবস্য ত্বা সবিতুঃ প্রসবেঽশ্বিনোর্বাহুভ্যাং পুষ্ণো হস্তাভ্যামাদদে।**

স্থিরীকরণ –দেবতাকে ধরে মন্ত্রটি পাঠ করতে হয় – **ওঁ স্থিরো ভব বীড্ভঙ্গ আশুর্ভব বাজ্যর্বন্। পৃথুর্ভব সুষদ স্ত্বমগ্নেঃ পুরীষবাহনঃ।।** কৃতাঞ্জলি হয়ে—**ওঁ গেহত্বং সর্বলোকানাং পূজ্যঃ পুণ্যযশঃ প্রদঃ। দেবতাস্থিতিদানেন সুমেরুসদৃশো ভব।।**
ত্বং কৈলাশশ্চ বৈকুণ্ঠস্তং ব্রহ্মভবন্ গৃহম্। যৎত্বয়া বিধৃতো দেবস্তস্মাত্ত্বং সুরবন্দিতঃ।।

অতঃপর **প্রতিষ্ঠিত দেবতাকে যোড়শোপচারে পূজা** করা হবে। পূজা করে – কৃতাঞ্জলি হয়ে বলবেন –
ওঁ যাবদ্ধরাধরো দেবো যাবত্তিষ্ঠতি মেদিনী। তাবদত্র জগন্নাথ সন্নিধীভব কেশব।।
যাবদ বসুন্ধরা তিষ্ঠেদ্ যাবদেতে ধরাধরা। যাবদ্দিবা নিশানাথৌ তাবন্মে বর্ততাং কুলে।।
দুর্গা হলে – শেষ দুটি পাদে – **'তাবদত্র মহাদেবি সন্নিধী ভব জননি'।।**
শিব হলে – **'তাবদত্র মহাদেব সন্নিধী ভব শংকর'।।**
এই সময় **পিষ্টপ্রদীপ দ্বারা** দেবতাকে 'নির্মঞ্ছন (বরণ) করা হবে।

অতঃপর কমপক্ষে কুড়িজন ব্রাহ্মণকে ভোজন ও দক্ষিণা দ্বারা পরিতুষ্ট করে **বৈগুণ্যসমাধান – বিষ্ণুরোম্ তৎসৎ ....কৃতেঽস্মিন্ অমুক দেবতায়া এতদ্ ইষ্টকাদিময় শ্রীমন্দির প্রতিষ্ঠা কর্মণি যদ্ বৈগুণ্যং জাতং তদ্দোষ প্রশমনায় বিষ্ণুনামাত্মক মন্ত্রস্মরণমহং করিষ্যে।** বাক্যটি উচ্চারণ করে ওঁ বিষ্ণু দশবারজপ করে অঙ্গুরী ত্যাগ করে হাতে একগণ্ডুষ জল নিয়ে – **'ওঁ প্রীয়তাং পুণ্ডরীকাক্ষঃ সর্বযজ্ঞেশ্বরো হরিঃ। তস্মিংস্তুষ্টে জগৎ তুষ্টং প্রীণীতে প্রীণীতং জগৎ।।** বলে জলটি শ্রীকৃষ্ণের চরণের উদ্দেশ্যে ভূমিতে ত্যাগ করা হবে।

—ঃ০ঃ—

উপসংহার – এখানে বহুস্থলে প্রচলিত পদ্ধতির সঙ্গে ক্রমের অমিল আছে। কারণ এখানে সমস্ত ক্রমই রঘুনন্দন কৃত মঠ প্রতিষ্ঠায় ধৃত শাস্ত্রবাক্য অনুসারে লেখা হয়েছে। যেমন--

হয়শীর্ষের বচন – ব্রাহ্মোণো বিধিনা বহ্নিং সমাধায় বিচক্ষণঃ। শিলাপূর্ণঘটং কাংস্যং সম্ভারং স্থাপয়েত্ততঃ। ব্রাহ্মণসর্বমাহৃত্য শ্রপয়েদ্ যবময়ং চরুং। ক্ষীরেণ কপিলায়াস্তু তদ্বিষ্ণোরিতি সাধকঃ।। প্রণবেনাভিঘার্যাথ দর্ব্যাং সংঘটয়েত্তত। সাধয়িত্বাবতার্যাথ তদ্বিষ্ণোরিতি হোময়েৎ।। ব্যাহৃত্যা চৈব গায়ত্র্যা তদ্বিপ্রাসেতি হোময়েৎ।। বিশ্বতশ্চক্ষুরিত্যুক্ত্বা বেদাদ্যৈর্হোময়েত্তথা।। সোমং রাজানমিতি চ জুহুয়াত্তদনন্তরম্। দিক্‌পালেভ্যঃ স্বস্বমন্ত্রৈর্গ্রহেভ্যশ্চৈব হোময়েৎ।। অগ্নয়ে স্বাহা, সূর্যায় স্বাহা, প্রজাপতয়ে স্বাহা অন্তরিক্ষায় স্বাহা দ্যৌঃস্বাহা ব্রহ্মণে স্বাহা, পৃথিব্যৈ স্বাহা, মহারাজায় স্বাহা। এবং হুত্বা চরোর্ভাগান্ দদ্যাদ্ দশদিশাং বলিম্। ততঃ পলাশসমিধা হুনেদষ্টোত্তরংশতম্।। আজ্যেন জুহুয়াৎ পশ্চাদেভির্মন্ত্রৈর্দ্বিজোত্তমঃ। ততঃ পুরুষসূক্তস্য মন্ত্রৈরাজ্যন্ত হোময়েৎ।। ইরাবতীতি জুহুয়াৎ তিলান্ঘৃতপরিপ্লুতান্। হুত্বা তু ব্রহ্মবিষ্ণীশদেবানামনুযায়িনাং।। গ্রহাণামথতির্বিদ্বা লোকেশানামথ পুনঃ। পর্বতানাং নদীনাঞ্চ সমুদ্রানাং তথৈব চ।। হুত্বা ব্যাহৃতিভিঃ কুর্যাৎ স্রুবপূর্ণাহুতিত্রয়ম্। বৌষড়ন্তেন মন্ত্রেণ বৈষ্ণবেন সুরোত্তমাঃ।। পঞ্চগব্যঞ্চ সংপ্রাশ্য দদ্যাদাচার্যদক্ষিণাম্। তিলপাত্রং হেমযুক্তং সবস্ত্রাং গামলংকৃতাম্। প্রীয়তাং ভগবান্ বিষ্ণুরিত্যুৎসৃজ ধৃতব্রত।।

পরবতী ক্রিয়াগুলির নির্দেশ পাওয়া যায় বিষ্ণুধর্মোত্তর বচন ও কপিল পঞ্চরাত্র বচন থেকে।

বিষ্ণুধর্মোত্তর বচন – ততঃ প্রাসাদসমীপে ওঁ উত্তিষ্ঠ ব্রহ্মণস্পতে ইতি মন্ত্রেণ দেবতামানীয় পূজয়িত্বা প্রাসাদং গত্বা দানানি চ দত্ত্বা – দেবতামাদায় তাং প্রদক্ষিণং কারয়িত্বা ওঁ ভদ্রং কর্ণেভিরিতিমন্ত্রেণ প্রবেশয়েৎ। ওঁ দেবস্যত্বেতি মন্ত্রেণ পিণ্ডিকোপরিন্যসেৎ। ওঁ স্থিরো ভবেতি মন্ত্রেণ স্থিরীকরণম্। ততোগন্ধপুষ্পাভ্যাং পূজয়িত্বা ওঁ যাবদ্ধরেতি মন্ত্রেণ দেবতা সন্নিধিং কুর্যাৎ।।

কপিলপঞ্চরাত্র বচন –

এবং কৃত্বা বিধানন্তু প্রাসাদে দেবমানয়েৎ। উত্তিষ্ঠেতি যথাযোগং পঠেদ্বৈ সুসমাহিতঃ।।
প্রাসাদঞ্চ ততো দত্ত্বা কারয়েৎ তং প্রদক্ষিণম্। ততঃ সংবেশয়েদ্দেবং ভদ্রং কর্ণেভিঃ মন্ত্রিতম্।।
দেবস্যত্বেতি মন্ত্রেণ পিণ্ডিকোপরি বিন্যসেৎ। স্থিরোভবেতি মন্ত্রেণ স্থিরং কুর্যাদ্জনার্দনম্।।
পূজয়িত্বা ততো দেবমিমং মন্ত্রমুদীরয়েৎ। যাবদ্ধরাধরোদেবোযাবত্তিষ্ঠতিমেদিনী।।
তাবদত্র জগন্নাথ সন্নিধীভব কেশব।।

প্রচলিত পদ্ধতিতে কেবল সামবেদী পুরুষসূক্তের ৬টি মন্ত্র দ্বারা আহুতির উল্লেখ আছে, কিন্তু মঠ প্রতিষ্ঠাতত্ত্বে সামবেদী ও যজুর্বেদীর পৃথক পৃথক নির্দেশ আছে। মঠ প্রতিষ্ঠা তত্ত্বের বচন হ'লো – **পুরুষসূক্তস্য তত্তদ্ বেদোক্তস্য তত্র সামগানাং ...... পুরুষপদযুক্তাঃ পঞ্চমন্ত্রাঃগ্রন্ত ইত্যনেন কয়ানশ্চিত্র ইত্যেকঃ। এতৈঃ সামগোজুহুয়াৎ। যজুর্বেদী তু তৎপ্রসিদ্ধাভিঃ সহস্রশীর্ষেত্যাদি ষোড়শ ঋগ্‌ভিঃ ষোড়শাহুতীর্জুহুয়াৎ'।**

এখানে মঠপ্রতিষ্ঠাতত্ত্বের নির্দেশই গ্রহণ করা হয়েছে।

ইতি প্রাসাদ-মঠ-মন্দির প্রতিষ্ঠা।

তুলসী মঞ্চ প্রতিষ্ঠা

বিধি – পশ্চিমবঙ্গে ধনী দরিদ্র প্রায় সকলের গৃহেই তুলসী মঞ্চ আছে এবং অত্যন্ত শ্রদ্ধার সঙ্গেই তার মার্জনাদি হ'য়ে থাকে। ঐ তুলসীমঞ্চ প্রতিষ্ঠা করার মানসিকতা অধিকাংশের মধ্যেই আছে, কিন্তু উপযুক্ত পদ্ধতি না থাকার ফলে কেহ বা মহাপ্রভুর উদ্দেশ্যে কয়েক মালসা ভোগ নিবেদন করে, কেহ বা বিবিধি উপচারে বিষ্ণু ও তুলসীর পূজা করেই ইচ্ছা চরিতার্থ করেন। শ্রদ্ধেয় রামগোপাল স্মৃতিরত্ন মহাশয় তাঁর 'প্রতিষ্ঠা পদ্ধতি' নামক পুঁথিতে তুলসীমঞ্চ প্রতিষ্ঠার একটি বিধি প্রণয়ন করে উক্ত অভাবটি অনেকাংশে পূরণ করেছেন এবং বিশেষ করে নানাজনের নানামতে চলার পথটি বন্ধ করে যাজক যজমান উভয়েরই কৃতজ্ঞতা ভাজন হয়েছেন। তুলসীমঞ্চ প্রতিষ্ঠা দ্বারা যুগপৎ দেবতা ও দেবায়তন প্রতিষ্ঠা সিদ্ধ হয়। বৃহদ্ধর্মপুরাণে তুলসীর মাহাত্ম্য সম্পর্কে মহাদেব দুর্গাকে বলেছেন, – **স্থিতঃ প্রতিদলেম্বস্যাঃ মন্ত্রো দ্বাদশবর্ণকঃ। অধিষ্ঠাত্রী দেবতাস্যামাবাং দেবীমহেশ্বরৌ।। নারায়ণ উপাস্যোহ্‌স্যাঃ প্রিয়েয়ং বৈষ্ণবী মতা।।** (অর্থাৎ এই তুলসীর প্রতি পাতায় দ্বাদশাক্ষর বিষ্ণুমন্ত্র অবস্থিত। এঁর অধিষ্ঠাত্রী দেবতা আমরা – দুর্গা, শিব। এঁর উপাস্য বিষ্ণু এবং ইনি বৈষ্ণবী প্রিয়া)। পাদ্মে ক্রিয়া যোগ সারে – **'সর্বদেবময়ী দেবী তুলসী বিষ্ণুবল্লভা। যত্র তিষ্ঠতি তত্রৈব তিষ্ঠন্তি সর্বদেবতাঃ।।** (সর্বদেবময়ী বিষ্ণুপ্রিয়া তুলসী যেস্থানে থাকেন সেস্থানে সমস্ত দেবতা বিরাজ করেন।) আমাদের দেশে তুলসীতলা যে শ্রদ্ধার সঙ্গে ধোয়ামোছা – পরিষ্কার করা হয় এবং সেখানে সন্ধ্যায় প্রদীপ দেওয়া হয় তাও কেবল বংশগত প্রথা বা কুসংস্কার নয়। এ-ব্যাপারে শাস্ত্রীয় নির্দেশ ও অর্থবাদ আছে। পাদ্মে ক্রিয়াযোগ সারে – **গোময়েস্তুলসীমূলে যঃ কুর্যাদুপলেপনম্। সম্মার্জনঞ্চ বিপ্রর্ষে তস্য পুণ্যফলং শৃণু।। রজাংসি তত্র যাবন্তি দূরভূতানি জৈমিনে। তাবৎকল্পসহস্রাণি মোদতে বিষ্ণুনা সহ।। প্রদীপং যস্তু সন্ধ্যায়াং স্থাপয়েত্তুলসী তলে। স যাতি মন্দিরং বিষ্ণোঃ কুলকোটি সমন্বিতঃ।।** (অর্থাৎ যে ব্যক্তি তুলসীমূলে গোময় দ্বারা লেপন ও সম্মার্জন করেন তিনি যত পরিমাণ ধূলি তুলসীতলা থেকে দূরীভূত করেন, ততকল্প সহস্র বছর বিষ্ণুর সঙ্গে বিহার করেন এবং যিনি সন্ধ্যাকালে তুলসীতলে প্রদীপ রাখেন তিনি কুলকোটির সঙ্গে বিষ্ণুমন্দিরে গমন করেন।)

সুতরাং তুলসীমঞ্চ মূলতঃ দেবতামন্দিরের সংক্ষিপ্ত রূপ হিসাবে মন্দির প্রতিষ্ঠাক্রমেই সমস্ত কার্য করা বিধেয়। তবে এক্ষেত্রে অনুকল্প স্বীকার্য।

(১) আভ্যুদয়িক শ্রাদ্ধের অনুকল্প ভোজ্যোৎসর্গ বহুক্ষেত্রেই হয়, এক্ষেত্রেও করা যায়।

(২) বাস্তুযাগের পূজাগুলি ঘটে বা শালগ্রামে করা যায়।

(৩) বাস্তুযাগের হোম ও মঞ্চপ্রতিষ্ঠার হোম একই স্থণ্ডিলে কেবল তিলযব সমিধ দ্বারা করা যায়। বাস্তুযাগের চরুহোম ও পায়স বলি একত্র পক্ক চরু থেকেই করা যায়।

(৪) মঞ্চ প্রতিষ্ঠায় দেবতাকে নিয়ে প্রদক্ষিণের স্থলে তুলসীবৃক্ষটিকে একটি আধারে নিয়ে প্রদক্ষিণ করা হবে।

(৫) ধ্বজা রোপণ থাকবে; তবে দ্বারদেশে গরুড়াদি স্থাপন ও পূজন হবে না।

(৬) সভোজ্য দ্বাদশদান উৎসর্গ করাও বিধেয়।

(৭) একটি মাত্র ঘটস্থাপন করা হবে।

প্রয়োগপদ্ধতি

যজমান নিত্যক্রিয়া সমাপনান্তে শুদ্ধাসনে পূর্বমুখে বসে তিলক, আচমনাদি, গন্ধ-নারায়ণাদির অর্চনার পর পূর্বদিনে অধিবাস করা না হ'লে **'ওঁ কর্তব্যেহ্‌স্মিন্ শুভাধিবাস কর্মণি পুণ্যাহং ভবন্তো ব্রুবন্তু** ইত্যাদিক্রমে স্বস্তিবাচন, স্বস্তিসূক্ত পাঠ করে সঙ্কল্প করতে হয় যথা— **বিষ্ণুরোঁতৎসদদ্য .... দেবশর্মা তুলসীমঞ্চ প্রতিষ্ঠা কর্মাঙ্গীভূত তুলসীমঞ্চাধিবাসন কর্মাহংকারিষ্যে**। তারপর গণেশাদিপঞ্চদেবতা ও বিষ্ণুর পূজা করে **'ওঁ অনয়ামহ্যা অস্য তুলসীমঞ্চস্য শুভাধিবাসনমস্তু'** —ইত্যাদি ক্রমে অধিবাস করার পর প্রতিষ্ঠার **স্বস্তিবাচন** করবেন।

স্বস্তিবাচন **ওঁ কর্তব্যেহ্‌স্মিন্ ইষ্টকাদিময় তুলসীমঞ্চ প্রতিষ্ঠা কর্মণি – ওঁ পুণ্যাহং ভবন্তো** ব্রুবন্তু – ইত্যাদি ক্রমে। তারপর

সংকল্প **বিষ্ণুরোম্ তৎ সৎ .... পৃথিবীপতিত্ব প্রাপ্তি পূর্বকম্ এতৎ ইষ্টকাদিময় তুলসীমঞ্চপরমাণুসমসংখ্যক সহস্রগুণ বর্ষাবচ্ছিন্ন বিষ্ণুলোকমোদমানত্বপ্রাপ্তিকামঃ এতদিষ্টকাদিময় তুলসীমঞ্চ প্রতিষ্ঠা কর্মাহং করিষ্যে।** সংকল্প

সূক্তাদি পাঠের পর ও ব্রাহ্মণ বরণের পর বৃত ব্রাহ্মণ **পঞ্চগব্যশোধন** থেকে **পঞ্চদেবতার পূজা পর্যন্ত** (৩২ পৃ. থেকে ৪২ পৃ. পর্যন্ত) করে গন্ধপুষ্পাদির দ্বারা – **গণেশ, ইন্দ্রাদি দশদিক পাল, আদিত্যাদি নবগ্রহ, ঈশাদি ৫৩ জন দেবতা, বাসুদেব, বাসুদেবগণ, পৃথিবী, সর্বদেবময় হরির পূজা করে বাস্তোষ্পতি ও ব্রহ্মার** (৪৩ — ৫৯ পৃ.) দশোপচারে পূজা করবেন। পরে **বিষ্ণু ও তুলসীর** ষোড়শোপচারে পূজা করে হোম করবেন।

তুলসীর ধ্যান

ওঁ ধ্যায়েদ্দেবীং নবশশীমুখীং পক্কবিম্বাধরোষ্ঠীম্। বিদ্যোতন্তীং কুচযুগভরানম্র কল্পাঙ্গযষ্ঠিন্।।
ঈষদ্ধাস্যাং ললিতবদনাং চন্দ্রসূর্যাগ্নিনেত্রাম্। শ্বেতাঙ্গীং তামভয়বরদাং শ্বেতপদ্মাসনস্থান্।।

প্রণাম মন্ত্র –

ওঁ জগদ্ধাত্রি নমস্তভ্যং বিষ্ণোশ্চ প্রিয়বল্লভে। মাতা ব্রহ্মাদয়ো দেবাঃ সৃষ্টিস্থিত্যন্ত কারিণঃ।।
ওঁ নমস্তুলসি কল্যাণি নমোবিষ্ণুপ্রিয়ে শুভে। নমো মোক্ষপ্রদে দেবি নমঃ সম্পৎপ্রদায়িকে।।
ওঁ বৃন্দায়ৈ তুলসীদেব্যৈ প্রিয়ায়ৈ কেশবস্য চ। বিষ্ণুভক্তিপ্রদে দেবি সত্যবত্যৈ নমো নমঃ।।

প্রদক্ষিণ করার মন্ত্র – (৪ বার)

ওঁ ইন্দ্রাদ্যৈ সকলৈর্দেবৈ রর্চিতাং ভব সুন্দরীম্। ভক্তানাং বরদাং বন্দে তুলসীং সৌম্যরূপিণীম্।।
ওঁ সর্বদেবময়ীং দেবীং বেদগর্ভাং মনোরমাম্। যোগগম্যামহং বন্দে তুলসীং সৌম্যরূপিণীম্।।
ওঁ সুরাসুরবিশেষজ্ঞাং সর্বালংকার ভূষিতাম্। ত্রিজগজ্জননীং বন্দে তুলসীং সৌম্যরূপিণীম্।।
ওঁ পদ্মহস্তাং পদ্মমুখীং পদ্মস্থাং পদ্মলোচনাম্। লক্ষ্মীরূপামহং বন্দে তুলসীং সৌম্যরূপিণীম্।।

হোম

পূজার পর **মন্দির প্রতিষ্ঠার নিয়মে হোম** করতে হবে। মঞ্চে তুলসীকে বসিয়ে পুনরায় **ষোড়শোপচারে পূজা** করে মন্দির প্রতিষ্ঠার নিয়মে সমস্ত হোম করা হবে। বিশেষত্ব হলো যে তুলসীর নামেও জুষ্ট গ্রহণ ও আহুতি হবে।

সামবেদী — (৬১ পৃ. থেকে ৬৫ পৃ. এবং পুনরায় ৮০ পৃ. থেকে ৮৩ পৃ. পর্যন্ত)।

যজুর্বেদী — (৬৯-৭১পৃ.) পুনরায় ৮৪ পৃ. থেকে ৮৬ পৃ. পর্যন্ত)।

ঋগ্বেদী — ৭৪ পৃ. থেকে ৭৭ পৃ. পর্যন্ত পুনরায় ৮৭ পৃ. থেকে ৮৯ পৃ. পর্যন্ত।

সকল বেদীরই ১০৮ পৃ. কেবল তিলাজ্য সমিধে হোম করে প্রাসাদ/মন্দির প্রতিষ্ঠার বিধি অনুসারে ১১০ পৃ. থেকে শেষ পর্যন্ত সমস্ত কাজ হবে। অর্থাৎ তিলক দান ও অগ্নি বিসর্জনের পর মঞ্চে তুলসী ও নারায়ণকে বসিয়ে পুনরায় তুলসীর ষোড়শোপচারে পূজা করে প্রদক্ষিণ করে **ধ্বজ, দ্বাদশ দান** ও **মঞ্চ উৎসর্গ** করতে হবে। (১১১-১১৩ পৃ.)

এখানে মন্দির প্রতিষ্ঠার ন্যায় 'ধ্বজ' উৎসর্গ হবে এবং বস্ত্রাচ্ছাদিত মঞ্চ উৎসর্গ করা হবে।

দানোৎসর্গ

দানোৎসর্গ বাক্যে – বিষ্ণুরোম্ .... এতদিষ্টকাদিময় তুলসীমঞ্চ প্রতিষ্ঠাসিদ্ধিপূর্বকং শ্রীবিষ্ণুপ্রীতিকামঃ ইদং ভূমিমূল্যমর্চিতং শ্রীবিষ্ণু দৈবতং ভগবত্যৈ তুলসীদেব্যৈ অহং সম্প্রদদে। দানদক্ষিণা দানান্তে মঞ্চ উৎসর্গ—

তুলসীমঞ্চ উৎসর্গ

অর্চনা – **এতস্মৈ বস্ত্রাচ্ছাদিতেষ্টকাদিময় মঞ্চায় নমঃ। .... সম্প্রদানায় ওঁ তুলসী দেব্যৈ নমঃ।**

উৎসর্গ বাক্য — বিষ্ণুরোম্ তৎসৎ .... এতদিষ্টকাদিময়মঞ্চপরমাণুসমসংখ্যকসহস্রগুণবর্ষাবচ্ছিন্ন বিষ্ণুলোকমোদ-মানত্বপ্রাপ্তিকামঃ ইমমিষ্টকাদিময়মঞ্চং বস্ত্রাচ্ছাদিতমর্চিতং শ্রীবিষ্ণুদৈবতং ভগবত্যৈ বৃন্দায়ৈ তুলসী দেব্যৈ তুভ্যমহং সম্প্রদদে।

দক্ষিণা — অর্চনা করে বাক্য- বিষ্ণুরোম্......... কামনয়া কৃতৈতদ্ ইষ্টকাদিময় মঞ্চ প্রতিষ্ঠা কর্মণঃ সাঙ্গতার্থং দক্ষিণামিদং কাঞ্চনমূল্যমর্চিতং বিষ্ণুদৈবতং ভগবত্যৈ বৃন্দায়ৈ তুলসীদেব্যৈ তুভ্যমহং সম্প্রদদে।

এরপর **কয়ানশ্চিত্র** ইত্যাদি বৈদিকমন্ত্রে ও **সুরাস্ত্বামভিষিঞ্চ** মন্ত্রে **শান্তি** দানের পর **অচ্ছিদ্রাবধারণ** করে **বৈগুণ্য সমাধান** করবেন। তুলসীমঞ্চ প্রতিষ্ঠা দিনেও মন্দির প্রতিষ্ঠায় ন্যায় ব্রাহ্মণকে ভোজন করান ও দান, দক্ষিণাদিদান কর্ত্তব্য।

ইতি তুলসী মঞ্চ প্রতিষ্ঠা।

রাসমঞ্চপ্রতিষ্ঠা

রাসমঞ্চ প্রতিষ্ঠায় সমস্ত কার্য তুলসীমঞ্চ প্রতিষ্ঠার ন্যায় হবে। কেবল বিষ্ণু ও তুলসী পূজার স্থলে শ্রীকৃষ্ণ ও শ্রীরাধার পূজা হবে। এখানে সঙ্কল্পবাক্যে বিশেষ—**এতদিষ্টকাদিময় রাসমঞ্চ পরমাণু সমসংখ্যক শত বর্ষাবচ্ছিন্ন গোলোকধাম-নিবাসকামঃ।**

রাসমঞ্চপ্রতিষ্ঠায় স্বর্ণময়ী রাধিকাও রজতশ্রীকৃষ্ণমূর্তি একটি পাত্রে রেখে রাসপ্রতিষ্ঠা দৃষ্টে রাধাকৃষ্ণের পূজা হবে।

তুলসীমঞ্চ উৎসর্গের মত রাসমঞ্চটি রাধাকৃষ্ণকে উৎসর্গ করে প্রার্থনা করতে হবে—

ওঁ রাসমঞ্চো ময়া দত্তো যুবয়োঃ প্রীতিহেতবে। রমস্ব ভগবন্ কৃষ্ণরাধয়া সহ তত্রবৈ।।
কৃপাময় জগন্নাথ পাহিমাং ভবসাগরাৎ। ভক্তির্মেঽস্তু সদা দেব ত্বতীয় চরণাম্বুজে।।
পরমা প্রকৃতিরাদ্যা রাধাশক্তি স্বরূপিনী। ত্বমেব পরমং ব্রহ্ম সর্বভূতেষু তিষ্ঠমি।।
রাসোল্লাস সমাযুক্তো নিত্যং রাসে বিরাজসে। সর্বভূতাধিবাসত্বং পীতবাসো নমোঽস্তুতে।।

এরপর শান্ত্যাদি ক্রিয়াগুলি হবে।

দোলমঞ্চপ্রতিষ্ঠা

দোলমঞ্চ প্রতিষ্ঠাতে ও সমস্ত কার্য তুলসীমঞ্চ প্রতিষ্ঠার মত হবে, কেবল তুলসীমঞ্চের পরিবর্তে দোলমঞ্চ বলা হবে। এখানে বিষ্ণু ও তুলসী পরিবর্তে **বিষ্ণু ও লক্ষ্মীর** পূজা হবে (রজত বিষ্ণু ও স্বর্ণলক্ষ্মী মূর্তি)।

সঙ্কল্প বাক্যে—**এতদিষ্টকাদিময় দোলমঞ্চ পরমাণুসমসংখ্যক শতবর্ষাবচ্ছিন্ন বিষ্ণুলোকনিবাসকামঃ।**

তুলসীমঞ্চ প্রতিষ্ঠার মত আনুপূর্বিক সমস্ত কৃত্য সম্পন্ন করে দোলমঞ্চটি গোবিন্দকে উৎসর্গ করে প্রার্থনা করবে,—

ওঁ দোলমঞ্চ ময়া দত্তো ভগবান্ বিশ্বভাবন। রমস্ব রময়া সার্ধংবাঞ্ছিতার্থপ্রদোভব।।
ন মে ভক্তির্মতির্নৈব ভবতি ত্বৎ কথারতিঃ। কৃপয়া করুণাসিন্ধো দীনবন্ধোঽভিরক্ষত।।

এরপর শান্ত্যাদি ক্রিয়া।

দেবতা প্রতিষ্ঠা

গঙ্গাধরং ত্রিনয়নং শশিমৌলিং জটাধরম্। দশহস্তং শূল-টঙ্ক-খড়্গ বজ্রাসি পাশকম্।।
দধানং দক্ষিণভুজে ঘণ্টাং বাসুকিমঙ্কুশং। পাশঞ্চৈবাভীতিমুদ্রাং দধানং বামপাণিভিঃ।।
সর্বৈশ্চ দেবমুনিভিঃ স্তুতং পিঙ্গললোচনং শুক্লাম্বুজে সন্নিবিষ্টমথবা বৃষসংস্থিতম্।।
গন্ধর্বৈরপ্সরোভিশ্চ গীয়মানমুমাপতিম্।। ধ্যান করে নিজ মস্তকে পুষ্পটি রেখে মানসোপচারে পূজা, বিশেষার্ঘ্য স্থাপন ও পীঠপূজা করবে।

তারপর পুনরায় শিবলিঙ্গটিকে ধরে পাঠ করবেন— ওঁ যস্য সিংহা রথা উক্তা ব্যাঘ্রা ভূতাস্তথোরগাঃ। ঋষয়ো লোকপালাশ্চ দেবস্কন্দস্তথা বৃষঃ।। প্রিয়াগণাঃ মাতরশ্চ সোমো বিষ্ণুঃ পিতামহঃ। নাগাঃ যথা সগন্ধর্বা যে চ দিব্যা নভশ্চরাঃ। তামহং ত্র্যক্ষমীশানং শিবং রুদ্রমুমাপতিম্। আবাহয়ামি সগণং সপত্নীকং বৃষধ্বজম্। —ওঁ ভগবন্ শিব ইহাগচ্ছ ইহাগচ্ছ। ওঁ তবেয়ং মহিমামূর্তিস্তস্যাঃ সর্বাগমপ্রভো। ভক্তিস্নেহসমাদৃষ্টং দীপবৎ স্থাপয়াম্যহম্।। ওঁ ভগবন শিব ইহ তিষ্ঠ ইহতিষ্ঠ। ওঁ মনোজুতির্জুষতামাজ্যস্য বৃহস্পতির্যজ্ঞমিমং তনোতু। অরিষ্টং যজ্ঞং সমিমং দধাতু বিশ্বে দেবাস ইহমদয়ন্ত মোঁ প্রতিষ্ঠ।। —ওঁ ভগবন্ শিব ইহ সন্নিধেহি।

ওঁ হংসঃ শুচিষদ্ বসুরন্তরিক্ষসদ্ধোতা বেদিষদতিথির্দুরোণসৎ। নৃসদ্বরসদ্ ব্যোমসদব্জা, গোজা ঋতজা অদ্রিজা ঋতং বৃহৎ।। ওঁ প্রতদ্বিষ্ণুঃ স্তবতে বীর্যেণ মৃগোণ ভীমঃ কুচরো গিরিষ্টাঃ যস্যোরুষু ত্রিষু বিক্রমণে ষ্বধি ক্ষিয়ন্তি ভুবনানি বিশ্বাঃ।। ওঁ বিষ্ণুর্যোনিং কল্পয়তু ত্বষ্টারূপাণি পিংষতু। আসিঞ্চতু প্রজাপতির্ধাতা গর্ভং দধাতু তে।। ওঁ ত্র্যম্বকং যজামহে

সুগন্ধিং পুষ্টিবর্ধনম্। উর্বারুকমিব বন্ধনান্মৃত্যোমুক্ষীয়মামৃতাৎ।। ওঁ ভগবন্ শিব সন্নিরুধ্যস্ব।

ওঁ ভূঃ ওঁ ভুবঃ ওঁ স্বঃ ওঁ মহঃ ওঁ জনঃ ওঁ তপঃ ওঁ সত্যং ওঁ তৎসবিতুর্বরেণ্যং ভর্গোদেবস্য ধীমহি ধিয়ো য়োনঃ প্রচোদয়াৎ। ওঁ আপো জ্যোতীরসোঽমৃতং ব্রহ্ম ভূর্ভুবঃস্বরোম্।। ওঁ ভগবন্ শিব অত্রাধিষ্ঠানং কুরু মম পূজাং গৃহাণ।।

শিবলিঙ্গের মাথায় হাত দিয়ে

প্রাণপ্রতিষ্ঠা ওঁ আং হ্রীং ক্রোং যং রং লং বং শং ষং সং হোং হং সঃ শিবস্য প্রাণা ইহপ্রাণাঃ। পুনঃ— আং হ্রীঁ...... শিবস্য জীব ইহ স্থিতঃ। আং হ্রীং....... শিবস্য সর্বেন্দ্রিয়াণি। পুনঃ আং হ্রীং .....শিবস্য সর্বেন্দ্রিয়াণি। পুনঃ আং হ্রীং .... শিবস্য বাঙ্‌মনশ্চক্ষুঃশ্রোত্রঘ্রাণপ্রাণা ইহাগত্য সুখং চিরং তিষ্ঠন্তু স্বাহা।। ওঁ মনোজুতি ইত্যাদি (৩২ পৃ.) মন্ত্রপাঠ করে ওঁ নমঃ শিবায় ইতি শিরোবদনহৃদয়পাদর্সবাঙ্গে পুষ্পাঞ্জলিপঞ্চক দিতে হবে।

পুনরায় ধ্যান করে ষোড়শোপচারে পূজা করতে হবে

ষোড়শোপচারে স্তুতিসহ নিবেদন—

আসন— অর্চনা করে **ওঁ নমস্তে রুদ্রমন্যব উতোত ইষবে নমঃ। বাহুভ্যাং উততে নমঃ। এতদ্‌রজতাসনং ওঁ নমঃ শিবায় নমঃ।** বলে নিবেদন করে স্তুতি—

ওঁ সর্বন্তর্যামিনে দেব সর্ববীজময়ং ততম্।

আত্মস্থায় পরং শুদ্ধমাসনং কল্পয়াম্যহম্।।

স্বাগত— ওঁ যাতে রুদ্র শিবা তনু, রঘোরা পাপকাশিনী। তয়া নস্তন্বা শন্তময়া, গিরিশন্তাভিচাকশীহি।।

ওঁ যস্যদর্শনমিচ্ছন্তি দেবা স্বাভীষ্টসিদ্ধয়ে। তস্মৈ তে পরমেশায় স্বাগতং স্বাগতঞ্চমে।।

ভগবন্ সাম্বশিব স্বাগতং সুস্বাগতং কুশলং তে।।

পাদ্য— অর্চনান্তে, ওঁ যামিষু গিরিশন্ত হস্তে বির্ভয্যস্তবে। শিবাং গিরিত্র তাং কুরু, মাহিংসীঃ পুরুষং জগৎ।। এতৎপাদ্য বলে নিবেদনান্তে স্তুতি—

ওঁ যদ্ভক্তিলেশ সম্পর্কাৎ পরমানন্দসম্ভবঃ।

তস্যৈতে চরণাব্জায় পাদ্যং শুদ্ধায় কল্পয়ে।।

অর্ঘ্য— অর্চনান্তে, **ওঁ যামিষুং শিবেন বচসাত্বা, গিরিশাচ্ছাবদামসি।**

যক্ষনঃ সর্বমিজ্জগদ্ যক্ষগুঁ সুমনা অসৎ।। ইদমর্ঘ্যং (এষ অর্ঘ্যঃ) ওঁ - - - - - নিবেদনান্তে স্তুতি—

ওঁ তাপত্রয়হরং দিব্যং পরমানন্দলক্ষণম্। তাপত্রয়বিমোক্ষায় তবার্ঘ্যং কল্পয়াম্যহম্।।

আচমনীয়— অর্চনান্তে, **ওঁ অধ্যবোচদধি, প্রথমো দৈব্য ভিষক্। অহীগুঁশ্চ সর্বান্ জম্ভয়ন্ সর্বাশ্চ যাতুধানোঽধরাচী পরাসুব।। ইদমাচমনীয়ম্ ওঁ** ....। নিবেদনান্তে

ওঁ দেবনামপি দেবায় দেবানাং দেবতাত্মনে। আচামং কল্পয়ামীশ সুধাংশুস্রুতি হেতবে।।

মধুপর্ক— ওঁ অসৌ যস্তাম্রো অরুণ উত বভ্রুঃ সুমঙ্গলঃ। যে চৈনাং রুদ্রা অভিতো দিক্ষু শ্রিতাঃ সহস্রশোঽবৈষা ওঁ হেড়ঈমহে। এষ মধুপর্কঃ ওঁ . . . . .। নিবেদনান্তে

ওঁ সর্বকল্মষহীনায় পরিপূর্ণসুখাত্মনে। মধুপর্কমিমং দেব কল্পয়ামি প্রসীদমে।।

পুনরাচমনীয়— অর্চনান্তে, ইদংপুনরাচনীয়ম্ ওঁ . . . .। নিবেদনান্তে

ওঁ উচ্ছিষ্টোঽপ্যশুচির্বাপি যস্য স্মরণমাত্রতঃ। শুদ্ধিমাপ্নোতি তস্মৈ তে পুনরাচমনীয়কম্।।

স্নান— অর্চনান্তে, ওঁ অসৌযো অবসর্পতি নীলগ্রীবো বিলোহিতঃ

উতৈনং গোপা অদৃশন্নদৃশ্রন্নুদাহার্যঃ, সদৃষ্টোমৃড়য়াতি নঃ।। ইদং স্নানীয়ং ওঁ . . . .। নিবেদনান্তে

ওঁ পরমানন্দ বোধাব্ধি নিমগ্ননিজমূর্তয়ে। সাঙ্গোপাঙ্গমিদং স্নানং কল্পয়াম্যহমীশতে।।

পুনরাচমনীয়— অর্চনার পর নিবেদনান্তে স্তুতি— ওঁ উচ্ছিষ্টোহপ্যশুচি . . . .

বস্ত্র— অর্চনান্তে, ওঁ নমোঽস্তু নীলগ্রীবায়, সহস্রাক্ষায় মীঢ়ুষে। অথো যে অস্য সত্বানো, অহং তেভ্যোঽকরং নমঃ। ইদং বস্ত্রম্ ওঁ . . . .। নিবেদনান্তে

ওঁ মায়াচিত্রপটাচ্ছন্ন নিজগুহ্যোরুতেজসে। নিরাবরণবিজ্ঞায় বাসস্তে কল্পয়াম্যহম্।।

পুনরাচমনীয়— পূর্ববৎ

আভরণ— অর্চনান্তে, ওঁ প্রমুঞ্চ ধম্বনস্ত্বমুভয়ো রাত্নোর্জ্যাং। যাশ্চ তে হস্ত ঈষবঃ পরতো ভগব বপ।। ইদমাভরণম্ ওঁ . . . .। নিবেদনান্তে—

ওঁ স্বভাব সুন্দরাঙ্গায় নানাশক্ত্যাশ্রয়ায় চ। ভূষণানি বিচিত্রাণি কল্পয়াম্যমরার্চিত।।

যজ্ঞোপবীত— অর্চনান্তে, ওঁ ব্রহ্মজজ্ঞানং প্রথমং পুরস্তাদ বিসীমতঃ সুরুচো বেন আবঃ সবুধ্ন্যা উপমা অস্যবিষ্ঠা সতশ্চযোনি মসতশ্চ বিবঃ।। হৌঁ এতদযজ্ঞোপবীতং ওঁ নমঃ . . . .।। নিবেদনান্তে—

ওঁ যস্য শক্তিত্রয়েণেদং সম্প্রোতমখিলং জগৎ। যজ্ঞসূত্রায় তস্মৈ তে যজ্ঞসূত্রং প্রকল্পয়ে।।

গন্ধ— অর্চনান্তে, ওঁ বিজ্যং ধনুঃ কপর্দিনো, বিশালোবণবাঁ উত। অনেশন্নস্য যা ইষব আভুরস্য নিষঙ্গধিঃ।। হৌঁ এষ গন্ধঃ ওঁনমঃ . . . .। নিবেদনান্তে

ওঁ পরমানন্দসৌরভ্য পরিপূর্ণং দিগন্তরম্। গৃহাণ পরমং গন্ধং কৃপয়া পরমেশ্বর।।

পুষ্প— অর্চনান্তে, ওঁ যা তে হেতি মীঢ়ুষ্টম, হস্তে বভূব তে ধনুঃ। *ত্বয়াস্মান্ বিশ্বতস্ত্বমযক্ষ্ময়া পরিভুজ।* হৌঁ এতৎ পুষ্পম্ ওঁ নমঃ . . . .। নিবেদনান্তে

ওঁ তুরীয় বন সম্ভূতং নানাগুণ মনোহরম্। আনন্দ সৌরভং পুর্ণ গৃহ্যতামিমদমুত্তমম্।।

ধূপ— অর্চনান্তে, ওঁ পরিতে ধন্বনো হেতি, রস্মান্ বৃণক্তু বিশ্বতঃ। অথোয ইষুধিস্তবারে, অস্মিন্নিধেহি তম্।। হৌঁ এষ ধূপঃ ওঁ নমঃ . . . .। নিবেদনান্তে—

ওঁ বনস্পতি রসো দিব্যো গন্ধাঢ্যঃ সুমনোহরঃ। আঘ্রেয়ঃ সর্বদেবানাং দীপোঽয়ং প্রতিগৃহ্যতাম্।।

দীপ— অর্চনান্তে, ওঁ অবতত্য ধনুষ্ট গুঁ সহস্রাক্ষ শতেযুধে। নিশর্য শাল্যানাং মুখা শিবোনঃ সুমনা ভব। হৌঁ এষ দীপঃ ওঁ নমঃ . . . .। নিবেদনান্তে—

ওঁ সুপ্রকাশো মহাদীপঃ সর্বতস্তিমিরাপহঃ। সবাহ্যাভ্যন্তরো জ্যোতির্দীপোঽয়ং প্রতিগৃহ্যতাম্।।

নৈবেদ্য— অর্চনান্তে ওঁ নমস্ত আয়ুর্ধায়ানা ততায় ধৃষ্ণবে, উভাভ্যামুততে নমো বাহুভ্যাং তব ধন্বনে। হৌঁ এতন্নৈবেদ্যং ওঁ নমঃ . . . .। নিবেদনান্তে—

ওঁ সৎপাত্রসিদ্ধং সুহবি বিবিধানেক ভক্ষণম্। নিবেদয়ামি দেবেশ সানুগায় গৃহাণ তৎ।।

পানার্থ— অর্চনান্তে, ওঁ মানো মহান্তমুতমান অর্ভক্, মান উক্ষন্ত মুতমান উক্ষিতম্। মা নো বোধীঃ পিতরং মোতমাতরং মানা প্রিয়াস্তন্বো রুদ্ররীরিষঃ।। হৌঁ ইদং পানার্থোদকম্ ওঁ নমঃ . . . .। নিবেদনান্তে

ওঁ সমস্ত দেবদেবেশ সর্বতৃপ্তি করং পরম্। অখণ্ডানন্দ সম্পূর্ণং গৃহাণ জলমুত্তমম্।।

পুনরাচমনীয়— পূর্ববৎ

তাম্বুল— অর্চনান্তে, ওঁ মান স্তোকে তনয়ে মান আয়ুষি, মা নো গোষু মা নো অশ্বেষু রীরিষঃ। মানোবীরান্ রুদ্রো ভামিনো বধী হবিষ্মন্তঃ সদামি ত্বা হবামহে।। হৌঁ এতত্তাম্বুলম্ ওঁ নমঃ . . . .। নিবেদনান্তে—

ওঁ তাম্বুলঞ্চ পরং রম্যং কর্পূরাদি সুবাসিতম্। ময়া নিবেদিতং ভক্ত্যা তাম্বুলং প্রতিগৃহ্যতাম্।।

— তারপর **ওঁ ভূর্ভুবঃ স্বর্ভগবন্ অমুকশিব ওঁ তৎপুরুষায় বিদ্মহে মহাদেবায় ধীমহি তন্নো রুদ্রঃ প্রচোদয়াৎ।** মন্ত্রে ৩বার পুষ্পাঞ্জলি দিয়ে প্রার্থনা— **ওঁ নমো জ্যেষ্ঠায় চ কনিষ্ঠায় চ নমঃ, পূর্বজাতায় পরজাতায় চ নমো, মধ্যমায় অপগণ্ডায় চ নমো, জঘন্যায় বুধ্ন্যায় চ নমঃ।।** তারপর পূর্বাদি পঞ্চমুখের গন্ধপুষ্পদ্বারা পূজা— **তৎপুরুষায় নমঃ ওঁ অঘোরায় নমঃ ওঁ সদ্যোজাতায় নমঃ ওঁ বামদেবায় নমঃ ওঁ ঈশানায় নম** ইতি ।।**অষ্ট মূর্তি পূজা— ওঁ সর্বায় ক্ষিতিমূর্তয়ে নমঃ। ওঁ ভবায় জলমূর্তয়ে নমঃ। ওঁ রুদ্রায় অগ্নিমূর্তয়ে নমঃ। ওঁ উগ্রায় বায়ুমূর্তয়ে নমঃ। ওঁ ভীমায় আকাশমূর্তয়ে নমঃ। ওঁ পশুপতয়ে যজমানমূর্তয়ে নমঃ। ওঁ মহাদেবায় সোমমূর্তয়ে নমঃ। ওঁ ঈশানায় সূর্যমূর্তয়ে নমঃ।**

তারপর **পীঠে**

গৌরী পূজা ধ্যান — **ওঁ চতুর্ভূজাং পঙ্কজস্থাং জটামুকুটধারিণীং। তপ্তকাঞ্চনবর্ণাভাং রক্তকৌষেয়ধারিণীং। বরাভয়ং শঙ্খচক্রং দধতীং চন্দ্রশেখরাং। নবযৌবনসম্পন্নাং নানালঙ্কারভূষিতাং।** এই ধ্যানের পর মানসপূজা করে পুনরায় ধ্যান করে আবাহন— **ওঁ ভগবত্যম্বিকে ইহাগচ্ছ ইহাগচ্ছ** ইত্যাদিক্রমে আবাহন করে **ওঁ অম্বে অম্বিকে অম্বালিকে ন মা নয়তি কশ্চন সসস্তশ্বকঃ সুভদ্রিকাং কাম্পিল্য বাসিনীম্।** মন্ত্রে ষোড়শোপচারে পূজা করে আবরণ পূজা— **শিবস্য কিরীটা-দ্যঙ্গদভূষণেভ্যো নমঃ। তদস্ত্রেভ্যো নমঃ। ওঁ ত্রিশূলায়। ওঁ ডম্বুরায় নমঃ।** পূর্বাদ্যষ্টদিক্ষু **ওঁ অনন্তায় নমঃ ওঁ সূক্ষ্মায় নমঃ। ওঁ শিবোত্তমায় নমঃ। — ওঁ একনেত্রায় নমঃ। ওঁ ত্রিমূর্তয়ে নমঃ! ওঁ শ্রীকণ্ঠায় নমঃ। ওঁ শিতিকণ্ঠায় নমঃ। ওঁ শিখণ্ডিনে নমঃ। ওঁ উমায়ৈ নমঃ। ওঁ চণ্ডেশ্বরায় নমঃ। ওঁ নন্দিনে নমঃ। ওঁ মহাকালায় নমঃ। ওঁ গণেশায় নমঃ। ওঁ বৃষায় নমঃ। ওঁ ভৃঙ্গিনে নমঃ। ওঁ স্কন্দায় নমঃ।** পূজা করে মূলমন্ত্রে পুষ্পাঞ্জলিত্রয় দিয়ে গণ্ড ও কক্ষ বাদ্য করে স্তোত্র ও কবচ পাঠ যথাশক্তি জপ করতে হয়। তারপর শান্তিঘটে বরুণ ও শান্তির যথাশক্তি উপচারে পূজা করে প্রতিষ্ঠাঙ্গ হোম করতে হবে।

শিবকবচং

ওঁ নমঃ শিবায়। দেব্যুবাচ।। শৃণু ত্বং দেবদেবেশ জগতাং হিতকারকং। শিবস্য কবচং দেব কথয়স্ব মহামতে। শ্রীমহাদেব উবাচ।। গুহ্যাদ্ গুহ্যতরং দেবি কবচং সর্বকামদম্। ন দেয়ং ভক্তিহীনায় নিন্দকায় বিশেষতঃ। মূর্খায় ভাবদুষ্টায় দত্ত্বা চ শিবহা ভবেৎ। প্রাণান্তেঽপি ন বক্তব্যং মম প্রীতিঞ্চ কারয়েৎ।। ইদং কবচমজ্ঞাত্বা পূজয়েৎ শিবলিঙ্গকম্। কল্পকোটি - শতেনাপি তস্য সিদ্ধির্ন জায়তে।। কৃত্বা তু কবচং দেবি সকৃদ্ বা পূজয়েচ্ছিবম্। ধর্মার্থকাম-মোক্ষঞ্চ লভতে নাত্র সংশয়ঃ।।

শিরো মে ঈশ্বরঃ পাতু কণ্ঠং পাতু মহেশ্বরঃ। হৃদয়ং পাতু নন্দীশো নাভিং পাতু পিণাকধৃক্। পার্শ্বয়োঃ শঙ্করঃ পাতু পৃষ্ঠং পাতু উমাপতিঃ। স্কন্ধৌ পাতু মহাদেবঃ কর্ণৌ পাতু শিবঃ স্বয়ম্। নেত্রে গঙ্গাধরঃ পাতু ঘ্রাণং পাতু বৃষধ্বজঃ।। গিরিশো বদনং পাতু চিবুকং ত্রিপুরান্তকঃ।। কৃত্তিবাসা ভ্রুবৌ পাতু পাদৌ চ পার্বতীপতিঃ।

শ্রীকণ্ঠঃ সর্বতঃ পাতু নীলকণ্ঠঃ সদা গৃহম্। ভার্য্যাং মৃত্যুঞ্জয়ঃ পাতু পুত্রাংশ্চ চন্দ্রশেখরঃ। বিশ্বেশ্বরো ধনং পাতু ধান্যং পাতু শীতাংশুভৃৎ। শিতিকণ্ঠঃ সদা পাতু বিদ্যাং পাতু ত্রিলোচনঃ।। সমরে শূলপাণিশ্চ পাতু মাং শত্রুসঙ্কটে। রাজদ্বারে শ্মশানে চ নৌকায়াং জলসাগরে।। দিবসে চ নিশায়াঞ্চ সন্ধ্যয়োরুভয়োরপি।। ভয়ে চ ত্রাণকালে চ সর্বকার্যে বিশেষতঃ।। সর্বতো রক্ষ মাং দেবো বিশ্বনাথশ্চ সর্বদা। মৃত্যুকালে স্মরেদ্ যস্তু শিব-নাম প্রযত্নতঃ।। সর্বত্র সুখমাপ্নোতি জায়তে শিব-সন্নিধৌ।। ইতি রুদ্রযামলে উমা-মহেশ্বর-সংবাদে শিবকবচং সম্পূর্ণম।।

দেব প্রতিষ্ঠা-হোম

স্বগৃহ্যোক্ত বিধি হোম করতে হবে। **সামবেদী** ৬১ পৃ. থেকে ৬৫ পৃ. পর্যন্ত। **যজুর্বেদী**— পৃ. ৬৯ থেকে ৭৩ পৃ. পর্যন্ত **ঋগ্বেদী** ৭৪ পৃ.— ৭৭ পৃ. পর্যন্ত করে **প্রকৃত কর্ম** (সর্ববেদীরই একরকম) প্রথম অগ্নির **লোহিত** নামকরণ করে ধ্যান

আবাহনাদি (৬৬ পৃ.) মহাব্যাহৃতি হোম (৬৮ পৃ.) করে **নবগ্রহ**[১] (স্ব স্ব মন্ত্রে) **গণেশ, সূর্য, বিষ্ণু, লক্ষ্মী, সরস্বতী, শিব, দুর্গা, ইন্দ্রাদি দশদিকপালের** ৮টি অথবা ১টি করে তিলাজ্য সমিধ দ্বারা হোম করতে হবে।[২] তারপর আদিতে ওঁকার ও শেষে স্বাহা যোগে বক্ষ্যমাণোক্ত দেবতাদের নামে ১টি করে আহুতি দিতে হবে।[৩] **ওঁ বসুধায়ৈ স্বাহা** ইত্যাদি ক্রমে - - **বসুরেতসে। যজমানায়। দিবাকরায়। জলায়। বায়বে। সোমায়। আকাশায়। সর্বায়। পশুপায়। অগ্নয়ে। যজমানায়। উগ্রায়। রুদ্রায়। আদিত্যায়। ভবায়। জলায়। বায়বে। ঈশানায়। মহাদেবায়। চন্দ্রায়। ভীমায়। আকাশায়।**

অতঃপর অগ্নিতে দেবতাকে আবাহন করে **জাতকর্ম, নামকরণ, নিষ্ক্রমণ, অন্নপ্রাশন, চূড়াকরণ ও উপনয়ন** - - এই ছটি সংস্কার সম্পাদন করা হবে। এই কর্মের বিধি হ'লো প্রতিটি সংস্কারের **জন্য ৫টি করে আজ্যাহুতি** দিতে হ'বে বক্ষ্যমানোক্ত ক্রমে[৪] **ওঁ ভুর্ভুবঃ স্ব তৎসবিতুর্বরেণ্যং ভর্গো দেবস্য ধীমহি ধিয়ো য়ো নঃ প্রচোদয়াৎ মূলমন্ত্র ভগবন্ (বা ভগবতি) বিষ্ণো / শিব / রুদ্র / সূর্য / দুর্গেদেবি / কালিকে তে জাতকর্ম সম্পাদয়ামি স্বাহা। (যে সংস্কারটির আহুতি হবে সেই সংস্কারটি বলা হবে)**

---

১) মাৎস্যে – নবগ্রহমখংকৃত্বা ততঃ কর্মসমারভেৎ। অন্যথা ফলদং পুংসাং ন কাম্যং জায়তে ক্বচিৎ।।

২) মহানির্বাণতন্ত্রে – বিধিবৎ সংস্কৃতে বহ্নৌ অর্চিভ্যোহর্চিতাহুতিঃ।

৩) মাৎস্যে – মূর্তিপা লোকপালেভ্যো মূর্তিভ্যঃ ক্রমশস্তথা। তথা মূর্ত্যধিদেবানাং হোমং কুর্যাৎ সমাহিতঃ।। বসুধা বসুরেতাশ্চ যজমানো দিবাকরঃ।। জলং বায়ুস্তথা সোম আকাশশ্চাষ্টমঃ স্মৃতঃ।। এতাসামধিপান বক্ষ্যে পবিত্রান্ মূর্তিনামতঃ। পৃথ্বীং পাতি শর্বশ্চ পশুপশ্চাগ্নিমেব চ। যজমানং তথৈবোগ্রো রুদ্রশ্চাদিত্যমেব চ। ভবো জলংসদা পাতি বায়ুনীশানমেব চ।। মহাদেবস্তথা চন্দ্রং ভীমশ্চাকাশমেব চ। সর্বদেব প্রতিষ্ঠাসু মূর্তিপাহ্যেত এব চ।। এতেভ্যো বৈদিকৈর্মন্ত্রৈর্যথাস্বং হোমমাচরেৎ।।

৪) মহানির্বাণ তন্ত্রে – আবাহ্য দেবীং সংপূজ্য জাতকর্মাণি সাধয়েৎ। জাতনাম্নী নিষ্ক্রমণম্ অন্নপ্রাশনমেব চ। চুড়োপনয়নং চৈতে ষট্ সংস্কারাঃ শিবেদিতাঃ।। প্রণবং ব্যাহৃতিশ্চৈব গায়ত্রীং মূলমন্ত্রকম্। সামন্ত্রণাভিধানং তে জাতকর্মাদিনাম চ।। সম্পদয়াম্যগ্নিকান্তাং সমুচ্চার্য বিধানবিৎ। পঞ্চপঞ্চাহুতির্দদ্যাৎ প্রতিসংস্কার কর্মণি।।

অতঃপর দেবতার **মূলমন্ত্রসহ নামাত্মক মন্ত্রে** (অর্থাৎ মূলমন্ত্র **ওঁ বিষ্ণবে স্বাহা** / মূলমন্ত্র **ওঁ শিবায় স্বাহা** ইত্যাদি ক্রমে) ১০৮টি বা ২৮টি করে পলাশ, যজ্ঞডুম্বুর, অশ্বত্থ, অপমার্গ ও শমী সমিধ আহুতি দিয়ে প্রতিটি আহুতির শেষে হুতশেষ দেবতার মস্তকে দিয়ে দেবতার পা, নাভি ও মস্তক স্পর্শ করবে।[৫] বা পূর্ণকুম্ভে নিক্ষেপ করা হবে। (একান্তপক্ষে উক্তরূপ হোম **করতে অসমর্থ হলে মহানির্বাণতন্ত্রানুসারে মূলমন্ত্রসহ দেবতার নামাত্মক মন্ত্রে ১০০** আজ্যাহুতি দিয়ে হুতশেষ দেবতার মস্তকে দেওয়া হবে।) শিব প্রতিষ্ঠায় শিবের আহুতির পর **ওঁ অম্বে অম্বিকে অম্বালিকে অম্বালিকে ন মানয়তি কশ্চন। স সপ্ত্যশ্বকঃ সুভদ্রিকাং কাম্পিল্ল্যবাসিনীং স্বাহা মন্ত্রে ১০৮/২৮টি বিল্বপত্রে দুর্গার এবং অষ্টমূর্তির হোম করতে হবে।**

উক্তরূপ প্রকৃত কর্মের পর **উদীচ্য কর্ম** –

সামবেদী – ৮০ পৃ. থেকে ৮৩ পৃ. পর্যন্ত।

যজুর্বেদী – ৮৪ পৃ. থেকে ৮৬ পৃ. পর্যন্ত।

ঋগ্বেদী— ৮৭ পৃ. থেকে ৮৯ পৃ. পর্যন্ত।

পূর্ণহোম – **'ওঁ অগ্নেত্বং মৃড়নামাসি'** বলে **'মৃড়'** নামক অগ্নির ধ্যান (৭৪ পৃ.) আবাহন ও গন্ধ, পুষ্প, ধূপ, দীপ, সবস্ত্র ফল তাম্বুল দ্বারা পূজা করে ঘৃতপাত্র নিয়ে যজমানের সহিত উঠে দাঁড়িয়ে **সপ্রণব ব্যাহৃতি সহ গায়ত্রী** ও **দেবতার মূলমন্ত্র সহ দেবতার গায়ত্রীর শেষে স্বাহা যোগ করে ২ বার বলে ২ বার** পূর্ণাহুতি দেওয়া হবে এবং দুবারই হুতশেষ স্থাপিত ঘটের জলে দেওয়া হবে।

---

৫) মাৎস্যে – পলাশোদুম্বরাশ্বত্থা অপমার্গঃশমী তথা। হুত্বা সহস্রমেকৈকং দেবং পাদে তু সংস্পৃশেৎ ততো হোমসহস্রেণ হুত্বা হুত্বা ততস্ততঃ। নাভিমধ্যং তথা বক্ষঃ শিরশ্চাপ্যলভেৎ পুনঃ।।

বৌধায়নোক্ত মতে – পলাশোদুম্বুরাশ্বত্থশম্যপমার্গ সমিদ্ভিঃস্থাপ্য দেবমন্ত্রেণাষ্টসহস্রমষ্টশতমষ্টাবিংশতির্বাহুত্বা প্রতিদ্রব্যহোমান্তে দেবং পাদনাভিশিরস্তু স্পৃশেৎ।

মহানির্বাণে – দত্ত্বা নাম্নাহুতিশতং মূলোচ্চারণ পূর্বকম্। দৈব্যেদত্ত্বাহুতেরংশং প্রতিমামুর্ধ্নি নিক্ষিপেৎ।

অতঃপর অগ্নিপ্রণাম করে **পূর্ণপাত্রানুকল্প ভোজ্য** উৎসর্গ করা হবে।

উৎসর্গ বাক্য – বিষ্ণুরোম্ .... অমুক দেবতা প্রতিষ্ঠাঙ্গ হোমকর্মণি ব্রহ্মকর্ম প্রতিষ্ঠার্থ মিত্যাদি।

অগ্নির ঈশানে দুধ দিয়ে ভস্ম নিয়ে অগ্নিকে কশ্যপ দান করে অগ্নিবিসর্জন করা হবে।

তারপর ঘটের জল দেবতার **পাদ, বক্ষ ও শিরে** সেচন করা হবে।[৬] [শিবপ্রতিষ্ঠায় বিশেষ হলো এ সময় ওঁ ঈশানঃ সর্ববিদ্যানাং ..... ইত্যাদি (১৩৪ পৃ.) পাঁচটি মন্ত্রে পাঁচ কলস শুদ্ধ জলে শিবকে স্নান করিয়ে **ওঁ বাম দেবায় নমঃ** বলে বস্ত্র দেওয়া হবে।] তারপর দেবতার মস্তকে হাত দিয়ে দেবতা অনুসারে নিম্নোক্ত মন্ত্রগুলি থেকে পাঠ করা হবে। (যজমান কৃতাঞ্জলি হয়ে বলবে।)

বিষ্ণু – ওঁ অতসীপুষ্পসংকাশং শঙ্খ চক্র গদাধরম্। সংস্থাপয়ামি দেবেশং দেবো ভূত্বা জনার্দনম্।।

শিব – ওঁ ত্র্যক্ষঞ্চ দশবাহুঞ্চ চন্দ্রার্ধকৃত শেখরম্। গণেশং বৃষসংস্থঞ্চ স্থাপয়ামি ত্রিলোচনম্।।

সূর্য – ওঁ সহস্র কিরণং শান্তমপ্সরোগণ সংযুতম্। পদ্মহস্তং মহাবাহুং স্থাপয়ামি দিবাকরম্।।

দেবী – ওঁ স্থিরা ভব জগদ্ধাত্রি সৃষ্টিস্থিত্যন্ত কারিণি। যাবদ্দিবা নিশানাথৌ তাবদত্র স্থিরা ভব।।

কৃতাঞ্জলি হয়ে – ওঁ সর্বযজ্ঞময়ং তেজঃ সর্বভূতময়ং বপুঃ। ইয়ং তে কল্পিতা মূর্তি অত্র ত্বাং স্থাপয়াম্যহম্।।

তারপর **জপ তর্পণ অভিষেক** করে কৃতাঞ্জলি হয়ে **প্রার্থনা — ওঁ ভগবন্ দেবদেবেশ ধর্মকামার্থমোক্ষদ। বিদ্যা বিদ্যেশ্বরৈ রুদ্রৈর্গণৈশৈর্লোকপালকৈঃ।। দেব-দানব-গন্ধর্বৈর্যক্ষৈশ্চ কিন্নরৈঃ সহ। অস্মিন্ লিঙ্গে মহাদেব সর্বদা বস বৈ প্রভো।। পুংসামনুগ্রহার্থায় পৃথিব্যাং স্বেচ্ছয়া প্রভো। পরাবরেণ ভাবেন স্থাতব্যং সর্বদা ত্বয়া।। সর্ববিঘ্নহরঃ পুংসাং সর্বদুঃখহরঃ সদা। সর্বদা যজমানস্য ইচ্ছাসম্পৎকরো ভব। নমস্তে সর্বধর্মায় সন্তোষ-বিজিতাত্মনে।। জ্ঞানবিজ্ঞানতৃপ্তায় ব্রহ্মতেজোঽতিশালিনে। নমস্তে শুদ্ধদেহায় পুরুষায় মহাত্মনে।। স্থাপকস্য মূর্তিপানাং *শিল্পিনাঞ্চ বিভো সদা। গ্রাম-দেশ-***

নৃপাণাঞ্চ শান্তির্ভবতু সর্বদা। পুজকারাধকানাঞ্চ ভক্তানাং ভক্তবৎসল। সর্বেষাঞ্চ জগন্নাথ ইচ্ছাসিদ্ধিপ্রদো ভব।। চন্দ্রার্কাববনীং যাবল্লিঙ্গেঽস্মিন্ পরমেশ্বর। স্থাতব্যমুময়া সার্ধং সর্বলোকানুকম্পয়া।। যাবচ্চন্দ্রশ্চ সূর্যশ্চ যাবত্তিষ্ঠতি মেদিনী। তাবত্ত্বয়াত্র দেবেশ স্থাতব্যং স্বেচ্ছয়া প্রভো।। স্থাপিতোঽসি মহাদেব গৃহেঽস্মিন্ সর্বকারণ। শম্ভো ত্বং মম সর্বেশ প্রসীদ ভগবন্নিহ। গৃহেঽস্মিন্ যদি কস্যাপি জন্তোর্মরণসম্ভবঃ। তস্মাৎ পাপাৎ প্রমূচ্যেঽহং প্রসাদাত্তব শঙ্কর।।

দেবীর উদ্দেশে—ওঁ সর্বদেবময়েশানি ত্রৈলোক্যহ্লাদকারিণি। ত্বাং প্রতিষ্ঠাপয়াম্যত্র মন্দিরে বিশ্বনির্মিতে। যাবচ্চন্দ্রশ্চ সূর্যশ্চ যাবদ্ দেবী বসুন্ধরা। তাবত্ত্বং দেবিদেবেশ মন্দিরোস্মিন্ স্থিরা ভব।। বিজয়ং ভূপতেঃ সর্বলোকানাং ক্ষেমমেব চ। সুভিক্ষং সর্বকালীনং কুরু দেবি নমো নমঃ।

দেবদক্ষিণা – কাঞ্চনমূল্য উৎসর্গ করে বাক্য – **বিষ্ণুরোম্ (শ্রীবিষ্ণুর্নমঃ) ইত্যাদি .... দীর্ঘায়ুর্লক্ষ্মীসর্বকাম সমৃদ্ধ্যক্ষয্য সুখপ্রাপ্তি পূর্বকমন্তেবিষ্ণুলোক প্রাপ্তিকামনয়া** অস্যাং প্রস্তরমুর্তৌ / ধাতুমূর্তৌ অমুকস্য সন্নিধিসিদ্ধ্যর্থং অমুকদেবতা প্রতিষ্ঠা (শিবলিঙ্গপ্রতিষ্ঠা) **কর্মণঃসাঙ্গতার্থং দক্ষিণামিদং .... দেবায়/দেব্যৈ তুভমহং সম্প্রদদে।**

অতঃপর দেবতা ব্রাহ্মণ, যজমানকে **তিলক দানান্তে বৃতিব্রাহ্মণগণকে দক্ষিণা** দিয়ে **শান্তিবারি ও, অচ্ছিদ্রাবধারণ ও বৈগুণ্যসমাধান** করা হবে। অতঃপর **দেবতার নাম কীর্তন** করতে করতে দেবতা ও **দেবমন্দির প্রদক্ষিণ** করবেন। উক্ত দিবসে ব্রাহ্মণকে দান করা ও ভোজন করান অবশ্য কর্তব্য।

* (দেবপ্রতিষ্ঠায় যে সমস্তবিধির উল্লেখ করা হয়েছে সমস্তই শাস্ত্রানুসারী সাধারণ বিধি হলেও ব্যয় সাপেক্ষ। নির্ধন বা নিম্নমধ্যবিত্তের পক্ষে দুঃসাধ্য। তাই তাঁদের জন্য **বিষ্ণুধর্মোত্তরে** শাস্ত্রকার বলেছেন, **তাঁরা হোম কর্মটি বাদ দিয়ে**

*** এই হোম থেকে শেষপর্যন্ত সকল দেবদেবীর প্রতিষ্ঠার নিয়ম একপ্রকার।**

কেবল পূজার্চনা পর্বটি সম্পাদন করবেন। একান্ত নির্ধনের পক্ষে মহানির্বাণ তন্ত্রের নির্দেশ - সাতঘট দুধ বা জল দিয়ে দেবতাকে স্নান করিয়ে পূজা করে সাধ্যমত নাম জপ ও কীর্তন করবেন।)

ইতি দেবতা প্রতিষ্ঠা।।

মহানির্বাণে – উক্তকর্মস্বশক্তশ্চেৎ পয়সাং সপ্তভির্ঘটৈঃ। স্নাপায়িত্বার্চয়ন্ শক্ত্যা শ্রাবয়েন্নাম দেবতাম্।

১।অগ্নি ও মৎস্যপুরাণ— ঋগ্‌যজুঃ সামমন্ত্রৈশ্চ বারুণৈরভিতস্তথা। বৃক্ষবেদিককুলন্তু শ্চ স্নপনং দ্বিজপুঙ্গবাঃ।।

* দেবপ্রতিষ্ঠার যে বিধি দেওয়া হলো এটি সমস্ত দেবতাপ্রতিষ্ঠার ক্ষেত্রেই প্রযোজ্য। শিব বা কালীর জন্য ভিন্ন বিধি অনাবশ্যক এবং অযথার্থ। মহানির্বাণে – এবং দুর্গাদি বিদ্যানাং মহেশাদি দিবৌকসাম্। চলতঃ শিবলিঙ্গস্য প্রতিষ্ঠায়াময়ং বিধিঃ।।

জীর্ণোদ্ধার / পুনঃসংস্কার (দেবতার পুনঃপ্রতিষ্ঠা)

বিধি জীর্ণোদ্ধার কথাটির সাধারণ অর্থ হলো পুনঃসংস্কার। এই পুনঃসংস্কার বাসগৃহ থেকে সব কিছুই হতে পারে; তবে এখানে প্রসঙ্গ অনুসারে দেবতাবিগ্রহ বা দেবলিঙ্গের পুনঃসংস্কারই আলোচ্য। জীর্ণোদ্ধারে প্রথম বিধি সম্পর্কে মৎস্যপুরাণের নির্দেশ উল্লেখ্য –

'বাস্তূপশমনং কুর্যাৎ সমিদ্ভির্বলিকর্মণা। জীর্ণোদ্ধারে তথোদ্যানে তথা গৃহনিবেশনে।।

নবপ্রাসাদ ভবনে প্রাসাদ পরিবর্তনে। দ্বারাভিবর্তনে তদ্বৎ প্রাসাদেষু গৃহেষু চ।।

এই নির্দেশ দ্বারা দুটি প্রসঙ্গান্তরের সমাধান পাওয়া যায়। যথা – মনুষ্য বাসগৃহ ও দেবতার মন্দিরাদির কোনরকম সংস্কার এমন কি জানালা দরজারও পরিবর্তন করা হ'লে কেবল **বাস্তুযাগ কর্তব্য**। গৃহ ও মন্দিরের জন্য দ্বিতীয় কৃত্য নাই। বৃদ্ধিশ্রাদ্ধও করতে হয় না।

দেবতার বিষয়ে কিছু বিচার্য আছে। দেবপ্রতিষ্ঠাতত্ত্বের শেষভাগে ভট্টরঘুনন্দন এসম্পর্কে কয়েকটি শাস্ত্রবাক্য উদ্ধৃত করেছেন। যেমন মহাকপিল পঞ্চরাত্র বচন –

'একাহ পূজা বিহতৌ কুর্যাদ্দ্বিগুণমর্চনম্। ত্রিরাত্রে তু মহাপূজা সংপ্রোক্ষণমতঃপরম্।

মাসাদূর্ধ্বমনেকাহং পূজা যদি বিহন্যতে। প্রতিষ্ঠৈবোচ্যতে কৈশ্চিৎ কৈশ্চিৎ সংপ্রোক্ষণক্রমঃ।।

অর্থাৎ প্রতিষ্ঠিত মূর্তিতে **১দিন** পূজা না হলে **দ্বিগুণ করতে হয়। তিনরাত্রি পূজা না হ'লে পূজা ও অভিষেক** করতে হয়। আর তারও বেশি **অনেকদিন ধরে পূজা না হলে কেহ বলেন দেব প্রতিষ্ঠা** অনুসারে সমস্ত ক্রিয়া করতে হয়; কেহ বলেন অভিষেক পূজাই বিহিত।

দ্বিতীয় নির্দেশ -- আদিত্য পুরাণীয় বচন --

'খন্ডিতে স্ফুটিতে দগ্ধে ভ্রষ্টে মানবিবর্জিতে। যাগহীনে পশুস্পৃষ্টে পতিতে দুষ্টভূমিষু।।
অন্যমন্ত্রার্চিতে চৈব পতিত-স্পর্শদূষিতে। দশস্বেতেষু নো চক্রুঃ সন্নিধানং দিবৌকসঃ।।

অর্থাৎ প্রতিষ্ঠিত দেববিগ্রহ ভগ্ন, বিদীর্ণ, বজ্রাদির অগ্নিদ্বারা দগ্ধ, স্বস্থানচ্যুত, যথাবিধিপরিমাণহীন, পূজাহীন, পশুদ্বারা স্পৃষ্ট, অপবিত্রস্থানে পতিত, অন্যদেবতার মন্ত্রদ্বারা পূজিত বা চণ্ডালাদি দ্বারা স্পৃষ্ট হ'লে তাতে দেবতা অধিষ্ঠান করেন না।

এ অবস্থায় সেই প্রতিমার তৎকালে দেবত্ব না থাকলেও তার প্রতিবিধান কল্পে প্রতিষ্ঠাতত্ত্বে ও শুদ্ধিবিবেকে উদ্ধৃত হয়েছে বিষ্ণুবচন -- **'দ্রব্যবৎ কৃতশৌচানাং দেবতার্চানাং ভূয়ঃ প্রতিষ্ঠাপনেন শুদ্ধিঃ'**। (অর্থ হলো -- পূর্বোক্ত যাগহীনাদি দোষ দুষ্ট হলে তাম্রাদি প্রকৃতিদ্রব্যের ন্যায় যথোক্তবিধিতে শুদ্ধ করে পুনরায় প্রতিষ্ঠাদ্বারা দেবত্ব সিদ্ধি হবে।)

তাম্রাদি দ্রব্যের শুদ্ধি সম্পর্কে নিয়ম হলো -- **মৃন্ময়ীমূর্তি, পুনর্গঠন** করলে; **সুবর্ণময়ী, রজতময়ী ও লৌহময়ী প্রতিমাকে বিশুদ্ধ জলে ধৌত করলে; পিত্তলময়ী অম্লযোগে; কাংসময়ী ভস্মদ্বারা; প্রস্তরময়ী, শঙ্খময়ী ও রত্নময়ী ৭ দিন মাটির মধ্যে** রাখলে এবং **দারুময়ীমূর্তির উপরিভাগ কিছুটা চেঁচে ফেললে** তার প্রাথমিক শুদ্ধি জন্মায় এবং তখন প্রতিষ্ঠা যোগ্য হয়।

এখানে বিশেষ উল্লেখ্য হ'লো যে জীর্ণোদ্ধার বা দেবতার পুনঃসংস্কার করতে হ'লে **বাস্তুযাগ, বৃদ্ধিশ্রাদ্ধ ও দেবপ্রতিষ্ঠা পদ্ধতি অনুসারে সমস্ত কর্মই করণীয়**। তবে মহানির্বাণতন্ত্রে বলা হয়েছে -- **অশক্তগণ কেবল সপ্তকলসদ্বারা স্নান করিয়ে যথাবিধি পূজা করে দেবতার নাম গান করবে**। দরিদ্রদের সম্পর্কে *বিষ্ণুধর্মোত্তর* উদারতা প্রদর্শন করে *নির্দেশ দিয়েছে* -- **যজ্ঞছাড়া কেবল অভিষেক ও পূজা করবে**।

পুনঃ সংস্কার নিয়ে বিশেষ বিবাদ **শিবলিঙ্গ** বিষয়ে। কারণ *ঐ একটি কথা,* ***'শিবলিঙ্গং ন চালয়েৎ'****। মহানির্বাণেও*

বলা হ'য়েছে – 'স্থাবরং শিবলিঙ্গং তু ন কদাপি বিচালয়েৎ'। এই বচনের মর্মার্থ হ'লো অনাদি লিঙ্গ ব্যতীত শিবলিঙ্গকে চালিত করা মাত্র শিবত্ব নষ্ট হ'য়ে যায়, তখন প্রয়োজন হয় পুনঃ প্রতিষ্ঠার। যেমন পূর্বে উল্লেখ করা হয়েছে অস্পৃশ্যাদি স্পর্শনে দেবতাপ্রতিমাতে দেবত্ব থাকে না, পুনঃ প্রতিষ্ঠার প্রয়োজন হয়। এসম্পর্কে স্পষ্ট নির্দেশ পাওয়া যায় অগ্নিপুরাণে – **'চালিতং চলিতং লিঙ্গমত্যর্থং বিষমাস্থিতম্। দিঙ্মূঢ়ং পাতিতং লিঙ্গং মধ্যস্থং পতিতং তথা।। এবং বিধঞ্চ সংস্থাপ্য নির্ব্রণঞ্চ ভবেদ্ যদি। নদ্যাদিক প্রবাহেণ তদপাক্রিয়তে যদি। ততোঽন্যত্রাপি সংস্থাপ্য বিধিদৃষ্টেন কর্মণা।** শ্রদ্ধেয় পঞ্চানন তর্করত্ন মহাশয়ের বঙ্গানুবাদ – 'অন্য কর্তৃক চালিত এবং স্বয়ং স্বস্থান হইতে চলিত, অত্যন্ত নিম্নবিষয়স্থ বা বিপরীত দিক্‌গত, অন্য কর্তৃক পাতিত, মধ্যস্থ বা স্বয়ং পতিত লিঙ্গ যদি ভগ্নাদি দোষশূন্য হয়, তাহা হইলে ঐ লিঙ্গ পুনরায় যথাবিধি সংস্থাপন করিবে। আর যদি নদ্যাদি প্রবাহ দ্বারা লিঙ্গ স্থানভ্রষ্ট হয় তাহা হইলে বিধিপূর্বক অন্যত্র স্থাপন করিবে।

সুতরাং শিবলিঙ্গ সম্পর্কেও সিদ্ধান্ত হ'লো যে, – প্রয়োজনবোধে শিবলিঙ্গকে স্থানান্তরিত করলে যদি অক্ষত অবস্থায় থাকে তাহ'লে দেবপ্রতিষ্ঠোক্ত বিধান অনুসারে পুনরায় প্রতিষ্ঠা করতে হবে।

যদি ক্ষতাদি দুষ্ট হয় তাহ'লেই চালন অর্থাৎ বিসর্জন করণীয়। সেক্ষেত্রেও আগ্নেয় বচন – **'শতেন স্থাপনং কুর্যাৎ সহস্রেণ তু চালনম্।** অর্থাৎ দেবতাদূষণের শতপ্রকার দোষ হ'লে পুনঃপ্রতিষ্ঠা আর সহস্রপ্রকার দোষ হ'লে তবে বিসর্জন।

এপ্রসঙ্গে আর একটি বিষয় উল্লেখ্য – আমরা শিবলিঙ্গ বিষয়ে যেমন সতর্ক হই, অন্যান্য প্রতিষ্ঠিত দেবতামূর্তি বিষয়ে তেমন হই না। প্রায়শঃই দেখা যায় প্রতিষ্ঠিত বিগ্রহকে শালগ্রাম শিলার মত স্থানান্তরে নিয়ে যাওয়া হয়। কিন্তু এই রীতি শাস্ত্রবিরুদ্ধ। এবিষয়ে শাস্ত্রীয় নির্দেশ – **স্থিতং ন চালয়েদ্দেবমন্যথা দোষভাগ্ ভবেৎ। পূরয়েৎ সিকতাভিস্তু নিশ্ছিদ্রং সর্বতোভবেৎ।। অচলং কারয়েৎ তস্মাৎ সিকতাভিঃ সুরেশ্বরম্।।** (স্থাপিত দেবতাকে চালিত করবে না, চালিত করলে দোষভাগ হবে। স্থাপনের পর যদি কোন স্থানে ছিদ্র থাকে তা বালুকা দ্বারা পূরণ করে নিশ্ছিদ্র করতে হয়। এজন্য স্থাপিত দেবতাকে বালুকা দ্বারা নিশ্চল করে এঁটে দিতে হয়।)

সুতরাং প্রতিষ্ঠিত দেবতার মূর্তিকে চালিত করলে ন্যূনপক্ষে পঞ্চগব্য ও সপ্তকলস শুদ্ধজলদ্বারা স্নান করিয়ে বিশেষ উপচারে পূজা করা শাস্ত্রসম্মত বিধি।

বাণলিঙ্গ শিবের প্রতিষ্ঠায় কেবল পঞ্চগব্য দিয়ে স্নান করিয়ে পূজা করতে হয়।

ইতি জীর্ণোদ্ধার পদ্ধতি

রাসযাত্রা পদ্ধতি (উদ্‌যাপন সহ)

ভূমিকা – রাসযাত্রা প্রকৃতপক্ষে ব্রতপর্যায়ভুক্ত নয়। সে কারণ তার প্রতিষ্ঠা নাই। ভগবানের রাসযাত্রা উৎসব প্রতিটি মানুষের সারাজীবন ধরেই করা উচিত। তবে প্রায়ই মানুষ এভাবে কর্তব্য পালন করতে না পারলেও জীবনের সাধ মিটাবার অভিপ্রায়ে চারবছর যাবৎ রাসযাত্রা করে থাকে। এক্ষেত্রেও ব্রত উদ্‌যাপনের মত ঐ রাসোৎসবকারিণীদের বিশেষ কিছু করার অভিলাষ হয়, কিন্তু এ সম্পর্কে কোনরূপ নির্দিষ্ট বিধি না থাকায় নানাজনে, নানাভাবে কাজটি করে থাকেন। এভাবে অনির্দ্দিষ্ট বিধিতে কাজ করতে হয় বলে অনেক পুরোহিতই অস্বস্তি বোধ করে থাকেন, কিন্তু পদ্ধতির অভাবে অনিচ্ছাতেও এই অনিয়ম স্বীকার করে নিতে হচ্ছে। তাঁদের নির্দেশেই এই পদ্ধতি রচনা।

বিধি – রাসোৎসব, ব্রত নয় বলে উদ্‌যাপন বিধিতে সম্পূর্ণ ব্রত প্রতিষ্ঠার বিধি স্বীকার্য নয়। তবে বর্তমানে এই অনুষ্ঠান ব্রতের অনুকল্পে রূপান্তরিত হয়েছে। তাই উদ্‌যাপন বিধিও ব্রত প্রতিষ্ঠাবিধির অনুকল্প বিধি হওয়া সমীচীন। সেইভাবে প্রণয়ন করলে নিম্নরূপ আয়োজন হবে।

১) ঘট থাকবে ১টি (বর্তমানে রাস প্রায় প্রতিমায় হ'চ্ছে তাই একটি ঘট থাকেই। ঐ ঘটই থাকবে অতিরিক্ত ঘটের প্রয়োজন নাই।

২) রাসের সাধারণ পূজা বিধির সঙ্গে যুক্ত হবে **বিষ্ণু, নবগ্রহ ও দশদিকপালের পূজা।**

৩) বর্তমান রাসে অনেকেই হোম করছেন। যাঁরা করেন না তাঁদেরও হোম করতে হবে। তবে হোমে বিশেষ হলো ব্রতপ্রতিষ্ঠায় যে সমস্ত হোমগুলি চরু দিয়ে আবার আজ্য দিয়ে করার বিধি আছে তা না করে কেবল তিলাজ্য দ্বারাই হবে। অর্থাৎ চরুপাক ও চরু হোম হবে না।

৪) দ্বাদশ দান ও ডালা উৎসর্গ করা হবে।

প্রয়োগ

যজমান উত্তরমুখে বসে তিলকধারণ করবেন।

মন্ত্র – ওঁ কেশবানন্ত গোবিন্দ বরাহ পুরুষোত্তম। পুণ্যং যশস্যমায়ুষ্যং তিলকং মে প্রসীদতু।।

ওঁ কান্তিং লক্ষ্মীং ধৃতিং সৌখ্যং সৌভাগ্যমতুলং মম। দদাতু চন্দনং নিত্যং সততং ধারয়াম্যহম্।।

অতঃপর **অঙ্গুরীধারণ** করে **আচমন, বিষ্ণুস্মরণ, জলশুদ্ধি, আসনশুদ্ধি** ও **গন্ধাদির** অর্চনা করে –

স্বস্তিবাচন ওঁ কর্তব্যেঽস্মিন্ কল্পিত নানাপুষ্পাদিরচিত কল্পবৃক্ষ প্রতিষ্ঠাঙ্গভূত শ্রীশ্রীরাধাকৃষ্ণয়োঃ পূজা সহিত শ্রীশ্রীরাধাকৃষ্ণয়োঃ **রাসোৎসব** (উদ্‌যাপনের ক্ষেত্রে – রাসোৎসবোদ্‌যাপন) কর্মণি ওঁ পুণ্যাহং ভবন্তো ব্রুবন্তু ইত্যাদি ক্রমে করে স্বশাখোক্ত স্বস্তিসূক্ত ও সাক্ষ্যমন্ত্র পাঠ করে — (৫ পৃ.)

সংকল্প বিষ্ণুরোম্ (শ্রীবিষ্ণুর্নমঃ) .... কার্তিকে মাসি শুক্লপক্ষে পৌর্ণমাস্যাং তিথৌ মন্বন্তরায়াম্ অমুক গোত্রঃ / গোত্রা .... দেবশর্মা / দাস / দেবী / দাসী / ইহ বিষ্ণুলোকাধিকরণক সর্বসুখপ্রাপ্তিপূর্বকমন্তে শ্রীবিষ্ণুলোকবাস কামঃ / কামা গণপত্যাদিনানাদেবতাপূজাপূর্বকং কল্পিত নানাপুষ্পাদিরচিত কল্পবৃক্ষপ্রতিষ্ঠাঙ্গ ভূত শ্রীশ্রীরাধাকৃষ্ণয়োঃ পূজা সহিত শ্রীশ্রীরাধাকৃষ্ণয়োঃ **রাসোৎসব** (উদ্‌যাপন পক্ষে – রাসোৎসবোদ্‌যাপন) কর্মাহং করিষ্যে।

(ব্রাহ্মণবরণ) বিষ্ণুরোম (শ্রীবিষ্ণুর্নমঃ) .... মৎসংকল্পিত শ্রীশ্রীরাধাকৃষ্ণয়োঃ রাসোৎসব কর্মণি / (রাসোৎসবোদ্‌যাপন কর্মণি) পূজকাদি কর্মকরণায় ....।

অতঃপর বৃত ব্রাহ্মণ রাধাকৃষ্ণবিগ্রহের সম্মুখে পঞ্চগুঁড়ি দ্বারা মণ্ডল এঁকে একটি প্রমাণ ঘট বসিয়ে **আচমন বিষ্ণুস্মরণ, জলশুদ্ধি, আসনশুদ্ধি, পুষ্পশুদ্ধি, গন্ধ-নারায়ণাদি অর্চনা করে** স্বশাখোক্ত মন্ত্রে **পঞ্চগব্য** শোধন করবেন। তারপর **দ্বারপূজা** থেকে **ঘটস্থাপন** পর্যন্ত (৩৩ পৃ. থেকে ৪২ পৃ.) ক্লীং মন্ত্রে ৩ বার প্রাণায়াম **ক্লাং অঙ্গুষ্ঠাভ্যাং নমঃ ইত্যাদি ক্রমে করন্যাস ও অঙ্গন্যাস, 'ক্লীং'** মন্ত্রে ৫ বা ৭ বার **ব্যাপকন্যাস** করে

(ঋষ্যাদিন্যাস) অস্য শ্রীকৃষ্ণমন্ত্রস্য নারদঋষির্বিরাট্ ছন্দঃ শ্রীকৃষ্ণদেবতা ক্লীং বীজং স্বাহা **শক্তিঃ** দুর্গাদেবীকীলকং মম পুরুষার্থসিদ্ধয়ে বিনিয়োগঃ। মস্তকে – ওঁ নারদায় ঋষয়ে নমঃ। মুখে – ওঁ বিরাট্‌ছন্দসে নমঃ। হৃদয়ে – ওঁ শ্রীকৃষ্ণায় দেবতায়ৈ নমঃ। গুহ্যে – ওঁ ক্লীং বীজায় নমঃ। পদদ্বয়ে – স্বাহাশক্তয়ে নমঃ। সর্বাঙ্গে – ওঁ মন্ত্রাধিষ্ঠাতৃ শ্রীকৃষ্ণ দেবতায়ৈ নমঃ।।

(সংক্ষিপ্ত কেশবকীর্ত্যাদিন্যাস) মস্তকে – ওঁ প্রজাপতয়ে ঋষয়ে নমঃ। মুখে – ওঁ গায়ত্রীছন্দসে নমঃ। হৃদয়ে ওঁ অর্ধলক্ষ্মীহরিদেবতায়ৈ নমঃ। তারপর শ্রীংঅঙ্গুষ্ঠাভ্যাং নমঃ ইত্যাদি ক্রমে করন্যাস ও অঙ্গন্যাস করে (সর্বত্র 'শ্রীং' বলা হবে) হৃদয়ে হাত দিয়ে পাঠ –

ওঁ উদ্যৎপ্রদ্যোতনশতরুচিং তপ্তহেমাবদাতং, পার্শ্বদ্বন্দ্বে জলধিসুতয়া বিশ্বধাত্র্যা চ জুষ্টম্।
নানারত্নোল্লসিত বিবিধাকল্পমাপীতবস্ত্রং, বিষ্ণুং বন্দে দরকমলকৌমদকী চক্রপাণিম্।।

অতঃপর স্বশাখোক্ত বিধিতে **ঘটস্থাপন** করে কূর্মমুদ্রায় পুষ্প নিয়ে **ধ্যান**

ওঁ স্মরেদ্ বৃন্দাবনে রম্যে মোহয়ন্তমনাবৃতম্। গোবিন্দং পুণ্ডরীকাক্ষং গোপকন্যাঃ সহস্রশঃ।।
আত্মনো বদনাম্ভোজে প্রেরিতাক্ষি মধুব্রতাঃ। পীড়িতাঃ কামবাণেন চিরমাশ্লেষণোৎসুকাঃ।।

মুক্তাহারলসৎপীন-তুঙ্গস্তনভরানতাঃ। স্রস্তধম্মিল্লবসনা মদস্খলিত ভাষণাঃ।।
দন্তপঙ্‌ক্তিপ্রভোদ্‌ভাসি স্পন্দমানাধরাঞ্চিতাঃ। বিলোভয়ন্তী বিধিধৈর্বিভ্রমৈর্ভাবগর্ভিতৈঃ।।
ফুল্লেন্দীবরকান্তি মিন্দুবদনং বর্হাবতংসপ্রিয়ম্। শ্রীবৎসাংকমুদারকৌস্তুভধরং পীতাম্বরং সুন্দরম্।
গোপীনাং নয়নোৎপলার্চিততনুং গোগোপসঙ্ঘাবৃতম্। গোবিন্দং কলবেণুবাদনপরং দিব্যাঙ্গভূষংভজে।

মানসপূজা, বিশেষার্ঘ্যস্থাপন, পীঠপূজা (পীঠন্যাসোক্ত দেবতাগুলির নামে গন্ধপুষ্প দিয়ে পূজা) **করে পুনরায় ধ্যান করে আবাহন** – কৃতাঞ্জলি হয়ে

ওঁ আগচ্ছ পরমানন্দ সর্বব্যাপিন্ জগন্ময়। সান্নিধ্যং কুরু রাসার্থং গোপীভিঃ সহমণ্ডলে।।

আবাহন্যাদি পঞ্চমুদ্রা প্রদর্শন করতঃ **ওঁ ভূর্ভুবঃস্বঃ শ্রীরাধাসহিত ভগবন্ শ্রীকৃষ্ণ ইহাগচ্ছ ইত্যাদি ক্রমে। (প্রতিমা থাকলে এই সময় চক্ষুর্দান ও প্রাণ প্রতিষ্ঠা করতে হবে।**

(চক্ষুর্দান) তৈজস পাত্র থেকে ঘৃত মধু কজ্জল কুশে করে নিয়ে কৃষ্ণের আগে দক্ষিণ নেত্র, পরে বামনেত্র এবং রাধার আগে বাম পরে দক্ষিণ নেত্র অংকন করতে হয়। দক্ষিণ নেত্রের মন্ত্র – **ওঁ চিত্রং দেবানামুদগাদনীকং চক্ষুর্মিত্রস্য বরুণস্যাগ্নেঃ। আপ্রা দ্যাবা পৃথিবী অন্তরিক্ষং সূর্য আত্মা জগতস্তস্থুষশ্চ।** বামনেত্রের মন্ত্র – **ওঁ আপ্যায়স্ব সমেতু তে বিশ্বতঃ সোম বৃষ্ণ্যম্। ভবা বাজস্য সঙ্গথে।**

(প্রাণপ্রতিষ্ঠা) পুষ্প কুশ সহ ডান হাতটি দেবতার মাথায় রেখে **কৃষ্ণের 'ক্লীং' এবং রাধার 'রাং' মন্ত্রটি** ১০৮ বার জপ করে ওঁ আং হ্রীং ক্রোং যং রং লং বং শং ষং সং হোং সঃ শ্রীশ্রীকৃষ্ণস্যপ্রাণাঃ ইহ প্রাণাঃ **(শ্রীরাধিকায়াঃ প্রাণা ইহ প্রাণাঃ)** ইত্যাদি ক্রমে করতে হয়।

এরপর **অধিবাস** বরণডালা থেকে এক একটি দ্রব্য নিয়ে **'ওঁ অনয়ামহ্যা অনয়ো শ্রীরাধাকৃষ্ণয়োঃ শুভাধিবাসনমস্তু'** – ইত্যাদি ক্রমে অধিবাস করে **পঞ্চগব্য ও পঞ্চামৃত** দ্বারা তত্তমন্ত্রে এবং **সহস্রশীর্ষাপুরুষ** ইত্যাদি মন্ত্রে রাধাকৃষ্ণের দর্পণ প্রতিবিম্বে ও শালগ্রাম শিলায় **অভিষেক** করান হবে।

অতঃপর **গণেশাদি পঞ্চদেবতার পূজা** করে কূর্মমুদ্রায় পুষ্প নিয়ে পুনরায় **শ্রীকৃষ্ণের ধ্যান** করে **ষোড়শোপচারে** পূজা করতে হয়। এসময় প্রতিটি দ্রব্য অর্চনা করে নিম্নোক্ত ক্রমে স্তুতি পাঠ করে **ক্লীং কৃষ্ণায় গোবিন্দায় গোপীজনবল্লভায় স্বাহা ওঁ শ্রীকৃষ্ণায় নমঃ** বলে প্রতিটি উপচার নিবেদন করতে হয়।

আসনম্ – ওঁ সর্বন্তর্যামিনে দেব সর্ববীজময়ং ততঃ। আত্মস্থায় পরং শুদ্ধমাসনং কল্পয়াম্যহম্।।

ইদং রজতাসনং ক্লীং কৃষ্ণায় গোবিন্দায় গোপীজন বল্লভায় স্বাহা ওঁ শ্রীকৃষ্ণায় নমঃ।। ইত্যাদি ক্রমে।

স্বাগতম্ – ওঁ যস্যদর্শনমিচ্ছন্তি দেবা ব্রহ্মহরাদয়ঃ। কৃপয়া দেবদেবেশ মদ্‌গৃহে সন্নিধী ভব।।

উদ্যতে পরমেশান স্বাগতং স্বাগতং ভবেৎ। কৃতার্থোহ নুগৃহীতোহ স্মি সফলং জীবিতস্তু মে।।

যতঃ পুণ্যং ভবেৎ কৃত্যং তথাব্যক্তি সুখো ভব। ভগবন্ শ্রীকৃষ্ণদেব স্বাগতং সুস্বাগতং তে।।

পাদ্যম্ – ওঁ যদ্‌ভক্তিলেশ সম্পর্কাৎ পরমানন্দসম্ভবঃ। তস্যৈতে চরণাব্জায় পাদ্যং শুদ্ধায় কল্পয়ে।।

অর্ঘ্যঃ – ওঁ তাপত্রয়হরং দিব্যং পরমানন্দলক্ষণম্। তাপত্রয়বিমোক্ষায় তবার্ঘ্যং কল্পয়াম্যহম্।।

আচমনীয়ম্ – ওঁ দেবনামপি দেবায় দেবানাং দেবতাত্মনে। আচামং কল্পয়ামীশ সুধাংশুস্রুতি হেতবে।।

আচমনীয়, স্নানম্ – ওঁ পরমানন্দবোধাব্ধি নিমগ্ননিজমূর্তয়ে। সাঙ্গপাঙ্গমিদং স্নানং কল্পয়াম্যহমীশ তে।।

বস্ত্রং – ওঁ মায়াচিত্রপটাচ্ছন্ন নিজগুহ্যোরুতেজসে। নিরাবরণবিজ্ঞায় বাসস্তে কল্পয়াম্যহম্।।

আভরণং – ওঁ স্বভাব সুন্দরাঙ্গায় নানাশক্ত্যাশ্রয়ায় তে। ভূষণানি বিচিত্রানি কল্পয়াম্যমরার্চিত।।

যজ্ঞোপবীত – ওঁ যস্য শক্তিত্রয়েণেদং সম্প্রোতমখিলং জগৎ। যজ্ঞসূত্রায় তস্মৈ তে যজ্ঞসূত্রং প্রকল্পয়ে।।

গন্ধঃ – ওঁ পরমানন্দসৌরভ্য পরিপূর্ণং দিগন্তরম্। গৃহাণ পরমং গন্ধং কৃপয়া পরমেশ্বর।।

পুষ্পং – ওঁ তুরীয়বনসম্ভূতং নানাগুণমনোহরম্। আনন্দসৌরভং পুষ্পং গৃহ্যতাদিমদমুত্তমম্।।

ধূপঃ – ওঁ বনস্পতিরসো দিব্যো গন্ধাঢ্যঃ সুরভোজনঃ। আঘ্রেয়ঃ সর্বদেবানাং দীপোহ য়ং প্রতিগৃহ্যতাম্।।

দীপঃ – ওঁ সুপ্রকাশো মহাদীপঃ সর্বতস্তিমিরাপহঃ। সবাহ্যাভ্যন্তরো জ্যোতির্দীপোহ য়ং প্রতিগৃহ্যতাম্।।

নৈবেদ্যং – ওঁ সৎপাত্রসিদ্ধংসুহবি বিবিধানেক ভক্ষণম্। নিবেদয়ামি দেবেশ সর্বতৃপ্তিকরং পরম্।।

পানার্থং – ওঁ সমস্তদেবদেবেশ সর্বতৃপ্তিকরং পরম্। অখণ্ডানন্দ সম্পূর্ণং গৃহাণ জলমুত্তমম্।।

তাম্বুলং – ওঁ অদ্য মে সফলং জন্ম জীবিতঞ্চ সুজীবিতম্। যৎতবাঙ্ঘ্রিপদদ্বন্দ্বে মূর্ধা মে ভ্রমরায় তে।।

এষ সচন্দন পুষ্পাঞ্জলিঃ ক্লীং কৃষ্ণায় গোবিন্দায় গোপীজন বল্লভায় স্বাহা ওঁ শ্রীকৃষ্ণায় নমঃ মন্ত্রে পঞ্চপুষ্পাঞ্জলি দিয়ে প্রণাম করবে –

ওঁ কৃষ্ণায় বাসুদেবায় দেবকীনন্দনায় চ। নন্দগোপকুমারায় গোবিন্দায় নমোনমঃ।।

ওঁ নমো ব্রহ্মণ্যদেবায় গোব্রাহ্মণ হিতায় চ। জগদ্ধিতায় কৃষ্ণায় গোবিন্দায় নমোনমঃ।।

ওঁ হে কৃষ্ণ করুণাসিন্ধো দীনবন্ধো জগৎপতে। গোপেশ গোপিকাকান্ত রাধাকান্ত নমোহ স্তুতে।।

অতঃপর **'রাং'** মন্ত্রে প্রাণায়াম করন্যাস ও অঙ্গন্যাস করে কূর্মমুদ্রায় পুষ্প নিয়ে **রাধিকার ধ্যান** –

ওঁ রাধাং রামাং সুরামাং রতিরসরসিকাং রাসেশ্বরীং নন্দিনীং
রম্যাং সৌম্যাং মনোজ্ঞাং ত্রিভুবনজননীং কৃষ্ণসংস্তূয়মানাম্।
নানাভাবৈঃ কটাক্ষৈরভিনবসকলৈ র্হাস্যলাবণ্যশীলৈঃ
মিষ্টৈঃ সারৈর্বচোভির্মৃদুপদগমনৈর্মাধবং লোভয়ন্তীং।।
কৃষ্ণপ্রাণাধিদেবীং ত্রিজগদঘহরাং রাসমধ্যে ভজামি।।

মানসপূজা, পুনর্ধ্যান ও আবাহন করে শ্রীরাধার ষোড়শোপচারে পূজান্তে প্রণাম –

ওঁ রাসোৎসব বিলাসিন্যৈ নমস্তে পরমেশ্বরি। কৃষ্ণপ্রাণাধিকে রাধে পরমানন্দ বিগ্রহে।।
প্রণমামি মহানৃত্যবতীং ত্বামতি সুন্দরীম্। রত্নালংকারশোভাঢ্যাং কুসুমাঞ্চিত বিগ্রহাম্।।
প্রণমামি পরানন্দাং নমামি পরমেশ্বরীম্। নানাগুণময়ীং রাধাং প্রণমামি বরাকৃতিম্।।
রত্নাভরণসংযুক্তাং স্ফুরৎ কৈশোরবল্লভাং। প্রণমামি সদা রাধাং কৌযেয়বসনোজ্জ্বলাম্।।

তারপর পঞ্চোপচারে **কৃষ্ণাষ্টক পূজা** –

(১) শ্রীকৃষ্ণায়। (২) বাসুদেবায়। (৩) নারায়ণায়। (৪) দেবকীনন্দনায়। (৫) যদুশ্রেষ্ঠায়। (৬) বামনায়। (৭) অসুরান্তকায়। (৮) ভারহারিণে। (৯) ধর্মসংস্থাপকায়।

যথাশক্তি উপচারে **অষ্টসখীর পূজা** –

(১) ললিতা। (২) বিশাখা। (৩) চন্দ্রাবলী। (৪) ইন্দুরেখা। (৫) চম্পকলতা। (৬) রঙ্গদেবী। (৭) তুঙ্গবিদ্যা। (৮) সুদেবী। ওঁ অষ্টসখীভ্যঃ নমঃ।

অষ্টসখীর ধ্যান

১) ললিতা-ধ্যান—

গোরোচনা-রুচি-মনোহরকান্তি দেহাং মায়ুরপুচ্ছ-তুলিতচ্ছবি চারু চেলাম্।
রাধে তব প্রিয়সখীঞ্চ গুরুংসখীনাং তাম্বুলভক্তিললিতাং ললিতাং নমামি।।

২) বিশাখা-ধ্যান—

সৌদামিনী-নিচয়চারুরুচি প্রতীকাং তারাবলী ললিতকান্তি-মনোজ্ঞচেলাম্।
শ্রীরাধিকে তব চরিত্রগুণারূপাং সদ্‌গন্ধচন্দনরতাং বশয়ে বিশাখাম্।।

৩) চন্দ্রাবলী-ধ্যান—

হেমাভাং মধুরস্বরাং বিধুমুখীং গান্ধর্ববিদ্যারতাং নানাভূষণ ভূষিতাঙ্গ মুধরাংজাতীসুমল্লীস্রজাম্।
বীণাযন্ত্রসুবাদিনী বরতনুং চিত্রাম্বরং বিভ্রতীং ধ্যায়েৎ কৃষ্ণপরায়ণাং সুচিবুকাং চন্দ্রাবলীং মঞ্জুলাম্।।

৪) ইন্দুরেখা ধ্যান—

নৃত্যোৎসবাং হি হরিতালসমুজ্জ্বলাভাং সদ্দাড়িমী কুসুমকান্তি মনোজ্ঞচেলাম্।
বন্দে মুদা রুচি রিনির্জিত চন্দ্রলেখাং শ্রীরাধিকে তব সখীমহমিন্দুরেখাম্।।

৫) চম্পকলতা ধ্যান—

সদ্‌রত্ন চামরকরাং বরচম্পকাভাং চাসাখ্যপক্ষরুচিরচ্ছবি চারু চেলাম্।
সর্বান্ গুণান্ তুলয়িতুং দধতীং বিশাখাং রাধেঽথ চম্পকলতাং ভবতীং প্রপদ্যে।।

৬) রঙ্গদেবী-ধ্যান—

সৎপদ্ম কেশর মনোহর কান্তি দেহাং প্রোদ্যজ্জবা-কুসুম-দীধিতি চারুচেলাম্।
প্রায়েণ চম্পকলতাধিগুণাং সুশীলাং রাধে ভজে প্রিয়সখীং তব রঙ্গদেবীম্।।

৭) তুঙ্গবিদ্যা-ধ্যান

সচ্চন্দ্র চন্দন মনোহর কুঙ্কুমাভাং পাণ্ডুচ্ছবি-প্রচুরকান্তি লসদ্দুকুলাম্।
সর্বত্র কোবিদতায় মহিতাং সমজ্ঞাং রাধে তব প্রিয়সখীং ভজে তুঙ্গবিদ্যাম্।।

৮) সুদেবী-ধ্যান

প্রোত্তপ্ত শুদ্ধ কনকচ্ছবি চারু দেহাং প্রোদ্যৎ প্রবাল-নিচয় প্রভচারু চেলাম্।
সর্বানুজীবন গুণোজ্জ্বল ভক্তিদক্ষাং শ্রীরাধিকে তব সখীং কলয়ে সুদেবীং।।

(রাধাকৃষ্ণে রাসমহোৎসবে অষ্টসখীর পূজার পর যথাশক্তি উপচারে অষ্টমঞ্জরীর পূজা করা উচিত। তাঁদের ধ্যানমন্ত্রও সর্বত্র পাওয়া যায় না, তাই সকলের সুবিধার্থে এখানে লিপিবদ্ধ থাকছে।)

অষ্টমঞ্জরীর ধ্যান

১। অনঙ্গমঞ্জরী-ধ্যান —

শ্রীরাধিকা প্রাণসমা-কনীয়সী বিশাখয়া শিক্ষিতসখ্যসৌষ্ঠবাম্।
লীলামৃতপ্রজ্বলিতাঙ্গমাধুরী মনঙ্গপূর্বাং প্রণমামি মঞ্জরীম্।।
বিনিন্দিতেন্দীবরভাস্বরাম্বরা মনঙ্গরক্তারুণকঞ্চুকাঞ্চিতাম্।।
সদাস্ফুরদ্দ্বাদশবর্ষমাধুরী মনঙ্গপূর্বাং প্রণমামি মঞ্জরীম্।।

২। লবঙ্গমঞ্জরী-ধ্যান—

লবঙ্গমঞ্জরীং বন্দে নানাবেশ মনোহরাম্।
তপ্তকাঞ্চন গৌরাঙ্গীং নীলবস্ত্রাং সুশোভনাম্।।
চপলাদ্যুতিনিন্দিকান্তিকাং শুভ তারাবলী শোভিতাম্বরাম্।
ব্রজরাজসুতপ্রমোদিনীং প্রভজেতাঞ্চ লবঙ্গমঞ্জরীম্।।

৪। রসমঞ্জরী-ধ্যান—

হংসপক্ষরুচিরেণ বাসসা সংযুতাং বিকচ চম্পকদ্যুতিম্।
চারুরূপগুণসম্পদান্বিতাং সর্বদাপি রসমঞ্জরীং ভজে।।

৫। গুণমঞ্জরী ধ্যান—

জবানিভ দুকুলাঢ্যাং তড়িদালি তনুচ্ছবিম্।
কৃষ্ণামোদ কৃতাপেক্ষাং ভজেহহং গুণমঞ্জরীম্।।

৬। রতিমঞ্জরী-ধ্যান —

বন্ধুকবর্ণং বসনং বসানাং তড়িৎ প্রভাদিগ্ধ তনুচ্ছবিঞ্চ।
শ্রীরাধিকায়া নিকটে বসন্তীং ভজে সুরূপাং রতিমঞ্জরীং তাম্।।

৭। ভদ্রমঞ্জরী-ধ্যান —

বিশুদ্ধ চামীকর সুন্দরাভ্যং তারাবলী চারু মনোজ্ঞচেলাম্।
শ্রীরাধিকায়া নিকটে বসন্তীং ভদ্রাখ্যকাং মঞ্জরীকাং ভজেহহম্।।

৮। লীলামঞ্জরী-ধ্যান—

বিশুদ্ধ হেমাব্জ বিভূষিতাঙ্গীম্ সুবস্ত্ররত্নাদি বিভূষিতাঙ্গীম্।
শ্রীরাধিকায়া নিকটে বসন্তীং লীলাখ্যকাং মঞ্জরীকাং ভজেহহম্।

তারপর **আবরণ পূজা** – (গন্ধপুষ্প দ্বারা) **এতেগন্ধ পুষ্পে ওঁ ক্লাং হৃদয়ায় নমঃ**। এই ক্রমে ওঁ ক্লীং শিরসে স্বাহা নমঃ। ওঁ ক্লুং শিখায়ৈ বষট্ নমঃ। (সকল মন্ত্রের আদিতে ওঁ এবং শেষে 'নমঃ' যুক্ত হবে) ক্লৈং কবচায় হুং। ক্লৌং নেত্রাভ্যাং বৌষট্। ক্লঃ অস্ত্রায় ফট্। দামায়। সুদামায়। বাসুদেবায়। কিংকিণ্যৈ। আচক্রায় স্বাহা হৃদয়ায় নমঃ। বিচক্রায় স্বাহা শিরসে স্বাহা। সুকচক্রায় স্বাহা শিখায়ৈ বষট্। ত্রৈলোক্যরক্ষণচক্রায় স্বাহা কবচায় হুং। অসুরান্তক চক্রায় স্বাহা অস্ত্রায় ফট্। রুক্মিণ্যৈ। সত্যভামায়ৈ। নাগ্নজিতায়ৈ। সুনন্দায়ৈ। মিত্রবিন্দায়ৈ। সুলক্ষণায়ৈ। জাম্ববত্যৈ। চন্দ্রবল্যৈ। রতিমঞ্জর্য্যৈ। ললিতায়ৈ, বিশাখায়ৈ, তুঙ্গবিদ্যায়ৈ। বাসুদেবায়। দেবক্যৈ। নন্দায়। যশোদায়ৈ। বলভদ্রায়। সুভদ্রায়ৈ। গোপেভ্যঃ। গোপীভ্যঃ। মন্দারায়। সন্তানায়। পারিজাতায়। কল্পবৃক্ষায়। হরিচন্দনায়। ইন্দ্রাদিদশদিক্পালেভ্যঃ। বজ্রাদ্যস্ত্রেভ্যঃ। আদিত্যাদি নবগ্রহেভ্যঃ। শঙ্খায়। চক্রায়। গদায়ৈ। পদ্মায়। কিরীটায়। বেণবে। কৌস্তুভায়। বনমালায়ৈ। শ্রীবৎসায়। তারপর **'ওঁ ক্লীং'** মন্ত্র যথাশক্তি জপ করে জপসমর্পণান্তে পূর্বের ন্যায় পঞ্চপুষ্পাঞ্জলি দিয়ে প্রণাম করে কৃতাঞ্জলি হয়ে প্রার্থনা – **ওঁ অদ্য মে সফলং জন্ম জীবিতঞ্চ সুজীবিতম্। যত্তবাঙ্ঘ্রিপাদপদ্মে মূর্ধামে ভ্রমরায়তে।।** অতঃপর আরতি করে হোম।

হোম –প্রতি বৎসর করণীয় রাসের হোমের ক্ষেত্রে প্রথমে বাস্তুযাগে লিখিত **সামবেদীদের** কুশপাতন থেকে বিরূপাক্ষ হোম জপ পর্যন্ত (৬১ পৃ. — ৬৫ পৃ. চরু বাদে) করে **প্রকৃতকর্ম 'বলদ'** নামক অগ্নির পূজা করে **'ওঁ ক্লীং গোপীজন বল্লভায় স্বাহা'** মন্ত্রে ১০৮টি বা ২৮টি করবীপুষ্প সমিধ অথবা যজ্ঞডুম্বুর সমিধ দ্বারা শ্রীকৃষ্ণের এবং **ওঁ রাং শ্রীরাধায়ৈ স্বাহা** মন্ত্রে বিল্বপত্র সমিধ দ্বারা হোম করা হবে। তারপর উদীচ্য কর্ম ও পূর্ণ হোম। *(৮০ পৃ. — ৮৩ পৃ.)*

যজুর্বেদীদের – বহ্নিস্থাপনে চরুপাক বাদে (৬৯ পৃ. — ৭৩ পৃ. পর্যন্ত) করে সামবেদীর ন্যায় প্রকৃত কর্মের শেষে উদীচ্য কর্ম ও পূর্ণহোম (৮৪ পৃ. — ৮৬ পৃ.) করা হবে।

ঋগ্বেদীর — ৭৪ পৃ. — ৭৭ পৃ. এবং ৮৭ পৃ. — ৮৯ পৃ.।

রাসউদ্যাপনের ক্ষেত্রে –প্রাসাদ প্রতিষ্ঠা বিধিতে প্রকৃত কর্মে **লিখিত চারু-হোম বাদে হোমের মন্ত্রগুলির দ্বারা ১০৪ পৃ. থেকে ১০৬ পৃ. পর্যন্ত হোম হবে**। বিশেষ হ'লো যেখানে চরু হোম আছে, সেখানে **তিলাজ্য** সমিধে হোম হবে। পায়স বলি হবে না। মন্ত্রে **'চরুহোমে বিনিয়োগ'** কথাটির পরিবর্তে **'তিলাজ্য হোমে বিনিয়োগ'** বলা হবে। শেষে ১০৮ পাতায় লিখিত তিলাজ্যাহুতি দিয়ে উদীচ্য কর্ম করতে হবে।

পূর্ণপাত্রানুকল্প ভোজ্যের উৎসর্গ বাক্যে বিশেষ – **কৃতৈতৎ শ্রীরাধাকৃষ্ণয়োঃ রাসোৎসবদ্যাপন কর্মাঙ্গ হোমকর্মণি** .... **তিলকদান, অগ্নিবিসর্জন** (১১০ পৃ.) করে শান্তিবারিদানান্তে '**যজমান** দ্বাদশদান' উৎসর্গ করবে। উৎসর্গবাক্যে **–শ্রীরাধাকৃষ্ণয়োঃ রাসোৎসবোদ্যাপনসিদ্ধিপূর্বকং শ্রীকৃষ্ণচরণপ্রাপ্তি কামঃ/কামা ইমং সশস্যপ্রিয়দত্তং ভূমিমূল্যমর্চিতং শ্রীবিষ্ণুদৈতং শ্রীরাধাকৃষ্ণাভ্যাং যুবাভ্যামহং সম্প্রদদে**। এই ক্রমে দান ও দানদক্ষিণা উৎসর্গ করে **ভোজ্য ও ভোজ্যদক্ষিণা** উৎসর্গ করতে হয়। (বাক্য দানোৎসর্গের ন্যায় হবে।)

ডল্লক ও ডালা উৎসর্গ— (ডালা হবে ৪টি, অসমর্থ হলে ২টি)

১ম ডালা (মোদকযুক্ত) — এতস্মৈ মোদকযুক্ত ডল্লকায় নমঃ। .... সম্প্রদনায় **বিষ্ণবে** নমঃ।

উৎসর্গ বাক্যে— .... শ্রীরাধাকৃষ্ণেয়োঃ রাসোৎসবোদ্যাপনসিদ্ধয়ে ইদং মোদকযুক্তং ডল্লকং বিষ্ণবেহহং সম্প্রদদে।

২য় ডালা (ঘৃতযুক্ত) — **গুরবে**।

৩য় ডালা (দধিযুক্ত) — **অচার্যায়**।

৪র্থ ডালা (বস্ত্রাঞ্জনাধারাদিযুক্ত)— লক্ষ্মীদেব্যৈ। (অর্চনা ও উৎসর্গ বাক্য পূর্ববৎ)।

কল্পবৃক্ষ উৎসর্গ— এতস্মৈ সবস্ত্র কল্পিত নানাপুষ্পাদিরচিতকল্পিত কল্পবৃক্ষায় নমঃ।

এতদধিপতয়ে ওঁ উত্তানাঙ্গিরসে/বিষ্ণবে নমঃ। এতৎ সম্প্রদানাভ্যাং শ্রীরাধাকৃষ্ণাভ্যাং নমঃ।।

উৎসর্গবাক্য— বিষ্ণুরোম্............. ভগবতোঃ শ্রীরাধাকৃষ্ণয়োঃ রাসোৎসব কর্মণি বিষ্ণুলোকাধিকরণক সুখপ্রাপ্তিপূর্বকং শ্রীকৃষ্ণচরণপ্রাপ্তিকামঃ /কামা ইমং সবস্ত্রকল্পিতনানাপুষ্পাদিরচিত কল্পবৃক্ষমর্চিতম্ উত্তানাঙ্গিরোদৈবতং/বিষ্ণুদৈবতং শ্রীরাধাকৃষ্ণাভ্যাম্ অহং সম্প্রদদে।

কল্পবৃক্ষদানের দক্ষিণা— বাক্যে বিশেষ হ'লো ....কামনয়া কৃতৈতৎ সবস্ত্রকল্পিত নানাপুষ্পাদিরচিত কল্পবৃক্ষদানকর্মণঃ সাঙ্গতার্থং দক্ষিণামিদং কাঞ্চনমূল্যমর্চিতং শ্রীবিষ্ণুদৈবতং শ্রীরাধাকৃষ্ণাভ্যামহং সম্প্রদদে। অতঃপর কৃতাঞ্জলি হয়ে পাঠ— কৃতৈতৎ সবস্ত্রকল্পিত নানাপুষ্পাদিরচিত কল্পবৃক্ষদানকর্ম অচ্ছিদ্রমস্তু।

তারপর রাধাকৃষ্ণকে কল্পতরুমূলে স্থাপন করে কৃতাঞ্জলি হয়ে পাঠ—

ওঁ রাসয়ে ত্বাং জগন্নাথ নীলাচলশিরোমণে। নশ্যতু ত্বৎপ্রসাদান্মে পাপং জন্মশতোদ্ভবম্।।

ওঁ ইমং পুষ্পময়ং বৃক্ষং নানাপল্লবশোভিতম্। অত্রাধিরুহ্য ভগবন্ বিহরস্ব শ্রিয়াসহ।।

ওঁ সলক্ষ্মীকায় হরয়ে নির্মিতঃ কল্পভূরুহঃ। রত্নমন্ডপসংমধ্যে ময়া ভক্ত্যা নিবেদিতম্ ।।

ওঁঅয়ং কল্পদ্রুমাধারঃ কল্পবৃক্ষো মনোহরঃ। বিশ্বকর্মণা নির্মায় ত্বদর্থমুপকল্পিতম্।।

ওঁ ক্রীড়স্ব রময়া সার্ধং বিচিত্রে রত্নমন্ডপে। নানামণি সমাকীর্ণে গতিমিষ্টাং প্রযচ্ছমে।।

তারপর রাধাকৃষ্ণকে দোলায় চাপিয়ে ঐ কল্পবৃক্ষের চারধারে ৪বার প্রদক্ষিণ করাতে হবে।

প্রদক্ষিণ মন্ত্র —

ওঁ ত্বং লোকসাক্ষী ভগবান্ লোকানুগ্রহকারকঃ। সত্ত্বাদি ত্রিগুণাধার পাহি বিষ্ণো নমোঽস্তুতে।।

ওঁ স্রষ্টা ত্বং ব্রহ্মরূপেণ হর্তাসি শিবরূপধৃক্। রক্ষিতা বিষ্ণুরূপেণ জগন্নাথ নমোঽস্তুতে।।

ওঁ দেব দেব দয়াসিন্ধো নারায়ণ জগৎপ্রভো। পাহি মাং ভব সংসারাজ্জনার্দন নমোঽস্তুতে।।

ওঁ প্রদক্ষিণেন তে নাথ ত্রৈলোক্যত্রিপ্রদক্ষিণম্। ফলং ভবতু মে দেব ত্বৎ প্রসাদাৎ কৃপানিধে।।

পুনরায় রাধাকৃষ্ণকে রাসমঞ্চে বসিয়ে কৃতাঞ্জলি হয়ে পাঠ—

ওঁ রত্নমন্ডপমাবিশ্য রমস্ব রময়া সহ। সুখেন দেবদেবেশ ময়ি দীনে কৃপাং কুরু।।

ধ্রুবাম্বরীশ মান্ধাতৃ হরিশ্চন্দ্রাদিভির্নৃপৈঃ। ত্বাং সমারাধ্য যৎ প্রাপ্তং তদহং প্রার্থয়েপদম্।।

ইচ্ছয়ানিচ্ছয়া বাপি যে কুর্বন্তি তবার্চনম্। তেষাস্তু বাঞ্ছিতং সর্বং ত্বয়া কার্যং সদৈব হি।।

অতঃপর আচার্য দক্ষিণা— বিষ্ণুরোম........ অমুক দেবী/দাসী মৎসংকল্পিত শ্রীরাধাকৃষ্ণয়োঃ রাসোৎসবোদ্যাপন কর্মণি কৃতৈতদ্ অচার্য কর্মণঃ সাঙ্গতার্থং দক্ষিণামিদং কাঞ্চনমূল্যমর্চিতং শ্রীবিষ্ণুদৈবতং অমুক গোত্রায় অমুকদেকশর্মণে অচার্যায় তুভ্যমহং সম্প্রদদে।

দেবদক্ষিণা—কাঞ্চনমূল্য অর্চনা করে শ্রীবিষ্ণুরোম্........ অমুক দেবী/দাসী বিষ্ণুলোকাধিকরণক সুখপ্রাপ্তি পূর্বকমন্তে বিষ্ণুলোকপ্রাপ্তি কামনয়া কৃতৈতৎ কল্পিত নানাপুষ্পাদিরচিত কল্পিতকল্পবৃক্ষপ্রতিষ্ঠাঙ্গভূত শ্রীশ্রীরাধাকৃষ্ণয়োঃ পূজা সহিত শ্রীশ্রীরাধাকৃষ্ণয়োঃ রাসোৎসব(রাসোৎসবোদ্যাপন) কর্মণঃ সাঙ্গতার্থং দক্ষিণামিদং কাঞ্চনমূল্যমর্চিতং শ্রীবিষ্ণুদৈবতং শ্রীশ্রীরাধাকৃষ্ণাভ্যাম্ অহং সম্প্রদদে।।

দক্ষিণাটি শ্রীকৃষ্ণের চরণে(মুর্ত্তি না থাকলে শালগ্রামে) দিয়ে প্রণাম—

ওঁকৃপানিধে জগন্নাথ দেব ভক্তানুকম্পক। প্রীয়তাং ভগবদ্বিযেণ কৃতেনানেন কর্মণা।।

ওঁ যস্য স্মৃত্বা নমস্কৃত্বা তপোযজ্ঞক্রিয়াদিষু। ন্যূনং সম্পূর্ণতাং যাতি সদ্যো বন্দে তমচ্যুতম্।।

তারপর অচ্ছিদ্রাবধারণ— ওঁকৃতৈতত্ শ্রীশ্রীকৃষ্ণয়োঃ রাসোৎসব (রাসোৎবোদ্যাপন) কর্মাচ্ছিদ্রমস্তু।

বৈগুণ্যসমাধান—..........কৃতেঽস্মিন্ শ্রীশ্রীরাধাকৃষ্ণয়োঃ রাসোৎসব(রাসোৎসবোদ্যাপন) কর্মণি যদ্বৈগুণ্যং জাতং তদ্দোষপ্রশমনায় শ্রীবিষ্ণুস্মরণমহং করিষ্যে। বিষ্ণু স্মরণ করে প্রীয়তাং পুণ্ডরীকাক্ষঃ ইত্যাদি বলে এতৎকর্ম শ্রীকৃষ্ণে অর্পিতমস্তু বলে ভূমিতে জলত্যাগ করে পূজিত দেবতাদের প্রণাম করবেন।

রাসপঞ্চাধ্যায় পাঠ ও গীতবাদ্যাদিদ্বারা রাত্রিযাপন কর্তব্য।

উদ্যাপনের বৎসর ঐ রাত্রে ব্রাহ্মণভোজন করান উচিত।

ইতি রাসযাত্রা (উদ্যাপনসহ) বিধি।

ব্রত প্রতিষ্ঠা

বিধি- ব্রত হলো মূলতঃ নিয়ম, সংযম, তপস্যা পূণ্যজনক ও পাপক্ষয়কর কর্মানুষ্ঠান। তাই পাপনাশ্য প্রায়শ্চিত্তের মত ব্রতগ্রহণ ও ব্রতপ্রতিষ্ঠার কালাকাল বিচার সমীচীন নয়। তথাপি একটি শাস্ত্রবাক্য আছে—**'অস্তং গতে গুরৌ শুক্রেবালে বৃদ্ধে মলিম্লুচে। উপায়নমুপারম্ভং ব্রতানাং নৈব কারয়েৎ'**।। এই বাক্যটিকে মান্য করে অকালে বা মলমাসে ব্রতগ্রহণ করা হয় নি। কিন্তু যথাকালে ব্রতপ্রতিষ্ঠা অর্থাৎ উদ্যাপন করা হ'লে এ বাক্য স্বীকার্য নয়। কারণ যথাকালে ব্রতপ্রতিষ্ঠা করার আরও অধিকতর দৃঢ়যুক্তি আছে। ব্রহ্মপুরাণীয় বচন - **সমাপ্তে তু ব্রতে তত্র প্রতিষ্ঠা তদনন্তরম্। নকালনিয়ম স্তত্র তত্রবিঘ্নে পরাব্দিকে।** অর্থ — ব্রত শেষ হ'লে সেদিনই প্রতিষ্ঠা করবে। তখন কোন কালাকাল নিয়ম নাই। কিন্তু তখন কোন বিঘ্নবশতঃ প্রতিষ্ঠা করতে না পারলে পরবৎসর যথাকালে প্রতিষ্ঠা করবে। (এসময়টি কিন্তু শুদ্ধকাল হ'তে হবে।)দক্ষবচন হ'লো—

নৈমিত্তিকানি কাম্যানি নিপতন্তি যথা যথা। তথা তথৈব কার্যানি ন কালস্তু বিধীয়তে।। অর্থাৎ নৈমিত্তিক অথচ কাম্য ক্রিয়ার কাল যখন উপস্থিত হবে তখনই সেই সমস্ত কাজ করবে। তখন শুদ্ধকালের অপেক্ষা করতে হবে না।

উদাহরণস্বরূপ সপিন্ডীকরণ, মুখ্যান্নপ্রাশনের নাম উল্লেখ করা যেতে পারে।

কাঠকগৃহ্যসূত্রেও বলা হয়েছে— **প্রবৃত্তং মলমাসাৎ প্রাক্ যৎ কর্ম ন সমাপিতম্। আগতে মলমাসেঽপি তৎ সমাপ্যমসংশয়ম্।।** অর্থাৎ আরব্ধ কাজ মলমাস পড়ার আগে না শেষ হ'লে, মলমাস পড়ে গেলেও তা সমাপন করা যায়। অর্থাৎ যথাকালে ব্রতপ্রতিষ্ঠা করলে শুদ্ধাশুদ্ধ কালের বিচার করতে হয় না।

ব্রতের আরম্ভ অর্থাৎ ব্রতগ্রহণের দিনে সঙ্কল্প বাক্যে যে ব্রত যত বৎসর পালনীয় তা উল্লেখ করতে হয়। তারপর থেকে আর করণীয় ব্রতে পৃথক সঙ্কল্প করতে হয় না। তবে অশৌচাদি কারণে নিজে না করে অপর ব্রাহ্মণাদি দ্বারা পূজা করালে

তাকে সংকল্প করতে হবে নিম্নরূপ— **বিষ্ণুরোম্....... অমুকগোত্রঃ অমুক দেবশর্মা অমুক গোত্রায়াঃ অমুক দেব্যাঃ অমুকব্রতাঙ্গ ভূতামুকামুকামুকদেবতাপূজনমহং করিষ্যামি।**

জন্মাষ্টমী, শিবরাত্রি প্রভৃতি কতকগুলি ব্রতের উদযাপন নাই, জীবনব্যাপী করণীয়; তাই এইসকল ব্রতে প্রতিবৎসরই সঙ্কল্পকরতে হয়।

অম্নসংক্রান্তি প্রভৃতি সংক্রান্তি বিহিত ব্রতে সঙ্কল্পবাক্যে মুখ্যচান্দ্রমাস ও সংক্রান্তির নাম উল্লেখ করতে হয়। **দূর্বাষ্টমী, ষট্‌পঞ্চমী** প্রভৃতি তিথি বিহিত ব্রতে গৌণচান্দ্রমাস উল্লেখ্য।

ব্রতীর অশৌচ হ'লেও ব্রত বন্ধ থাকবে না। ব্রাহ্মণের দ্বারা পূজা করাবে। নিজে উপবাস, নিয়মপালন এবং (অশৌচান্তে) ডোর ধারণ করবে। ব্রাহ্মণ, ব্রতীর নাম উল্লেখ করেই পূর্বের মত সংকল্প করবেন।

ব্রত আরম্ভ করে সমাপন করার আগেই মারা গেলে পুত্রাদি অপরকে আর অবশিষ্ট ব্রত ও ব্রতোদযাপন করতে হবে না। শাস্ত্রনির্দেশ হ'লো—

যো যদর্থং চরেদ্ ধর্মমসমাপ্য মৃতো যদি। স তৎপুণ্যফলং প্রেত্য প্রাপ্নুয়াম্মনুরব্রবীৎ।।

অর্থাৎ যিনি যে কামনা নিয়ে ধর্ম (ব্রত) আচরণ করেন, তা অসমাপ্ত রেখেই যদি তিনি মারা যান, তাহলেও তিনি পরলোকে গিয়ে ফলভোগ করবেন।

ব্রত প্রতিষ্ঠার দিনে প্রথমেই করণীয় ব্রত করতে হয়।

ব্রতারম্ভ বিধি ব্রতের পূর্বদিনে একবার মাত্র হবিষ্যান্ন বা নিরামিষ আহার করে ব্রতদিনে প্রাতঃকালে স্নান ও নিত্যক্রিয়া সমাপনান্তে আচমন থেকে সংকল্প পর্যন্ত করে কৃতাঞ্জলি হ'য়ে বলবেন –

ইদং ব্রতং ময়া দেব গৃহীতং পুরতস্তব। নির্বিঘ্নং সিদ্ধিমাপ্নোতু ত্বৎপ্রসাদাজ্জনার্দন।।

গৃহীতেঽস্মিন্ ব্রতে দেব যদ্যপূর্ণে ত্বহং ম্রিয়ে। তন্মে সম্পূর্ণতাং যাতু প্রসাদাত্তব কেশব।।

তারপর ব্রতাঙ্গ দেবতাদের পূজাদি ভেজ্যোৎসর্গান্ত সমস্ত কাজ শেষ করে ডোরকধারণ, কথাশ্রবণ ও দেবতা প্রণাম করে সেদিনও সংযম পালন করবেন। **আরব্ধ ব্রতের সমাপ্তি দিনে অর্থাৎ প্রতিষ্ঠার দিনে দক্ষিণান্ত অচ্ছিদ্রাবধারণ ও বৈগুণ্যসমাধান হবে।**

প্রতিষ্ঠা-প্রয়োগ

ব্রতী প্রতিষ্ঠার পূর্বদিনে সন্ধ্যাবেলায় শুদ্ধাসনে বসে আচমন বিষ্ণুস্মরণাদিকরে ব্রতের প্রধানদেবতার অধিবাস করবেন। অধিবাস ঘটে বা শালগ্রামে করবেন। **অধিবাসের সঙ্কল্প**— বিষ্ণুরোমতৎসদদ্য . . . . শ্বঃ কর্তব্যে . . . . ব্রতপ্রতিষ্ঠাকর্মণি অমুকস্য শুভাধিবাসনকর্মাহং করিষ্যামি, সঙ্কল্প করে সূক্তপাঠান্তে **গণেশাদিদেবতার** গন্ধপুষ্পদ্বারা পূজা করে **বিষ্ণু, লক্ষ্মী** এবং ব্রতের প্রধান দেবতাকে দশোপচারে পূজা করে **অধিবাস** করবেন। যথা— **গায়ত্রী পাঠ** করে **অনয়া মহ্যা অস্য/অস্যাঃ অমুক দেবস্য/ দেব্যাঃ শুভাধিবাসনমস্তু**/ অধিবাসের শেষে দক্ষিণা ও অচ্ছিদ্রাবধারণ করতে হবে। (পূর্বদিন অধিবাস করা সম্ভব না হলে সেই দিনই হবে।) প্রথমে পূর্বোক্ত বিধি অনুসারে করণীয় ব্রতের পূজা, ডোরকধারণ, কথাশ্রবণ, ব্রাহ্মণ-দক্ষিণা, অচ্ছিদ্রাবধারণ করে ব্রতপ্রতিষ্ঠার জন্য গন্ধাদি ও নারায়ণাদির অর্চনা, সূর্যার্ঘ্যদানান্তে স্বস্তিবাচন করবেন – **কর্তব্যেঽস্মিন্ অমুকব্রতপ্রতিষ্ঠা কর্মণি** ইত্যাদিক্রমে। তারপর

সংকল্প শ্রীবিষ্ণুর্নমোঽ দ্য অমুকে মাসি অমুকেপক্ষে অমুকতিথৌ অমুকগোত্রা অমুকদেবী ইয়দ্‌বর্ষনিষ্পাদিত **অমুকব্রতসফলত্বকামা ইয়দ্‌বর্ষনিষ্পাদিতামুক ব্রতপ্রতিষ্ঠামহং করিষ্যে।** স্বশাখোক্ত সংকল্পসূক্ত (১৩ পৃ.) পাঠ করে ব্রাহ্মণ-বরণ করবে।

ব্রতকর্তা পুরুষ হ'লে এই সময় **বৃদ্ধিশ্রাদ্ধের** সংকল্প করে বৃদ্ধিশ্রাদ্ধ করবেন।

সংকল্প বিষ্ণুরোম্ .... মৎসংকল্পিত ইয়দ্‌বর্ষনিষ্পাদিতামুকব্রতপ্রতিষ্ঠাকর্মাভ্যুদয়ার্থং সগণাধিপ গৌর্যাদিষোড়শমাতৃকাপূজা বসোর্ধারাসম্পাতানায়ুষ্যসূক্ত জপাভ্যুদয়িক শ্রাদ্ধান্যহং করিষ্যে।

বরণবাক মৎসংকল্পিত ইয়দ্বর্ষ নিষ্পাদিতামুক ব্রতপ্রতিষ্ঠাঙ্গ হোম কর্মাণি ব্রহ্মকর্ম/(হোতৃকর্ম/তন্ত্রধারক কর্ম/সদস্য কর্ম) করণায় অমুকগোত্রং অমুকদেবশর্মাণং গন্ধাদিভিরভ্যর্চ্য ভবন্তমহং বৃণে।

পূজাদি কর্ম এরপর স্বয়ং **কর্তা** আভ্যুদয়িক শ্রাদ্ধ করবেন এবং **বৃতহোতা** বেদির ঈশান কোণে বরুণ বা শান্তির ঘট বসিয়ে তারই পাশ থেকে **পূর্বদিকে পরপর পাঁচটি** ঘট বসাবেন। (**ব্রততত্ত্বে পাঁচটি ঘট বা একটি ঘটের বিধান** আছে। সুতরাং একটি ঘট বসিয়েও হতে পারে।) মধ্যে পঞ্চগুঁড়ি দ্বারা আর একটি মন্ডল করে তার উপর একটি ছোট তামার ঘট বসিয়ে তার মুখে একটি তামার টাট রেখে তার **উপর রৌপ্য পৃথিবী**, তার উপর **রৌপ্যময়ী বিষ্ণু প্রতিমা** (কারও কারও মতে সেই সঙ্গে একটি **স্বর্ণময়ীলক্ষ্মী প্রতিমা**) রাখা হবে। (ব্রততত্ত্বে কিন্তু উক্ত প্রতিমার কোনরূপ উল্লেখ নাই।)

অতঃপর ব্রাহ্মণ পূজাবিধি অনুসারে আচমন, বিষ্ণুস্মরণ, জলশুদ্ধি, আসনশুদ্ধি, গন্ধাদি, নারায়ণদি অর্চনা, সূর্যার্ঘ্যদান, পঞ্চগব্য শোধন (৩১ পৃ.) বেদিশোধন ও চন্দ্রাতপশোধন (৩২ পৃ.) করে দ্বারপূজা থেকে ঘটস্থাপন পর্যন্ত (৩৩ পৃ.—৪১ পৃ. পর্যন্ত) কর্মগুলি করে পঞ্চোপচারে গণেশাদি পঞ্চদেবতার পূজা করবেন। তারপর যথাশক্তি উপচারে **১ম ঘটে- গণেশ, ২য় ঘটে- আদিত্যাদি নবগ্রহ** (৪৭ পৃ.—৫১ পৃ.) **৩য় ঘটে — শিবদুর্গা, ৪র্থ ঘটে— বিষ্ণু, লক্ষ্মী ও সরস্বতী। ৫ম ঘটে- ইন্দ্রদি দশদিকপাল,** (৪৩ পৃ.-৪৬ পৃ.) **ব্রহ্মা, বাস্তুপুরুষ, অশ্বিনীকুমারদ্বয়ও ক্ষেত্রপাল।**— এই সমস্ত দেবতাদের পূজা করে **ঈশানে স্থাপিত ঘটে— বরুণ** ও অচারবশতঃ **শান্তির** পূজা করা হবে। (৫৯-৬০ পৃঃ)

অতঃপর প্রতিমাদুটির শিল্পদোষনিবৃত্তির জন্য শুষ্কগোময়ভস্মদ্বারা প্রতিমাদুটিকে মার্জন করে ঘি মাখান হবে । মন্ত্র- **ওঁ তেজোহসি শুক্রমস্যমৃতমসি ধাম নামাসি। প্রিয়ং দেবানামনাধৃষ্টং দেবযজনমসি**। তারপর চন্দন মাখাতে হবে। মন্ত্র— **ওঁ উদ্বর্তয়ামি দেব(লক্ষ্মীরক্ষেত্রে— দেবি) ত্বাং যথেষ্টং চন্দনাদিভিঃ। উদ্বর্তনপ্রসাদেন প্রাপ্নুয়াম্ ঋ দ্ধিমুত্তমাম্**। অতঃপর সেই সেই মন্ত্রে পঞ্চগব্য দ্বারা (৩১ পৃ.) ও পঞ্চামৃত দ্বারা (১২৬ পৃ.) এবং **সহস্রশীর্ষাপুরুষ** ইত্যাদি মন্ত্র দ্বারা স্নান করিয়ে নূতন বস্ত্রদ্বারা জল মুছিয়ে গন্ধপুষ্পদ্বারা সজ্জিত করে কূর্মমুদ্রায় পুষ্প নিয়ে ধ্যান করতে হবে।

(ধ্যান)

ওঁ নারায়ণং চতুর্বাহুং শঙ্খচক্রগদাধরম্। শ্রীবৎসকৌস্তুভোরস্কং বনমালাবিভূষিতম্।।

লক্ষ্মীসহিতবামাঙ্গং তার্ক্ষ্যস্থং পীতবাসসম্।। পুষ্পটি নিজমস্তকে দিয়ে মানসপূজা,

বিশেষার্ঘ্য স্থাপন, পীঠপূজা করে আবাহন— ওঁ ভূর্ভুবঃ স্বঃ সলক্ষীকবিষ্ণো ইহাগচ্ছ ইহাগচ্ছ.... ইত্যাদি ক্রমে আবাহন করে কৃতাঞ্জলি হয়ে বলবেন—

ওঁ এহ্যেহি ভগবন্ বিষ্ণোলোকানুগ্রহকারক। গৃহাণেমং যজ্ঞভাগংবাসুদেব নমোঽস্তুতে।।

ওঁ আয়াহি ভগবন্ দেব শঙ্খচক্রগদাধর। পূজয়ামি যথাশক্ত্যা অষ্টভির্নায়কৈঃ সহ।।

তারপর ওঁ আং হ্রীং ক্রোং ইত্যাদি মন্ত্রে উভয় প্রতিমাতেই প্রাণ প্রতিষ্ঠা করা হবে।

এরপর প্রথমে ব্রতাঙ্গ প্রধান দেবতার ষোড়শোপচারে পূজা করে পুনরায় নারায়ণের **ধ্যান** করে ষোড়শোপচারে প্রতিটি দ্রব্য অর্চনা করে স্তুতিপাঠ (১৬৮-১৬৯ পৃ.) পূর্বক ওঁ নমোনারায়ণায় **ওঁ বিষ্ণবে নমঃ** মন্ত্রে দেওয়া হবে।। যথা এতস্মৈ রজতাসর্নায় নমঃ .... সম্প্রদানায় বিষ্ণবে নমঃ ইতি অর্চনান্তে স্তুতি পাঠ করে **ইদং রজতাসনম্ ওঁ নমোনারায়ণায় ওঁ বিষ্ণবে নমঃ**। এই ক্রমে ষোড়শোপচারে বিষ্ণুর পূজা করে(লক্ষ্মী প্রতিমা থাকলে) **লক্ষ্মীরও** ষোড়শোপচারে পূজা করা হবে। **(লক্ষ্মী প্রতিমা পৃথক না থাকলে 'ওঁ নমোনারায়ণায় ওঁ সলক্ষীক বিষ্ণবে নমঃ মন্ত্রে পূজা করা হবে।**

অতঃপর **আবরণ পূজা**—(গন্ধপুষ্প দ্বারা) **এতে গন্ধপুষ্পে ওঁ সরস্বত্যৈ নমঃ** ইত্যাদিক্রমে বাসুদেবায়। **সঙ্কর্ষণায়। প্রদ্যুম্নায়। অনিরুদ্ধায় । (দ্বাদশ কেশব পূজা) কেশবায়। নারায়ণায়। মাধবায়। গোবিন্দায় বিষ্ণবে। মধুসূদনায়। ত্রিবিক্রমায়। বামনায়। শ্রীধরায়। হৃষীকেশায়। পদ্মনাভায়। দামোদরায়। (অস্ত্রাদিপুজা) চক্রায় । শঙ্খায়। গদায়ৈ। পদ্মায়। কৌস্তুভায় । বনমালায়ৈ। কুন্ডলায়। কিরীটায়। গরুড়ায়। সুদর্শনায়। ব্রহ্মণে। নরসিংহায়। (দক্ষিণ্যে মহালক্ষ্ম্যৈ। (বামে) পুষ্ট্যৈ**

অতঃপর তাম্রাদিপাত্রে শিলাপিষ্ট নিয়ে সাতবার বন্দনা করে কৃতাঞ্জলি হয়ে পাঠ—

ওঁ জিতন্তে পুন্ডরীকাক্ষ নমস্তে বিশ্বভাবন । নমস্তেঽস্তু হৃষীকেশ মহাপুরুষপূর্বজ।।

যদ্বাল্যে যচ্চ কৌমারে বার্ধকে যচ্চ যৌবনে। তৎপুণ্যং বৃদ্ধিমাপ্নোতু পাপং হর হলায়ুধ।।

তারপর 'ওঁ বিষ্ণবে নমঃ ' মন্ত্রে পঞ্চ পুষ্পাঞ্জলি দিয়ে উক্ত মন্ত্র যথাশক্তি জপ করে প্রণামমন্ত্র উচ্চারণ সহ বিষ্ণু ও লক্ষ্মীকে প্রণাম করবে।

বরুণের ধ্যান ওঁ শুদ্ধস্ফটিক সংকাশং হিমকুন্দেন্দু সন্নিভং। কিরণৈঃ শীতলৈঃ সৌম্যৈঃপ্রীণয়ন্তং চরাচরম্ ।। সুনাদং বারিজং পদ্মং ধারয়ন্তং গদাং শুভাম্। ভুষিতং মালয়া তদ্বদ্দীপিতং মণিলাঞ্ছনৈঃ। শ্রীপুষ্টিগরুড়াদ্যৈশ্চ সমন্ততাত্তু পরিপ্লুতম্।।

এই ধ্যান করে বরুণের যথাশক্তি উপচারে পূজার পর ঐ ঘটেই যথাশক্তি উপচারে শান্তির পূজা করতে হবে। এই ভাবে পূজা শেষ করে আরতি করে হোম করতে হবে।

হোম—

সামবেদী— ৬১ পৃ. থেকে চরুপাকের পর ৬৫ পৃ. পর্যন্ত বিরুপাক্ষ জপ পর্যন্ত করে প্রকৃত কর্ম কর্তব্য।

যজুর্বেদী— ৬৯ পৃ. থেকে ৭১ পৃ. পর্যন্ত করে প্রকৃত কর্ম হবে।

প্রকৃত কর্ম— প্রাসাদ প্রতিষ্ঠার প্রকৃতকর্মের অনুরূপ (১০৪ পৃষ্ঠা থেকে ১০৯ পৃষ্ঠা ৪ পং. পর্যন্ত)।

উদীচ্যকর্ম—

সামবেদী— ৮০ পৃ. — ৮৩ পৃ. পর্যন্ত করে প্রত্যক্ষদেবতার হোমের পর—

যজুর্বেদী— ৮৪ পৃ. — ৮৬ পৃ. পর্যন্ত করে প্রত্যক্ষ দেবতা হোম।

ঋগ্বেদী — ৮৭ পৃ. — ৮৯পৃ. পর্যন্ত করে প্রত্যক্ষ দেবতা হোমের পর —

পূর্ণহোম— (সর্ববেদী সাধারণ) পূর্ণহোম থেকে আচার্য দক্ষিণা পর্যন্ত(১০৯ পৃ. — ১১০ পৃ. ৯ পং) কর্ম করার পর **'সুরাস্ত্বামভিষিঞ্চন্তু'** ইত্যাদি মন্ত্রে পৌরাণিক শান্তি ও **'কয়ানশ্চিত্র' ইত্যাদি** মন্ত্রে বৈদিক শান্তিদানের পর **দ্বাদশ দান, ভোজ্যও ডল্লক বা ডালা ৪টি উৎসর্গ করা হবে।**

***১ম— মোদকযুক্ত** ডল্লকটি **বিষ্ণুকে। ২য়— ঘৃতযুক্ত** ডল্লকটি **গুরুকে। ৩য়— দধিযুক্ত** ডল্লকটি আচার্যকে এবং ৪র্থঁ— বস্ত্রাঞ্জনাধারাদিযুক্ত ডল্লকটি **লক্ষ্মীদেবীকে** সম্প্রদান করে বিষ্ণুকে প্রণাম করার মন্ত্র—

ওঁ নমস্তে জলদাভায় নমস্তে জলশায়িনে। নমস্তে কেশবানন্ত বাসুদেব নমোঽস্তুতে।

নমোনমস্তে সুররাজরাজ নমোঽস্তুতে তে জগন্নিবাস। কুরুম্ব সম্পূর্ণফলং মমাদ্য নমোঽস্তু তুভ্যং পুরুষোত্তমায়।।

লক্ষ্মীর প্রণাম মন্ত্র— লক্ষ্মীস্ত্বং সর্বভূতানাং কৃষ্ণে বসসি নিত্যশঃ। স্থিরা ভব মহাদেবি মম জন্মনি জন্মনি।।

তারপর লক্ষ্মীডালার উপরি প্রতিমা দুটি রেখে ডালাটি মাথায় নিয়ে ৪বার বেদি প্রদক্ষিণ করবে।

প্রদক্ষিণ মন্ত্র —

ওঁ নারায়ণং চতুর্বাহুং শঙ্খচক্রগদাধরম্। পীতাম্বরধরং নিতং বনমালাবিভূষিতম্।।

ওঁ শ্রীবৎসাঙ্কং জগন্নাথং শ্রীপতিং শ্রীধরং হরিম্। নামান্যেতানি সংকীর্ত্য গত্যর্থং প্রার্থয়েদ্ধরেঃ।।

ওঁ ত্রাহি মাং সর্বলোকেশ হরে সংসারবন্ধনাৎ। ত্রাহি মাং সর্বদুঃখঘ্ন দুঃখশোকার্ণবাৎ প্রভো।।

---

* সধবা রমণী হলে সর্বপ্রথম একটি ডালা স্বামীর হাতে দিয়ে কৃতাঞ্জলি হ'য়ে বলবেন—
নাধিকারোস্তি মে নাথ উপবাস ব্রতাদিষু। ভবদাজ্ঞাবিহীনায়া ত্বস্মাদাজ্ঞাপয় প্রভো।।
অকালে যদ্ ব্রতং চীর্ণং যত্তু মন্ত্রবিবর্জিতম্। ধূপগন্ধাদিভির্হীনং তৎসর্বং পূর্ণতাং নয়।।
(স্বামী বলবেন— 'ত্বদাচরিতং ব্রতং সম্পূর্ণ ফলদং ভবতু'।

ওঁ সর্বযজ্ঞেশ্বর ত্রাহি পতিতং মাং ভবার্ণবে। দুর্গতেস্ত্রাহি মাং বিষ্ণো ত্বাং স্মরামি পুনঃপুনঃ।।

ডালাটি জলধারা দিয়ে প্রদক্ষিণ করে ঘরে নিয়ে গিয়ে রেখে প্রণাম করবে—

ওঁ যস্যস্মৃত্বা নমস্কৃত্বা তপোযজ্ঞক্রিয়াদিষু। ন্যূনং সম্পূর্ণতাং যাতি সদ্যো বন্দে তমচ্যুতম্।।

তারপর ব্রহ্মা, হোতা, তন্ত্রধারক ও সদস্যদের দক্ষিণা।

উৎসর্গ বাক্যের ক্রম— বিষ্ণুরোম্ ইত্যাদি মৎসংকল্পিতামুকব্রতপ্রতিষ্ঠা কর্মণি কৃতৈতদ্ ব্রহ্মা কর্মণঃ সাঙ্গতার্থং ইত্যাদি।

মূলদক্ষিণা বা দেবদক্ষিণা— বিষ্ণুরোম্.... বিষ্ণুলোকাধিকরণক সুখপ্রাপ্তিপূর্বকমন্তে শ্রীকৃষ্ণ চরণপ্রাপ্তি কামনয়া কৃতৈতদ্ ইয়দব্দ নিষ্পাদিতামুকব্রতপ্রতিষ্ঠা কর্মণঃ সাঙ্গতার্থং দক্ষিণামিদং কাঞ্চনমূল্যং ..... শ্রীবিষ্ণবে অহং সম্প্রদদে।

এরপর অচ্ছিদ্রাবধারণ, বৈগুণ্যসমাধানান্তে ব্রাহ্মণদের ভোজন ও দানাদি দ্বারা আপ্যায়িত করা শাস্ত্রীয় বিধি।

ব্রতপ্রতিষ্ঠা সমাপ্ত

রথ প্রতিষ্ঠা

পূর্বদিন সন্ধ্যায় মূর্তিসহ রথের নিকট শুদ্ধাসনে উত্তরমুখে বসে, আচমন, গন্ধাদির অর্চনা, জলশুদ্ধি আসনশুদ্ধি, করশুদ্ধি পুষ্পশুদ্ধি করে স্বস্তিবাচন করতে হয়।

[আমাদের দেশে কোন কোন অঞ্চলে বিষ্ণু বা জগন্নাথের রথ ছাড়াও শিবাদি দেবতার রথ আছে, তাহলেও বামনরূপি বিষ্ণু বা জগন্নাথের রথই সুপ্রসিদ্ধ ও বহুল প্রচলিত। তাই বলভদ্র-সুভদ্রা সহ বিষ্ণুরথ প্রতিষ্ঠা বিধিই এখানে থাকছে। যদি অন্যদেবতার রথ হয়, তাহলে বলরাম, সুভদ্রা বিষ্ণুর বিশেষ পূজার স্থলে সেই দেবতার পূজা হবে এবং স্বস্তিবাচন সঙ্কল্পে সেই দেবতার রথের কথা উল্লেখ করা হবে।]

স্বস্তিবাচন — ওঁকর্তব্যেঽস্মিন্ বলভদ্রসুভদ্রয়াসহ বামনরূপিবিষ্ণোঃ কাষ্ঠময়/লৌহময়/ধাতুময় রথস্য শুভাধিবাসন-

কর্মণি ওঁ পুণ্যাহং ভবন্তো ব্রুবন্তু ইত্যাদি ক্রমে স্বস্তিবাচন ও স্ব স্ব শাখোক্ত স্বস্তি সূক্ত পাঠ করে সঙ্কল্প করবেন—

বিষ্ণুরোম্ তৎসদদ্য অমুকমসি (মুখ্যচান্দ্র মাস) ইত্যাদি শ্রীবিষ্ণু প্রীতিকামঃ বলভদ্রসুভদ্রা সহিত বামনরূপিবিষ্ণোঃ কষ্ঠময়/লৌহময়/ধাতুময় রথস্য শুভাধিবাস কর্মাহং করিষ্যে। সঙ্কল্পসূক্ত পাঠান্তে মাষভক্ত বলি, ভূতশুদ্ধি, মাতৃকান্যাস প্রভৃতি সমস্ত ন্যাস করে গণেশাদি পঞ্চদেবতার পূজা করতে হবে। তারপর বামনরূপি বিষ্ণুর ধ্যান, মানসোপচারে পূজা, বিশেষার্ঘ্য স্থাপন করে পুনরায় ধ্যান করতে হবে—

ধ্যান—ওঁ প্রসন্নবদনাম্ভোজং পদ্মপত্রায়তেক্ষণম্। সুরূপলম্ববিস্তীর্ণং ললাটকনকোজ্জ্বলম্।।
সমকর্ণাপ্ত বিন্যস্ত মকরাকৃতিমণ্ডলম্। কম্বুগ্রীবং সুবিস্তীর্ণ শ্রীবৎসাঙ্কিত বক্ষসম্।।
বলীবিভক্তগম্ভীর নাভিকোদর সুন্দরম্। সমস্থিতোরুজঙ্ঘঞ্চ সুযুগ্মাঙ্ঘ্রিকরাম্বুজম্।।
চিন্তয়েদ্ ব্রহ্মভূতং তং পীতনির্মলবাসসম্। কিরীটহারকেয়ূর কটকাদিবিভূষিতম্।
শঙ্খচক্রগদাপদ্মধারয়ন্তং চতুর্ভুজম্। অত্যন্তললিতা বিষ্ণুং তথৈ বামনাকৃতিম্।
ব্রহ্মাদিভির্বৃতং নিত্যং কৃতাঞ্জলিপুটৈস্থথা। চিন্তয়েত্তন্ময়ো যোগী সমাধয়াত্মমানসম্।

এই মন্ত্রে ধ্যান করে বামনরূপি বিষ্ণুর পূজা করে মহীগন্ধাদি পৃথক পৃথক দ্রব্যে গায়ত্রী মন্ত্র দ্বারা বলভদ্র সুভদ্রা সহিত বামনরূপ বিষ্ণুদ্দেশ্যকরথস্য শুভাধিবাসনমস্তু—ইত্যাদিক্রমে অধিবাস করে দক্ষিণান্ত ও অচ্ছিদ্রাবরণ করতে হয়।

[পূর্ব দিনে অধিবাস না করা হলে পরদিন প্রথমেই অধিবাস করা উচিত।]

প্রতিষ্ঠা দিনে সকালে প্রতিষ্ঠা কর্তা নিত্য ক্রিয়ান্তে শুদ্ধাসনে বসে আচমন, গন্ধাদির অর্চনা, সূর্যার্ঘ্যদান ও গায়ত্রী ও ইষ্টমন্ত্র জপ করে স্বস্তিবাচন করবেন—ওঁ কর্তব্যেঽস্মিন্ বলভদ্র সুভদ্রা সহ বামনরূপি বিষ্ণুদ্দেশ্যক রথ প্রতিষ্ঠা কর্মণি ওঁ পুণ্যাহং ভবন্তো ব্রুবন্তু ইত্যাদি ক্রমে স্বস্তিবাচন ও স্বস্তিসূক্ত পাঠান্তে সঙ্কল্প—

বিষ্ণোরম্ তৎসদেত্যাদি ...... পিতৃমাতৃকুলান্বিত এতদ্ রথপরমাণুসমসংখ্যক বর্ষসহস্রাবচ্ছিন্ন বিষ্ণুলোকাধিকরণক

মোদমানত্বকামঃ দার্বাদিময়/ধাতুময় রথ প্রতিষ্ঠা কর্মাহং করিষ্যে।

এরপর বলভদ্রসুভদ্রাসহবামনরূপি বিষ্ণোঃ রথ প্রতিষ্ঠা কর্মাভ্যুদয়ার্থং সগণাধিপগৌর্যাদি ষোড়শ মাতৃকা পূজা বসোর্ধারাসম্পাদনায়ুষ্যসূক্তজপাভ্যুদয়িক শ্রাদ্ধান্যহং করিষ্যে। এই অভিলাপ বাক্যটির পর

ব্রহ্মা-হোত-আচার্য-সদস্য বরণ।

তারপর কৃতী আভ্যুদয়িক শ্রাদ্ধ করবেন এবং বৃত ব্রাহ্মণগণ বেদির ঈশান কোণে বরুণ ঘট ও তারপর উত্তর দিক থেকে পর পর পাঁচটি অষ্টদল পদ্ম মণ্ডলে পাঁচটি ঘট-সাজিয়ে বসে প্রথমে আচমন গন্ধাদির অর্চনা, জলশুদ্ধি, আসনশুদ্ধি, পুষ্পশুদ্ধি ও সূর্যার্ঘদাগন্তে পঞ্চগব্য শোধন থেকে পঞ্চদেবতার পূজা পর্যন্ত করে ১ম ঘটে— গণেশ, ২য় ঘটে আদিত্যাদি নবগ্রহ, ৩য় ঘটে— শিব দুর্গা, ৪র্থ ঘটে—বিষ্ণু লক্ষ্মী ও সরস্বতী এবং ৫ম ঘটে—ইন্দ্রাদি দশ দিক পালে, ব্রহ্মা, বাস্তুপুরুষ ও ক্ষেত্র পালের তারপর এই বেদিকাতেই বিষ্ণু আদি দেবতাদের দশোপচারে পূজা করতে হবে। (১) বিষ্ণুর **ওঁ প্রসন্নবদনাম্ভোজম্** ইত্যাদি ধ্যান করে **ওঁ বামনরূপিণে বিষ্ণবে নমঃ** মন্ত্রে পূজা হবে।

২) বলরামের ধ্যান— **ওঁ বলঞ্চ শুভবর্ণাভং শারদেন্দুসমপ্রভম্। কৈলাস শিখরাকার ফণাবিকটবিস্তরম্।।**
নীলাম্বরধরঞ্চোগ্রং বলং বলমদোদ্ধতম্। কুন্তলৈকধরং দিব্যং মহামূষলধারিণম্।।
মহাবলং হলধরং রৌহিণেয়ং বলপ্রভম্।।

অথবা ধ্যানান্তর ওঁ শুদ্ধস্ফটিক সঙকাশং রক্তাম্বুজদলেক্ষণম্। নীলচেলধরং স্নিগ্ধং দিব্যগন্ধানুলেপনম্।।
কুন্তলশ্লিষ্টসদ্গণ্ডং সদাঘুর্ণিতলোচনম্। মধুপানে সদাসক্তং দিব্যভূষাম্বরস্রজম্।।
মুষলং দক্ষিণে পাণৌ বলরামং সদা স্মরেৎ।

ধ্যান আবাহনাদি করে **ওঁ বলরামায় নমঃ** মন্ত্রে পূজা হবে।

৩) **জগন্নাথের ধ্যান ঃ ওঁ পীনাঙ্গং দ্বিভুজং কৃষ্ণং পদ্মপত্রায়তেক্ষণম্। মহোরসং মহাবাহুং পীতবস্ত্রং শুভাননম্।।**
শঙ্খচক্রগদাপাণিং মুকুটাঙ্গদভূষিতম্। সর্বলক্ষণসংযুক্তং বনমালা বিভূষিতম্।।

দেবদানবগন্ধর্বযক্ষবিদ্যাধরোরগৈঃ। সেব্যমানং সদাচারু কোটিসূর্যসমপ্রভম্।।
ধ্যায়েন্নারায়ণং দেবং চতুবর্গং ফলপ্রদম্।।

ধ্যান আবাহনাদির পর **'ওঁ জগন্নাথায় নমঃ'** মন্ত্রে পূজা হবে।

৪) সুভদ্রার ধ্যান—ওঁ সুভদ্রাং স্বর্ণপদ্মাভাং পদ্মপত্রায়ণেক্ষণাম্। বিচিত্রবস্ত্রসংছন্নাং হারকেয়ূরশোভিতাম্।।
বিচিত্রাভরণোপেতাং মুক্তাহারবিলম্বতাম্।পীনোন্নতকুচাং রম্যামাদ্যাপ্রকৃতিরূপিণীম্।।
ভুক্তিমুক্তিপ্রদাত্রীঞ্চ ধ্যায়েত্তামম্বিকাং পরাম্।।

ধ্যান আবাহনাদির পর **'ওঁ সুভদ্রায়ৈ** নমঃ মন্ত্রে পূজা হবে।

এরপর **হোম**। সামাবেদী—প্রথমে ৬১ পৃ. থেকে ৬৫পৃষ্ঠায় বিরূপাক্ষ হোম পর্যন্ত করে প্রাসাদ প্রতিষ্ঠায় লিখিত চরুহোম থেকে শেষ পর্যন্ত হবে। [বিশেষ হলো জুষ্ট গ্রহণে **বামনরূপিবিষ্ণবে ত্বা। বলভদ্রায় ত্বা। জগন্নাথায় ত্বা। সুভদ্রায়ৈত্বা**—এই চারমুষ্টি চাল নিতে হবে এবং চরুহোমে ও সমিধ হোমে এঁদের উদ্দেশ্যে **১টি করে চরু আহুতি ও ১০৮ বা ২৮টি করে সমিধ আহুতি দিতে হবে।** আজ্য হোমেও অনুরূপ আহুতি হবে।]

যজুর্বেদী ও ঋগ্বেদীর নির্দেশ বহ্নিস্থাপন, নবগ্রহমন্ত্র, দিক্পাল মন্ত্র ও উদীচ্য কর্ম বাস্তুযাগের হোমে দ্রষ্টব্য।

পূর্ণাহুতি, ব্রহ্মদক্ষিণা, কশ্যপ গ্রহণ ও অগ্নিবিসর্জনের পর—

ওঁ উত্তিষ্ঠ ব্রহ্মণস্পতে দেবয়ন্তস্ত্বেমহে। উপপ্রয়ন্ত মরুতঃ সুদানব, ইন্দ্র প্রাশূর্ভবা সচা, এবং

ওঁ উত্তিষ্ঠ দেব দেবেশ জগন্নাথ জগন্ময়। স্নানং কর্তুং মহাভাগ ভদ্র তে চ প্রকীর্তয়ে।। এই মন্ত্র দুটি পাঠ করতে করতে বিগ্রহ তিনটিকে রথের নিকট স্নান পীঠে বসিয়ে প্রথমে **পঞ্চগব্য** দ্বারা পঞ্চগব্য মন্ত্রে **পঞ্চামৃত** দ্বারা পঞ্চামৃতে স্নান করিয়ে **তীর্থ জল সহ গঙ্গাজল দ্বারা অষ্টকলসে পুরুষ সূক্তের ১৬টি মন্ত্রে (১০৭পৃ.) ও শ্রীসূক্তের ১৫টি মন্ত্র দ্বারা স্নান করান হবে।**

তারপর দেবতাদের গা মুছিয়ে রথের সম্মুখে মণ্ডলে বিচিত্র আসনে স্থাপন করে

পূজক আসনশুদ্ধি থেকে মাতৃকান্যাস পর্যন্ত করে সংক্ষিপ্ত কেশকীর্ত্যাদিন্যাস করবেন।
তারপর প্রথমে রথটিকে সাজিয়ে **ওঁ গরুড়ায় নমঃ** মন্ত্রে গরুড়কে অর্চনা করে কৃতাঞ্জলি হয়ে বলবেন—

ওঁ যো বিশ্বপ্রাণ হেতু স্তনুরপি চ হরে, যানকেতুস্বরূপঃ। যং সঞ্চিন্ত্যৈবমোহাৎ স্বয়মুরগবধূবর্গদাভাঃ পতন্তি, চঞ্চলচ্চণ্ডোরুতুন্ড ত্রুটিত ফণিবসারক্তধারাঙ্কিতাস্যং। বন্দেচ্ছন্দময়ং খগপতিসমনংস্বর্ণবর্ণং সুপর্ণম্।।

এরূপ প্রার্থনা করে। বামনরূপি বিষ্ণু কে যোড়শোপচারে পূজা করে **ওঁ নমো ব্রহ্মণ্য দেবায় মন্ত্রে** একবার প্রণাম করে

ওঁ নমোঽস্তনন্তায় সহস্রমূর্তয়ে, সহস্রপাদাক্ষিশিরোরুবাহবে।

সহস্রনাম্নে পুরুষায় শাশ্বতে, সহস্রকোটি যুগধারিণে নমঃ।। বলতে বলতে চারবার প্রদক্ষিণ করে প্রণাম করবে।

তারপর (২) **বলভদ্রের** ধ্যান আবাহনাদি করে যোড়শোপচারে পূজা করে প্রণাম—

ওঁ প্রসন্ন করুণা সিন্ধো দীনবন্ধো জগৎপতে। চরাচরসমাকীর্ণা ধৃতা যেন বসুন্ধরা।।

পরাপরাণাং পরম পরমেশ নমোঽস্তুতে। কালাগ্নিরুদ্র রুদ্রায় মহারুদ্রায় তে নমঃ।।

তারপর (৩) **জগন্নাথকে** ধ্যান আবাহনাদি করে যোড়শোপচারে পূজা করে প্রণাম—

ওঁ জয়কৃষ্ণ জগন্নাথ জয় সর্বাধিনামকঃ। জয়াশেষজগদ্বন্দ্য পাদাম্ভোজ নমোঽস্তুতে।।

তারপর পুনরায় **বামনরপি বিষ্ণুকে** পূর্বের মত ধ্যান করে দশোপচারে পূজা করে কৃতাঞ্জলি হয়ে বলবে—

ওঁ ত্রাহি নারায়ণানন্দ কৃপালো ভক্ত বৎসল। সংসারসাগরে ঘোরে পতন্তং তারয়স্ব মাম্।।

তারপর রথে পঞ্চগব্য প্রোক্ষণ করে রথকে ধ্বজা [বিষ্ণুর রথ **গরুড়ধ্বজ,** বলরামের রথ **লাঙ্গল ধ্বজ** ও সুভদ্রার রথ হবে **পদ্মধ্বজ**] দিয়ে সাজিয়ে রথের চূড়ায় একটি বস্ত্রের একটি প্রান্ত বেঁধে তারই অপর প্রান্ত ভূমিতে রেখে উপুড় বাম হাতে ধরে অর্চনা করা হবে। **বং** মন্ত্রে জল প্রোক্ষণ করে **এতে গন্ধপুষ্পে এতস্মৈ সবস্ত্রেপকারণ দার্বাদিময় রথায় নমঃ। এতে গন্ধেপুষ্পে এতদধিপতয়ে উত্তানাঙ্গিরসে নমঃ। এতে গন্ধ পুষ্পে এতৎ সম্প্রদানায় বলভদ্রসুভদ্রাসহ বামনরূপি বিষ্ণবে নমঃ।**

উৎসর্গবাক্য—বিষ্ণুরোম্ তৎসদদ্যেত্যাদি ....' পিতৃমাতৃকুল সহিত লক্ষ *কোটি কুলান্বিতঃ বিষ্ণুলোক গমনকামঃ*

ইমং সবস্ত্রোপকরণং দার্বাদিময়ং রথং উত্তানাঙ্গিরো দৈবতম্ অচিতং **বলভদ্রসুভদ্রাসহিতায় বামনরূপিনে বিষ্ণবে তুভ্যমহং সম্প্রদদে।** উৎসর্গ করে রথ উৎসর্গের **দক্ষিণান্ত** বামনরূপিবিষ্ণুকে দিয়ে প্রার্থনা—

ওঁ অয়ং রথো ময়া দত্তো ভক্ত্যা চ মধুসূদন। দীনবন্ধো জগন্নাথ ত্রাহি মাং ভবসাগরাৎ।।

তারপর রথ প্রতিষ্ঠাঙ্গ **দ্বাদশ দান ও দ্বাদশ** ভোজ্য উৎসর্গ করা হবে তারপর **মাষভক্তবলি অর্চনা** করে উৎসর্গ—**এষ মাষভক্ত বলিঃ ওঁ দেব দৈত্য ভূতাদিভ্যো নমঃ।** মন্ত্রে উৎসর্গ করা হবে। পরে

প্রার্থনা—ওঁ বলিং গৃহ্নন্তু মে দেবা আদিত্যা বসবস্তথা। মরুতশ্চাশ্বিনৌ রুদ্রাঃ সুপর্ণাঃ পন্নগাস্তথা।।

অসুরা যাতুধানাশ্চ রথস্থাশ্চৈব দেবতাঃ। দিকপালা লোকপালাশ্চ যে চ বিঘ্নবিনাশকাঃ।।

জগতঃ স্বস্তিকুর্বাণা দিব্যামহর্ষয়স্তথা। অবিঘ্নমাচরন্ত্বেতে মা সন্তু পরিপন্থিনঃ।।

সৌম্যা ভবন্তু তৃপ্তাশ্চ দৈত্যাভূতগণস্তথা।।

এরপর শান্তিঘটের জল দ্বারা যজমানকে **অভিষেক করে তিলক দিয়ে** প্রথমে **বৃতী দক্ষিণা** দিয়ে পরে **মূল দক্ষিণা—বাক্য—**
বিষ্ণুরোমতৎসদদ্যেত্যাদি .... পিতৃমাতৃকুলসহিতঃ এতদ্ রথপরমাণুসমসংখকবর্ষসহস্রাবচ্ছিন্ন বিষ্ণুলোকাধিকরণক মোদমানত্ব কামনয়া কৃতৈতদ্ রথপ্রতিষ্ঠা কর্মণঃ সাঙ্গতার্থং দক্ষিণামিদং কাঞ্চনমূল্যং শ্রীবিষ্ণুদৈবতং বামনরূপিণে শ্রীবিষ্ণবে তুভ্য মহং সম্প্রদদে। এরপর **অচ্ছিদ্রাবধারণ** ও বৈগুণ্যসমাধান করে **দেব বিগ্রহ মাথায় নিয়ে পাঠ—**

ওঁ উত্তিষ্ঠ ভো জগন্নাথ রথং চিত্রং মনোরমম্। নানোপহার সংযুক্তং রামেণ ভদ্রয়াযুতম্।।

এই বলে বাদ্যাদি সহ তিনটি মূর্তি অভাবে কেবল জগন্নাথকে রথে স্থাপন করে রথ চালনা করে প্রার্থনা—

ওঁ ইন্দ্রদ্যুম্ন ক্ষিতিপতির্যথা চাসীৎ পুরা বিভো। বিজয়স্ব রথেনাশু গুণ্ডিকামণ্ডপং প্রতি।।

তবাপাঙ্গাবলোকেন প্রপুনন্তি দিশোদশ। নিঃশ্রেয়সপদং হন্তু স্থাবরাণি চরাণি চ।।

অবতার কৃতোদ্যোষ লোকানুগ্রহ কাম্যয়া।।

এরপর পরের মন্ত্রটি পাঠ করতে করতে রথ প্রদক্ষিণ করতে হবে।

ওঁ দেবদেব জগন্নাথ সংসারার্ণবতারক। ভক্তানুগ্রহণার্থায় রক্ষ মাং পাদয়োর্নতম্।।
ওঁ জয়ব্রহ্মাণ্ড কোটীশ বেদনিঃশেষকারক। অশেষ জগদাধার পরমেশ নমোঽস্তুতে।।
ওঁ জয়াখিল জগত্তারধারণশ্রমবর্জিত। তাপত্রয় বিকর্ষায় হলংহল বসেৎ সদা।।
ওঁ প্রসন্নকরুণাসিন্ধো দীনবন্ধো জগৎপতে। চরাচরকলা যেন ধৃতা বৈ যা বসুন্ধরা।।
ওঁ রথবেগেন দেবেশ যদিস্যাৎ প্রাণিহিংসনম্। তৎপাপৈ র্নলিপ্যেঽহং যাস্যামি পরমাংগতিম্।।
ওঁ জিতন্তে পুণ্ডরীকাক্ষ নমস্তে বিশ্বভাবন। নমস্তেঽস্তু হৃষীকেশ মহাপুরুষ পূর্বজ।।
ওঁ নমস্তুভ্যং নমো মহ্যং তুভ্যং মহ্যংনমোনমঃ। অহঞ্চত্বমহংসর্বং জগদেতচ্চরাচরম্।।
ওঁ বিশ্বমানন্দমখিলং সহজানন্দরূপিণং। অনন্তমখিলাধারং যেন জীবন্তি জন্তবঃ।।

তারপর দেবতার সম্মুখে কৃতাঞ্জলি হয়ে—ওঁ মদাদিকমিদং সর্বং ময়া বিলসিতং তব।
অধ্যস্তং ত্বয়ি বিশ্বাত্মন্ ত্বয্যেব পরিণামিতম্।। যদেতদখিলা ভাস্তং তৎ ত্বদজ্ঞান সম্ভবম্।।
জ্ঞাতেত্বয়ি বিলীয়েত রজ্জুসর্পাদিবোধবৎ।। বিষয়ানন্দমখিলং সহজানন্দরূপিণম্।।
অংশং তবোপজীবন্তি যেন জীবন্তি জন্তবঃ।।
ওঁ জরামৃত্যুবিহীনায় মৃত্যুরূপায় তে নমঃ। জ্বলদগ্নিস্বরূপায় মৃত্যোরপি চ মৃত্যবে।।
প্রপন্ন মৃত্যু নাশায় সহজানন্দরূপিণে। ভক্তপ্রিয়ায় জগতাং মাত্রে পিত্রে নমো নমঃ।।
ওঁ নমো নমস্তে জগদেকবন্দ্য, সুরাসুরাভ্যর্চিতপাদপদ্ম। নমো নমস্তাপহরৈকচন্দ্র, নমো নমঃ শর্ম সুধৌঘ সান্দ্র।

ইতি রথপ্রতিষ্ঠা পদ্ধতি

বৃক্ষপ্রতিষ্ঠা

উপযোগ বর্তমানে উৎসবের আয়োজন করে বৃক্ষরোপণের আড়ম্বর দেখে ভারতীয়শাস্ত্রবিমুখ মানুষেরা হতচকিত হ'লেও এ অনুষ্ঠান ভারতবর্ষে বহুকাল আগে প্রবর্তিত হ'য়েছে আরাম প্রতিষ্ঠা ও বৃক্ষপ্রতিষ্ঠার মাধ্যমে। তখন মানুষকে এই কর্মে প্রবৃত্ত করার জন্য শাস্ত্রকার বলেছেন, — **'অপ্যেকমপি রাজেন্দ্র বৃক্ষং সংস্থাপয়েচ্চ যঃ। সোঽপি স্বর্গে বসেদ্ ব্রহ্মন্ যাবন্মন্বন্তরং নরঃ।।** (যিনি একটি মাত্র বৃক্ষও স্থাপন করে প্রতিষ্ঠা করেন, তিনি মন্বন্তরকাল যাবৎ স্বর্গে বাস করেন।)

এপ্রসঙ্গেও অনেকেরই ভুল ধারণা আছে যে, কেবল 'অশ্বত্থ বৃক্ষ'ই প্রতিষ্ঠা করার শাস্ত্রবিধি আছে। কিন্তু শাস্ত্র পর্যালোচনা করলে দেখা যায় ছোটবড় প্রায় সকল বৃক্ষই প্রতিষ্ঠাযোগ্য। একথাটি জানা যায় বৃক্ষবিশেষে প্রতিষ্ঠার ফল উল্লেখের মাধ্যমে —

ধনী চাশ্বত্থবৃক্ষেণ অশোকঃশোকনাশনঃ। প্লক্ষোযজ্ঞপ্রদঃ প্রোক্তো নিম্বশ্চাসুপ্রদঃস্মৃতঃ।।
জাম্বুকী নাকদা প্রোক্তো ভার্যাদা দাড়িমী যথা। ডম্বুরো রোগনাশায় পলাশো ব্রহ্মদস্তথা।।
অর্কপুষ্পারোপকাণাং নিত্যং তুষ্যেদ্দিবাকরঃ। শ্রীবৃক্ষে শংকরো দেবঃ পাটলায়ান্তু পার্বতী।।
শিংশপায়ামপ্সরসঃ কুন্দে গন্ধর্বসত্তমাঃ। বিভীতকৈর্দাসবৃদ্ধির্বকুলো দাস্যদস্তথা।।
অপত্যনাশকস্তালো বকুলঃ কুলবর্ধনঃ। বহুভার্যা নারিকেলী দ্রাক্ষঃ সর্বাঙ্গসুন্দরঃ।।
রতিপ্রদা তথাকোলী কেতকী সর্বনাশিনী। প্রতিষ্ঠাং তে গমিষ্যন্তি যে নরাঃ প্লক্ষরোপকাঃ।।

সুতরাং কেবল তাল ও কেতকী বৃক্ষরোপণেই নিন্দা পাওয়া যায়;বাকি এতগুলি বৃক্ষরোপণ ও প্রতিষ্ঠার শুভফল বর্ণনা করা হয়েছে।

একত্র একাধিক বৃক্ষপ্রতিষ্ঠার কথাও শাস্ত্রে উল্লেখ করা হয়েছে। পূর্বোক্ত 'অপ্যেকমপি' ইত্যাদি বাক্যের দ্বারাই তা বুঝা যায়, তাছাড়াও অন্য বচনেও বলা হয়েছে —

অশ্বত্থমেকং পিচুমর্দমেকং ন্যগ্রোধমেকং দশপুষ্পজাতীঃ। দ্বে দ্বে তথা দাড়িমমাতুলুঙ্গে পঞ্চাম্ররোপী নরকং ন যাতি।। মহানির্বাণ তন্ত্রেও উক্ত হয়েছে —

বৃক্ষারামপ্রতিষ্ঠাতা গত্বা ত্রিদশমন্দিরম্। কল্পপাদপবৃন্দেষু নিবসন্ দিব্যবেশ্মনি।

ভুঙ্‌ক্তে মনোরমান্ ভোগান্ মনসো যানভীপ্সিতান্।।

বিশেষ করে অশ্বত্থ, বট, বেল, নিম, পাকুড়, ডালিম ও আমলকী বৃক্ষরোপণ ও প্রতিষ্ঠার মাহাত্ম্য বহুজায়গায় কীর্তিত। এগুলি একত্র রোপণ করে একসঙ্গেও প্রতিষ্ঠা করা যায়।

তবে সচরাচর কেবল অশ্বত্থবৃক্ষ প্রতিষ্ঠাই দেখতে পাওয়া যায়। তারও কারণ শাস্ত্রীয় প্রশংসা।—

অপুত্রস্য চ পুত্রত্বং পাদপা ইহ কুর্বতে । যত্নেনাপি চ রাজেন্দ্র অশ্বত্থরোপণং কুরু।।

ক্রিয়াযোগসারে বলা হ'য়েছে— **সাক্ষাদেব স্বয়ং বিষ্ণুরশ্বত্থোহ্‌খিলবৃক্ষরাট্‌**। গীতাতেও ভগবান বলেছেন—তিনি, অশ্বত্থঃ সর্ববৃক্ষাণাং'। এই সমস্ত প্রশস্তিবাক্য বলেই অশ্বত্থবৃক্ষ প্রতিষ্ঠার আধিক্য ঘটেছে। মূলতঃ বৃক্ষপ্রতিষ্ঠামাত্রেই বহুশুভফল লাভ করা যায়—

তত্র যাবন্তি পত্রাণি পুষ্পাণি চ ফলানি চ। তাবদ্‌বর্ষাবিধিস্থায়ী স্বর্গলোক নরো বসেৎ।।

জন্ম প্রভৃতি পাপানাং প্রায়শ্চিত্তমভীপ্সতা। বিষ্ণুঃপ্রীতিকরো যস্মাৎ স্থাপনীয়ো মহীরুহঃ।।

ভূমিদানেন যে লোকা গোদানেন চ কীর্তিতাঃ। তে লোকাঃ প্রাপ্যতে পুংভিঃ পাদপানাং প্ররোহণে।।

সুতরাং স্বর্গাভিলাষী পুণ্যার্থী মানুষের করণীয় অনুষ্ঠান সমূহের মধ্যে বৃক্ষপ্রতিষ্ঠা অনুষ্ঠানটি অবশ্য করণীয়।

বিধি— বৃক্ষপ্রতিষ্ঠাবিধি প্রণয়ন প্রসঙ্গে তার অঙ্গীভূত কর্মগুলিরও উল্লেখ করা প্রয়োজন। প্রথমেই উল্লেখ্য যে বৃক্ষ প্রতিষ্ঠাতেও **'বাস্তুযাগ'** করণীয়।

বর্তমানে প্রচলিত পদ্ধতিগুলিতে একথার উল্লেখ না থাকায় এই অবশ্য কৃত্যটি অনুষ্ঠিত হয় না। কিন্তু এটি অত্যন্ত গর্হিত। প্রথমেই এ বিষয়ে বিচার্য যে মৎস্য পুরাণীয় যে বচনে যে যে কাজে বাস্তুযাগের নির্দেশ করা হয়েছে, তার মধ্যে 'উদ্যান' কথাটির উল্লেখ আছে, উদ্যান বৃক্ষব্যতীত অসম্ভব। সুতরাং বৃক্ষপ্রতিষ্ঠায় বাস্তুযাগ করণীয় — এটি প্রথম যুক্তি। দ্বিতীয় যুক্তি হ'লো যেখানে বাস্তু অর্থাৎ ভূমি সংক্রান্ত ক্রিয়া আছে— যথা বাসগৃহ, মন্দির, জলাশয়, উদ্যান সেখানেই বাস্তুযাগের কথার উল্লেখ আছে। এটি ভূমি সংস্কার বিশেষও বলা যায়। যে ভূমিটিকেউক্ত কাজগুলির জন্য অধিগ্রহণ করা হচ্ছে, সেই ভূমির পবিত্রতা সাধন এবং সেই ভূমির অধিষ্ঠাতা বা ভূম্যধিকারী

দেবতাদের প্রীতি সম্পাদন হয় বাস্তুযাগের দ্বারা । বৃক্ষও ভূমিতেই অধিষ্ঠান করে, তাই তার প্রতিষ্ঠার সময় বাস্তুযাগ করা বিধেয়। তৃতীয় তথা চরম যুক্তি তথা প্রমাণ হ'লো মহানির্বাণ তন্ত্রের ত্রয়োদশ উল্লাসে বৃক্ষের নাম উল্লেখ করেই বাস্তুযাগের নির্দেশ আছে। বচনটি হ'লো—

জলাশয় গৃহারাম সেতু সংক্রমশাখিনাম্। দেবতানাং প্রতিষ্ঠায়াং বাস্তুদৈত্যং প্রপূজয়েৎ।।

অর্থাৎ জলাশয়, গৃহ ,উদ্যান, সেতু, সংক্রম, বৃক্ষ ও দেবতা প্রতিষ্ঠাতে বাস্তুপুরুষের পূজা করবে।

অকারণে কি প্রত্যবায় জন্মায় তাও এপ্রসঙ্গে বলা হয়েছে—

'অনর্চয়িত্বা যো বাস্তুং কুর্যাৎ কর্মাণি মানবঃ। বিঘ্নং তস্যাচরেদ্বাস্তুঃ পরিবারগণৈঃ সহ।।

অর্থাৎ বাস্তুপূজা না করে উক্ত কাজগুলি করলে বাস্তুপুরুষ তার পরিকরগণের সঙ্গে মিলিত হয়ে— উক্ত কর্মকর্তার অনিষ্ট করেন।

সুতরাং নিঃসংশয়ে বলা যায় যে, বৃক্ষপ্রতিষ্ঠাকালে বাস্তুযাগ কর্তব্য।

দ্বিতীয় অঙ্গকর্ম হ'লো— প্রতিষ্ঠাকর্তা পুরুষ হ'লে বৃদ্ধিশ্রাদ্ধ করতে হবে।

বৃক্ষপ্রতিষ্ঠার বিধি সম্পর্কে মহানির্বাণের সহজ নির্দেশ—

'দেবাগার প্রতিষ্ঠায়াং য এষ কথিতঃ ক্রমঃ। আরাম সেতু সংক্রাম শাখিনামীরিতোঽপি সঃ।।

বিশেষেণাত্র কৃত্যেষু পূজ্যো বিষ্ণুঃ সনাতনঃ। পূজা হোমৌ তথাসর্বং গৃহদান বিধানবৎ।।

অর্থাৎ দেবমন্দির প্রতিষ্ঠার যা বিধি , বৃক্ষপ্রতিষ্ঠাতেও সেই বিধিই অবলম্বনীয়।

'ফলানি সপ্তচাষ্টৌ চ কলধৌতানি কারয়েৎ' সোনার ৭।৮টি ফল দেওয়ার বিধান আছে।

প্রচলিত প্রয়োগে যে ব্রতপ্রতিষ্ঠার মত পাঁচটি ঘটের ব্যবহার দেখা যায়— তার ও যেমন কোনও শাস্ত্রীয় নির্দেশ নাই, তেমনই গাছের নিকট একটি কলাগাছকে নবপত্রিকার মত যে সাজিয়ে রাখা হয় তারও নির্দেশ নাই। কিছু কিছু প্রাচীন পদ্ধতিতে **সোম ও রোহিণীর** পূজা করার বিধান আছে, এ সম্পর্কে একটি প্রাচীন বচন পাওয়া যায়।[১] বরং অগ্নিপুরাণ, মৎস্যপুরাণ— এই দুটি মহাপুরাণে, মহানির্বাণতন্ত্রে

১. কদলী বৃক্ষমানীয় বৃক্ষাধো মণ্ডলে শুভে। ব্রাহ্মণৈঃ সহসংগম্য তত্র তমধিবাসয়েৎ। কদল্যাং রোহিণীং ন্যস্য বৃক্ষে সোমং বনস্পতিম্।।

ও পারস্কর গৃহ্যপরিশিষ্টে যে যে নির্দেশ আছে সেগুলির মধ্যে সমতা আছে এবং সুরেন্দ্রমোহন ভট্টাচার্য কৃত পুরোহিত দর্পণে এবং রামগোপাল স্মৃতিরত্ন মহাশয়ের প্রতিষ্ঠাপদ্ধতিতেও অনুরূপ বিধানই আছে তথাপি এত ঘটের ঘটাঘটি কিভাবে সম্ভব হ'লো তা বলা অসম্ভব। মৎস্যপুরাণে নির্দেশ আছে — যতগুলি বৃক্ষ থাকবে ততগুলি ঘট বসাতে হবে। **'কুম্ভান্ সর্বেষু বৃক্ষেষু স্থাপয়িত্বা নরেশ্বর'**। উক্তপ্রামাণ্য গ্রন্থগুলিতে প্রদত্ত বিধি অনুসারেই প্রয়োগ পদ্ধতি রচনা করা হচ্ছে।

প্রয়োগপদ্ধতি

যজমান পূর্বদিনে সন্ধ্যায় অশ্বত্থবৃক্ষের সম্মুখ ভাগে একটি কলাগাছে কাপড় পরিয়ে স্থাপন করে তিনফের লাল সূতা দিয়ে বেষ্টন করে পূর্ব বা উত্তরমুখে বসে আচমনাদি করে **অধিবাসের স্বস্তি বাচন করে** সঙ্কল্প করবেন—**বিষ্ণুরোম্....... অমুকদেবশর্মা স্বঃ কর্তব্যাশ্বত্থবৃক্ষ প্রতিষ্ঠা কর্মাঙ্গীভূতং রোহিণী সোময়োঃ শুভধিবাসন কর্মাহং করিষ্যে।** তারপর মাষ ভক্ত বলি আদি ন্যাস ও গণেশাদি পঞ্চদেবতায় পূজার পর সোমও রোহিণীয় যথাশক্তি উপচারে—পূজা করে পৃথক পৃথক ভাবে বা একসঙ্গে পৃথক পৃথক দ্রব্য দ্বারা **বৃক্ষে সোমের ও কদলী বৃক্ষে রোহিণীর** অধিবাস করবে।

প্রতিষ্ঠা দিবসে যজমান পূর্বাহ্নমধ্যে নিত্যক্রিয়া সমাপন করে আচমনাদি প্রাথমিক কাজগুলি করে স্বস্তিবাচন করবেন। **ওঁ কর্তব্যেঽস্মিন্ অশ্বত্থ(অথবা যে বৃক্ষ হবে সেই নাম) বৃক্ষপ্রতিষ্ঠা কর্মণি ওঁ পুণ্যাহমিত্যদি** ক্রমে স্বশাখোক্ত স্বস্তিসূক্ত ও সাক্ষ্যমন্ত্র পাঠান্তে— (১০ পৃ.)

সংকল্প- বিষ্ণুরোম্....... মাসি......পক্ষে...... তিথৌ......গোত্র........ শ্রী অমুকঃ বাল্যপ্রভৃতিসম্ভূতদুরিতধ্বংস পূর্বকৈতদ্বৃক্ষপ্রভবপত্র-পুষ্প-ফল সমসংখ্যক বর্ষাবচ্ছিন্ন স্বর্গকামঃ অশ্বত্থ (অথবা যে বৃক্ষ) বৃক্ষপ্রতিষ্ঠামহং করিষ্যে। সংকল্পসূক্ত পাঠান্তে (১০ পৃ.)

বাস্তুযোগ সংকল্প— বিষ্ণুরোম্ ...... অমুকঃ বৃক্ষপ্রতিষ্ঠা কর্মণি এতদ্‌বাস্তোঃ **সর্বদোষোপশমন কামঃ বাস্তুযাগমহং করিষ্যে। সঃকল্পসূক্ত পাঠান্তে স্বস্তিবাচন হবে। (যজমান পুরুষ হ'লে এইসময় বৃদ্ধিশ্রাদ্ধের সংকল্প হবে। সংকল্পে**

বৃক্ষপ্রতিষ্ঠাকর্মাভ্যুদয়ার্থং কথাটি উল্লেখ্য।

(পূর্বদিন সন্ধ্যায় অধিবাস করা না হলে এই সময়ই যজমানকে দিয়ে অধিবাসের নিয়মে প্রতিটি দ্রব্যের দ্বারা অধিবাস্ করান উচিত । অনয়ামহ্যা অস্য........ বৃক্ষস্যশুভাধিবাসনমস্তু। ইত্যাদি ক্রমে)

অতঃপর বৃক্ষপ্রতিষ্ঠা ও বাস্তুযাগের জন্য ব্রহ্মণ বরণ কর্তব্য।

(এ প্রসঙ্গে উল্লেখ্য যদি বাস্তুযাগের জন্য পৃথক বেদি না থাকে তাহ'লে একই বেদিতে ঈশানে বরুণ ঘটটি বসিয়ে তারপাশে দক্ষিণ দিকে চতুঃষষ্টিপদ বাস্তুমন্ডল রচনা করা হবে। বৃক্ষ প্রতিষ্ঠার তিনটি ঘট বৃক্ষের সম্মুখে থাকবে। বেদির একেবারে দক্ষিণ প্রান্তে হোমের স্থন্ডিল হবে এবং একই স্থন্ডিলে প্রথমে বাস্তুযাগের হোম করে তারপর বৃক্ষপ্রতিষ্ঠার হোমগুলি হবে। চরুপাক একসঙ্গে হবে। এখানে খাত পূজা ও ইষ্টক স্থাপনের আবশ্যক নাই।

বৃত ব্রাহ্মণ বেদিতে বসে আচমনাদির পর স্বশাখোক্ত ক্রমে পঞ্চগব্যশোধন, (৩১ পৃ.) বেদিশোধনও চন্দ্রাতপ শোধন (৩২ পৃ.) করে দ্বার পূজা থেকে (৩৩ পৃ. — ৪১ পৃ.) ঘটস্থাপন পর্যন্ত করবেন। তারপর গণেশাদি পঞ্চদেবতার পূজার পর **গণেশ, ব্রহ্মা ও বনস্পতির** পূজা করে অর্চনীয় প্রধান দেবতা **বিষ্ণুর** পূজা করা হবে।

ধ্যান **ওঁ শঙ্খচক্রগদাপদ্মধারিণং বনমালিনম্। কিরীটকুন্ডলধরং কনকাঙ্গদভূষণম্।।**
নারায়ণং জগদ্ধেতুং ব্রহ্মাদিভিরপারগম্ । ধ্যানাতীতং গুণাতীতমীশ্বরং পরমং ভজে।।

অগ্নিপুরাণ ও মৎস্যপুরাণ — 'সর্বৌষধ্যুদকৈঃ পিষ্টাতকবিভূষিতান্। বৃক্ষান্মাল্যৈরলংকৃত্য বাসোভিরভিবেষ্টয়েৎ.......... প্রত্যেকং সর্ববৃক্ষাণাং বেদ্যাং তান্যধিবাসয়েৎ ।। সুতরাং পূর্বদিনে অধিবাসবিধি শাস্ত্রবিধি বহির্ভূত।

ভবিষ্যপুরাণ— ব্রহ্মাণং কলসেঽভ্যর্চেৎ সোমং বিষ্ণুং বনস্পতিম্। অশ্বত্থবৃক্ষ প্রতিষ্ঠায়াং—কুম্ভে বিনায়কঃ পূজ্যো ব্রহ্মনঞ্চাপরে ঘটে স্বদিক্ষু দিক্‌পতীংশ্চাপি বৃক্ষ মূলে নবগ্রহান্।। পুনরায় অন্যত্র—ত্রিহস্তবেদ্যামুপরি স্থাপয়েৎ কলস ত্রয়ম্। গণেশঞ্চ শিবং বিষ্ণুং পূজয়িত্বা পৃণেচ্চরুম্। রক্তসূত্রৈঃ ত্রিগুণিতৈর্বেষ্টয়েদ্ বটবৃক্ষকম্। যবক্ষারবলিং দদ্যাদুৎসৃজেদ্‌বাক্যমুচ্চরন্।।

ধ্যানান্তে মানসোপচারে পূজা, বিশেষার্ঘ্য স্থাপন, পীঠপূজা (পীঠন্যাসোক্ত দেবতাদের নামে নামে) করে পুনরায় ধ্যান ও আবাহনান্তে ওঁ নমো ভগবতে বাসুদেবায় নমঃ মন্ত্রে ষোড়শোপচারের দ্রব্যগুলি সমর্পণ করা হবে। যথা— রজত আসনটি অর্চনা করে স্তুতিপাঠান্তে (১৬৮-১৬৯ পৃ.) ইদং রজতাসনং ওঁ নমো ভগবতে বাসুদেবায় নমঃ ইত্যাদি ক্রমে পূজা করে **লক্ষ্মী, সরস্বতী ও শিবকে** আবাহন করে যথাশক্তি উপাচারে পূজা করা হবে। এস্থলে আচারবশতঃ যথাশক্তি উপচারে **সোম** ও রোহিণীর পূজা করা হবে।

সোমের ধ্যান — **ওঁ দ্বিভুজং শুক্লবর্ণঞ্চ সিতবস্ত্রোপশোভিতম্। বরমুদ্রাগদাপাণিং শ্বেতপদ্মাসনস্থিতাং। প্রশান্তং রোহিনীকান্তং সুধাকর স্মিতাননম্।।**

প্রণাম — **ওঁ গৌরবর্ণঃ পুমান্ সৌম্যঃ সর্বৌষধিসমন্বিতঃ। নক্ষত্রাধিপতিঃ সোমস্তস্মৈ নিত্যং নমো নমঃ।।**

রোহিণীর ধ্যান — ওঁ দ্বিভুজাং হেম গৌরাঙ্গীং স্মেরাননসরোরুহাম্। ক্ষৌমবস্ত্রপরীধানাং বরদাং চন্দ্রবল্লভাম্।।

প্রণাম — **ওঁ নমস্তে রোহিণীদেবি সর্বকামফলপ্রদে। পতিব্রতে বরারোহে নমস্তে চন্দ্রবল্লভে।।**

অতঃপর পঞ্চোপচারে **ইন্দ্রাদিদশদিক্‌পাল** ও **আদিত্যাদি নবগ্রহের** পূজা (৪৯ পৃ.— ৫৯ পৃ.) করে গন্ধপুষ্পদ্বারা— এতে গন্ধপুষ্পে ওঁ দ্বাদশাদিত্যেভ্যো নমঃ ইত্যাদিক্রমে অষ্টবসুভ্যঃ । একাদশ রুদ্রেভ্যঃ। বিশ্বেভ্যো দেবেভ্যঃ। অশ্বিনীকুমারাভ্যাং। সাধ্যেভ্যঃ ঋষিভ্যঃ পূজা শেষ করে বিষ্ণুকে পঞ্চপুষ্পাঞ্জলি দিয়ে 'ওঁ' নমো ভগবতে বাসুদেবায়' — দ্বাদশাক্ষর মন্ত্র যথাশক্তি জপ করে স্তুতি পাঠ করে প্রণাম করবেন। অতঃপর **হোম** করতে হবে।

হোম — **(প্রাসাদপ্রতিষ্ঠায় প্রদত্ত বিধি অনুসারে কর্তব্য।**

চরুপাকে নিম্নোক্ত দেবতাগুলির নামে **জুষ্টগ্রহণ ও চরুহোম হবে—১) গণেশ, ২) ব্রহ্মা, ৩) রোহিণী, ৪) সোম, ৫) বনস্পতি, ৬) দিকপাল, ৭) নবগ্রহ, ৮) বিষ্ণু, ৯) শিব, ১০) লক্ষ্মী ও ১১) সরস্বতী।** উক্ত দেবতাদের চরুহোমের পর সমিধ হোম ও আজ্যহোম করতে হবে। (১০৭ পৃ. থেকে ১১০ পৃ. ৯পং পর্যন্ত কৃত্যগুলি করতে হবে)

সমিদ্ধোমে— গণেশ— বিল্বপত্র ২৮। **ব্রহ্মা**— যজ্ঞডুমুর ২৮, **রোহিণী**— সাকল্য ২৮। **সোম**— পলাশ ২৮। **বনস্পতি**— সাকল্য ২৮। **দিক্‌পাল**— ২৮/৮ করে সাকল্য। **নবগ্রহ** ২৮/৮ করে নবগ্রহসমিধ। **শিব**— বিল্বপত্র ২৮। **দুর্গা**— বিল্বপত্র ২৮।

আচার্যদক্ষিণাদানের পর বৃক্ষটিকে পঞ্চগব্য (৩৫ পৃ.) পঞ্চামৃত দ্বারা (১৩৬ পৃ.) তত্তন্মন্ত্রে এবং সহস্রশীর্ষা পুরুষ ইত্যাদি মন্ত্রে **স্থাপিত ঘটের জল দ্বারা১** স্নান করিয়ে নূতন বস্ত্র দ্বারা আচ্ছাদিত করে (আচার বশতঃ চারদিকে চারটি কলাগাছ রোপণ করে) বৃক্ষটিকে সাজিয়ে নিম্নোক্ত মন্ত্রটি পাঠ করে প্রণাম করবেন—

ওঁ বৃক্ষরূপিন্ জগন্নাথ সর্বকাম ফলপ্রদ। নমস্তে কমলাকান্ত ঈপ্সিতার্থঞ্চ দেহি মে।।

ত্রাহি মাং ভগবন্নাথ বৃক্ষরূপী হরিঃ স্মৃতঃ । যমলোকে ভয়ংজ্ঞাত্বা ক্রিয়তে তব রোপণম্।।

আধারঃ সর্বভূতানাং সর্বধর্মপ্রবর্তকঃ। ত্বমীশঃ সর্বধর্মাণাং ধর্মরূপ নমোঽস্তুতে।।

দর্শনান্নশ্যতে পাপং লক্ষ্মীর্ভবতিদর্শনাৎ। বর্ধতে কীর্তনাদায়ুঃ সদাশ্বত্থ নমোঽস্তুতে।।

তারপর বামহাত দ্বারা অশ্বত্থবৃক্ষ স্পর্শ করে **এতস্মৈ ওঁ অশ্বত্থবৃক্ষায় নমঃ** বলে জলের ছিটা দিয়ে এতেগন্ধপুষ্পে **ওঁ অশ্বত্থ বৃক্ষায় নমঃ।** এতেগন্ধপুষ্পে **এতদধিপতয়ে ওঁ শ্রীবিষ্ণবে নমঃ।** এতেগন্ধপুষ্পে **এতৎ সম্প্রদানেভ্যঃ সর্বভূতেভ্যো নমঃ।** এইক্রমে অর্চনা করে—

উৎসর্গবাক্য — **বিষ্ণুরোম্....... শ্রীঅমুক বাল্যপ্রভৃতি সন্তু তদূরিতধ্বংসপূর্বকৈতদ্ বৃক্ষপ্রভবপত্রপুষ্পফলসমসংখ্যক বর্ষাবচ্ছিন্ন স্বর্গলোকস্থিতিকামঃ ইমম্ অশ্বত্থবৃক্ষং গন্ধাদ্যর্চিতং শ্রীবিষ্ণুদৈবতং সর্বভূতেভ্যোঽহমুৎসৃজে।।**

এই বাক্য উচ্চারণ করে বৃক্ষমূলে জল দিয়ে বলবেন— **ওঁ অশ্বত্থবৃক্ষোঽয়ং বিষ্ণুদৈবতঃ** ।। তারপর **বৃক্ষটি ধরে মন্ত্রপাঠ**—

ওঁ অশ্বত্থ বৃক্ষরূপোঽসি মহাদেবেতি বিশ্রুতঃ। বিষ্ণুরূপধরোঽসি ত্বং পুণ্যবৃক্ষ নমোঽস্তুতে।।

ওঁ অদ্য মে সফলং জন্ম বৃক্ষরূপ জনার্দন। সংসারসাগরেভ্যশ্চ পুত্রবত্তারয়িষ্যসি।।

ওঁ প্রতিষ্ঠিতোঽসি বৃক্ষেণ গন্ধমাল্যানুলেপনৈঃ। পতাকাপুষ্পধূপাদ্যৈ রক্ষমাং সর্বতোঽনঘ।।

দক্ষিণাবাক্য — (কাঞ্চনমূল্য অর্চনা করে) **বিষ্ণুরোম্...... কৃতৈতৎ সর্বভূতোদ্দেশ্যকাশ্বত্থবৃক্ষপ্রতিষ্ঠাকর্মণঃ সাঙ্গতার্থং**

দক্ষিণামিদং কাঞ্চনমূল্যমর্চিতং শ্রীবিষ্ণুদৈবতং যথাসম্ভবগোত্রনাম্নে ব্রাহ্মণায় অহং সম্প্রদদে।। এই সময় দ্বাদশদান উৎসর্গ করা উচিত।[১]

দ্বাদশ দান উৎসর্গ বাক্যে.... এতদশ্বত্থবৃক্ষপ্রতিষ্ঠাসিদ্ধিপূর্বকং শ্রীবিষ্ণুপ্রীতিকামঃ ইমং সশস্যপ্রিয়দত্ত ভূমিমূল্যমর্চিতং শ্রীবিষ্ণুদৈবতং শ্রীবিষ্ণবে তুভ্যমহং সম্প্রদে। ইত্যাদিক্রমে দান ও দানদক্ষিণান্তে **ধ্বজোৎসর্গ**।

ধ্বজোৎসর্গ বৃক্ষের ঈশানে বা বায়ুকোণে একটি ধ্বজা স্থাপন করে তার দন্ডটি স্পর্শ করে এতেগন্ধপুষ্পে এতস্মৈ সবস্ত্র ধ্বজায় নমঃ।........ ...... সম্প্রদানায় বিষ্ণবে নমঃ । মন্ত্রে অর্চনা করে—

উৎসর্গবাক্যে — বিষ্ণুরোম্ .... অমুক মহাপাতকাদিবহুপাপক্ষয়কামঃ অস্মিন্ অশ্বত্থ বৃক্ষে ইমংধ্বজংবস্ত্রাচ্ছাদিতমর্চিতং শ্রীবিষ্ণুদৈবতং শ্রীবিষ্ণবে তুভ্যমহং সম্প্রদদে।

কৃতাঞ্জলি হ'য়ে নিম্নোক্ত মন্ত্রটি পাঠ করতে করতে বৃক্ষটিকে **৩ বার প্রদক্ষিণ** করতে হয়।

ওঁ এষ বিষ্ণুরবিস্ত্বং বৈ ব্রহ্মাচৈব পিতামহঃ। রুদ্রোমহেন্দ্রো বরুণ আকাশং পৃথিবী জলম্।।

বায়ুঃ শাশাঙ্কঃ পর্জন্যো ধনাধ্যক্ষো বিভাবসুঃ। ধ্বজস্যারোপণে নিত্যং প্রীয়তাং সর্বদেবতাঃ।।

দন্ডস্ত্বয়ায়ং ময়িভক্তিবৃক্ষো ধর্মার্থকামত্রয়চারুশাখঃ । ত্বদ্দর্শনাম্ভোময়বৃষ্টিসিক্তঃ প্রভোঽদ্য কৈবল্যফলংদধার।। ওঁ যানি কানি চ পাপানি জন্মান্তরকৃতানি চ তানি তানি বিনশ্যন্তু প্রদক্ষিণ পদে পদে।। ওঁ নমঃ সর্বহিতার্থায় জগদাধার হেতবে। সাষ্টাঙ্গোঽয়ং প্রণামস্তে প্রযত্নেন ময়া কৃতঃ। ক্ষমা প্রার্থনা— **আবাহনং ন জানামি ন জানামি বিসর্জনম্। পূজাংচৈব ন জানামি ক্ষমস্ব পরমেশ্বর। মন্ত্রহীনং ক্রিয়াহীন ভক্তিহীনং সুরেশ্বর। যৎপূজিতং ময়া দেব পরিপূর্ণং তদস্তু মে। অজ্ঞানাদ্ বিস্মৃতে ভ্রান্ত্যা যন্ন্যূনমধিকং কৃতম্। তৎসর্বং ক্ষম্যতাং দেব প্রসীদ পরমেশ্বর।। তৎসর্বং ক্ষম্যতাং প্রসীদ পরমেশ্বর। কামেশ্বর জগন্নাথ সচ্চিদানন্দ বিগ্রহ। গৃহানার্চামিমাং সর্বাং প্রসীদ করুণাময়।। অন্যথা শরণং নাস্তি ত্বমেব শরণং মম। তস্মাৎ কারুণ্যভাবেন রক্ষ মাং পরমেশ্বর।।**

১। প্রচলিত পদ্ধতিতে দান উৎসর্গের কথা বলা নাই। কিন্তু বাপীকূপতড়াগাদিব্রতদেবগৃহাদিষু । দদ্যাদ্ দ্বাদশদানানি প্রতিষ্ঠাকর্মণি লৈব নৃপ। বচন বলেই আদিপদের দ্বারা দেব প্রতিষ্টা ও বৃক্ষপ্রতিষ্ঠাতেও দ্বাদশদান সূচিত হয়। উপরন্তু বৃক্ষপ্রতিষ্ঠায় বিধিসম্পর্কে মহা নির্বাণে উক্ত — 'পূজাহোমৌ তথা সর্বং গৃহদান বিধানবৎ' বচন হেতু ও দ্বাদশদান উৎসর্গ বিধেয়।

(অতঃপর পুরাণাদিগ্রন্থে কোনরূপ নির্দেশ না থাকলেও শ্রদ্ধেয় রামগোপাল স্মৃতিরত্ন মহাশয় সম্পাদিত পদ্ধতি অনুসারে **পতাকাগলিতোদক দ্বারা ষট্পুরুষের তর্পণের** উল্লেখ থাকছে।)

দক্ষিণ মুখে প্রাচীনাবীতী হয়ে — তিল তুলসীমোটকযুক্ত পতাকাগলিতোদক নিয়ে—

বিষ্ণুরোম্ অমুকগোত্রঃ পিতা অমুকঃ তৃপ্যতামেতৎ সতিল পতাকাগলিতোদকং তস্মৈস্বধা। ইত্যাদি ক্রমে **পিতামহ, প্রপিতামহ, মাতামহ, প্রমাতামহ ও বৃদ্ধপ্রমাতামহ**— এই ছয়জনের এক অঞ্জলি করে জল দেওয়া হবে।

শান্তি—ওঁ সুরাস্ত্বামভিষিঞ্চন্তু ইত্যাদি পৌরাণিক মন্ত্রে এবং **ওঁকয়ানশ্চিত্র** ইত্যাদি বৈদিক মন্ত্রে শান্তি দানের পর কৃতাঞ্জলি হয়ে, বলবেন—

নমোঽস্তু বিশ্বেশ্বর বিশ্বধাম জগৎসবিত্রেভগবন্নমস্তে। সপ্তর্ষিলোকামরভূতলেশ গর্ভেণ সার্ধংবিতরাভিরক্ষাম্।।

যে দুঃখিতাস্তে সুখিনোভবন্তু প্রয়ান্তুপাপানি চরাচরাণাম্। তদ্দানশস্ত্রাহতপাতকানাং ব্রহ্মান্ডদোষাঃ প্রলয়ংব্রজন্তু।।

অতঃপর **অচ্ছিদ্রাবধারণ ও বৈগুণ্যসমাধানান্তে বিষ্ণুকে প্রণাম করে পুনঃপ্রণাম—**

ওঁ নমস্তে কল্পবৃক্ষায় চিন্তিতার্থপ্রদায়িনে। বিশ্বম্ভরায় দেবায় নমস্তে বিশ্বমূর্তয়ে।।

যস্মাৎ ত্বমেব বিশ্বাত্মা ব্রহ্মা স্থানুর্দিবাকরঃ । মূর্তোঽমূর্তপরংবীজমতঃ পাহি সনাতনঃ।।

ত্বমেবামৃতসর্বস্বমনন্তঃ পুরুষোঽব্যয়ঃ । সন্তানাদ্যৈরুপেতাস্মান্ পাহি সংসারসাগরাৎ।।

উক্ত দিনে ব্রাহ্মণদের দান ও ভোজন দ্বারা আপ্যায়িত করা শাস্ত্রীয় বিধি।

ইতি বৃক্ষপ্রতিষ্ঠা পদ্ধতি।

কূপ-পুষ্করিণী-দীর্ঘিকা-দ্রোণ-তড়াগ-বাপী-জলাশয় প্রতিষ্ঠা

বিধি জনগণের কল্যাণমূলক কাজের মধ্যে জলাশয় নির্মাণ অত্যন্ত গুরুত্বপূর্ণ ও তাৎপর্যমণ্ডিত কাজ। এর দ্বারা প্রাণিজগতের কতখানি কল্যাণ সাধিত হয়, তা লিপিবদ্ধ করা হ'লে তালিকাটি বহু বিস্তৃত হবে, কিন্তু সে কথা বর্তমানে জনমানস থেকে মুছে গেছে। — এর মূল কারণ সরকারের স্থূল হস্তাবলেপের ফলে ধর্মশাস্ত্রের প্রতি মানুষের অজ্ঞতা, অনীহা ও অবজ্ঞা। ফলে বর্তমানে সরকারী উদ্যোগে বৃক্ষরোপণ; পুষ্করিণী খননাদি কাজ করতে হচ্ছে। অতীতে মানুষ এই কাজগুলি যাগ-যজ্ঞাদির মত পুণ্যপ্রদকর্মজ্ঞানে করতেন। শাস্ত্রকারগণ মানুষকে এই সমস্ত কল্যাণকর কর্মে উদ্দীপিত করার জন্য পুরাণাদি গ্রন্থে মহিমা কীর্তন করেছেন। জলাশয় নির্মাণ বা প্রতিষ্ঠার মহিমা সম্পর্কে আদিত্যপুরাণে বলা হ'য়েছে — **'সেতুবন্ধরতা যে চ তীর্থশৌচরতাশ্চ যে। তড়াগকূপকর্তারো মুচ্যন্তে তে তৃষাভয়াৎ।।'** অর্থাৎ যাঁরা (জল ধরে রাখার জন্য) সেতুবন্ধ করেন, যাঁরা জলাশয়ের ঘাট, সোপান পরিষ্কার করেন আর যাঁরা তড়াগ, কূপ প্রভৃতি জলাশয় রচনা করেন, তাঁরা (ইহলোকে ও পরলোকে) তৃষ্ণার কষ্ট থেকে মুক্ত হন।

বিষ্ণুধর্মোত্তরে উল্লেখ আছে, — **'তড়াগকূপকর্তারস্তথা কন্যা প্রদায়িনঃ। ছত্রোপানহদাতারস্তে নরাঃ স্বর্গগামিনঃ।।** অর্থাৎ যে সমস্ত মানুষ তড়াগ, কূপ (প্রভৃতি জলাশয়) নির্মাণ করেন, কন্যাদান করেন এবং ছাতা-জুতা দান করেন সে সমস্ত মানুষ স্বর্গগামী হন।

নন্দীপুরাণে বর্ণিত আছে — **'যো বাপীমথবা কূপং দেশে তোয় বিবর্জিতে। খনয়েৎ স দিবং যাতি বিন্দৌ বিন্দৌ শতং সমাঃ'।** অর্থাৎ যে বাপী অথবা কূপ(জলাশয়) খনন করেন তিনি ঐ জলাশয়ের প্রতিবিন্দু জলের সমান শতগুণ বৎসর স্বর্গবাস করেন।

শাস্ত্রকারগণ জলাশয় নির্মাণের এই মহিমাকীর্তনের দ্বারা মানুষের উৎসাহবর্ধন করলেও আত্মশ্লাঘা প্রকাশের পথটি অন্যভাবে রোধ করেছেন। জলাশয়টি নির্মাণ করবেন নিজের সুখ স্বাচ্ছন্দ্যভোগ বা জলকেলির জন্য নয়, সেটিকে সমস্ত প্রাণীর উদ্দেশ্যে উৎসর্গ করতে হবে। অর্থাৎ নির্মাণের কর্তৃত্ব থাকলেও স্বামিত্ব ও ভোক্তৃত্ব থাকবে না; **'অহং সর্বভূতেভ্যঃ উৎসৃজে'** — বলে জল ছিটিয়ে উৎসর্গ করার মধ্যেই আছে অসীম উদারতা।

কূপাদির আকার এখন বিচার্য হ'লো যে, আমরা শিরোনামে জলাশয়ের ছয়টি নাম পেয়েছি। এদের পরস্পরের মধ্যে পার্থক্য *কিরূপ? শাস্ত্রদৃষ্টে বলা যায়* আকারগত বৈষম্য অনুসারে নামগত পার্থক্য। যেমন কূপ বলতে বলা হয়েছে **'কূপোঽদ্বারকোগর্ত বিশেষঃ'**। অর্থাৎ দ্বাররহিত গর্তবিশেষকে কূপ বলা হয়। পুষ্করিণী ও তড়াগ সম্পর্কে বলা হ'য়েছে — **'চতুর্বিংশত্যঙ্গুলো হস্তোধনুস্তচ্চতুরুত্তরঃ। শতধন্বন্তরশ্চৈব তাবৎ পুষ্করিণীমতা। এতৎপঞ্চগুণঃ প্রোক্তস্তড়াগ ইতি নিশ্চয়ঃ।** (বশিষ্ঠ সংহিতা) অর্থাৎ চবিবশ আঙ্গুলে ১ হাত হয়, চার হাতে ১ ধনুঃ। এরকম ১০০ ধনু পরিসর হলে পুষ্করিণী বলে এবং তার পাঁচগুণ পরিসর হলে তাকে তড়াগ বলে। নব্যবর্ধমানধৃত বশিষ্ঠ বচন থেকে সবগুলির পরিমাপ জানতে পারা যায় — **'শতেন ধনুভিঃ পুষ্করিণী ত্রিভিঃ শতৈ দীর্ঘিকা, চতুর্ভির্দ্রোণঃ পঞ্চভিস্তড়াগঃ দ্রোণাদ্দশগুণ বাপীতি। অর্থাৎ**

১) কূপ —	দ্বার (অর্থাৎ ঘাট) বিহীন গর্ত বিশেষ
২) পুষ্করিণী —	যে জলাশয়ের পরিসর ৪ X ১০০ = ৪০০ হাত থেকে ১২০০ হাতের মধ্যে।
৩) দীর্ঘিকা (দীঘি) —	যে জলাশয়ের পরিসর ৪ X ৩০০ = ১২০০ হাত থেকে ১৬০০ হাতের মধ্যে।
৪) দ্রোণ —	যে জলাশয়ের পরিসর ৪ X ৪০০ = ১৬০০ হাত থেকে ২০০০ হাতের মধ্যে।
৫) তড়াগ —	যে জলাশয়ের পরিসর ৪ X ৫০০ = ২০০০ হাত থেকে ১৬০০০ হাতের মধ্যে।
৬) বাপী —	যে জলাশয়ের পরিসর ১৬০০ X ১০ = ১৬০০০ হাত থেকে তার বেশি।

জলাশয়ারম্ভ কালঃ— হিন্দুদের সমস্ত কর্মই ধর্মনির্ভর বলে কালাকালের বিষয়টি অধিক মাত্রায় বিচার্য। ব্যবহারিক জগতেও কিন্তু অসময়ে কোনও কার্য আরম্ভ করলে তার সমাপ্তি বা শুভ পরিণাম দেখতে পাওয়া যায় না। জলাশয় আরম্ভ করার কাল সম্পর্কে রঘুনন্দন ধৃত দীপিকার বচন অনুসারে — পুষ্যা, অনুরাধা, হস্তা, উত্তরাত্রয়, ধনিষ্ঠা, শতভিষা, রোহিণী, পূর্বাষাঢ়া, মঘা, মৃগশিরা নক্ষত্রে রবিশুদ্ধ সময়ে শুভবার, তিথিযোগে, পাপগ্রহ দুর্বল হলে চন্দ্রের পরিপুষ্টি সময়ে চন্দ্রজলরাশিগত ও শুক্র লগ্নের দশমে অবস্থিত হ'লে শুভ নবাংশের উদয়ে বৃহস্পতি ও বুধ উদিত হলে জলাশয়ের আরম্ভ শুভ হ'য়ে থাকে।

জলশয়োৎসর্গে নারী-পুরুষ, ব্রাহ্মণ-শূদ্র সকলেরই অধিকার আছে। এ বিষয়ে বৃহস্পতিবচন — **পিতৃব্যগুরুদৌহিত্রান্ ভর্তুঃ স্বগীয় মাতুলান্ পূজয়েৎ কব্যপূর্তাভ্যাং বৃদ্ধানাথাতিথীন্ স্ত্রিয়ঃ।।**

জলাশয়োৎসর্গেও বাস্তুযাগ অবশ্য কর্তব্য। মহাকপিল পঞ্চরাত্রে বলা হ'য়েছে — 'জলাধার গৃহার্থঞ্চ যজেদ্বাস্তুং বিশেষতঃ।'

গ্রহযাগ, বাস্তুযাগ, জলাশয়োৎসর্গ ও আরামোৎসর্গে প্রথমে সঙ্কল্প করে পরে স্বস্তিবাচন করতে হয়। বিধিবাক্য হ'লো — **'গ্রহে বাস্তৌ তথা যাগে আরামে চ জলাশয়ে। সঙ্কল্পং প্রথমং কুর্যাৎ পশ্চাত্তু স্বস্তি বাচয়েৎ।।'**

আর একটি বিশেষ বিধি হলো — কূপ, আরাম ও জলাশয়োৎসর্গে পূর্বমুখে বসে সঙ্কল্প করতে হয়। প্রমাণ — **'জলাশয়ারাম কূপে সঙ্কল্পং পূর্বদিঙ্মুখঃ। সাধারণে চোত্তরাস্য ঐশান্যাং নিক্ষিপেৎ পয়ঃ।।'**

এখানে অগ্নির নামকরণেও অন্যান্য প্রতিষ্ঠা থেকে পার্থক্য আছে। সমস্ত প্রতিষ্ঠা কর্মে অগ্নির নাম **'লোহিত'**, কিন্তু জলাশয় প্রতিষ্ঠায় হয় **'বরুণ'। 'জলাশয় প্রতিষ্ঠায়াং বরুণঃ সমুদাহৃতঃ'।**

আয়োজন জলাশয়ের পশ্চিম প্রান্তে চার হাত দৈর্ঘ ও চার হাত প্রস্থ বিশিষ্ট দুইটি বেদি করতে (১টি বাস্তুযাগের ও অন্যটি জলাশয়োৎসর্গের) হবে। দুটি বেদিই সুসজ্জিত ও চারকোণে চারটি করে দ্বার ঘট সমন্বিত হবে। (বাপীকূপতড়াগানাং পশ্চিমে যাগমণ্ডপং। কুর্যাদ্‌যথাক্রমেণৈব কলসং মধ্যমোত্তমম্।।) বাস্তুযাগের বেদিতে বাস্তুমণ্ডল এঁকে তার জন্য ছয়টি ঘট, ভৃঙ্গার, ইষ্টক প্রভৃতি উপকরণ রাখা হবে। জলাশয়োৎসর্গে বেদিতে ঈশান কোণে শান্তি ঘটের জন্য একটি অষ্টদল পদ্ম এঁকে তার দক্ষিণ পার্শ্বে একহাত দৈর্ঘপ্রস্থ স্থানে একটি **গ্রহমণ্ডল** আঁকা হবে আবার তার দক্ষিণ পার্শ্বে একহাত পরিমিত স্থানে **চক্রাব্জ** মণ্ডল আঁকতে হবে। চক্রাব্জমণ্ডলের চারকোণে **চারটি ঘট** থাকবে চতুঃসমুদ্রের পূজার জন্য। মাঝে **১টি তামার ঘট** দেওয়াই প্রশস্ত কারণ তাম্রাধারে রাজতী বরুণ প্রতিমা স্থাপন করে পূজা করতে হয়।

১টি ধেনু ও তার স্বর্ণশৃঙ্গাদি সাজ এবং যূপকাষ্ঠ ও নাগদণ্ড প্রয়োজন। যূপটি হবে পলাশ, যজ্ঞডুমুর, বিল্ব বা অশ্বত্থ বৃক্ষ নির্মিত তার পরিমাপ যজমানের দীর্ঘতানুরূপ। নাগযষ্টিও অনুরূপ পলাশাদি বৃক্ষের হবে। তার পরিমাপের ক্ষেত্রে বলা যাচ্ছে ১২ বা ১৫ বা ২০ বা ২১ হাত হবে। এরই মাথায় শূল চক্র দেওয়া হবে।

চক্রাব্জমণ্ডল অঙ্কন বিধি একহাত বর্গক্ষেত্রে পূর্বপশ্চিমে ৯টি রেখা ও উত্তর দক্ষিণে নয়টি রেখাপাত করলে ৬৪টি কক্ষ হবে মাঝে ৪টি কক্ষে একটি অষ্টদল পদ্ম এঁকে তার উপরের দিকে আরও একটি করে ঘর নিয়ে — পদ্মকে বেষ্টন করে

পীত, রক্ত ও কৃষ্ণ বর্ণের তিনটি বৃত্ত আঁকা হবে। তারপর ক্ষেত্রের চারদিকে প্রথম সারির ঘরগুলিকে ছকে নির্দেশ করা রক্তের গুঁড়ি দিয়ে ভরাতে হবে। এরপরের সারির ঈশানকোণের ঘরে তাম্রবর্ণ ভেক, তারপাশের ঘরে রৌপ্য বা শ্বেতবর্ণ মৎস্য, তারপর দুটি ঘর ছেড়ে রক্তবর্ণ সর্প, তারপাশের ঘরে স্বর্ণবর্ণ কূর্ম, দক্ষিণ-পশ্চিম কোণে স্বর্ণবর্ণ মকর, মাঝের দুটি ঘরে লৌহ বা কৃষ্ণবর্ণ শুশুক, উত্তর পশ্চিম কোণের ঘরে তাম্রবর্ণ কর্কট এঁকে মণ্ডলের চারদিকে শ্বেত, রক্ত ও কৃষ্ণবর্ণের তিনটি রেখা করতে হবে।

গ্রহমণ্ডল একটি চতুষ্কোণ মণ্ডলে নয়টি কোষ্ঠ নির্মাণ করে চিত্রানুযায়ী এক একটি কোষ্ঠে গ্রহের আকৃতি পঞ্চগুঁড়ি দিয়ে আঁকতে হবে। নবগ্রহের যন্ত্ররূপী আকার যথা— রবির বর্তুল আকার অর্থাৎ গোলাকার, চন্দ্রের অর্দ্ধ চন্দ্রাকৃতি আকার, মঙ্গলের ত্রিকোণ আকার, বুধের ধনুরাকার, বৃহস্পতির পদ্মাকার, শুক্রের চতুষ্কোণ আকার, শনির খড়্গাকার, রাহুর মকর আকার, কেতুর সর্প আকার, গ্রহগণের এইরূপ যন্ত্র হয়।। মণ্ডলের মধ্যস্থানে রক্তবর্ণ সূর্য, অগ্নিকোণে শ্বেতবর্ণ চন্দ্র, দক্ষিণে রক্তবর্ণ মঙ্গল, ঈশান কোণে পীতবর্ণ বুধ, উত্তরে পীতবর্ণ বৃহস্পতি, পূর্বদিকে শ্বেতবর্ণ শুক্র, পশ্চিমে কৃষ্ণ বা নীলবর্ণ শনি, নৈঋতকোণে কৃষ্ণবর্ণ রাহু ও বায়ুকোণে ধূম্রবর্ণ কেতু গ্রহের আকৃতি অঙ্কন করতে হবে।

মণ্ডলস্য লিখেন্মধ্যে রবিঃ রক্তং সুবর্ত্তুলম্।
অগ্নিকোণে সিতং চন্দ্রং চন্দ্রার্দ্ধ সদৃশাকৃতিম্।।৬০।।
দক্ষিণে মঙ্গলং কুর্য্যাত্রিকোণং লোহিতাকৃতিম্।
ঈশানে ধনুরাকারং পীতবর্ণঞ্চ সোমজম্।।৬১।।
উত্তরে পীতবস্ত্রঞ্চ পদ্মাকারং বৃহস্পতিম্।
চতুরস্রঞ্চ পূর্ব্বস্যাং শুক্রবর্ণং ভৃগোঃ সুতম্।।৬২।।
পশ্চিমে কৃষ্ণবর্ণাঢ্যং খড়্গাকারং শনৈশ্চরম্।
নৈঋতে মকরাকারং কৃষ্ণাঙ্গং সিংহিকাসুতম্।।
ধূম্রবর্ণঞ্চ বায়ব্যে কেতুং সর্পাকৃতিং লিখেৎ।।৬৩।।

মণ্ডলের মধ্যদেশে রবির রক্তবর্ণ সুবর্তুলাকার, অগ্নিকোণে চন্দ্রের শুক্ল বর্ণ অর্দ্ধচন্দ্রাকৃতি আকার, দক্ষিণে মঙ্গল রক্তবর্ণ ত্রিকোণ আকার, ঈশানকোণে বুধ পীতবর্ণ ধনু আকার, উত্তরে বৃহস্পতি পীতবর্ণ পদ্মাকার, পূর্বদিকে শুক্র শুক্লবর্ণ চতুষ্কোণ আকার, পশ্চিমে শনি কৃষ্ণবর্ণ খড়্গাকার, নৈঋতকোণে রাহু কৃষ্ণবর্ণ মকর আকার, বায়ুকোণে ধূম্রবর্ণ কেতু সর্পাকার, গ্রহগণের এই রূপ আকৃতি হয়। ৬০। ৬১। ৬২। ৬৩।

প্রয়োগ

যজমান নিত্যক্রিয়া সমাপন করে হাত পা ধুয়ে যাগমণ্ডপে এসে পূর্বমুখে বসে আচমন, বিষ্ণুস্মরণ, গন্ধাদির অর্চনা করে সূর্যার্ঘ্যদান করে সঙ্কল্প করবেন।

জলাশয়প্রতিষ্ঠায় সঙ্কল্প— বিষ্ণুরোম্ তৎসৎ (শ্রীবিষ্ণুর্নমঃ) অদ্য অমুকে মাসি (মুখ্য চান্দ্র মাস) অমুকপক্ষে অমুকতিথৌ অমুকগোত্রঃ/গোত্রা অমুকদেবশর্মা/দেবী (দাসঃ/দাসী) চতুর্বর্গমহীদানজন্যফলসমফলপ্রাপ্তি সহিত এতদ্ জলাশয়স্থিত প্রত্যেক জলবিন্দুসমসংখ্যশতবর্ষাবচ্ছিন্নস্বর্গপ্রাপ্তি কামঃ/কামা জলপূর্ণ পুষ্করিণী/দীর্ঘিকা/তড়াগ-জলাশয়োৎসর্গ কর্মাহং করিষ্যে।

পরে স্বশাখোক্ত সঙ্কল্পসূক্ত পাঠান্তে স্বস্তিবাচন করবেন—

স্বস্তিবাচন— ওঁ কর্তব্যেঽস্মিন্ জলপূর্ণ পুষ্করিণী জলাশয়োৎসর্গ কর্মণি ওঁ পুণ্যাহং ভবন্তো ব্রুবন্তু ইত্যাদি ক্রমে স্বস্তিবাচন করে **বাস্তুযাগের** সঙ্কল্প করা হবে। যথা— **বিষ্ণুরোম্ ....জলপূর্ণজলাশয়োৎসর্গবাসরে এতদ্বাস্তু-দোষোপশমন কামঃ / কামা বাস্তুযাগমহং করিষ্যে। পরে স্বস্তিবাচন** করে হাতে শ্বেতসর্ষপ নিয়ে ছড়াতে ছড়াতে মন্ত্রটি পাঠ করবেন যথা —

ওঁ বেতালাশ্চ পিশাচাশ্চ রাক্ষসাশ্চ সরীসৃপাঃ।

অপসর্পন্তু তে সর্বে যে চান্যে বিঘ্নকারকাঃ।।

বিনায়কা বিঘ্নকরা মহোগ্রা যজ্ঞদ্বিষো যে পিশিতাশনাশ্চ।

সিদ্ধার্থকৈর্বজ্রসমান কল্পৈর্ময়া নিরস্তা বিদিশঃ প্রয়ান্তু।।

আভ্যুদয়িক শ্রাদ্ধের অভিলাপ অতঃপর বিষ্ণুরোম্ তৎসৎ ইত্যাদি জলপূর্ণ জলাশয়োৎসর্গ কর্মাভ্যুদয়ার্থং সগণাধিপ গৌর্যাদি ষোড়শ- মাতৃকাপূজাবসোর্ধরাসম্পাতনায়ুষ্যসূক্ত জপাভ্যুদয়িক শ্রাদ্ধান্যহং করিষ্যে। সঙ্কল্পান্তে সংকল্পসূক্ত পাঠ করে সঙ্কল্পিত কাজগুলির জন্য নারায়ণ গুরু পুরোহিত ব্রহ্মা, আচার্য, হোতা ও সদস্য বরণ করা হবে।

বরণ বাক্য যথা বিষ্ণুরোম ..... মৎসঙ্কল্পিতে অস্মিন জলপূর্ণ জলাশয়োৎসর্গ কর্মণি ব্রহ্মকর্ম করণায় অমুক গোত্রং শ্রী ..... দেবশর্মানম্ এভিগন্ধাদিভিরভ্যর্চ্য ভবন্তমহং বৃণে। (এক্ষেত্রে ব্রহ্মা, হোতা, আচার্য ও সদস্য বাস্তুযাগের জন্য বরণ করতে হবে।)

বৃত ব্রাহ্মণ জলাশয়োৎসর্গ বেদিতে বসে আচমন, বিষ্ণুস্মরণ, গন্ধাদি অর্চনা করে পঞ্চগব্য শোধন (৩৬ পৃ.) ও তার দ্বারা বেদিশোধন করে (৩৭ পৃ.) দ্বারপূজা থেকে ঘটস্থাপন (৩৯ পৃঃ — ৪৯ পৃঃ) পর্যন্ত ক্রিয়াগুলি সম্পাদন করে গণেশাদি পঞ্চদেবতার পূজার শেষে গ্রহমণ্ডলে নবগ্রহের পূজা করতে হবে।

এখানে পূজার বিশেষ হলো — ৫৪ পৃঃ - ৫৮ পৃঃ পর্যন্ত দৃষ্টে সূর্যাদি নবগ্রহের (মণ্ডলে মধ্যে রক্তবর্ণ বর্তুলাকার, রক্তবর্ণ সূর্যের, অগ্নিকোণে শ্বেত অর্ধচন্দ্রাকার চন্দ্রের, দক্ষিণে রক্ত ত্রিকোণ-মঙ্গলের, ঈশানে পীত ধনুরাকার বুধের, উত্তরে পীত পদ্মে বৃহস্পতির, পূর্বে শ্বেত চতুষ্কোণে শুক্রের, পশ্চিমে নীল খড়্গাকৃতি শনির, নৈঋতে কৃষ্ণ মকরাকৃতি রাহুর এবং বায়ুকোণে কৃষ্ণ সর্পাকৃতি কেতুর) পূজা করে তাঁদের দক্ষিণে অধিদেবতা ও বামে প্রত্যধিদেবতাকে আবাহন করে পঞ্চোপচারে পূজা করতে হবে। এখানে প্রত্যেকের অধিদেবতা ও প্রত্যধিদেবতার নাম দেওয়া থাকছে।

অধিদেবতা/প্রত্যধিদেবতা সূর্যের— **শিব, অগ্নি।** চন্দ্রের— **উমা, অপ্(জল)** মঙ্গলের—**স্কন্দ, পৃথিবী।**

বুধের— **নারায়ণ, বিষ্ণু**। বৃহস্পতির— **ব্রহ্মা, ইন্দ্র**। শুক্রের— **ইন্দ্র, শচী**। শনির— **যম, প্রজাপতি**। রাহুর— **কাল, সর্প**। কেতুর— **চিত্রগুপ্ত, ব্রহ্মা**।

অধিদেবতা প্রত্যধিদেবতা সহ নবগ্রহের পূজার পর পঞ্চ লোকপালের পূজা ঐ মণ্ডলেই হবে। যথা— মণ্ডলের দক্ষিণে— **বিনায়ক**, পশ্চিমে— **দুর্গা**, বায়ুকোণে— **বায়ু**, উত্তরে— **আকাশ** এবং পূর্বে **অশ্বিনী কুমার দ্বয়ের** আবাহন করে পঞ্চোপচারে পূজা করতে হবে।

গ্রহবলি পূজার শেষে প্রত্যেককে পৃথক পৃথক পাত্রে গ্রহগণের নির্দিষ্ট বলি দিতে হয়। যথা **এষ গুড়োদন বলিঃ ওঁ সূর্যায় নমঃ**। এইক্রমে ঘৃতপায়স **বলিঃ চন্দ্রায়। যবতণ্ডুলায় বলিঃ মঙ্গলায়। ক্ষীরোদন বলিঃ বুধায়। দধ্যোদন বলিঃ বৃহস্পতয়ে। সকর্পূরঘৃতান্নবলিঃ শুক্রায়। কৃষ্ণতিলোদন বলিঃ শনৈশ্চরায়। আমমাংসবলিঃ রাহবে। চিত্রোদন বলিঃ কেতবে**। অভাবে প্রত্যেককে **ঘৃতপায়স** বলি দেওয়া যায়।

লোকপাল বলি এসময় **বিনায়ক, দুর্গা, বায়ু, আকাশ ও অশ্বিনীকুমারদ্বয়কেও** ঘৃতপায়স বলি দিতে হবে।

এরপর চক্রাব্জমণ্ডল মধ্যে পূর্বাদি দিকে ইন্দ্রাদি দশদিক পালের যথাশক্তি উপচারে (৪৯ পৃঃ — ৫৩ পৃঃ) পূজা করে প্রত্যেককে পৃথক পৃথক পাত্রে ঘৃতপায়স বলি দিতে হবে। যথা— **এষ ঘৃতপায়স বলিঃ ইন্দ্রায় নমঃ** ইত্যাদি ক্রমে।

তারপর উক্তমণ্ডলের মধ্যস্থলে তাম্রঘটে তাম্রাধারে চার আঙ্গুল পরিমিত **রজতময়ী বরুণ প্রতিমা** রেখে 'বং' বীজমন্ত্রে ষড়ঙ্গন্যাস করে ধ্যান করা হবে—

ওঁ প্রসন্নবদনং সৌম্যং হিমকুন্দেন্দু সন্নিভম্। সর্বাভরণসংযুক্তং সর্বলক্ষণলক্ষিতম্।

কিরণৈঃ শীতলৈঃ সৌম্যৈঃ প্রীণয়ন্তমিবস্থিতম্। লাবণ্যামৃতধারাভিস্তর্পয়ন্তমিব প্রজাঃ।

রাজহংস সমারূঢ়ং পাশব্যগ্রকরং শুভম্ পুষ্করাদ্যৈর্ঘনৈঃ সর্বৈঃ সমন্তাৎ পরিবারিতম্।

***গৌর্যাকান্ত্যা* চানুগতং নদীভিঃ পরিবারিতম্। নাগৈর্যাদোগণৈর্যুক্তং ব্রহ্মাণমিব চাপরম্।।**

সৃষ্টিসংহারকর্তারং নারায়ণশিবাপরম্।।

ধ্যান করে মানসোপচারে পূজা, বিশেষার্ঘস্থাপন ও পীঠপূজার পর বরুণপ্রতিমা স্পর্শ করে— ওঁ আং হ্রীং ক্রোং **যং** রং লং বং শং ষং সং হোঁ হং সঃ বরুণস্য প্রাণাঃ ইহ প্রাণাঃ ইত্যাদি ক্রমে **প্রাণপ্রতিষ্ঠা** করে পুনরায় ওঁ প্রসন্নবদনং ইত্যাদি ধ্যান করে ওঁ বরুণস্যোত্তম্ভনমসি বরুণস্য স্কম্ভসর্জনীস্থো বরুণস্য ঋত সদন্যসি বরুণস্য ঋতসদনমসি বরুণস্য ঋতসদনমাসীদ— **ওঁ ভূর্ভুবঃ স্বঃ বরুণ ইহাগচ্ছ ইহাগচ্ছ** ইত্যাদি মন্ত্রে আবাহন করে ষোড়শোপোচারে পূজা করা হবে।

পূজার মন্ত্র **'ওঁ বং বরুণায় নমঃ'**।। অথবা 'ওঁ বোঁ। এসময় বরুণের উদ্দেশ্যে পাদুকা, ছত্র, শয্যা, দর্পণ ও ব্যজনী (পাখা) উৎসর্গ করতে হয়।

বরুণের পূজার পর ঐ স্থানে **ব্রহ্মা, শিব, বিষ্ণু, বিনায়ক, কমলা ও অম্বিকার** আবাহনপূর্বক পঞ্চোপচারে পূজা কর্তব্য।

অতঃপর **চক্রাব্জমণ্ডলের** নির্দিষ্ট স্থানগুলিতে স্থাপিত **স্বর্ণময় কূর্ম ও মকর, রজতময় মৎস্য ও ডণ্ডুভ, তাম্রময় কর্কট ও ভেক, লৌহময় শিশুমার**— জলচর প্রাণীদের পূজা করে—

স্বর্ণময় বা অঙ্কিত অষ্টনাগ— **অনন্ত, বাসুকি, পদ্ম, মহাপদ্ম, তক্ষক, কুলীর, কর্কট ও শঙ্খকে** আবাহন করে পঞ্চোপচারে পূজা করা হবে।

তারপর চারকোণে স্থাপিত **চারটি ঘটেই**

ওঁ সমুদ্রজ্যেষ্ঠাঃ সলিলস্যমধ্যাৎ পুনানা যন্ত্যনিবিশমানাঃ।

ইন্দ্রো যা বজ্রী বৃষভো ররাদ তা আপো দেবী রিহমামবন্তু। মন্ত্রটি পাঠ করে— **ওঁ ভূর্ভুবঃ স্বঃ সমুদ্রা ইহাগচ্ছত ইহাগচ্ছত** ইত্যাদিক্রমে আবাহন পূর্বক ওঁ সমুদ্রেভ্যো নমঃ মন্ত্রে পঞ্চোপচারে পূজা একই ক্রম চারটি ঘটে হবে।

এরপর ঈশানকোণস্থ শান্তি ঘটটিতে প্রথমে বরুণের আবাহন করে বরুণের পঞ্চোপচারে পূজা করে তারপর 'সিংহস্থা

শশিশেখরা ...... ইত্যাদি মন্ত্রে ধ্যান মানসপূজা ও পুনরায় ধ্যান ও ওঁ অম্বে অম্বিকে অম্বালিকে ন মানয়তি কশ্চন। সসস্তশ্বক সুভদ্রিকাং কাম্পিল্যবাসিনীম্ ওঁ ভূর্ভুবঃ স্বঃ শান্তিদেবি ইহাগচ্ছ ইত্যাদিক্রমে আবাহন করে ষোড়শোপচারে পূজা করা হবে।

হোম

ব্রাহ্মণ স্থণ্ডিলের সম্মুখে বসে স্বগৃহ্যোক্ত বিধিতে অগ্নিস্থাপন থেকে ব্রহ্মস্থাপন পর্যন্ত সামবেদী— ৬১ পৃঃ. থেকে ৬২ পৃঃ. যজুর্বেদী— ৬৯ পৃঃ. থেকে ৭১ পৃঃ. ঋগ্বেদী— ৭৪ পৃঃ. থেকে ৭৬ পৃঃ করে চরুপাক করবেন।

চরুপাক (সকল বেদেরই এক নিয়ম ৬২ পৃঃ দ্রষ্টব্য) এখানে তার সঙ্গে বিশেষ হচ্ছে কেবল বরুণের উদ্দেশ্যেই জুষ্ট গ্রহণ হবে। অর্থাৎ সামবেদীর— **ওঁ বরুণায়ত্বা জুষ্টং নির্বপামি**। অন্যান্যদের— **ওঁ বরুণায়ত্বা জুষ্টং গৃহ্নামি (গ্রহণ) বরুণায়ত্বা জুষ্টং নির্বপামি (স্থাপন) বরুণায় ত্বা জুষ্টং প্রোক্ষামি (অভ্যুক্ষণ) তারপর অমন্ত্রক দুবার নিয়ে মুষল দিয়ে** আঘাত করে ধুয়ে পাক করতে হবে। করণীয় বিধি —৬২ পৃঃ. দ্র.

চরুপাকের পর— সামবেদীর ভূমিজপ থেকে বিরূপাক্ষজপ পর্যন্ত (৬২ পৃঃ— ৬৫ পৃঃ) কর্তব্য। যজুর্বেদীর— ৬২ পৃঃ—৬৩ পৃঃ পর্যন্ত এবং ঋগ্বেদীর— ৭৬ পৃঃ. থেকে ৭৭ পৃঃ. পর্যন্ত কর্তব্য।

প্রকৃত কর্ম

অগ্নে ত্বং বরুণনামাসি মন্ত্রে নামকরণ করে ধ্যান আবাহন ও পঞ্চোপচারে পূজা করে প্রথমে ঘৃতাক্ত প্রাদেশ পরিমিত একটি কুশ আহুতি দিয়ে মহাব্যাহৃতি হোম করে ঘৃত দ্বারা বরুণ হোম করা হবে নিম্নোক্ত মন্ত্রে—

ওঁ সমুদ্রজ্যেষ্ঠাঃ সলিলস্য মধ্যাৎ পুনানাযন্ত্যনিবিশমানাঃ।

ইন্দ্রো যা বজ্রী বৃষভোররাদ তা আপো দেবী রিহ মামবন্তু স্বাহা।।১।।

ওঁ যা আপো দিব্যা উত বা স্রবন্তি খনিত্রিমা উত বা যাঃ স্বয়ংজাঃ।

সমুদ্রার্থা যাঃ শুচয়ঃ পাবকাস্তা আপো দেবী রিহ মামবন্তু স্বাহা।।২।।

ওঁ যাসাং রাজা বরুণো যাতি মধ্যে সত্যানৃতে অবপশ্যঞ্জনানাম্।

মধুশ্চু তঃ শুচয়ো যাঃ পাবকাস্তা আপো দেবী রিহ মামবন্তু স্বাহা।।৩।।

ওঁ যাসু রাজা বরুণো যাসু সোমো বিশ্বে দেবা যা সূর্জং মদন্তি।

বৈশ্বানরো যা স্বগ্নিঃ প্রবিষ্টস্তা আপো দেবী রিহ মামবন্তু স্বাহা।।৪।।

চরুহোম— প্রত্যেকবার চরুমধ্যে ঘৃতধারা দিয়ে চরু নিয়ে তাতে পুনরায় ঘৃতধারা দিয়ে মন্ত্র পাঠ করে আহুতি দিতে হবে।

"ওঁ তত্ত্বা যামি ব্রাহ্মণা বন্দ্যমানস্তদাশাস্তে যজমানো হবির্ভিঃ।

অহেড়মানো বরুণেহবোধ্যুরুশংসমা ন আয়ুঃ প্রমোষীঃ স্বাহা।।৫।। — সামবেদী ব্যতীত অন্যবেদীরা মন্ত্রান্তে 'ইদং বরুণায়' বলিবে। এই প্রকার সর্ব্বত্র উচ্চার্য্য।

ওঁ তদিদং নক্তং তদ্দিবাসন্ধ্যামাহুস্তদয়ং কেতো মাবিচষ্ট।

শুনঃশেফোহয়মস্মদ্‌গৃহীতং সোহস্মান্ রাজা বরুণো মুমোক্তু পাশান্ স্বাহা।।৬।।

ওঁ শুনঃশেফোহ্যস্মদ্‌গৃহীতস্ত্রিম্বাদিত্যং দ্রুপদেষু বদ্ধঃ।

অবৈরং রাজা বরুণং মমৃজ্যাদ্বিদ্যাৎ অবদ্ধো বিমুমোক্তু পাশান স্বাহা।।৭।।

ওঁ অবতেঅহেলো বরুণং মনোভিরবযজ্ঞেভিরীমহে।

হবির্ভিঃ ক্ষয়ন্নস্মভ্যমসুরঃ প্রচেতা রজয়েনাংসি স্নিগ্ধতঃ কৃতানি স্বাহা।।৮।।

ওঁ উদুত্তমং বরুণ পাশমস্মদবাধমং বিমধ্যমং শ্রথায় অথাদিত্যব্রতে বয়ং তবানাগসোহদিতয়ে স্যামঃ স্বাহা।।৯।।

ওঁ ত্বয়োহগ্নে বরুণস্য বিদ্বান্ দেবস্য হেড়োঅবযাসিষীষ্ঠাঃ।

যজিষ্ঠো বহ্নিতমঃ শোশুচানো বিশ্বান্ দ্বোষাংসি প্রমুমুগ্ধাস্মৎ স্বাহা।।১০।।

ওঁ স ত্বমোহগ্নে বমো ভবোতি নেদিষ্ঠো অস্যা উষযো বুষ্টৌ।

অবযক্ষ্বণো বরুণং ররাণো ব্রীহিমৃড়ীকংসুহবো ন এধি স্বাহা।।১১।।

ওঁ ইমং মে বরুণশ্রুধী হবমত্যা চ মৃড়য়ত্বাম বস্যুবাচকে স্বাহা।।১২।।

চরুহোমান্তে স্থালীর ঈশানকোণ থেকে প্রচুর চরু স্রেক্ষণে নিয়ে নিম্নোক্ত মন্ত্রে অগ্নিতে ঈশানকোণে আহুতি দিতে হবে। মন্ত্র যথা—

"ওঁ যদস্য কর্ম্মণোহত্যরীরিচং যদ্বা ন্যূনমিহাকরম্। অগ্নিস্তৎ স্বিষ্টিকৃদ্বিদ্বান্ সর্বস্বিষ্টং সুহুতং করোতু মে।। অগ্নয়ে স্বিষ্টকৃতে সুহুতহুতে সর্বপ্রায়শ্চিত্তাহুতীনাং কামানাং সংবর্দ্ধয়িত্রে সর্বান্নঃ কামান্ সংবর্দ্ধয় স্বাহা।।

তৎপরে মেক্ষণ অগ্নিতে ফেলিয়া "আকৃষ্ণেণ রজসা" প্রভৃতি নয়টী মন্ত্রে নবগ্রহের অর্ক পলাশাদি সমিধ দ্বারা প্রত্যেকের ২৮ বা ৮টি করে আহুতি দিয়ে দশদিকপালেরও আটটি করে তিলাজ্য সমিধ দ্বারা আহুতি দিতে হবে।

প্রত্যাহুতি সকলবেদীরই কর্তব্য, তবে সামবেদী ব্যতীত অন্যেরা 'ইদং বরুণায়' প্রত্যেক বার বলবে। এরপর উদীচ্য কর্ম।

সামবেদী— ৮০ পৃ. — ৮৩ পৃ.। যজুর্বেদী— ৮৪ পৃ.— ৮৬ পৃ.। ঋগ্বেদী— ৮৭ পৃ.— ৮৯ পৃ.

অন্নপ্রতিপত্তি—সকল পক্ষের অন্নপাত্র হইতে কিছু কিছু অন্ন লইয়া **'ওঁ যেষাং শ্রাদ্ধংকৃতং তেষামক্ষয়ায়ৈ তৃপ্তয়ে পাত্রীয়মামান্নং অম্ভসি (গঙ্গায় গঙ্গাজলে) সমর্পিতমস্তু** বলিয়া জলে দিবে। সমস্ত পিণ্ড হইতেও কিছু কিছু লইয়া **'ওঁ পিণ্ডান্যপি অম্ভসি সমর্পয়ামি'** বলিয়া জলে দিবে। **'ওঁ পিণ্ডানি গয়াং গচ্ছত'** বলিয়া পিণ্ড গুলিকে গয়ার দিকে ঠেলিয়া দিয়া, ব্রাহ্মণগুলির গ্রন্থি মোচন করিয়া, যুক্ত করে দীপ আচ্ছাদন পূর্বক 'জবাকুসুম'—ইত্যাদি মন্ত্রে সূর্যকে প্রণাম করিয়া, কুশাঙ্গুরীয় ত্যাগ করিয়া কৃতাঞ্জলি হইয়া **ওঁ কৃতৈতদাভ্যুদয়িশ্রাদ্ধকর্মাচ্ছিদ্রমস্তু বলিবেন—(প্রতিবচন—ওঁ অস্তু)।** তারপর

বামহস্ত অন্বারব্ধ দক্ষিণহস্তে বাক্যপাত্র ধরিয়া বলিবেন—**বিষ্ণুরোঁ তৎসৎ অদ্যেত্যাদি অমুকগোত্রঃ অমুক দেবশর্মা কৃতেষু এতেষু সগণাধিপ গৌর্যাদি ষোড়শমাতৃকা পূজা বসোর্ধারাসম্পাতনায়য্যসূক্ত জপাভ্যুদয়িকশ্রাদ্ধকর্মসু যদ্বৈগুণ্যং জাতং তদ্দোষ প্রশমনায় বিষ্ণুস্মরণমহং করিষ্যে।** এইরূপ বাক্য পাঠ করিয়া **ওঁ তদ্‌বিষ্ণোঃ ইত্যাদি** উচ্চারণ পূর্বক **ওঁ বিষ্ণু** মন্ত্র দশবার জপ করিয়া একগণ্ডুষ জল লইয়া—**ওঁ প্রীয়তাং পুণ্ডরীকাক্ষ সর্বযজ্ঞেশ্বরো হরিঃ। তস্মিংস্তুষ্টে জগৎ তুষ্টং প্রীণিতে প্রীণিতং জগৎ।** এতৎকর্ম শ্রীকৃষ্ণে অর্পিতমস্তু বলিয়া বিষ্ণুর উদ্দেশ্যে জল ভূমিতে ত্যাগ করিবে। তারপর বিষ্ণুকে প্রণাম ও আচমন করিয়া শান্তিগ্রহণ করিবেন।

।। যজুর্বেদীয় আভ্যুদয়িক শ্রাদ্ধ সম্পূর্ণ।।

চক্রাব্জমণ্ডলং

পূর্ব্ব
উত্তর
দক্ষিণ
পশ্চিম
রক্তং
পীতং
শ্বেতং
তাম্রাভং
ভেকং
রজতাভং
মৎস্যং
সুবর্ণাভং
মকরং
কুলীরং
লৌহাভং
মারং
রক্ত
পীত
শ্বেত

গ্রহমণ্ডল

ঈশান
পূর্ব্ব
অগ্নি
বুধ ধনু-রাকার
পীতবর্ণ
শুক্র
চতুষ্কোণ
শুভ্রবর্ণ
অর্দ্ধ গোলাকার
চন্দ্র
গুরু, পদ্মাকার
পীতবর্ণ
রক্তবর্ণ
সূর্য্য
গোলাকার
রক্তবর্ণ ত্রিকোণ
মঙ্গল
উত্তর
দক্ষিণ
কেতু সর্পাকার
ধূম্রবর্ণ
শনি খড়্গাকার
কৃষ্ণবর্ণ
রাহু মকরাকার
কৃষ্ণবর্ণ
বায়ু
পশ্চিম
নৈঋত

বরুণ ও শান্তি

দিক্‌পালসহ নবগ্রহমণ্ডল

ব্রহ্মা
ইন্দ্র
ঈশান
অগ্নি
চন্দ্র
কেতু
অরুণ
শিখাদণ্ড
মঙ্গল
রাহু
রবি
বুধ
কুবের
যম
অরুণ
শিখা
শনি
বৃহঃ
শুক্র
বায়ু
নৈঋত
বরুণ
অনন্ত

বাস্তুমণ্ডল (ষোড়শ পদ)

তন্ত্রোক্ত বাস্তুযাগ

শাস্ত্রনির্দেশ অনুসারে গৃহপ্রবেশ, মন্দির প্রতিষ্ঠা, দেবতা প্রতিষ্ঠা, বৃক্ষপ্রতিষ্ঠা প্রভৃতি কার্যে আমরা বাস্তুযাগ করে থাকি। তবে যে বাস্তুযাগ অনুষ্ঠিত হয় তা মুখ্যতঃ স্মার্তোক্ত বা পুরাণোক্ত বিধানে হয়ে থাকে। কারণ প্রচলিত বাস্তুযাগটি মুখ্যতঃ মৎস্যপুরাণোক্ত নির্দেশেই হয়ে থাকে কিন্তু কালী, জগদ্ধাত্রী, অন্নপূর্ণা প্রভৃতি দেবতাদের পূজা হয় তন্ত্র মতে। সুতরাং তাঁদের মূর্তি বা মন্দির প্রতিষ্ঠায় বাস্তুযাগ এবং প্রতিষ্ঠাদি ক্রিয়া তন্ত্রোক্ত বিধানে করাই বিধেয়। এমন কি যে ব্যক্তি তান্ত্রিক বলে পরিচিত তাঁর গৃহপ্রবেশেও তন্ত্রোক্ত বিধানে করাই উচিত। কিন্তু বর্তমানে সেরূপ কোনোও পদ্ধতি না থাকায় সাধারণের ধারণা তন্ত্রোক্ত বিধানে বোধ হয় এসব কৃত্যগুলি করা সম্ভব নয়। এরূপ ধারণা যথার্থ নয়। তন্ত্রজগতে অতি প্রশংসনীয় গ্রন্থ 'মহানির্বাণ তন্ত্রে' বাস্তুযাগ ও দেবতা প্রতিষ্ঠা বিষয়ে বিশদ বিবরণ দেওয়া আছে। তাতে উল্লিখিত বাস্তুমণ্ডল ও বাস্তুপরিকরদের পূজা পুরাণোক্ত বিধান থেকে সম্পূর্ণ ভিন্ন। বাস্তুযাগে করণীয় সম্পর্কে মহানির্বাণ তন্ত্রে বলা হয়েছে—

'জলাশয় গৃহারাম সেতুসংক্রমশাখিনাম্।
দেবতানাং প্রতিষ্ঠায়াং বাস্তুদৈত্যং প্রপূজয়েৎ।।
অনর্চয়িত্বা যো বাস্তুং কুর্যাৎ কর্মাণি মানবঃ।
বিঘ্নং তস্যাচরেদ্বাস্তুঃ পরিবারগণৈঃ সহ।। ১৩।৪২-৪৩

অর্থ—জলাশয়, গৃহ, উদ্যান, সেতু, সংক্রম, বৃক্ষ ও দেবতা প্রতিষ্ঠার সময় বাস্তুপূজা করা উচিত। যে মানুষ বাস্তুপূজা না করে ঐ কাজগুলি করে বাস্তুপুরুষ নিজ পরিকরের সহিত মিলিত হয়ে তার বিঘ্নসৃষ্টি করে।৪২-৪৩।

এরপর বাস্তুদেবতার পরিকর সমূহ ও মণ্ডল রচনার নির্দেশ করেছেন।

'কপিলাস্যঃ পিঙ্গকেশো ভীষণো রক্তলোচনঃ।
কোটরাক্ষো লম্বকর্ণো দীর্ঘজঙ্ঘো মহোদরঃ।।
অশ্বতুণ্ডঃ কাককণ্ঠো বজ্রবাহুর্ব্রতান্তকঃ।
এতে পরিকরা বাস্তোঃ পূজনীয়াঃ প্রযত্নতঃ।।
মণ্ডলং শৃণুবক্ষ্যামি যত্র বাস্তুং প্রপূজয়েৎ।।১৩।৪৪-৪৬

অর্থাৎ—(১) কপিলাস্য, (২) পিঙ্গকেশ, (৩) ভীষণঃ, (৪) রক্তলোচন, (৫) কোটরাক্ষ, (৬) লম্বকর্ণ, (৭) দীর্ঘজঙ্ঘ, (৮) মহোদর, (৯) অশ্বতুণ্ড, (১০) কাককণ্ঠ, (১১) বজ্রবাহু, (১২) ব্রতান্তক—এই বারোজন বাস্তুপুরুষের পরিকর। বাস্তুপুরুষের পূজাকালে এঁদের পূজা করতে হবে। যে বাস্তুমণ্ডলে পূজা করা হবে তা বলছি।

(এখানে উল্লেখ্য পুরাণোক্ত বাস্তুমণ্ডল অপেক্ষা এটি খুবই সংক্ষিপ্ত। এখানে মণ্ডল একাশীটি পদ বা চতুঃষষ্ঠি পদের পরিবর্তে কেবল ষোড়শপদ। মধ্যস্থিত চতুষ্পদে বাস্তুপুরুষের পূজা হবে এবং পার্শ্ববর্তী দ্বাদশপদে দ্বাদশ পরিকরের পূজা হবে। এই ষোড়শপদ মণ্ডলটি অঙ্কন করার পদ্ধতি শাস্ত্রের বর্ণনানুসারে জটিল হলেও সহজ উপায়টি বলা থাকছে। ২৪ আঙ্গুল হস্তবিশিষ্ট একটি বর্গক্ষেত্র অংকন করে ৬ আঙ্গুল অন্তর অন্তর পূর্ব হতে পশ্চিমে ৩টি রেখা টেনে ঐরূপ ৬ আঙ্গুল অন্তর অন্তর উত্তর থেকে দক্ষিণ পর্যন্ত তিনটি রেখা টানলেই ১৬টি চতুষ্কোণ তৈরি হবে। মাঝের চারটি প্রকোষ্ঠে একটি চতুর্দল পদ্ম অংকন করা হবে এবং তাতে বাস্তুদেবের পূজা হবে।

স্মার্তমতে যেমন মধ্যস্থলে বাসুদেব, লক্ষ্মী, বাসুদেবগণ, পৃথবী, সর্বদেবময়হরির, বাস্তুদেব ও ব্রহ্মার পূজার বিধান আছে। মহানির্বাণ তন্ত্রেও সেরূপ বিশেষভাবে পূজ্য দেবগণের নামোল্লেখ করা হয়েছে। যেমন—

যথাবাস্তুঃ পূজনীয়ঃ প্রোক্তঃ কর্মসু সুব্রতে।
গ্রহাশ্চাপি তথা পূজ্যা দশদিক্‌পতিভির্যুতাঃ।
ব্রহ্মা বিষ্ণুশ্চ রুদ্রশ্চ বাণী লক্ষ্মীশ্চ শংকরী।
মাতরঃ সগণেশাশ্চ সংপূজ্য বসবস্তথা।
পিতরঃ যদ্যতৃপ্তাঃ স্যুঃ কর্মস্বেতেষু কালিকে।
সর্বং তস্য ভবেদ্ব্যর্থং বিঘ্নঞ্চাপি পদে পদে।।
অতো মহেশি যত্নেন প্রোক্ত সংস্কার কর্মসু।
পিতৃণাং তৃপ্তয়েহত্রাভ্যুদয়িকং শ্রাদ্ধমাচরেৎ।। ১৩।৬৯-৭২

সুতরাং এই উক্তি দ্বারা বুঝা যাচ্ছে যে, পূর্বোক্ত জলাশয় প্রতিষ্ঠাদি কর্মসমুদায়ে যেরূপ বাস্তুপূজা, নবগ্রহ এবং দশদিক্‌পালের পূজা করতে হয়, সেরূপ বাস্তু প্রভৃতির পূজার সঙ্গে ব্রহ্মা, বিষ্ণু, রুদ্র, সরস্বতী, লক্ষ্মী, দুর্গা, সগণাধিপ গৌর্যাদি ষোড়শ মাতৃকা ও বসুগণের পূজা করতে হয়। পরন্তু পূর্বোক্ত সমুদয় কর্মেই যদি পিতৃগণ অতৃপ্ত থাকেন তা হ'লে কর্মকর্তা সমস্ত কর্মেই ব্যর্থ হয় এবং তার পদে পদে বিঘ্ন ঘটে। অতএব পূর্বোক্ত সমস্ত কর্মে পিতৃগণের তৃপ্তির জন্য আভ্যুদয়িক শ্রাদ্ধ করা বিধেয়। গৌর্যাদি ষোড়মাতৃকার পূজা করে বসুধারা দিয়ে আভ্যুদয়িক শ্রাদ্ধ করতে হয়।

পুনরায় বলা হয়েছে—

এবং ধ্যাত্বা যথাশক্ত্যা পূজয়িত্বা গণেশ্বরম্।
ব্রহ্মাণঞ্চ তথা বাণীং বিষ্ণুং লক্ষ্মীং সমর্চয়েৎ।।
শিবং দুর্গা গ্রহাংশ্চাপি তথা ষোড়শ মাতৃকাঃ।

ঘৃতধারান্বপি বসূন্ ইষ্ট্বা কুর্যাৎ পিতৃক্রিয়াম্।।
ততঃ প্রোক্তবিধানেন মণ্ডলং বাস্তরক্ষসঃ।
বিধায় পূজয়েত্তত্র বাস্তুদৈত্যং গণৈঃ সহ।।

অর্থাৎ যথাশক্তি উপচারে গণেশের পূজা করে ব্রহ্মা, সরস্বতী, বিষ্ণু, লক্ষ্মী, শিব, দুর্গা এবং গ্রহগণের পূজা করতে হয়। সেইভাবে গৌর্যাদি ষোড়শ মাতৃকার পূজা করে ঘৃত ধারায় বসুগণকে পূজা করে আভ্যুদয়িক শ্রাদ্ধ করতে হয়। তারপর কথিত বিধান অনুসারে মণ্ডল নির্মাণ করে পরিকরগণের সহিত বাস্তুদৈত্যকে পূজা করতে হয়।

সেইসঙ্গে দেবীপুরাণের একটি বচন অনুসারে সর্বলোকধরা পৃথিবী ও শিল্পাচার্য বিশ্বকর্মারও পূজা করণীয়। **'অপূজিত্বা বিনিঘ্নন্তি গৃহারম্ভেষকারকম্। গৃহাদেঃ শিল্পরূপত্বাদ্ বিশ্বকর্মাপি পূজয়েৎ।**

শিল্পাচার্যায় দেবায় নমস্তে বিশ্বকর্মণে। স্বাহা ব্রহ্মাপুরাণীয় মন্ত্রেনেতি মতং মম।

এখানে নবগ্রহ ও দিকপালের পূজা গ্রহচক্রে করার বিধান আছে। এখানে গ্রহচক্রটি ভিন্নধরণের। গ্রহনগুলের ঈশানে বরুণ ও শান্তির একটি ঘট এবং বাস্তুমণ্ডলের বহির্ভাগে চার কোণে চারটি ঘটে যথাক্রম অগ্নি কোণে ১ম ঘটে গণেশ, নৈঋত কোণে ২য় ঘটে ব্রহ্মা ও বাণী, বায়ুকোণে তৃতীয় ঘটে বিষ্ণু ও লক্ষ্মী এবং ঈশানে চতুর্থ ঘটে শিব ও শংকরী বা রুদ্র ও রুদ্রাণীর পূজা হবে। মণ্ডলের মধ্যে নৈঋতে একটি তাম্রঘটে রৌপ্যপৃথিবী স্থাপন করা হবে। পূজার পর হোমও হবে তন্ত্রোক্তবিধিতে, তবে নামকরণ হবে প্রজাপতি এবং জুষ্ট গ্রহণ ও চরুহোম হবে। কারণ ভগবান সদাশিব বলেছেন, **তিলাজ্যপায়সৈর্হুত্বা সর্বশান্তিমবাপ্নুয়াৎ।** ম.নি ১৩।৩৮

নবগ্রহ মণ্ডলের বৈশিষ্ট্য হলো যে দুটি অধোমুখ ত্রিকোণ ও একটি উর্ধ্বমুখ ত্রিকোণ অঙ্কন করলে নয়টি ত্রিভুজ হবে ঐ ত্রিভুজগুলির মধ্যবর্তী ত্রিভুজটিতে সূর্যের এবং সূর্যের উপরে পূর্বদিকের ত্রিভুজে চন্দ্রের এবং দক্ষিণাবর্তে পরপর ত্রিভুজগুলিতে

ক্রমান্বয়ে মঙ্গল, বুধ, বৃহস্পতি, শুক্র, শনি, রাহু ও কেতুর অর্চনা করা হবে সূর্যের দুপাশের ২টি চতুষ্কোণে অরুণ ও শিখার এবং উপরের চতুষ্কোণে অরুণ ও শিখাদণ্ডের পূজা হবে। এই যন্ত্রের বাহিরে একটি বৃত্ত করে অষ্টদলপদ্ম এঁকে তার পূর্বাদি দলে ইন্দ্রাদি অষ্টদিকপালের এবং ভূপুরে দুটি বৃত্তে ব্রহ্মা ও অনন্তের পূজা করা হবে। চন্দ্রের ত্রিকোণের মধ্যে তারাদের পূজা করা হবে। ভূপুরের পূর্ব দ্বারে **উগ্র, ভীম, প্রচণ্ড ও ঈশের**, দক্ষিণ দ্বারে **জয়ন্ত; ক্ষেত্রপাল, নকুলেরও বৃহৎ শিরার**, পশ্চিমদ্বারে **বৃক, অশ্ব, আনন্দ ও দুর্জয়ের** এবং উত্তর দ্বারে **ত্রিশিরা পুরজিৎ ভীমনাদ ও মহোদরের** পূজা করতে হবে।

প্রয়োগ

যজমানপ্রাতঃ কৃত্য সমাপন করে পূর্বমুখে শুদ্ধাসনে বসে, তিলক, কুশাঙ্গুরী ধারণ, আচমন, বিষ্ণুস্মরণ গন্ধাদি ও নারায়ণাদির অর্চনা করে জলশুদ্ধি আসনশুদ্ধি, পুষ্পশুদ্ধি ও সূর্যার্ঘ্যদানান্তে গুরুপংক্তির পূজা করে **ওঁ অত্মতত্ত্বায় স্বাহা, ওঁ বিদ্যাতত্ত্বায় স্বাহা ওঁ শিবতত্ত্বায় স্বাহা** মন্ত্রে আচমনী ও মার্জন করে গৃহপ্রবেশাদি যে কর্মোপলক্ষ্যে বাস্তুযাগ হবে তার স্বস্তিবাচন করা হবে। তান্ত্রিক স্বস্তিবাচনে প্রথমে **সাক্ষ্যমন্ত্রপাঠ**—প্রথমে কৃতাঞ্জলি হয়ে **ওঁ বিশুদ্ধ সর্বপাপানি শময়াশেষবিকল্পমপনয় হুং ফট্ স্বাহা। ওঁ দেবীত্বং প্রাকৃতং চিত্তং পাপাক্রান্তমভূন্মম। তন্নিসারয় চিত্তান্মে পাপং হুং ফট্ চ তে নমঃ। ওঁ সূর্যঃ সোমো যমঃ কালো মহাভূতানি পঞ্চবৈ এতে শুভাশুভস্যেহ কর্মণো নব সাক্ষিণঃ।।** বলে কুশিতে আতপচাল বাম হাতে নিয়ে ডান হাত চাপা দিয়ে **ওঁ কর্তব্যেঽস্মিন নববাসগৃহপ্রবেশ কর্মণি/কালিকায়াঃ শ্রীমন্দির প্রতিষ্ঠা কর্মণি/ কালিকায়া প্রস্তরময়মূর্তিপ্রতিষ্ঠা কর্মণি ওঁ পুণ্যাহং ভবন্তো ব্রুবন্তু। ওঁ পুণ্যাহং ভবন্তো ব্রুবন্তু। ওঁ পুণ্যাহং ভবন্তো ব্রুবন্তু।** বলার পর ব্রাহ্মণগণ বলবেন—**ওঁ পুণ্যাহং, ওঁ পুণ্যাহং, ওঁ পুণ্যাহং।** এইক্রমে স্বস্তি ও ঋদ্ধি

পাঠের পর কুশির চাল ব্রাহ্মণদের হাতে দিয়ে এবং নিজে একটু নিয়ে ওঁ স্বস্তি ওঁ স্বস্তি ওঁ স্বস্তি বলে তিনবার ছড়িয়ে জোড় হতে বলবেন—ওঁ হ্রীং হুং স্বস্তি নঃ কাত্যায়নী অপর্ণশ্রবা, স্বস্তি নঃ কালী হ্রৌং মেধা অমৃতময়ী। হুং স্বস্তিনঃ প্রত্যঙ্গিরা দেবতা দধাতু, ওঁ শ্রী হ্রীং হুং ফট্ স্বাহা। ওঁ সর্বশ্চ দেবশ্চ বিভীতকশ্চ প্রভঞ্জতাং মেরু সুবর্ণদায়ী কালোঙ্ক সা সা সচেন্দ্রিয়ঃ শ্রিয়ঃ বিবিক্তরাগশ্চ পুনর্ভবায় বৈ। এরপর কুশ তিল-হরীতকী জল সহতাম্রপত্রটি বাম হাতে রেখে ডান হাত চাপা দিয়ে সঙ্কল্প বাক্য বলতে হবে।

গৃহপ্রবেশের সঙ্কল্প—**বিষ্ণুরোম্ তৎসৎ অদ্যঅমুকে মাসি অমুকরাশিস্থে ভাস্করে শুক্লেপক্ষে অমুক তিথৌ অমুকবাসরে অমুক গোত্র শ্রী অমুকদেবশর্মা/দাসঃ/দেবী/দাসী জ্ঞাতাজ্ঞাত কায়মনোবাক্‌কৃত সকলপাপক্ষয়পূর্বক নির্বিঘ্নেন পুত্রপৌত্রাদ্যখিল পরিজন ধন বাহন ঐশ্বর্য পূর্ণ চিরবাস সহিত শ্রীশ্রী কালিকায়াঃ কৃপয়া গাহস্থ্য সর্বসুখ প্রাপ্ত্যন্তে কলিকায়া পাদপদ্মে স্থান প্রাপ্তিকামঃ/কামা শুভ নববাসগৃহপ্রবেশ কর্মাহং করিষ্যে।**

এরপর আর স্বস্তিবাচনের প্রয়োজন নাই কিন্তু আভ্যুদয়িক শ্রাদ্ধ বা তদনুকল্প ভোজ্যোৎসর্গ ও বাস্তুযাগের সঙ্কল্প করতে হবে।

আভুদয়িক শ্রাদ্ধের সঙ্কল্প—**বিষ্ণুরোম......শুভ নববাসগৃহপ্রবেশ কর্মাভ্যুদয়ার্থং/অমুকদেবতায়াঃ শ্রীমন্দিরপ্রতিষ্ঠা কর্মাভ্যুদয়ার্থং/অমুকদেবতায়াঃ প্রস্তর/ধাতুময়ী মূর্তি প্রতিষ্ঠা কর্মাভ্যুদয়ার্থং/শিলাময় শিবলিঙ্গ প্রতিষ্ঠা কর্মাভ্যুদয়ার্থং সগণাধিপ গৌর্যাদি ষোড়শ মাতৃকা পূজা বসোর্ধারা সম্পাতনাভ্যুদয়িক শ্রাদ্ধান্যহং/শ্রাদ্ধানুকল্প ভোজ্যোৎসর্গ কর্মাণ্যহং করিষ্যে।** তারপর বাস্তুযাগের সঙ্কল্প করা হবে।

বাস্তুযাগের সঙ্কল্প—**বিষ্ণুরোম.....নববাসগৃহপ্রবেশে/অমুক দেবতায়াঃ প্রস্তরময়/ধাতুময় মূর্তি প্রতিষ্ঠায়াং/শিলাময়**

শিবলিঙ্গ প্রতিষ্ঠায়াং এতদ্ বাস্তোঃ সর্বদোষোপশমনকামঃ/কামা/শুভ বাস্তুযাগমহং করিষ্য। এরপর কোশার জল ফুল ফল কুশ সমেত ঈশান কোণে ঢেলে কোশাটি উপুড় করে দিয়ে জোড় হাতে সঙ্কল্পসূক্ত পাঠ করবে।

সঙ্কল্পসূক্ত—**ওঁ ইন্দ্রাদ্যানোবিবেশী পুষ্টাং মাকৃণোতি সতাং সিঞ্চধ্বং। প্রহিতামমরোভিঃ স্বর্গমাদধৎ কৃষ্ণায়ুর্দেব ওহতে।**

এরপর ব্রাহ্মণ বরণ করার পর যজমান উঠে গেলে বৃতী ব্রাহ্মণগণ স্ব স্ব কার্য করবেন।

বৃত ব্রাহ্মণগণের কৃত্য

ব্রাহ্মণ—আচমনান্তে সূর্যার্ঘ্য দান করে পঞ্চগব্যশোধন করতে হবে।

তান্ত্রিকে পঞ্চগব্যশোধন সমস্তই দেবতার মূলমন্ত্র বা গায়ত্রী দ্বারা করা হবে।

তারপর বেদিশোধন থেকে দিগ্‌বলি পর্যন্ত করার (৩২ পৃ.-৩৩ পৃ.) পর ঘটস্থাপন করা হবে।

ঘটস্থাপন—রক্তবস্ত্র পরিবেষ্টিত ঘটটিকে ক্লীং মন্ত্রে শোধন ঐং মন্ত্রে কুশ দ্বারা তাড়ন, হ্রীং মন্ত্রে স্থাপন হ্রীং মন্ত্রে জলপূরণ,

হ্রীং গঙ্গাদ্যাঃ সরিত সর্বাঃ সমুদ্রাশ্চ সরাংসি চ।
সর্বে সমুদ্রাঃ সরিতঃ সরাংসি জলদানদাঃ।
হ্রদাঃ প্রস্রবণাঃ পুণ্যাঃ স্বপাতালমহীগতাঃ।
সর্বতীর্থানি পুণ্যানি ঘটে কুর্বন্ত সন্নিধিম্।। বলে তীর্থ আবাহন করে

হ্রীং মন্ত্রে ঘটে নবরত্ন দেবে। নমঃ মন্ত্রে গন্ধ, যং মন্ত্রে পুষ্প, হ্রীং মন্ত্রে চন্দন, কর্পূর পুষ্পাদি দিয়ে শ্রীং মন্ত্রে পঞ্চপল্লব,

হ্রীং, শ্রীং মন্ত্রে চাল ভর্তি শরা, হুং মন্ত্রে ফল, স্ত্রীং মন্ত্রে স্থিরীকরণ, নমঃ মন্ত্রে বস্ত্র, শ্রীং মন্ত্রে সিন্দূর, ওঁ মন্ত্রে অভ্যুক্ষণ, হুং ফট মন্ত্রে কুশ দ্বারা তাড়ন, শেষে স্থাং স্থীং হ্রীং শ্রীং স্থিরীভব মন্ত্রে ঘট স্থিরীকরণ।

তারপর যথাক্রমে দ্বারপূজা, বিঘ্নাপসারণ, মাষভক্তবলি, ভূতশুদ্ধি, মাতৃকান্যাস, অন্তর্মাতৃকা ন্যাস, বাহ্যমাতৃকান্যাস, সংহারমাতৃকান্যাস 'ওঁ মন্ত্রে প্রাণায়াম ও পীঠন্যাস করে (৩৩ পৃঃ-৩৯ পৃষ্ঠা পর্যন্ত) গণেশ ঘটে পঞ্চ দেবতার পূজা (৪১ পৃ.- ৪২ পৃ.) পর্যন্ত করে। অগ্নিকোণে প্রথম ঘটে গণেশের পূজা হবে। বাস্তুযাগে গণেশের বিশেষ ধ্যান—

বন্ধুকাভং ত্রিনেত্রং দ্বিরদবরমুখং নাগযজ্ঞোপবীতং
শঙ্খং চক্রং কৃপাণং বিমলসরসিজং হস্তপদ্মৈর্দধানম্।
উদ্যদ্‌বালেন্দুমৌলিং দিন কর কিরণোদ্দীপ্তবস্ত্রাঙ্গশোভং
নানালঙ্কারযুক্ত ভজতগণপতিং রক্তপদ্মোপবিষ্টম্।।

এরূপ ধ্যান করে মানসোপচারে পূজার পর পুনরায় ধ্যান করে ওঁ ভূর্ভুবঃস্বঃ গণেশ ইহাগচ্ছ ইহাগচ্ছ ইত্যাদি ক্রমে আবাহনান্তে যথাশক্তি উপচারে পূজা করে প্রণাম।

প্রণাম মন্ত্র— ওঁ দ্বৈমাতুর কৃপাসিন্ধো যান্মাতুরাগ্রজ প্রভো।
বরদস্ত্বং বরং দেহি বাঞ্ছিতং বাঞ্ছিতার্থদ।।

নৈঋতে দ্বিতীয় ঘটে ব্রহ্মা ও বাণীর পূজা। ব্রহ্মা (৫৯ পৃ.)

এরপর সরস্বতীর পূজা।

ধ্যান— ওঁ তরুণশকল মিন্দো র্বিভ্রতী শুভ্রকান্তিঃ
কুচভর নমিতাঙ্গী সন্নিষণ্ণা সিতাব্জে।

নিজকর কমলোদ্যল্লেখনী পুস্তকশ্রীঃ
সকল বিভবসিদ্ধ্যৈ পাতু বাগ্‌দেবতা নঃ।। —এরূপ ধ্যান, মানসোপচারে পূজার পর পুনরায় ধ্যান করে ওঁ ভূর্ভুবঃ স্বঃ দেবি সরস্বতি ইহাগচ্ছ ইহাগচ্ছ—ক্রমে আবাহন করে ঐং ইদং রজতাসনং সরস্বত্যৈ নমঃ—ক্রমে ষোড়শোপচারে পূজা করে প্রণাম—

ওঁ সরস্বতি মহাভাগে বিদ্যে কমললোচনে।
বিশ্বরূপে বিশালাক্ষি বিদ্যাং দেহি নমোঽস্তুতে।।

বায়ুকোণে তৃতীয় ঘটে বিষ্ণু ও লক্ষ্মীর পূজা হবে।

(৪) বিষ্ণু ধ্যান—ওঁ উদ্যৎকোটি দিবাকরাভমনিশং শঙ্খং গদাং পঙ্কজং, চক্রং বিভ্রতমিন্দিরা বসুমতী সংশোভিপার্শ্বদ্বয়ং।
কোটিরঙ্গদহার কুণ্ডলধরং পীতাম্বরং কৌস্তভো, দ্দীপ্তং বিশ্বধরং স্ববক্ষসিলসৎ শ্রীবৎসচিহ্নং ভজে।।

ধ্যান, মানসপূজা, পুনর্ধ্যান করে ওঁ ভগবন্ বিষ্ণো ইহাগচ্ছ ইহাগচ্ছ ইত্যাদিক্রমে আবাহন করে ইদং রজতাসনং ওঁ ভগবতে বিষ্ণবে নমঃ—এই ক্রমে ষোড়শোপচারে পূজা করে প্রণাম—

ওঁ শান্তাকারং ভুজগশয়নং পদ্মনাভং সুরেশম্, বিশ্বাধারং গগনসদৃশং মেঘবর্ণং শুভাঙ্গম্।
লক্ষ্মীকান্তং কমলনয়নং যোগিভির্ধ্যানগম্যং, বন্দে বিষ্ণুং ভবভয়হরং সর্বলোকৈকনাথম্।।

এরপর লক্ষ্মীর পূজা হবে।

ধ্যান— ওঁ পাশাক্ষমালিকাম্ভোজ সৃণিভির্যাম্য সৌম্যয়োঃ
পদ্মাসনস্থাং ধ্যায়েচ্চ শ্রিয়ং ত্রৈলোক্য মাতরম্।

গৌরবর্ণাং সুরূপাঞ্চ সর্বালঙ্কার ভূষিতাম্

রৌক্মপদ্মব্যগ্রকরাং বরদাং দক্ষিণেনতু।। এরূপ ধ্যান, মানসোপচারে পূজা ও পুনরায় ধ্যান করে ওঁ ভূর্ভুবঃ স্বঃ লক্ষ্মীদেবি ইহাগচ্ছ ইহাগচ্ছ ইত্যাদিক্রমে আবাহন করে শ্রীং ইদং রজতাসনং লক্ষ্মীদেব্যৈ নমঃ—ক্রমে ষোড়শোপচারে পূজা করে প্রণাম করবে—

ওঁ বিশ্বরূপস্য ভার্যাসি পদ্মে পদ্মালয়ে শুভে।

সর্বতঃ পাহি মাং দেবি মহালক্ষ্মি নমোঽস্তুতে।।

এরপর রুদ্রের পূজা।

ঈশানে চতুর্থ ঘটে শিব ও শংকরী বা রুদ্র ও রুদ্রাণীর পূজা হবে।

ধ্যান— ওঁ মুক্তাপীত পয়োদ মৌক্তকজবাবর্ণৈর্মুখৈঃ পঞ্চভি

স্ত্র্যক্ষৈরঞ্জিতমীশমিন্দুমুকুটং পূর্ণেন্দুকোটিপ্রভম্।

শূলং টঙ্ককৃপাণ বজ্রদহনান্নাগেন্দ্র ঘণ্টাঙ্কুশান্

পাশং ভীতিহরং দধানমমিতং কল্লোজ্জ্বলাঙ্গ ভজে।। অথবা ওঁ ধ্যায়েন্নিতং ইত্যাদি মন্ত্রে ধ্যান, মানসোপচারে পূজার পর পুনরায় ধ্যান করে ওঁ ভূর্ভুবঃ স্বঃ রুদ্র ইহাগচ্ছ ইহাগচ্ছ ক্রমে আবাহন করে হৌং ইদং রজতাসনং রুদ্রায় নমঃ—ক্রমে ষোড়শোপচারে পূজা করে প্রণাম—

নমস্যামি পরং জ্যোতির্ব্রহ্মাণং ত্বাং পরামৃতম্।

বিশ্বং পশুপতিং ভীমং নরনারী শরীরিণম্।।

নমঃ সূর্যায় রুদ্রায় ভাস্বতে পরমেষ্ঠিনে।

উগ্রায় সর্বভক্ষায় ত্বাং প্রপদ্যে সদৈব হি।। অথবা ওঁ নমঃ শিবায় শান্তায় ইত্যাদি

এরপর শংকরী অর্থৎ দুর্গার পূজা।

ধ্যান— ওঁ সিংহস্থা শশিশেখরা মরকতপ্রেক্ষা চতুর্ভির্গজৈঃ।

শংখং চক্র ধনুঃশরাংশ্চদধতী নেত্রৈস্ত্রিভিঃ শোভিতা।

আমুক্তাঙ্গদহার কংকন রণৎ কাঞ্চীক্কন্নূপুরা

দুর্গা দুর্গতিহারিণী ভবতু নো রত্নোল্লসৎ কুণ্ডলা।। ধ্যান, মানসোপচারে পূজার পর পুনরায় ধ্যান করে ওঁ ভূর্ভুবঃস্বঃ দেবি রুদ্রাণি ইহাগচ্ছ ইহাগচ্ছ ক্রমে আবাহনান্তে হ্রীং ইদং রজতাসনং রুদ্রাণ্যৈ নমঃ ক্রমে পূজান্তে প্রণাম—ওঁ সর্বমঙ্গলমঙ্গল্যে শিবে সর্বার্থ সাধিকে। শরণ্যে ত্র্যম্বকে গৌরি নারায়ণি নমোঽস্তুতে।।

এরপর বাস্তুমণ্ডলের নৈঋতে স্থাপিত তাম্রঘটে পৃথিবীর পূজা করে (৫৫ পৃ ৫৬ পৃ. দ্রষ্টব্য) তারপর বাস্তুপুরুষের পূজা করা হবে।

(বাস্তুমণ্ডলে পূজার সঙ্গে সঙ্গেই অন্য একজন ব্রাহ্মণ গ্রহমণ্ডলে নবগ্রহ দশদিকপাল ও উগ্রাদি ষোড়শ দ্বারপালের পূজা করবেন।)

বাস্তুপুরুষের ধ্যান— ওঁ চতুর্ভুজং মহাকায়ং জটা মণ্ডিত মস্তকম্।

ত্রিলোচনং করালাস্যং হারকুণ্ডল শোভিতম্।

লম্বোদরং দীর্ঘকর্ণং লোমশং পীতবাসসম্।

গদাত্রিশূলপরশু খট্টাঙ্গং দধতং করৈঃ

অসিচর্মধরৈর্বীরৈঃ কপিলাস্যাদিভির্বৃতম্।
শত্রূণামন্তকং সাক্ষাৎ উদ্যদাদিত্য সন্নিভম্।
ওঁ ধ্যায়েদ দেবং বাস্তুপতিং কূর্ম পদ্মাসনস্থিতম্।
মারীভয়ে রোগভয়ে ডাকিন্যাদি ভয়ে তথা।
ঔৎপাতিকাপত্য দোষে ব্যালরক্ষো ভয়েঽপি চ।
ধ্যাত্বৈব পূজয়েদ্বাস্তুং পরিবার সমন্বিতম্।।

অথবা অরুণিতমণিবর্ণং (৫৭ পৃ.) ধ্যান করে মানসোপচারে পূজান্তে পুনরায় ধ্যান করে আবাহন—ওঁ ভূর্ভুবঃ স্বঃ বাস্তুপুরুষ ইহাগচ্ছ ইহাগচ্ছ ইত্যাদিক্রমে আবাহন বিশেষার্ঘ্য স্থাপন ও পীঠপূজা করে ষোড়শোপচারে পূজা করতে হয়। বাস্তুপুরুষের বীজ মন্ত্র—ক্ষ্রাং ক্ষ্রীং ক্ষ্রূং ক্ষ্রৈং ক্ষ্রৌং ক্ষ্রঃ। শেষে বাস্তুপুরুষকে অর্ঘদান করতে হয় (৫৭ পৃ.) তার পর প্রণামও স্তব পাঠ করতে হয়। বাস্তুমণ্ডলে ঈশানকোনে শ্বেতবর্ণ কোষ্ঠ থেকে বামাবর্তে (দক্ষিণাবর্ত যোগেন কোষ্ঠানাং পূরণং প্রিয়ে। বামাবর্তেন দেবানাং পূজনং তেন্ সাধয়েৎ।) দ্বাদশ বাস্তুপরিকরের পূজা হবে। যথা— (১) এতেগন্ধপুষ্পে কপিলাস্যায় নমঃ মন্ত্রে ফুল দিয়ে ওঁ কপিলাস্য ইহাগচ্ছ ইত্যাদি ক্রমে আবাহন করে এষ গন্ধঃ কপিলাস্যায় নমঃ ইত্যাদিক্রমে পঞ্চোপচারে পূজা করে প্রণাম। (২) এতে গন্ধপুষ্পে পিঙ্গকেশায় নমঃ মন্ত্রে গন্ধপুষ্প দিয়ে আবাহন ওঁ পিঙ্গকেশ ইহাগচ্ছ ইত্যাদিক্রমে আবাহন করে পঞ্চোপচারে পূজা করে প্রণাম।

(৩) এতেগন্ধপুষ্পে ভীষণায় নমঃ। পুষ্প দিয়ে আবাহন ওঁ ভীষণ ইহাগচ্ছ....। পূজা, প্রণাম।

(৪) এতেগন্ধপুষ্পে রক্তলোচনায় নমঃ। পুষ্প দিয়ে আবাহন ওঁ রক্তলোচন ইহাগচ্ছ.... পূজা, প্রণাম।
(৫) এতেগন্ধপুষ্পে কোটরাক্ষায় নমঃ। পুষ্প দিয়ে আবাহন ওঁ কোটরাক্ষ ইহাগচ্ছ.... পূজা, প্রণাম।
(৬) এতেগন্ধপুষ্পে লম্বকর্ণায় নমঃ। পুষ্প দিয়ে আবাহন ওঁ লম্বকর্ণ ইহাগচ্ছ.... পূজা, প্রণাম।
(৭) এতেগন্ধপুষ্পে দীর্ঘজঙ্ঘায় নমঃ। পুষ্প দিয়ে আবাহন ওঁ দীর্ঘজঙ্ঘ ইহাগচ্ছ.... পূজা, প্রণাম।
(৮) এতেগন্ধপুষ্পে মহোদরায় নমঃ। পুষ্প দিয়ে আবাহন ওঁ মহোদর ইহাগচ্ছ.... পূজা, প্রণাম।
(৯) এতেগন্ধপুষ্পে অশ্বতুণ্ডায় নমঃ। পুষ্প দিয়ে আবাহন ওঁ অশ্বতুণ্ড ইহাগচ্ছ.... পূজা, প্রণাম।
(১০) এতেগন্ধপুষ্পে কাককণ্ঠায় নমঃ। পুষ্প দিয়ে আবাহন ওঁ কাককণ্ঠ ইহাগচ্ছ.... পূজা, প্রণাম।
(১১) এতেগন্ধপুষ্পে বজ্রবাহবে নমঃ। পুষ্প দিয়ে আবাহন ওঁ বজ্রবাহো ইহাগচ্ছ.... পূজা, প্রণাম।
(১২) এতেগন্ধপুষ্পে ব্রতান্তকায় নমঃ। পুষ্প দিয়ে আবাহন ওঁ ব্রতান্তক ইহাগচ্ছ.... পূজা, প্রণাম।

গ্রহমণ্ডলে পূজায় প্রথম সবিষ্ণুক নবগ্রহ পূজা। (৪৭ পৃ.-৫১ পৃ.) এরমধ্যে বিশেষ হলো নবগ্রহের মূল মন্ত্রগুলি পূর্বপদ্ধতিতে যেমন ওঁ হ্রীং হ্রীং সূর্যায় ইত্যাদি সূর্যাদিগ্রহের মন্ত্রগুলি আছে, এখানে তার পরিবর্তন হবে। পরিবর্তনীয় মন্ত্রগুলির এখানে উল্লেখ থাকছে। পূজার সময় ও হোমের সময় এই মন্ত্রগুলি ব্যবহার করতে হবে।

যথা—সূর্যমন্ত্র—হ্রীং তীক্ষ্ণরশ্মে আরোগ্যদায় স্বাহা।
চন্দ্রমন্ত্র—ক্লীং হ্রীং ঐং অমৃতকরামৃতং প্লাবয় প্লাবয় স্বাহা।
মঙ্গলমন্ত্র—ঐং হ্রাং হ্রীং সর্বদুষ্টান্ নাশয় নাশয় স্বাহা।

বুধমন্ত্র—হ্রীং শ্রীং সৌম্য সর্বান্ কামান্ পূরয় স্বাহা।

বৃহস্পতিমন্ত্র—ওঁ ঐং ওঁ সুরগুরো অভীষ্টং যচ্ছ যচ্ছ স্বাহা।

শুক্রমন্ত্র—শাং শীং শূং শৈং শৌং শঃ নমঃ।

শনিমন্ত্র—হ্রাং হ্রাং হ্রীং হ্রীং সর্বশত্রূন্ বিদ্রাবয় বিদ্রাবয় মার্তণ্ডসুনবে নমঃ।

রাহুমন্ত্র—রাং হ্রোং ভ্রোং হ্রীং সোমশত্রো শত্রূন্ বিধ্বংস বিধ্বংস রাহবে নমঃ।

কেতুমন্ত্র—ক্রূং হ্রূং ক্রৈং কেতবে স্বাহা।

অনুরূপ দিকপালের বীজেও পার্থক্য আছে। তন্ত্রোক্ত মন্ত্র—

লঁ রঁ মৃঁ স্ত্রূঁ বঁ যমিতি ক্ষং হৌ বীমমিতি ক্রমাৎ। ইন্দ্রাদ্যনন্ত দিক্‌পালানাং দশমন্ত্রাঃ সমীরিতাঃ অন্যেযাং পরিবারাণাং নামমন্ত্রাঃ প্রকীর্তিতাঃ।।

দিক্‌পালগণের মূলমন্ত্র—ইন্দ্রের—লং। অগ্নি—রং। যম—মৃং। নৈঋত—স্ত্রূং। বরুণ—বং। বায়ু—যং। কুবের—ক্ষং। ঈশান—হৌঁ। ব্রহ্মা—ব্রীং। অনন্ত—অং।

সুতরাং পূজার সময় লং ইন্দ্রায়, রং অগ্নয়ে। মৃং যমায় ইত্যাদিরূপে হবে।

দশদিক পালের পূজা (৪৩ পৃ.-৪৭ পৃ. ৪পৃ. পর্যন্ত দ্রষ্টব্য)।

এরপর ষোড়শদ্বারপালের নাম মন্ত্রে আবাহন করে পঞ্চোপচারে পূজা হবে।

যথা—ওঁ উগ্রাদয়ঃ পূর্বদ্বারপালাঃ ইহাগচ্ছত ইহাগচ্ছত ইহতিষ্ঠত ইহতিষ্ঠত ইহসন্নিধত্ত ইহসন্নিরুধ্যধ্বম্ অত্রাধিষ্ঠানং কুরুত মমপূজাং গৃহ্লীত। এরূপ আবাহন করে এষগন্ধ ওঁ উগ্রায় নমঃ। এষগন্ধ ওঁ ভীমায় নমঃ এষ গন্ধ ওঁ প্রচণ্ডায় নমঃ এষগন্ধ ওঁ ঈশায় নমঃ। তারপর দক্ষিণদ্বারে ওঁ জয়ন্তাদয় দক্ষিণদ্বারপালাঃ ইহাগচ্ছত ইত্যাদি ক্রমে আবাহন করে এষগন্ধঃ ওঁ জয়ন্তায়

নমঃ। এষগন্ধঃ ওঁ ক্ষেত্রপালায় নমঃ। এষ গন্ধ ওঁ নকুলেশ্বরায় নমঃ। এষ গন্ধঃ বৃহৎ শিরসে নমঃ। এই ক্রমে পূজা করে পশ্চিমদ্বারে বৃকাদির আবাহন ও পূজা। ওঁ বৃকাদয় পশ্চিমদ্বারপালা ইহাগচ্ছত ইত্যাদিক্রমে আবাহন করে এষ গন্ধঃ বৃকায় নমঃ। এষ গন্ধঃ অশ্বায় নমঃ। এষ গন্ধঃ আনন্দায় নমঃ। এষ গন্ধ দুর্জয়ায় নমঃ—এই ক্রমে পূজার পর উত্তরদ্বারপালগণের আবাহন ও পূজা হবে। যথা ওঁ ত্রিশিরসাদয়ঃ উত্তর দ্বারপালা ইহাগচ্ছত ইত্যাদিক্রমে আবাহনের পর এষ গন্ধঃ ত্রিশিরসে নমঃ। এষ গন্ধঃ পুরজিতে নমঃ। এষ গন্ধঃ ভীমনাদায় নমঃ। এষ গন্ধঃ মহোদরায় নমঃ। এরপর শিল্পাচার্য বিশ্বকর্মার পূজা করতে হবে।

বিশ্বকর্মার ধ্যান—ওঁ দংশপাল মহাবীর সুচিত্র কর্মকারক। বিশ্বকৃৎ বিশ্বধৃচ্চ ত্বং রসনা মানদণ্ডধৃক্।। এই ধ্যান ও মানস পূজার পর ওঁ শিল্পাচার্য বিশ্বকর্মন্ ইহাগচ্ছ ইহাগচ্ছ, ইহতিষ্ঠ ইহতিষ্ঠ, ইহসন্নিধেহি ইহ সন্নিরুধ্যস্ব অত্রাধিষ্ঠানং কুরু। মম পূজাং গৃহাণ। আবাহন করে ওঁ শিল্পাচার্যায় দেবায় বিশ্বকর্মণে স্বাহা মন্ত্রে দশোপচারে পূজা করে প্রণাম—

ওঁ শিল্পাচার্য মহাভাগ দেবানাং কার্যসাধক। বিশ্বকর্মন্ নমস্তুভ্যং সর্বাভীষ্ট প্রদায়ক।

এরপর আরতি করে হোম।

হোমবিধি—

হস্তমাত্রং স্থণ্ডিলং বা সংক্ষিপ্তে হোমকর্ম্মণি। অনুলোৎসেধস যুক্তং চতুরস্রং সমন্ততঃ। বালুকাং পাতয়েত্তত্র স্থণ্ডিলস্থানমুত্তমম্। ত্রিকোণমণ্ডলং কৃত্বা মধ্যে বিন্দু সমাহিতম্।। ততো হি ত্রিকোণশ্চৈব ষট্‌কোণং পরিকীর্ত্তয়েৎ। তদ্বহির্বৃত্তমাকুর্য্যাদষ্টদল সমন্বিতম্।। চতুর্দ্বারং লিখিত্বা চ ব্রজ্রভূপুর সংযুতম্। স্থণ্ডিলস্য বহির্ভাগে পূর্ব্বাগ্রমুত্তরাগ্রকম্।। তিস্রস্তিস্রা রেখাঃ কুর্য্যাদ্ হোম কার্যে যথাবিধি।।

দৈর্ঘ্যে ও প্রস্থে হস্তপরিমিত স্থানে বালুকা বিস্তীর্ণ করে কুশ দ্বারা তার মধ্যস্থানে একটি অধোমুখ ত্রিকোণমণ্ডল করে, তার মধ্যে একটি বিন্দু অঙ্কিত করবেন। পরে ঐ ত্রিকোণমণ্ডলের উপরে আর একটি ঊর্দ্ধমুখ ত্রিকোণমণ্ডল করে ষট্‌কোণাকার মণ্ডল করে তার বাইরে একটি গোলাকার অংকন করতে হবে। ঐ বৃত্তের বাইরে অষ্টদল পদ্ম, চারিদিকে দ্বারচতুষ্টয় করে বজ্রভূপুর অঙ্কিত করবেন এবং স্থণ্ডিলের বহির্ভাগে প্রাদেশপ্রমাণ অগ্নিকোণে উত্তরাগ্র তিনটি ও বায়ুকোণে পূর্ব্বাগ্র তিনটি রেখা অঙ্কিত করবেন।

এভাবে স্থণ্ডিল নির্ম্মাণ করে মূলমন্ত্রে বীক্ষণাদি সংস্কার করবেন। যথা—মূলমন্ত্রে অবলোকন, "ফট" মন্ত্রে তাড়ন এবং মূলমন্ত্রে প্রোক্ষণ করে "হূং" মন্ত্রে পুনরায় অভ্যুক্ষণ করবেন। তার পর মূলমন্ত্র উচ্চারণপূর্ব্বক "**এতে গন্ধেপুষ্পে ওঁ স্থণ্ডিলায় নমঃ,**" এই মন্ত্রে পূজা করে পূর্বকৃত পূর্ব্বাগ্র রেখাত্রয়ে দক্ষিণাদিক্রমে পূজা করবেন। যথা—"**এতে গন্ধপুষ্পে ওঁ মুকুন্দায় নমঃ**", (এইক্রমে) "**ওঁ ঈশানায় নমঃ**", **ওঁ পুরন্দরায় নমঃ**। তারপর উত্তরাগ্র রেখাত্রয়ে—"**ওঁ ব্রহ্মণে নমঃ, ওঁ বৈবস্বতায় নমঃ, ওঁ ইন্দবে নমঃ**"। তারপর এতেগন্ধপুষ্পে বহ্নের্যোগপীঠায় নমঃ মন্ত্রে স্থন্ডিলে পূজা করে তারপর "ওঁ" মন্ত্রে হোমের দ্রব্যসমুদয় প্রোক্ষণ করে বহ্নির যোগপীঠের পূজা করবেন। যথা, কর্ণিকোপরি—**এতে গন্ধপুষ্পে ওঁ আধারশক্তয়ে নমঃ, এইক্রমে—প্রকৃত্যৈ, কূর্ম্মায়, অনন্তায়, পৃথিব্যৈ, ক্ষীরসমুদ্রায়, শ্বেতদ্বীপায়, মণিমণ্ডপায়, কল্পবৃক্ষায়, মণিবেদিকায়ৈ, রত্নসিংহাসনায়। অগ্ন্যাদিকোণচতুষ্টয়ে—ধর্ম্মায়, জ্ঞানায়, বৈরাগ্যায়, ঐশ্বর্য্যায়। পূর্ব্বাদিদিক্‌চতুষ্টয়ে—অধর্ম্মায়, অজ্ঞানায়, অবৈরাগ্যায়, অনৈশ্বর্য্যায়। মধ্যে—অনন্তায়, পদ্মায়, অং অর্কমণ্ডলায় দ্বাদশকলাত্মনে, উং সোমমণ্ডলায় ষোড়শকলাত্মনে, মং বহ্নিমণ্ডলায় দশকলাত্মনে নমঃ**। আদিতে "ওঁ" ও অন্তে "**নমঃ**" যোগে পূজা করবেন। পূর্বাদিকেশর মধ্যে—**পীতায়ৈ, শ্বেতায়ৈ, অরুণায়ৈ, কৃষ্ণায়ৈ, ধূম্রায়ৈ, তীব্রায়ৈ, স্ফুলিঙ্গিন্যৈ, রুচিরায়ৈ, জ্বালিন্যৈ, রং বহ্ন্যাসনায়**। অতঃপর কূর্মমুদ্রায় পুষ্পাদি নিয়ে বাগীশ্বরীর

ধ্যানান্তে পূজা করবেন। যথা—"বাগীশ্বরী মৃতুস্নাতাং নীলেন্দীবরলোচনাম্। বাগীশ্বরেণ সংযুক্তাং ক্রীড়াভাবসমন্বিতাম্।।" ধ্যানান্তে—"ওঁ হ্রীং বাগীশ্বরসরিত বাগীশ্বর্য্যৈ নমঃ" এই মন্ত্রে পঞ্চোপচারে পূজা করে কাংস্যপাত্রে, তাম্রপাত্রে বা নূতন মাটিরপাত্রে শুদ্ধাগ্নি গ্রহণ করে মূলমন্ত্র উচ্চারণপূর্ব্বক "বৌষট্" মন্ত্রে অগ্নিকে অভিমন্ত্রিত ও অবলোকন করবেন। তারপর "অস্ত্রায় ফট্" মন্ত্রে আবাহন করে "ওঁ" উচ্চারণপূর্ব্বক "হুং ফট্ ক্রব্যাদেভ্যঃ স্বাহা" এই মন্ত্রে ক্রব্যাদংশ (প্রজ্জ্বলিত অগ্নির কিয়দংশ) পরিত্যাগ করে "ফট্" মন্ত্রে বহ্নিরক্ষণ "হুং" মন্ত্রে অবগুণ্ঠন ও "রং" মন্ত্রে ধেনুমুদ্রা দ্বারা অমৃতীকরণ করে দুই হাত দিয়ে বহ্নিধারণ করতঃ স্থণ্ডিলের উপর তিনবার পরিক্রমণপূর্ব্বক জানুদ্বারা ভূমি স্পর্শ করে বহ্নিকে শিববীজ ও স্থণ্ডিলকে দেবীযোনি চিন্তা করতে করতে হৌং মন্ত্রে স্থণ্ডিলের মধ্যস্থলে আত্মাভিমুখে স্থাপন করবেন। তারপর এতে গন্ধপুষ্পে 'হ্রীং বহ্নিমূর্ত্তয়ে নমঃ', এই মন্ত্রে পূজা করে, এতে গন্ধপুষ্পে 'রং বহ্নিচৈতন্যায় নমঃ' এই মন্ত্রে বহ্নিচৈতন্য সংযোজন করে, 'ওঁ চিৎপিঙ্গল হন হন দহ দহ পচ পচ সর্বজ্ঞাজ্ঞাপয় স্বাহা।।' মন্ত্রে উত্তমরূপে বহ্নি প্রজ্জ্বলিত করে কৃতাঞ্জলি হয়ে পাঠ করবেন 'ওঁ অগ্নিং প্রজ্জ্বলিতং বন্দে জাতবেদং হুতাশনম্। সুবর্ণবর্ণমমলং সমিদ্ধং বিশ্বতোমুখম্।। এই ভাবে অগ্নিকে বন্দনা করে ইষ্টকর্ম্মানুসারে নামকরণ করতে হবে। যথা—অগ্নে ত্বং প্রজাপতিনামাসি। তারপর ওঁ প্রজাপত্যগ্নে ইহাগচ্ছ ইত্যাদিক্রমে আবাহন করে ওঁ বৈশ্বানর জাতবেদ ইহাবহ লোহিতাক্ষ সর্ব্বকর্ম্মাণি সাধয় স্বাহা। এই মন্ত্রে পাদ্যাদি উপচার দ্বারা অগ্নির পূজা করে, 'এতে গন্ধপুষ্পে ওঁ অগ্নের্হিরণ্যাদিসপ্তজিহ্বাভ্যো নমঃ।' এইক্রমে—ওঁ সহস্রার্চ্চিষে হৃদয়ায় নমঃ, অগ্নিষড়ঙ্গেভ্যো নমঃ, ওঁ অগ্নয়েজাতবেদসে ইত্যদ্যষ্টমূর্ত্তিভ্যো নমঃ, ওঁ ব্রাহ্ম্যাদ্যষ্টশক্তিভ্যো নমঃ, (তদ্বাহ্যে) ওঁ পদ্মাদ্যষ্টনিধিভ্যো নমঃ, (তদ্ব্যাহ্যে) ওঁ ইন্দ্রাদিদশাদিক্পালেভ্যো নমঃ, (তদ্বাহ্যে) ওঁ বজ্রাদ্যস্ত্রেভ্যো নমঃ। তারপর স্রুক্ স্রুবকে অধোমুখে তপ্ত করে ফুল দ্বারা অর্চনা করে ফট্ মন্ত্রে জলদ্বারা আজ্যস্থালী শোধন করে ঘৃত ঢেলে প্রাদেশ প্রমাণ কুশপত্রদ্বয় (পবিত্র) ঘৃতমধ্যে নিক্ষেপ পূর্ব্বক

বাম, দক্ষিণ ও মধ্যভাগে ইড়া, পিঙ্গলা ও সুযুম্না নাড়ী চিন্তা করতঃ প্রথমতঃ স্রুবদ্বারা আজ্যস্থালীর দক্ষিণভাগ থেকে নিয়ে অগ্নির দক্ষিণভাগে ঘৃতধারা দিয়ে **'ওঁ অগ্নয়ে স্বাহা'** এই মন্ত্রে অগ্নির দক্ষিণনেত্রে হোম করবেন। এইরূপে বামভাগ হতে ঘৃতগ্রহণ করে অগ্নির বামভাগে বামনেত্রে হোম করবেন, যথা—**"ওঁ সোমায় স্বাহা"**। মধ্যভাগ থেকে ঘৃত নিয়ে অগ্নির মধ্যভাগ ললাটনেত্রে হোম করবেন, **"ওঁ অগ্নি সোমাভ্যাং স্বাহা"**। পুনরায় **ওঁ নমঃ** বলে দক্ষিণভাগ থেকে ঘৃত নিয়ে **'ওঁ অগ্নয়ে স্বিষ্টকৃতে স্বাহা'** মন্ত্রে অগ্নির মুখে হোম করবেন।

প্রকৃতকর্ম—অনন্তর মহাব্যাহৃতি হোম করবেন, যথা—**ওঁ ভূঃ স্বাহা, ওঁ ভুবঃ স্বাহা, ওঁ স্বঃ স্বাহা, ওঁ ভূর্ভুবঃ স্বঃ স্বাহা,** অনন্তর **"ওঁ বৈশ্বানর জাতবেদ ইহাবহ লোহিতাক্ষ সর্ব্বকর্ম্মাণি সাধয় স্বাহা।।"** এই মন্ত্রে তিনবার হোম করে, অগ্নিতে **"এতে গন্ধপুষ্পে পীঠদেবতা সহিতয়ৈ ওঁ ক্ষাং বাস্তুপুরুষায় নমঃ"** মন্ত্রে পীঠদেবতাসহ মূল দেবতার পূজা করে ঘৃত দ্বারা **'ক্ষাং'** মূলমন্ত্রে পঞ্চবিংশিতিবার আহুতি দিবেন। আত্মার সহিত বহ্নি ও দেবতার একত্ব চিন্তা করে পুনরায় **ক্ষাং'** মূলমন্ত্রে একাদশবার আহুতি দিবেন। তারপর **ওঁ মূলমন্ত্রস্যাঙ্গদেবতাভ্যঃ স্বাহা, ওঁ আবরণদেবতাভ্যঃ স্বাহা,** এই মন্ত্রে ঘৃতদ্বারা হোম করবেন। এরপর জুষ্ট গ্রহণ (৭০পৃ. ১১প.) ৭০ পৃষ্ঠায় উক্ত দেবতাগণ ছাড়াও এখানে **ওঁ গণেশায় ত্বা। ওঁ বিষ্ণবে ত্বা। ওঁ শ্রিয়ৈ ত্বা। ওঁ রুদ্রায় ত্বা ওঁ রুদ্রাণ্যৈ ত্বা ওঁ পৃথিব্যৈত্বা ওঁ আদিত্যাদি নবগ্রহেভ্যস্ত্বা।** মন্ত্রেও জুষ্ট গ্রহণ করতে হবে। ও চরুপাক করে চরু হোম (৭১ পৃ. ১৩প.—৭৪পৃ. ১০প.) চরুহোম ও আজ্যহোমের ক্ষেত্রে ৭১-৭৩ পৃষ্ঠায় উক্ত দশটি আহুতির পর নিম্নোক্ত দেবতাদের মন্ত্র দ্বারা চরু ও আজ্য দ্বারা আহুতি দিতে হবে। যথা—**(১১) ওঁ গণনাং ত্বা গণপতি গুঁ হবামহে প্রিয়াণাস্ত্বা প্রিয়পতি গুঁ হবামহে নিধীনাস্ত্বা নিধিপতি গুঁ হবামহে বসো মম। আহমজানি গর্ভধমা ত্বমজাসি গর্ভধম্ স্বাহা।**

(১২) ব্রহ্মা—ওঁ ব্রহ্মজজ্ঞানং প্রথমং পুরস্তাদ্, বিসীমতঃ সুরুচো বেন আবঃ। সবুধ্ন্যা উপমা তস্য বিষ্ঠাঃ, সতশ্চ যোনিমসতশ্চ বিবঃ স্বাহা।

(১৩) সরস্বতী—ওঁ বদবদ বাগ্‌বাদিনি স্বাহা।

(১৪) বিষ্ণু—ওঁ তদ্‌বিষ্ণোঃ পরমং পদং সদাপশ্যন্তি সূরয়ঃ দিবীব চক্ষুরাততম্ স্বাহা।

(১৫) লক্ষ্মী—ওঁ শ্রীশ্চ তে লক্ষ্মীশ্চ পত্ন্যাবহোরাত্রে পার্শ্বে নক্ষত্রাণি রূপমশ্বিনৌব্যাত্তম্। ইষ্ণন্নিষাণামুম্মঈষাণ সর্বলোকম্ম ইষাণ স্বাহা।

(১৬) রুদ্র—ওঁ ত্র্যম্বকং যজামহে সুগন্ধিং পুষ্টিবর্ধনম্। উর্বারুকমিব বন্ধনান্ মৃত্যোর্মুক্ষীয়মামৃতাৎ স্বাহা।

(১৭) দুর্গা—ওঁ অম্বে অম্বিকেঽম্বালিকে ন মাং নয়তি কশ্চন। সসস্ত্যশ্বকঃ সুভদ্রিকাং কাম্পীল্যবাসিনীং স্বাহা।

(১৮) সূর্য—ওঁ হ্রীং তীক্ষ্নরশ্মে আরোগ্যদায় স্বাহা।

(১৯) চন্দ্র—ওঁ ক্লীং হ্রীং ঐঁ অমৃতকরামৃতং প্লাবয় প্লাবয় স্বাহা।

(২০) মঙ্গল—ওঁ ঐং হ্রাঁং সর্বদুষ্টান্ নাশয় নাশয় স্বাহা।

(২১) বুধ—ওঁ হ্রীং হ্রীং সর্বান্ কামান্ পূরয় স্বাহা।

(২২) বৃহস্পতি—ওঁ ঐং ওঁ সুরগুরো অভীষ্টং যচ্ছ যচ্ছ স্বাহা।

(২৩) শুক্র—ওঁ শাং শীং শূং শৈং শৌং শঃ স্বাহা।

(২৪) শনি—ওঁ হ্রাং হ্রাং হ্রীং হ্রীং সর্বশত্রূন্ বিদ্রাবয় বিদ্রাবয় মার্তণ্ডসূনবে স্বাহা।

(২৫) রাহু—ওঁ রাং হ্রৌং ভ্রৌং হ্রীং সোমশত্রো শত্রূন্ বিধ্বংসয় বিধ্বংসয় রাহবে স্বাহা।

(২৬) কেতু—ওঁ ক্রূং হ্রূং ক্রৈং কেতবে স্বাহা (অথবা গ্রহযামলোক্ত হ্রীং হ্রীং সূর্যায় ইত্যাদি মন্ত্রেও হবে।) এরপর দশদিক্‌পালকে দশটি পাত্রে পায়স বলি দিতে হবে। (৬৭ পৃষ্ঠা)

আজ্যহোম

এরপর চরুহোম যে ক্রমে যে যে মন্ত্রে যে সমস্ত দেবতার নামে আহুতি দেওয়া হয়েছে, সেই ক্রমে প্রত্যেকের উদ্দেশ্যে ঘৃত দ্বারা একটি করে আহুতি হবে। এরপর সমিদ্ধোম।

সমিদ্ধোম

প্রথমে ১। গণেশ— ওঁ গণানান্ত্বা.... মন্ত্রে (বিল্বপত্র সমিধ ২৮)

২। ব্রহ্মা— ওঁ ব্রহ্মজজ্ঞানং.... (যজ্ঞডম্বুর ২৮)

৩। সরস্বতী— ওঁ বদবদ বাগবাদিনি স্বাহা (বিল্বপত্র ২৮)

৪। বিষ্ণু— ওঁ তদ্ বিষ্ণোঃ.... (যজ্ঞডম্বুর ২৮)

৫। লক্ষ্মী— ওঁ শ্রীশ্চতে লক্ষ্মীশ্চ.... (বিল্বপত্র ২৮)

৬। শিব— ওঁ ত্র্যম্বকং যজামহে.... (বিল্বপত্র ২৮)

৭। পৃথিবী— ওঁ স্যোনা পৃথিবি নো ভবা নৃক্ষরা নিবেশনী
যচ্ছানঃ শর্ম সপ্রথা স্বাহা (বিল্বপত্র ২৮)

৮। বাস্তুদেবতা— ওঁ বাস্তোষ্পতে প্রতিজানীহি ইত্যাদি ৫টি মন্ত্রে (বিল্ব ৫টি) ৭৯ পৃ.

৯। বাস্তুর দ্বাদশ পরিকর-বিল্বপত্র সমিধ ৮টি করে (১) ওঁ কপিলাস্যায় স্বাহা। (২) ওঁ পিঙ্গকেশায় স্বাহা। (৩) ওঁ ভীষণায় স্বাহা। (৪) ওঁ রক্তলোচনায় স্বাহা। (৫) ওঁ কোটরাক্ষায় স্বাহা। (৬) ওঁ লম্বকর্ণায় স্বাহা। (৭) ওঁ দীর্ঘজঙ্ঘায় স্বাহা। (৮) ওঁ মহোদরায় স্বাহা। (৯) ওঁ অশ্বতুণ্ডায় স্বাহা। (১০) ওঁ কাককণ্ঠায় স্বাহা। (১১) ওঁ বজ্রবাহবে স্বাহা। (১২) ওঁ ব্রতান্তকায় স্বাহা।

১০। বিষ্ণুর ওঁ তদ্‌বিষ্ণোঃ.... মন্ত্রে যজ্ঞডুমুর ২৮)

১১। নবগ্রহের ২৮টি করে অর্কাদি সমিধ দ্বারা চরুহোমোক্ত মন্ত্রে আহুতি হবে।

১২। দশদিকপালের ২৮টি করে সাজ্য তিল যব সমিধ দ্বারা পূজাতে উক্ত মন্ত্রে আহুতি হবে।

১৩। তারপর ৮টি করে তিলাজ্য দ্বারা ষোড়শ দ্বারপালের আহুতি হবে।

যথা— (১) ওঁ উগ্রায় স্বাহা (২) ওঁ ভীমায় স্বাহা। (৩) ওঁ প্রচণ্ডায় স্বাহা। (৪) ওঁ ঈশায় স্বাহা। (৫) ওঁ জয়ন্তায় স্বাহা। (৬) ওঁ ক্ষেত্রপালায় স্বাহা। (৭) ওঁ নকুলায় স্বাহা। (৮) ওঁ বৃহৎ ওঁ স্বাহা। (৯) ওঁ বৃকায় স্বাহা। (১০) শিরসে অশ্বায় স্বাহা। (১১) ওঁ আনন্দায় স্বাহা। (১২) ওঁ দুর্জয়ায় স্বাহা। (১৩) ওঁ ত্রিশিরসে স্বাহা। (১৪) ওঁ পুরজিতে স্বাহা। (১৫) ওঁ ভীমনাদায় স্বাহা। (১৬) ওঁ মহোদরায় স্বাহা।

১৪। বিশ্বকর্মা— ওঁ শিল্পাচার্যায় দেবায় বিশ্বকর্মণে স্বাহা মন্ত্রে ২৮টি বিল্বপত্র আহুতি দিতে হবে।

আজ্যহোম সমিদ্ধোম প্রভৃতির ক্ষেত্রে বিশেষ জ্ঞাতব্য যে প্রত্যাহুতি রাখা হতে কিন্তু ইদং অমুকায় বলতে হয় না।

এরপর উদীচ্য কর্ম অর্থাৎ শেষকৃত্য। তান্ত্রিক হোমে বৈদিক হোমের মত উদীচ্য কর্ম প্রায়শ্চিত্ত হোমাদি নাই তবে প্রকৃত কর্মের পর প্রত্যক্ষ দেবতাদের হোম করা বিধেয়। সুতরাং আজ্য বা তিলযব বা বিল্বপত্রাদির দ্বারা নিম্নোক্ত দেবতাদের উদ্দেশ্যে হোম করতে হবে। যথা—ওঁ আদিত্যাদি নবগ্রহেভ্যঃ স্বাহা। ওঁ ইন্দ্রাদি দশদিক্‌পালেভ্যঃ স্বাহা। ওঁ ব্রাহ্ম্যাদ্যষ্ট শক্তিভ্যঃ স্বাহা। ওঁ কাল্যাদি পঞ্চদশযোগিনীভ্যঃ স্বাহা। ওঁ মৎস্যাদি দশাবতারেভ্যঃ স্বাহা। ওঁ কাল্যাদিদশমহাবিদ্যাভ্যঃ স্বাহা। ওঁ অসিতাঙ্গাদ্যষ্টভৈরবেভ্যঃ স্বাহা। ওঁ শীতলাদেব্যৈ স্বাহা। ওঁ মনসাদেব্যৈ স্বাহা। ওঁ গঙ্গায়ৈ স্বাহা। ওঁ যমুনায়ৈ স্বাহা। ওঁ সগণাধিপ ষোড়শমাতৃকাভ্যঃ স্বাহা। ওঁ স্থানদেবতাভ্যঃ স্বাহা। ওঁ সর্বেভ্যো দেবেভ্যঃ স্বাহা। ওঁ সর্বাভ্যো দেবীভ্যঃ স্বাহা।

এরপর পূর্ণাহুতি। তাম্বুল নারিকেল কুশ, পুষ্প বস্ত্রসহ ঘৃতপূর্ণ পাত্র নিয়ে দাঁড়িয়ে ওঁ ইতঃ প্রাক্ প্রাণবুদ্ধিদেহধর্মাধিকারতো জাগ্রৎ স্বপ্ন সুষুপ্ত্যবস্থাসু মনসা বাচা কর্মণা হস্তাভ্যাং পদ্ভ্যামুদরেণ শিশ্না যৎ কৃতং যদুক্তং যৎ স্মৃতং তৎ সর্বং ব্রহ্মার্পণং ভবতু স্বাহা তারপর ঘৃতাক্ত পুষ্পাঞ্জলি নিয়ে মাং মদীয়ঞ্চ সকলং পরমেশ্বরচরণে সমর্পয়ে। বলে অগ্নিতে পুষ্পাঞ্জলি দেবে। পূর্ণাহুতির পরের কৃত্য ৮৮পৃ. ১৬-১৭ প.)

শেষে পূজিত সমস্ত দেবতাদের পৃথক পৃথক পাত্রে পায়স বলি দেওয়া হবে। তারপর খাত পূজা থেকে শেষ পর্যন্ত অর্থাৎ ৯০ পৃ. ৪প—৯৩ পৃ. পর্যন্ত করতে হবে।

তন্ত্রোক্ত মন্দির প্রতিষ্ঠা

যজমানকে শুদ্ধাসনে বসিয়ে আচমন, গন্ধাদির অর্চনাও সূর্যার্ঘ্য ও অর্চনীয় দেবতাকে অর্ঘ নিবেদন করে তন্ত্রোক্ত নিয়মে স্বস্তিবাচন করে সংকল্প (১০১) এখানে সৌরমাস ও রাশি উল্লেখ হবে। তারপর আভ্যুদয়িকশ্রাদ্ধ ও বাস্তুযাগের সংকল্প করিয়ে

বরণ করাবেন (১০২)। তারপর বৃত ব্রাহ্মণগণ বাস্তুযাগে ও মন্দির প্রতিষ্ঠার কৃত্যগুলি করবেন। বাস্তুযাগে ধৃত ক্রম অনুসারে পঞ্চদেবতার পূজার পর মন্দির প্রতিষ্ঠার বেদিতে স্থাপিত ঘটে গণেশ, বিষ্ণুর পূজা করে অর্চনীয় দেবতার ষোড়শোপচারে পূজা করে অগ্নি, বায়ু, নবগ্রহ ও দিকপালের পূজা হবে (৪৩ পৃ.-৫১ পৃ.) (নবগ্রহ ও দিকপালের বীজমন্ত্র বাস্তুযাগপর্বে আছে)।

পূজা-আরতির পর হোম। তন্ত্রমতে বহ্নিস্থাপন করে জুষ্ট গ্রহণ করে (১০৩ পৃ. চারুপাক করে প্রকৃত কর্ম করবেন। অগ্নির নাম হবে লোহিতাক্ষ। চরুহোম থেকে (১০৪-১০৮ পৃ. ৪ প/) তিলাজ্য হোম পর্যন্ত করে পূর্ণহোম—বাস্তুযাগ বিধিতে আছে তারপর অগ্নি প্রণামাদি বৈগুণ্য সমাধান পর্যন্ত (১০৯ পৃ. ১৩ প.—১১৪ পৃ.) করণীয়।

তন্ত্রোক্ত দেবতা প্রতিষ্ঠা

আমরা যেহেতু কালী, জগদ্ধাত্রী, অন্নপূর্ণা, তারা প্রভৃতি দেবতাদের তন্ত্রমতে পূজা করে থাকি, সেহেতু তাঁদের মূর্তিপ্রতিষ্ঠা বা মন্দির প্রতিষ্ঠা তন্ত্রমতেই হওয়া বিধেয়। এরজন্য বিশেষ কিছু পার্থক্য নাই কেবল সঙ্কল্প, স্বস্তিসূক্ত ও নিবেদনের কিছু বৈশিষ্ট্য আর ঘট স্থাপন ও হোম তন্ত্রোক্ত বিধানে করতে হবে। সচরাচর কালীমূর্তি ও কালীমন্দিরই বিশেষ প্রতিষ্ঠা করা হয়, তাই সেই ভাবেই বিধান লেখা থাকছে। জগদ্ধাত্রী বা অন্নপূর্ণা হলে শাক্তাচমন ও পীঠন্যাস ও পীঠ পূজায় জগদ্ধাত্রী কল্প বা অন্নপূর্ণা কল্প দেখে কাজ করতে হবে। দেবতা ও মন্দির প্রতিষ্ঠাতেও বাস্তুযাগ ও আভ্যুদয়িক শ্রাদ্ধ করতে হয়। তাই এই দুটি কৃত্যের আয়োজনের সঙ্গে দেবতা প্রতিষ্ঠার আয়োজন করতে হয়। বাস্তুযাগের ঘটগুলির অতিরিক্ত দেবতা প্রতিষ্ঠায় দেবতার সম্মুখে একটি ঘট বসাতে হয়।

প্রয়োগ—১২৩ পৃ. ৯ প. ১২৪ পৃ ৯ প কেবল তান্ত্রিক সূক্ত পাঠ করতে হবে এবং সংকল্পে রশির উল্লেখ হবে। পূর্বদিন অধিবাস না হলে প্রতিষ্ঠার দিন প্রাতঃকালে স্বস্তিবাচন সংকল্প করে দেবতার ধ্যান করে অধিবাস করতে হবে। তারপর স্বস্তিবাচন করে দেবতাপ্রতিষ্ঠার সংকল্প করে বাস্তুযাগের সংকল্প করতে হবে। বাস্তুযাগ পর্যায়ে দেওয়া আছে। এরপরে বৃতীব্রাহ্মণ আচমনাদি সূর্যার্ঘ্যদান পর্যন্ত করে কালীপ্রতিষ্ঠা হলে ক্রীং ক্রীং ক্রীং মন্ত্রে জলপানাদি কাল্যাচমন ও জগদ্ধাত্রী অন্নপূর্ণা প্রতিষ্ঠা হলে ওঁ আত্মতত্ত্বায় স্বাহা, ওঁ বিদ্যাতত্ত্বায় স্বাহা, ওঁ শিবতত্ত্বায় স্বাহা মন্ত্রে জল পান ও মার্জনরূপ আচমন করে পঞ্চগব্য শোধন বেদিশোধন করে ঘটস্থাপন করবেন। তারপর দ্বারপূজা—দ্বারদেবতা ইহাগচ্ছত ইহাগচ্ছত ইত্যাদিক্রমে আবাহন করে এতেগন্ধপুষ্পে গণেশায় নমঃ এই গন্ধপুষ্প দ্বারা ওঁ ক্ষেত্রপালায় নমঃ। ওঁ বাং বটুকায় নমঃ। ওঁ যাং যোগিনীভ্যো নমঃ। ওঁ গাং গঙ্গায়ৈঃ নমঃ। ওঁ যাং যমুনায়ৈ নমঃ। ওঁ শ্রীং লক্ষ্ম্যৈ নমঃ। ওঁ ঐং সরস্বত্যৈ নমঃ। ওঁ নৈঋত্যৈ নমঃ। ওঁ ব্রহ্মণে নমঃ ওঁ বাস্তুপুরুষায় নমঃ। —এইরূপ দ্বার পূজা করে ঘটস্থাপন, মাষভক্ত বলি থেকে প্রাণায়াম পর্যন্ত করে পীঠন্যাস বর্ণন্যাস প্রাণায়াম ঋষ্যাদিন্যাস, করন্যাস, অঙ্গন্যাস সংক্ষেপ যোড়ান্যাস। তত্ত্বন্যাস বীজন্যাস ব্যাপকন্যাস ধ্যান ও দশোপচারে পূজা করে বল্মীকমৃত্তিকাদি দ্বারা কৃত্যগুলি হবে। (১২৪পৃ. ১৪ প.-১৩২ পৃ. পর্যন্ত)।

পীঠন্যাস—হৃদি—(উক্ত স্থানগুলিতে হাত রেখে আদিতে ওঁ কার ও শেষে নমঃ যোগ করে বলতে হয়)—ওঁ আধারশক্তয়ে নমঃ, ওঁ প্রকৃত্যৈ নমঃ, এবং কূর্মায়, অনন্তায়, পৃথিব্যৈ, সুধাম্বুধয়ে, মণিদ্বীপায়, চিন্তামণিগৃহায়, শ্মশানায়, পারিজাতায়, রত্নবেদিকায়ৈ, মণিপীঠায়, মুনিভ্যঃ, দেবেভ্যঃ, শিবাভ্যঃ, শবমুণ্ডেভ্যঃ। দক্ষিণস্কন্ধে—ধর্ম্মায়। বামস্কন্ধে—জ্ঞানায়। দক্ষিণোরৌ—বৈরাগ্যায়। বামোরৌ—ঐশ্বর্য্যায়। মুখে—অধর্ম্মায়। দক্ষিণপার্শ্বে—অজ্ঞানায়। নাভৌ—অবৈরাগ্যায়। বামপার্শ্বে অনৈশ্বর্য্যায়। হৃদি—অনন্তায়, পদ্মায়। পুনঃ হৃদি—অং অর্কমণ্ডলায় দ্বাদশকলাত্মনে নমঃ, উঁ সোমমণ্ডলায় ষোড়শকলাত্মনে নমঃ, মং

বহ্নিমণ্ডলায় দশকলাত্মনে নমঃ। সং সত্ত্বায় নমঃ, রং রজসে নমঃ, তং তমসে নমঃ, আং আত্মনে নমঃ, অং অন্তরাত্মনে নমঃ, পং পরমাত্মনে নমঃ, হ্রীঁ জ্ঞানাত্মনে নমঃ, তারপর হৃৎপদ্মের পুর্ব্বাদিকেশরে—ওঁ ইচ্ছায়ৈ নমঃ, ওঁ জ্ঞানায়ৈ নমঃ, ওঁ মনোম্মন্যৈ নমঃ, ঐং ওঁ পরায়ৈ নমঃ, ঐঁ ওঁ অপরায়ৈ নমঃ, ঐং ওঁ পরাপরায়ৈ নমঃ। ওঁ হেসৌ সদাশিবমহাপ্রেতপদ্মাসনায় নমঃ।। (তারপর পুষ্পদ্বারা তত্ত্বমুদ্রায় বর্ণন্যাস করতে হবে।)

বর্ণন্যাস—(প্রতিটি বর্ণের শেষে 'নমঃ' যোগ করে বলতে হয়।) হৃদয়ে—অং আং ইং ঈং উং ঊং ঋং ঋৃং ঌং ৠং নমঃ, দক্ষিণবাহুতে—এং ঐং ওং ঔং অং অঃ কং খং গং ঘং নমঃ; বামবাহুতে—ঙং চং ছং জং ঝং ঞং টং ঠং ডং ঢং নমঃ; দক্ষিণপাদে—ণং তং থং দং ধং নং পং ফং বং ভং নমঃ; বামপাদে—মং যং রং লং বং শং ষং সং হং লং ক্ষং নমঃ।। তারপর মূল বা প্রণব বা হ্রীঁ বীজ দ্বারা প্রাণায়াম করবে।

প্রাণায়াম ঃ—(দেবতার মূলমন্ত্র অথবা হ্রীঁ অথবা ওঁ মন্ত্র দ্বারা তিনবার প্রাণায়াম করতে হয়।) মূলমন্ত্র/হ্রীঁ/ওঁ মন্ত্র ১৬ বা ৪ বার জপ করতে করতে ডান নাক টিপে বাঁ নাক দিয়ে বায়ু পূরণ করবে (পূরক)। তারপর বাঁ নাকও টিপে ৬৪/১৬ বার জপ করতে করতে কুম্ভক করবে। এরপর ডান নাক ছেড়ে ঐ মন্ত্র ৩২/৮ বার জপ করতে ডান নাক দিয়ে বায়ু ত্যাগ (রেচক) করবে। এই হলো একবার। তারপর দ্বিতীয় বার প্রথম বাঁ নাক টিপে ১৬/৪ জপ করতে করতে ডান নাক দিয়ে পূরক, ডান নাকও টিপে ৬৪/১৬ বার জপ দ্বারা কুম্ভক এবং ডান নাক ছেড়ে ৩২/৮ বার জপ দ্বারা রেচক। এরপর আবার ডান নাক টিপে ১৬/৪ বার জপে বাম নাক দিয়ে পূরক, বাম নাকও টিপে ৬৪/১৬ বার জপে পূরক বা ডান নাক ছেড়ে ৩২/৮ বার জপে ডান নাক দিয়ে রেচক। এরূপ প্রক্রিয়াকে বলা হবে ত্রিপ্রাণায়াম।

ঋষ্যাদিন্যাস ঃ—কৃতাঞ্জলি হয়ে পাঠ—অস্য মন্ত্রস্য ভৈরব ঋষিরুষ্ণিকৃচ্ছন্দঃ শ্রীমদ্দক্ষিণাকালিকা দেবতা হ্রীঁ বীজং হুং শক্তিঃ ক্রীং কীলকং পুরুষার্থচতুষ্টয়সিদ্ধ্যর্থে বিনিয়োগঃ। শিরসি—ওং ভৈরবায় ঋষয়ে নমঃ। মুখে—ওঁ উষ্ণিকৃচ্ছন্দসে নমঃ। হৃদয়ে—ওঁ শ্রীমদ্দক্ষিণাকালিকায়ৈ দেবতায়ৈ নমঃ। গুহ্যে—হ্রীং বীজায় নমঃ। পাদয়োঃ—হূং শক্তয়ে নমঃ। সর্ব্বাঙ্গে—ক্রীং কীলকায় নমঃ। এই ঋষ্যাদিন্যাসের পর করাঙ্গন্যাস করা হবে।

করন্যাস ঃ— (একাক্ষরমন্ত্রেণার্চ্চনে) ওঁ ক্রাং অঙ্গুষ্ঠাভ্যাং নমঃ, ওঁ ক্রীং তর্জ্জনীভ্যাং স্বাহা। ওঁ ক্রূং মধ্যমাভ্যাং বষট্, ওঁ ক্রৈং অনামিকাভ্যাং হূং, ওঁ ক্রৌং কনিষ্ঠাভ্যাং বৌষট্, ওঁ ক্রঃ করতল-পষ্ঠাভ্যাং অস্ত্রায় ফট্।

অঙ্গন্যাস—ওঁ ক্রাং হৃদয়ায় নমঃ, ওঁ ক্রীং শিরসে স্বাহা, ওঁ ক্রূং শিখায়ৈ বষট্, ওঁ ক্রৈং কবচায় হূং, ওঁ ক্রৌং নেত্রত্রয়ায় বৌষট্, ওঁ ক্রঃ করতলপৃষ্ঠাভ্যাং অস্ত্রায় ফট্।

সংক্ষেপষোঢ়ান্যাস ঃ—মস্তকে—ওঁ নমঃ। মূলাধারে—স্ত্রীং নমঃ। লিঙ্গে—এং নমঃ। নাভৌ—ক্রীং নমঃ। হৃদি—ঐং নমঃ। কণ্ঠে—ক্রীং নমঃ। ভ্রূমধ্যে—স্ৌং নমঃ। দক্ষিণবাহৌ—ওঁ নমঃ। বামবাহৌ—শ্রীং নমঃ। দক্ষিণপাদে—হ্রীং নমঃ। বামপাদে—ক্লীং নমঃ। পৃষ্ঠে—ক্রৌং নমঃ। সর্ব্বত্র তত্ত্বমুদ্রয়া ন্যসেৎ।

তত্ত্বন্যাস ঃ—একাক্ষরমন্ত্রপক্ষে—পাদাদি নাভিপর্য্যন্ত—'ওঁ ক্রীঁ আত্মতত্ত্বায় স্বাহা''; নাভ্যাদি হৃদয়পর্য্যন্ত—''ওঁ ক্রীঁ বিদ্যাতত্ত্বায় স্বাহা''; হৃদয়াদি শিরঃপর্য্যন্ত—''ওঁ ক্রীঁ শিবতত্ত্বায় স্বাহা''। মন্ত্রান্তরপক্ষে—পাদাদি নাভিপর্য্যন্ত—''ক্রীঁ ক্রাঁ হূঁ হূঁ হ্রীঁ হ্রাঁ ওঁ আত্মতত্ত্বায় স্বাহা''।। নাভ্যাদি হৃদয়ান্তম্—''দক্ষিণকালিকে ওঁ বিদ্যাতত্ত্বায় স্বাহা''; হৃদয়াদি শিরঃপর্য্যন্ত—ক্রীঁ ক্রীঁ হূঁ হূঁ হ্রীঁ হ্রীঁ স্বাহা ওঁ শিবতত্ত্বায় স্বাহা'' স্পর্শ করতে হয়।

ব্যাপকন্যাস ঃ—(ক্রীং মন্ত্রে সাতবার ব্যাপক ন্যাস করবে)—ওঁ ক্রীঁ ওঁ মন্ত্র বলতে বলতে দুহাত দিয়ে মাথা থেকে পা পর্য্যন্ত এবং পা থেকে মাথা পর্য্যন্ত, শেষে নাভি থেকে হৃদয় পর্য্যন্ত স্পর্শ করাকে ব্যাপকন্যাস বলা হয়। এটি সাতবার করতে হয়। অসমর্থে পাঁচবার বা তিনবার করবে। এরপর পঞ্চদেবতার পূজা (৪১পৃ.-৪২পৃ.) পূর্বদিন অধিবাস না হ'লে এসময় দেবতার ধ্যান করে পঞ্চোপচারে পূজা করে অধিবাস করতে হবে।

ধ্যান—যোনি, ভূতিনী, বর, অভয়, খড়্গ, মুণ্ডমুদ্রা প্রদর্শন করতঃ কূর্ম্মমুদ্রায় পুষ্প গ্রহণ করে (একাক্ষর মন্ত্র পক্ষে) ''ওঁ শবারূঢ়াং মহাভীমাং ঘোরদংষ্ট্রাং বরপ্রদাম্। হাস্যযুক্তাং ত্রিনেত্রাঞ্চ কপালকর্ত্তৃকাকরাম্।। মুক্তকেশীং লোলজিহ্বাং পিবন্তীং রুধিরং মুহুঃ। চতুর্ব্বাহুযুতাং দেবীং বরাভয়করাং স্মরেৎ।।'' (অন্য মন্ত্রপক্ষে)—ওঁ করালবদনাং ঘোরাং মুক্তকেশীং চতুর্ভুজাম্। কালিকাং দক্ষিণাং দিব্যাং মুণ্ডমালাবিভূষিতাম্। সদ্যশ্ছিন্নশিরঃখড়্গবামাধোর্দ্ধকরাম্বুজাম্। অভয়ং বরদঞ্চৈব দক্ষিণোর্দ্ধাধঃপাণিকাম্।। মহামেঘপ্রভাং শ্যামাং তথা চৈব দিগম্বরীম্। কণ্ঠাবসক্তমুণ্ডালী গলদ্রুধিরচর্চ্চিতাম্।। কর্ণাবতংসতানীত শবযুগ্মভয়ানকাম্।। ঘোরদংষ্ট্রাং করালাস্যাং পীনোন্নতপয়োধরাম্।। শবানাং করসঙ্ঘাতৈঃ কৃতকাঞ্চীং হসন্মুখীম্। সৃক্কদ্বয়গলদ্রক্তধারা বিস্ফুরিতাননাম্। ঘোররাবাং মহারৌদ্রীং শ্মশানালয়বাসিনীম্। বালার্কমণ্ডলাকারলোচনত্রিতয়ান্বিতাম্।। দন্তুরাং দক্ষিণব্যাপিমুক্তালম্বিকচোচ্চয়াম্। শবরূপমহাদেব হৃদয়োপরি সংস্থিতাম্। শিবাভির্ঘোররাবাভিশ্চতুর্দ্দিক্ষু সমন্বিতাম্। মহাকালেন চ সমং বিপরীতরতাতুরাম্।। সুখপ্রসন্নবদনাং স্মেরাননসরোরুহাম্। এবং সঞ্চিন্তয়েৎ কালীং সর্বকামসমৃদ্ধিদাম্।।

এখানে মূলমন্ত্র বলতে 'ঐং হ্রীং শ্রীং' প্রয়োগ করা হবে। নবগ্রহমন্ত্র ও দিকপাল মন্ত্র (বাস্তুযাগ পর্বে) আছে।

এরপর **হোম** বাস্তুযাগ পর্যায়ে বহ্নিস্থাপন বিধি আছে। এখানে অগ্নিনাম হবে **লোহিতাক্ষ**। এরপর হোম হবে (১৫৬ পৃ.-১৫৭ পৃ. ৪ প.) পূর্ণহোম হবে দেবতার গায়ত্রী মন্ত্রে এবং বাস্তুযোগ পর্যায়ে দেওয়া মন্ত্রে।

তারপর **দ্বাদশদান উৎসর্গ** করে দেবতাকে পঞ্চকলস জলে স্নান করিয়ে যথাশক্তি উপচারে পূজা, জপ ও তর্পণ অভিষেক করে কৃতাঞ্জলি হয়ে প্রার্থনা—

ওঁ সর্বদেবময়েশানি ত্রৈলোক্যাহ্লাদ কারিণি। ত্বাং প্রতিষ্ঠাপয়ামাত্র মন্দিরে বিশ্বনির্মিতে।

যাবচ্চন্দ্রশ্চ সূর্যশ্চ যাবদ্ দেবীবসুন্ধরা তারত্ত্বং দেবি দেবেশি মন্দিরেঽস্মিন্ স্থিরা ভব।।

বিনয়ং ভূপতেঃ সর্বলোকানাং ক্ষেমমেব চ। সুভিক্ষং সর্বকালীনং কুরু দেবি নমো নমঃ।।

এরপর তিলক ব্রাহ্মণ দক্ষিণা, মূলদক্ষিণা, ঘটবিসর্জন, শান্তি, প্রার্থনা দক্ষিণা অচ্ছিদ্রাবধারণ ও বৈগুণ্যসমাধান ও মন্দির প্রদক্ষিণাদি কৃত্যগুলি করবে।। (১৫৯পৃ.)

একাশীতিপদ বাস্তুমণ্ডল (মনুষ্যবাস্তু)

পর্ব

একাশীতিপদ বাস্তুমণ্ডল (মনুষ্যবাস্তু)

পূর্ব

চরকীং কৃষ্ণাং — স্কন্দং পীতাং — বিদারীং কৃষ্ণাং

১ শিখিনং রক্তম্ একপাদম্	২ পর্জন্যম কৃষ্ণম্ একাপদম্	৩ জয়ন্তম্ শ্বেতম্ দ্বিপদম্	৪ কুলিশায়ুধম পীতম্ দ্বিপদম্	৫ সূর্যম্ রক্তম্ দ্বিপদম্	৬ সত্যম্ শুক্লম্ দ্বিপদম্	৭ ভৃশম্ পীতম্ দ্বিপদম্	৮ আকাশম্ কৃষ্ণম্ একপদম্	৯ বায়ুং শ্বেতম্ একপদম্
৩২ দিতিং শ্যামম্ একপদম্	৩৩ অপঃ শ্বেতান্ একপদান্						৩৪ সাবিত্রম্ শ্বেতম্ একপদং	১০ পুষাণম্ রক্তম্ একপদং
৩১ অদিতিং রক্তং দ্বিপদম্		৪৪ আপবৎসং পীতম্ একপদম্	←	৩৭ অর্যমনম্ শ্বেতম্ ত্রিপদম্	→	৩৮ সবিতারম্ রক্তম্ একপদম্		১১ বিতথং কষ্ণং দ্বিপদম্
৩০ সর্পং কৃষ্ণং দ্বিপদম্		↑				↑		১২ গৃহক্ষতং শ্বেতং দ্বিপদম্
২৯ সোমং শ্বেতং দ্বিপদম্		৪৩ ধরাধরং শ্বেতম্ ত্রিপদম্		৪৫ ব্রহ্মাণং রক্তং নবপদম্		৩৯ বিবস্বন্তং শ্বেতং ত্রিপদম্		১৩ যমং কৃষ্ণং দ্বিপদম্
২৮ ভল্লাটম্ পীতং দ্বিপদম্		↓				↓		১৪ গন্ধর্বং পীতং দ্বিপদম্
২৭ মুখ্যং শ্যামং দ্বিপদম্		৪২ রাজযক্ষ্মানং রক্তম্ একপদম্	←	৪১ মিত্রং শ্বেতং ত্রিপদম্	→	৪০ বিবুধাধিপং পীতম্ একপদম্		১৫ ভৃঙ্গরাজং শ্যামং দ্বিপদম্
২৬ অহিং পীতম্ একপদম্	৩৬ রুদ্রম্ শ্বেতম্ একপদম্						৩৫ জয়ম্ শ্বেতম্ একপদম্	১৬ মৃগং পীতম্ একপদম্
রোগং শ্যামম্ একপদম্ ২৫	পাপং কৃষ্ণম্ একপদম্ ২৪	শেষম্ শ্বেতম্ দ্বিপদম্ ২৩	অসুরং কৃষ্ণং দ্বিপদং ২২	বরুণং শ্বেতং দ্বিপদম্ ২১	পুষ্পদন্তং পীতং দ্বিপদম্ ২০	সুগ্রীবং শ্বেতং দ্বিপদম্ ১৯	দৌবারিকং কৃষ্ণম্ একপদম্ ১৮	পিতৃগণম্ শ্বেতম্ একপদম্ ১৭

উত্তর — পিলিপিঞ্জং কৃষ্ণাম্

অর্যমাং রক্তাং — দক্ষিণ

পাপরাক্ষসীং কৃষ্ণাম্ — জম্ভকং কৃষ্ণাম্ — পূতনাং কৃষ্ণাং

পশ্চিম

দেববাস্তুমণ্ডল—চতুঃষষ্টিপদ (মৎস্যপুরাণনুসৃত)

পূর্ব

চরকীং কৃষ্ণাং — স্কন্দং পীতাং — বিদারীং কৃষ্ণাং

১ ঈশং শ্বেতং / ৩২ দিতি শ্যামম্	২ পর্জন্যং কৃষ্ণম একপদম্	৩ জয়ন্তং শ্বেতং দ্বিপদম্	৪ কুলিশায়ুধং পীতং দ্বিপদম	৫ সূর্যং রক্তং দ্বিপদম্	৬ সত্যং শ্বেতং দ্বিপদম্	৭ ভৃশং পীতম্ একপদম্	৮ আকাশ কৃষ্ণং / বায়ুং ৯ শ্বেতং
৩১ অদিতিং রক্তম্ একপদং	৩৩ অপঃ শ্বেতম্ একপদম্					৩৪ সাবিত্রং শ্বেতম্ একপদং	১০ পুষাণং রক্তম্ একপদম্
৩০ সর্পং কৃষ্ণং দ্বিপদং		৪৪ আপবৎসং পীতম্ একপদম্	৩৭ অর্যমনং শ্বেতং দ্বিপদম্	→	৩৮ সবিতারং রক্তম্ একপদং		১১ বিতথং কৃষ্ণং দ্বিপদম্
২৯ সোমং শ্বেতং দ্বিপম্		৪৩ ধরাধরং শ্বেতং দ্বিপদম্	৪৫		৩৯ বিবস্বন্তং শ্বেতং দ্বিপদং		১২ গৃহক্ষতং শ্বেতং দ্বিপদম্
২৮ ভল্লাটং পীতং দ্বিপদম্		↓	ব্রহ্মাণং রক্তং চতুষ্পাদম্		↓		১৩ যমং কৃষ্ণং দ্বিপদম্
২৭ মুখ্যং শ্যামং দ্বিপদং		৪২ রাজযক্ষ্মানং রক্তম্ একপদম্	৪১ মিত্রং	শ্বেতং দ্বিপদং	৪০ বিবুধাধিপং পীতম্ একপদম্		১৪ গন্ধর্বং পীতং দ্বিপদম্
২৬ অহিং পীতম্ একপদং	৩৬ রুদ্রং শ্বেতম্ একপদম্					৩৫ জয়ং শ্বেতম্ একপদম্	১৫ ভৃঙ্গরাজং শ্যামম্ একপদম্
২৫ রোগং শ্যামং / পাপং কৃষ্ণং ২৪	শেষং শ্বেতম্ একপদং ২৩	অসুরং কৃষ্ণং দ্বিপদম্ ২২	বরুণং শ্বেতং দ্বিপদম্ ২১	পুষ্পদন্তং পীতং দ্বিপদম্ ২০	সুগ্রীবং শ্বেতং দ্বিপদম্ ১৯	দৌবারিকং কৃষ্ণম্ একপদং ১৮	মৃগং ১৬ পীতং / ১৭ শ্বেতং পিতৃগণং

উত্তর — পিলিপিঞ্জং কৃষ্ণাম্

দক্ষিণ — অর্যমং রক্তং

পাপরাক্ষসীং কৃষ্ণাম্ — জম্ভকং কৃষ্ণাম্ — পূতনাং কৃষ্ণাং

পশ্চিম